করিবার ইচ্ছা করিয়া সর্ব্বদা আমার ভজনা করেন, তাঁহাদিগকে আত্মদর্শন-সম্মত তত্ত্বসমূহের সম্যক্ উপদেশদানের নিমিত্তই আমি এই জন্মগ্রহণ করিয়াছি। হে মুনে! পূর্ব্বাবধি আত্মজ্ঞানের এই সূক্ষ্মমার্গ সিদ্ধ আছে, কিন্তু কালবশতঃ তাহা বিনষ্ট হইয়াছিল। আমি তাহা পুনরায় প্রবর্ত্তন করাইবার নিমিত্ত আত্মদ্বারা এই দেহ ধারণ করিয়াছি। তুমি আমার নিকট অনুজ্ঞা চাহিতেছ; ভাল, আজ্ঞা দিতেছি—যথা ইচ্ছা গমন কর, কিন্তু যদি আমাতে কর্ম্মসমর্পণ করত দুর্জ্জয় মৃত্যু জয় করিয়া অমৃতত্ব লাভ করিতে চাও, তাহা হইলে আমার ভজনা করিও। এইরূপ করিলে আমাকে তোমার আত্মাতে মন দ্বারা অবলোকন পূর্ব্বক শোকহীন হইয়া মোক্ষপ্রাপ্ত হইবে। আমি মাতা দেবহূতিকেও সর্ব্বকর্ম্মের উন্মূলনকারিণী আত্মবিদ্যা বিতরণ করিব। তাহা হইলেই তিনি সংসারভয় হইতে সম্পূর্ণরূপে পরিত্রাণ পাইয়া পরমানন্দ লাভ করিবেন ।৩৬-৪০

মৈত্রেয় বলিলেন,—'ভগবান্ কপিল এই প্রকার বলিলে প্রজাপতি কর্দ্দম তাঁহাকে প্রদক্ষিণ করিয়া প্রীতচিত্তে অরণ্যযাত্রা করিলেন। অনন্তর মুনিবর কর্দ্দম আত্মারই শরণাপন্ন হইয়া মুনিদিগের অহিংসাদি ব্রত অবলম্বন পূর্ব্বক অবনীতলে পরিভ্রমণ করিতে লাগিলেন; এমন কি, তিনি বিষয়াসক্তিশূন্য হইয়া

মনো ব্রহ্মণি যুঞ্জানো যৎ তৎ সদসতঃ পরম্ ।
গুণাবভাসে বিগুণ একভক্ত্যানুভাবিতে ॥৪৫
নিরহঙ্কৃতির্নির্ম্মমশ্চ নির্দ্বন্দ্বঃ সমদৃক্ স্বদৃক্ ।
প্রত্যক্‌প্রশান্তধীর্ধীরঃ প্রশান্তোর্ম্মিরিবোদধিঃ ॥৪৬
বাসুদেবে ভগবতি সর্ব্বজ্ঞে প্রত্যগাত্মনি ।
পরেণ ভক্তিভাবেন লব্ধাত্মা মুক্তবন্ধনঃ ॥৪৭

আত্মানং সর্ব্বভূতেষু ভগবন্তমবস্থিতম্ ।
অপশ্যৎ সর্ব্বভূতানি ভগবত্যপি চাত্মনি ॥৪৮
ইচ্ছাদ্বেষবিহীনেন সর্ব্বত্র সমচেতসা ।
ভগবদ্ভক্তিযোগেন প্রাপ্তা ভাগবতী গতিঃ ॥৪৯

ইতি শ্রীমদ্ভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং তৃতীয়স্কন্ধে চতুর্বিংশঃ অধ্যায়ঃ ॥

যস্য সঃ) মুনিঃ কর্দ্দমঃ নিঃসঙ্গঃ (সংসারিজনসঙ্গরহিতঃ) অনগ্নিঃ (আহবনীয়াদ্যগ্নিরহিতঃ) অনিকেতনঃ (নিয়তাবসথরহিতঃ) সন্ ক্ষৌণীং ভূমিং ব্যচরৎ চচার ॥৪২

সদসতঃ কার্য্যকারণতঃ পরং যৎ ব্রহ্ম তৎ তস্মিন্ গুণাবভাসে (গুণানাং কার্য্যকারণাত্মনাম্ অবভাসঃ প্রকাশঃ যস্মাৎ তস্মিন্) বিগুণে (প্রাকৃতগুণসংসর্গ-রহিতে) একভক্ত্যা (একয়া একান্তয়া ভক্ত্যা) এব অনুভাবিতে অপরোক্ষীকৃতে ব্রহ্মণি মনঃ যুঞ্জানঃ একাগ্রীকুর্ব্বন্ ভগবন্তং সর্ব্বভূতেষু অবস্থিতম্ অপশ্য-দিতি চতুর্থেনান্বয়ঃ ॥৪৩

নির্দ্বন্দ্বঃ (শীতোষ্ণাদনরাপিপাসা-শোক-মোহ-দুঃখ-সুখ-জরা-মৃত্যু-কাম-ক্রোধাদিদ্বন্দ্বরহিতঃ) প্রত্যক্‌-প্রশান্তধীঃ (প্রত্যক্ প্রতি অঞ্চতি গচ্ছতীতি প্রতি-লোমপরিণামেন স্বকারণে প্রশান্তা বিক্ষেপরহিতা ধীঃ যস্য সঃ) প্রশান্তোর্ম্মিঃ (প্রশান্তাঃ ঊর্ম্ময়ঃ যস্য সঃ) উদধিঃ সমুদ্রঃ ইব নিরহঙ্কৃতিঃ (দেহেন্দ্রিয়ান্তঃ-করণাদৌ আত্মাভিমানরহিতঃ) অতএব নির্ম্মমঃ যতঃ সমদৃক্ সমদর্শনঃ স্বদৃক্ (স্বরূপং পশ্যতীতি তথা) সঃ ধীরঃ জিতেন্দ্রিয়ঃ ॥৪৪

প্রত্যগাত্মনি পরমাত্মস্বরূপে সর্ব্বজ্ঞে ভগবতি বাসুদেবে পরেণ উৎকটেন ভক্তিভাবেন লব্ধাত্মা (লব্ধঃ স্থিরীকৃতঃ আত্মা অন্তঃকরণং যেন সঃ) অতএব মুক্তবন্ধনঃ (মুক্তম্ অবিদ্যালক্ষণং বন্ধনম্ আত্মাবরকং যস্য সঃ) ॥৪৫

সর্ব্বভূতেষু আত্মানং ভগবন্তম্ অবস্থিতং সর্ব্ব-ভূতানি ভগবতি চ আত্মনি অপি অপশ্যৎ ॥৪৬

ইচ্ছাদ্বেষবিহীনেন ভগবদ্ভক্তিযুক্তেন অতএব সর্ব্বত্র সমচেতসা ভাগবতী ভগবৎপ্রাপ্তিলক্ষণা গতিঃ প্রাপ্তা (ভাগবতীং গতিং প্রাপ্তঃ সঃ ইতি বা পাঠান্তরম্) ॥৪৭

ইতি তৃতীয়স্কন্ধে শ্রীখগেন্দ্রনাথশাস্ত্রিকৃতান্বয়ে চতুর্বিংশঃ অধ্যায়ঃ ॥

অগ্নি ও নিকেতন পর্য্যন্ত পরিত্যাগ করিলেন। পরে সৎ ও অসৎ হইতে ভিন্ন যে ব্রহ্ম নির্গুণ হইয়াও সগুণভাবে বিরাজমান, তিনি তাঁহার প্রতি মনোনিবেশ করিলেন। এইরূপে তিনি অব্যভিচারিণী ভক্তিবলে অচিরেই ব্রহ্মসাক্ষাৎকার লাভ করিলেন। তিনি দেহা-দিতে অহঙ্কারাদিরহিত হইলেন, সুতরাং শীতোষ্ণাদিতে অনাকুল হইলেন এবং ভেদবুদ্ধিবর্জ্জিত হইয়া কেবল স্বরূপমাত্রই দেখিতে লাগিলেন; তাঁহার বুদ্ধিবিক্ষেপ-রহিত হইয়া শান্তভাবে অবস্থিত হইল। তখন তিনি প্রশান্তোর্মি (নিস্তরঙ্গ) সাগরের ন্যায় নিশ্চল ও নিঃশব্দ হইয়া রহিলেন। তাহারপর তাঁহার চিত্ত বন্ধনমুক্ত হইয়া পরম ভক্তিভাবে জীবাত্মাস্বরূপ ভগবান্ বাসুদেব সংযুক্ত হইল। তিনি দেখিলেন যে, স্বয়ং ভগবৎস্বরূপ হইয়া সকল প্রাণীতে ভগবদ্রূপ আত্মায় অবস্থিত। পরে তিনি রাগ-দ্বেষবিহীন এবং সর্ব্বত্র সমদর্শিচিত্ত হইয়া ভগবদ্ভক্তিযোগে ভগবৎ-সম্বন্ধিনী গতি অচিরেই লাভ করিলেন' ॥৪১-৪৭

শ্রীমন্মহর্ষিবেদব্যাসপ্রণীত পারমহংসী সংহিতা শ্রীমদ্ভাগবত মহাপুরাণের তৃতীয় স্কন্ধে
পণ্ডিতপ্রবর শ্রীশ্রীজীবন্যায়তীর্থকৃত বঙ্গভাষানুবাদসহিত
চতুর্বিংশ অধ্যায় সমাপ্ত।

পঞ্চবিংশঃ অধ্যায়ঃ

[মাতুঃসমীপে ভগবতঃ কপিলস্যোৎকৃষ্টভক্তিলক্ষণবর্ণনম্ ।]

শৌনক উবাচ ।

কপিলস্তত্ত্বসংখ্যাতা ভগবানাত্মমায়য়া ।
জাতঃ স্বয়মজঃ সাক্ষাদাত্মপ্রজ্ঞপ্তয়ে নৃণাম্ ॥১
ন হ্যস্য বর্ত্মণঃ পুংসাং বরিম্নঃ সর্ব্বযোগিনাম্ ।
বিশ্রুতৌ শ্রুতদেবস্য তূরি তৃপ্যন্তি মেঽসবঃ ॥২
যদ্ যদ্ বিধত্তে ভগবান্ স্বচ্ছন্দাত্মাত্মমায়য়া ।
তানি মে শ্রদ্দধানস্য কীর্ত্তন্যান্যনুকীর্ত্তয় ॥৩

সূত উবাচ ।

দ্বৈপায়নসখস্ত্বেবং মৈত্রেয়ো ভগবাংস্তথা ।
প্রাহেদং বিদুরং প্রীত আন্বীক্ষিক্যাং প্রচোদিতঃ ॥৪

মৈত্রেয় উবাচ ।

পিতরি প্রস্থিতেঽরণ্যং মাতুঃ প্রিয়চিকীর্ষয়া ।
তস্মিন্ বিন্দুসরেঽবাৎসীদ্ ভগবান্ কপিলঃ কিল ॥৫

শৌনকঃ উবাচ । অজঃ জন্মাদিরহিতঃ ভগবান্ এব আত্মমায়য়া স্বেচ্ছয়া নৃণাম্ আত্মপ্রজ্ঞপ্তয়ে আত্মতত্ত্বজ্ঞাপনায় স্বয়ম্ এব সাক্ষাৎ তত্ত্বসংখ্যাতা সাংখ্যশাস্ত্রপ্রবর্ত্তকঃ কপিলঃ জাতঃ ॥১

হি যস্মাৎ পুংসাং বর্ত্মণঃ শ্রেষ্ঠস্য সর্ব্বযোগিনাং চ বরিম্নঃ বরিষ্ঠস্য কপিলস্য বিশ্রুতৌ কীর্ত্তৌ কীর্ত্তিশ্রবণে শ্রুতদেবস্য (ভূরি শ্রুতঃ দেবঃ যেন তস্য) মে মম অসবঃ ইন্দ্রিয়াণি ন তৃপ্যন্তি অলমিতি মন্যন্তে ।২

স্বচ্ছন্দাত্মা (স্বানাং ছন্দেন ইচ্ছয়া আত্মা দেহাবির্ভাবঃ যস্য সঃ) ভগবান্ আত্মমায়য়া যৎ যৎ চরিতং বিধত্তে অকরোৎ, শ্রদ্দধানস্য শ্রবণে শ্রদ্ধাবতঃ কীর্ত্তন্যানি তানি চরিতানি মে মম সকাশে অনুকীর্ত্তয় ॥৩

সূতঃ উবাচ । দ্বৈপায়নসখঃ (দ্বৈপায়নস্য বেদব্যাসস্য সখা পরাশরশিষ্যঃ) ভগবান্ মৈত্রেয়ঃ এবম্ (শৌনকেন পৃষ্টঃ) আন্বীক্ষিক্যাং কপিলোক্তব্রহ্ম-বিদ্যায়াং প্রচোদিতঃ, অত এব প্রীতঃ সন্ বিদুরং প্রতি ইদং বক্ষ্যমাণং প্রাহ ॥৪

মৈত্রেয়ঃ উবাচ । পিতরি কর্দ্দমে অরণ্যং প্রতি প্রস্থিতে

পঞ্চবিংশ অধ্যায়

[মাতৃসমীপে ভগবান্ কপিলের উৎকৃষ্ট
ভক্তি-লক্ষণ বর্ণন ।]

শৌনক বলিলেন,—'হে সূত ! তত্ত্বসমূহের সংখ্যাকর্ত্তা অর্থাৎ সাংখ্যশাস্ত্রপ্রবর্ত্তক ভগবান্ কপিল জন্মরহিত হইয়া মানবগণকে আত্মজ্ঞান শিক্ষা দিবার জন্যই আপনার মায়া দ্বারা স্বয়ং জন্মগ্রহণ করিয়াছেন। তিনি পুরুষদিগের মধ্যে শ্রেষ্ঠ এবং যোগিকলের মধ্যে মহান্। আমি সেই দেবের চরিত্র অনেকবার শুনিয়াছি, তথাপি তাঁহার কীর্ত্তিশ্রবণে আমার ইন্দ্রিয়সকল বিশেষ পরিতৃপ্তি লাভ করিতেছে না। তিনি ভক্তগণের রুচির অনুরূপ দেহ ধারণ করিয়া আত্মমায়া দ্বারা যে যে কর্ম্ম বিধান করেন, তৎসমস্তই কীর্ত্তনযোগ্য, সেই সকল কর্ম্ম আমার নিকট কীর্ত্তন কর; আমি শ্রদ্ধাসহকারে তাহা শ্রবণ করিব।' সূত বলিলেন,—'হে দ্বিজবর শৌনক ! আপনি যেমন আমাকে জিজ্ঞাসা করিলেন, মহাত্মা বিদুর মুনিবর মৈত্রেয়কে এইরূপই জিজ্ঞাসা করিয়াছিলেন; তাহাতে তিনি প্রীত হইয়া আত্মবিষয়ক প্রশ্ন বিদুরকে যাহা যাহা বলিয়াছিলেন, সেই সমস্ত আমি বলিতেছি, শ্রবণ করুন।' মৈত্রেয় বলিলেন,—'পিতা অরণ্যে যাত্রা করিলে মাতার প্রিয়সাধন করিতে

তমাসীনমকর্ম্মাণং তত্ত্বমার্গাগ্রদর্শনম্।
স্বসুতং দেবহূত্যাহ ধাতুঃ সংস্মরতী বচঃ ॥৬

দেবহূতিরুবাচ।

নিবিণ্ণা নিতরাং ভূমন্নসদিন্দ্রিয়তর্পণাৎ।
যেন সম্ভাব্যমানেন প্রপন্নান্ধং তমঃ প্রভো ॥৭
তস্য ত্বং তমসোঽন্ধস্য দুষ্পারস্যাদ্য পারগম্।
সচ্চক্ষুর্জন্মনামন্তে লব্ধং মে ত্বদনুগ্রহাৎ ॥৮

য আদ্যো ভগবান্ পুংসামীশ্বরো বৈ ভবান্ কিল।
লোকস্য তমসান্ধস্য চক্ষুঃ সূর্য্য ইবোদিতঃ ॥৯
অথ মে দেব সম্মোহমপাক্রষ্টুং ত্বমর্হসি।
যোঽবগ্রহোঽহমমেতীত্যেতস্মিন্ যোজিতস্ত্বয়া ॥১০
তং ত্বা গতাহং শরণং শরণ্যং
স্বভৃত্যসংসারতরোঃ কুঠারম্।
জিজ্ঞাসয়াহং প্রকৃতেঃ পুরুষস্য
নমামি সদ্ধর্ম্মবিদাং বরিষ্ঠম্ ॥১১

গতে সতি ভগবান্ কপিলঃ মাতুঃ দেবহূত্যাঃ প্রিয়চিকীর্ষয়া প্রিয়কর্ত্তুমিচ্ছয়া তস্মিন্ বিন্দুসরে বিন্দুসরসি কিল অবাৎসীৎ ॥৫

ধাতুঃ ব্রহ্মণঃ বচঃ (এষ মানবি ইতি) সংস্মরতী দেবহূতিঃ তত্ত্বমার্গাগ্রদর্শনম্ (তত্ত্বমার্গস্য জ্ঞানমার্গস্য অগ্রং পারং সিদ্ধান্তং দর্শয়িতা যঃ তম্) অকর্ম্মাণং কর্ম্মমার্গান্নিবৃত্তম্ আসীনম্ উপবিষ্টং স্বসুতং তং কপিলম্ আহ ॥৬

দেবহূতিঃ উবাচ। হে ভূমন্! হে প্রভো! অসদিন্দ্রিয়তর্পণাৎ (অসতাং নরকাদিদুঃখধারভূতানাম্ ইন্দ্রিয়াণাং তর্পণাৎ তর্পণাৎ ইতি পাঠে বিষয়াভিলাষাৎ) নিতরাং ভৃশং নির্বিণ্ণা খিন্নাস্মি, সম্ভাব্যমানেন নিরন্তরং ক্রিয়মাণেন যেন ইন্দ্রিয়তর্পণেন অহম্ অন্ধং তমঃ প্রপন্না ॥৭

তস্য দুষ্পারস্য অন্ধস্য দুরন্তস্য গাঢ়স্য তমসঃ পারগং (পারং গময়তীতি) ত্বম্ এব সৎ শ্রেষ্ঠং চক্ষুঃ মে ময়া জন্মনাম্ অন্তে ত্বদনুগ্রহাৎ এব অদ্য লব্ধম্ ॥৮

যঃ বৈ পুংসাং জীবানাম্ ঈশ্বরঃ নিয়ন্তা, আদ্যঃ ভগবান্ সঃ এব ভবান্ সূর্য্যঃ ইব তমসা অন্ধস্য লোকস্য চক্ষুঃ ইব উদিতঃ ॥৯

অথ তস্মাৎ হে দেব! ত্বং মে মম সম্মোহম্ অপাক্রষ্টুং দূরীকর্ত্তুম্ অর্হসি। এতস্মিন্ দেহাগৌ অহং মম ইতি এবংরূপঃ যঃ অবগ্রহঃ অভিমানঃ, সঃ ত্বয়ৈব যোজিতঃ ইতি ॥১০

প্রকৃতেঃ পুরুষস্য চ (তত্ত্বং) জিজ্ঞাসয়া স্বভৃত্যসংসারতরোঃ (স্বস্য ভৃত্যানাং ভক্তানাং সংসারঃ এব তরুঃ তস্য) কুঠারং মূলচ্ছেদকং সদ্ধর্ম্মবিদাং মোক্ষোপায়াভিজ্ঞানাং বরিষ্ঠং শ্রেষ্ঠম্ অতএব শরণ্যং

ইচ্ছা করিয়া ভগবান্ কপিল সেই বিন্দুসরোবরের তীরস্থ আশ্রমেই অবস্থিতি করিতে লাগিলেন। তিনি তত্ত্বমার্গের পারদর্শী, এইজন্য নিষ্ক্রিয় হইয়া উপবিষ্ট থাকিতেন। একদা দেবহূতি ব্রহ্মার বাক্য স্মরণ করিয়া আপনার ঐ পুত্রের নিকট গমন পূর্ব্বক বলিলেন,—'হে ব্রহ্মন্! দুষ্ট ইন্দ্রিয়গণের বিষয়াভিলাষে আমি নিতান্ত শ্রান্ত হইয়াছি। হে বিভো! ঐ কামনা ক্রমশঃ পূর্ণ হইতে হইতে আমাকে অন্ধতমস্ অজ্ঞানান্ধকার দ্বারা আক্রান্ত করিতেছিল; কিন্তু তোমার কৃপায় সেই দুস্তর অন্ধতমসের পারগামী সচ্চক্ষুরূপ তোমাকে পাইলাম এবং ভবিষ্যতে যে অজ্ঞানান্ধে পড়িয়া জন্ম-মরণহেতু ক্লেশসমূহ ভোগ করিতে হইত, তাহারও লোপ হইল ।১-৮

তুমি আদ্য ভগবান্ এবং পুরুষসকলের ঈশ্বর। তুমি অজ্ঞানান্ধলোকদিগের চক্ষুঃপ্রকাশক সূর্য্যের ন্যায় উদিত হইয়াছ। হে দেব। এই দেহে আমার যে 'আমি', 'আমার' ইত্যাদি আগ্রহ জন্মিয়াছে, ইহা তুমি যোজনা করিয়াছ। তুমি আমার এই মোহ দূর কর। তুমি শরণাগতব্যক্তিকে পরিত্রাণ কর এবং তুমি কুঠার-স্বরূপ হইয়া আপনার ভৃত্যগণের সংসাররূপ তরু ছেদন কর। আমি প্রকৃতি এবং পুরুষকে জানিতে চাই;

ইতি স্বমাতুর্নিরবদ্যমীপ্সিতং
নিশম্য পুংসামপবর্গবর্দ্ধনম্।
বিগাহ্যাভিনন্দ্যাত্মবতাং সতাং গতি-
র্বভাষ ঈষৎ-স্মিতশোভিতাননঃ ॥১২

শ্রীভগবানুবাচ।

যোগ আধ্যাত্মিকঃ পুংসাং মতো নিঃশ্রেয়সায় মে।
অত্যন্তোপরতির্যত্র দুঃখস্য চ সুখস্য চ ॥১৩

শরণযোগ্যং ত্বাং শরণং গতা অহং নমামি ।১১

মৈত্রেয়ঃ উবাচ। পুংসাম্ অপবর্গবর্দ্ধনং মোক্ষে রতিজনকং নিরবদ্যং নির্দ্দুষ্টং স্বমাতুঃ ঈপ্সিতম্ অভিপ্রেতম্ ইতি এবং নিশম্য শ্রুত্বা বিগাহ্য অভিনন্দ্য চ আত্মবতাং স্বোপাসকানাং সতাং গতিঃ ফলভূতঃ (কপিলঃ) ঈষৎস্মিতশোভিতাননঃ (ঈষৎস্মিতেন মন্দহসিতেন শোভিতম্ আননং যস্য সঃ কপিলঃ) দেবহূতিং বভাষে ॥১২

শ্রীভগবান্ উবাচ হে মাতঃ! আধ্যাত্মিকঃ আত্মনিষ্ঠঃ যোগঃ যত্র যস্মিন্ যোগে নিষ্পন্নে সতি দুঃখস্য সুখস্য চ অত্যন্তোপরতিঃ ভবতি, সঃ যোগঃ পুংসাং মুমুক্ষূণাং নিঃশ্রেয়সায় পরমানন্দলাভায় মে ময়া মতঃ সম্মতঃ ॥১৩

এইজন্য তোমার শরণ লইলাম। এই আমি প্রণাম করিতেছি, তুমি ধর্ম্মবেত্তাদিগের মধ্যে শ্রেষ্ঠ, অতএব আমার এই কামনা পূর্ণ কর'। মৈত্রেয় বলিলেন,—'ভগবান্ কপিল জননীর এইরূপ নিরবদ্য বচন শ্রবণ করিয়া বিবেচনা করিলেন, এ সকল কথা মোক্ষবিষয়ে রতিজনক। ইহাতে তাঁহার মনোমধ্যে অতীব আনন্দ উৎপন্ন হইল এবং ঈষৎ হাস্যে তাঁহার বদন বিভাসিত হইল। তিনি মাতাকে বলিতে লাগিলেন,—'হে অপাপে। আত্মনিষ্ঠযোগেই সুখ ও দুঃখ উভয়েরই সবিশেষ উপরতি হয়। এই হেতু আমার মতে আত্মনিষ্ঠযোগই পুরুষদকলের নিঃশ্রেয়সের কারণ। আপনাকে

তন্মিমং তে প্রবক্ষ্যামি যমবোচং পুরানঘে।
ঋষীণাং শ্রোতুকামানাং যোগং সর্ব্বাঙ্গনৈপুণম্ ॥১৪

চেতঃ খল্বস্য বন্ধায় মুক্তয়ে চাত্মনো মতম্।
গুণেষু শক্তং বন্ধায় রতং বা পুংসি মুক্তয়ে ॥১৫

অহংমমাভিমানোত্থৈঃ কামলোভাদিভির্মলৈঃ।
বীতং যদা মনঃ শুদ্ধমদুঃখমসুখং সমম্ ॥১৬

অতঃ যম্ আত্মযোগং শ্রোতুকামানাম্ ঋষীণাং পুরা পূর্ব্বকালে অহম্ অবোচম্ উক্তবান্, তং সর্ব্বাঙ্গ-নৈপুণং (সর্ব্বৈঃ অঙ্গৈঃ শমদমাদিভিঃ নৈপুণং পূর্ণম্) ইমং যোগং হে অনঘে! তে তুভ্যং প্রবক্ষ্যামি ॥১৪

খলু নিশ্চয়ে অস্য আত্মনঃ জীবস্য চেতঃ এব বন্ধায় মুক্তয়ে চ মতং (কারণতয়া সম্মতং) গুণেষু গুণকার্য্যেষু বিষয়েষু সক্তং চেতঃ অস্য বন্ধায় পুংসি পুরুষোত্তমে ভগবতি চেতঃ রতং বা আসক্তং মুক্তয়ে ভবতি ॥১৫

অহংমমাভিমানোত্থৈঃ (অনাত্মনি দেহাদৌ অহমিতি স্ত্রীপুত্রাদিষু মমেতি অভিমানঃ তাভ্যাম্ উত্থৈঃ উৎপন্নৈঃ) কামলোভাদিভিঃ মলৈঃ দোষৈঃ যদা বীতং রহিতং মনঃ অদুঃখম্ অসুখং দুঃখসুখাদিবর্জ্জিতং সমং (দ্বন্দ্বলাভে তুল্যং) শুদ্ধং নির্ম্মলং ভবতি ॥১৬

সর্ব্বাঙ্গসম্পন্ন ঐ যোগই বলিতেছি। পূর্ব্বে ঋষিগণ ইহা শুনিতে বাসনা করিলে তাঁহাদের নিকট উহাই বলিয়াছিলাম। চিত্তই জীবের বন্ধন ও মুক্তির কারণ। চিত্ত বিষয়ে আসক্ত হইলেই জীবের বন্ধন এবং পরমেশ্বরে সংযুক্ত হইলেই তাহার মোচন হয় ।৯-১৫

হে মাতঃ! চিত্ত যখন 'আমি', 'আমার' ইত্যাকার অভিমানউৎপাদক কাম, লোভ, মোহ প্রভৃতি মলবিরহিত হইয়া পবিত্রীকৃত হয়, তখন পুরুষ, জ্ঞান, বৈরাগ্য এবং ভক্তিযুক্ত চিত্তদ্বারা আত্মাকে প্রকৃতির অতীত, ভেদশূন্য, অদ্বিতীয়, স্বয়ংপ্রকাশ, সূক্ষ্ম, অখণ্ড ও উদাসীন দেখিতে পাইয়া থাকে এবং প্রকৃতিকেও হীনতেজ

তদা পুরুষ আত্মানং কেবলং প্রকৃতেঃ পরম্ ।
নিরন্তরং স্বয়ংজ্যোতিরণিমানমখণ্ডিতম্ ॥১৭
জ্ঞানবৈরাগ্যযুক্তেন ভক্তিযুক্তেন চাত্মনা ।
পরিপশ্যত্যুদাসীনং প্রকৃতিঞ্চ হতৌজসম্ ॥১৮
ন যুজ্যমানয়া ভক্ত্যা ভগবত্যখিলাত্মনি ।
সদৃশোঽস্তি শিবঃ পন্থা যোগিনাং ব্রহ্মসিদ্ধয়ে ॥১৯
প্রসঙ্গমজরং পাশমাত্মনঃ কবয়ো বিদুঃ ।
স এব সাধুষু কৃতো মোক্ষদ্বারমপাবৃতম্ ॥২০
তিতিক্ষবঃ কারুণিকাঃ সুহৃদঃ সর্ব্বদেহিনাম্ ।
অজাতশত্রবঃ শান্তাঃ সাধবঃ সাধুভূষণাঃ ॥২১
ময্যনন্যেন ভাবেন ভক্তিং কুর্ব্বন্তি যে দৃঢ়াম্ ।
মৎকৃতে ত্যক্তকর্ম্মাণস্ত্যক্তস্বজনবান্ধবাঃ ॥২২
মদাশ্রয়াঃ কথা মৃষ্টাঃ শৃণ্বন্তি কথয়ন্তি চ ।
তপন্তি বিবিধাস্তাপা নৈতান্ মদ্গতচেতসঃ ॥২৩
ত এতে সাধবঃ সাধ্বি সর্ব্বসঙ্গবিবর্জ্জিতাঃ ।
সঙ্গস্তেষ্বথ তে প্রার্থ্যঃ সঙ্গদোষহরা হি তে ॥২৪
সতাং প্রসঙ্গান্মম বীর্য্যসংবিদো
ভবন্তি হৃৎকর্ণরসায়নাঃ কথাঃ ।

তদা জ্ঞানবৈরাগ্যযুক্তেন ভক্তিযুক্তেন চ আত্মনা মনসা পুরুষঃ নিরন্তরং নিত্যম্ অখণ্ডিতং খণ্ডনাহার্য্য-মর্হম্ অণিমানম্ অতিসূক্ষ্মং স্বয়ংজ্যোতিঃ স্বপ্রকাশং প্রকৃতেঃ পরং কেবলং বিশুদ্ধম্ উদাসীনং নির্ব্ব্যাপারম্ আত্মানং তথা হতৌজসং ভুক্তভোগাং ক্ষীণবলাং প্রকৃতিং চ পরিপশ্যতি ইতি দ্বয়োরন্বয়ঃ ॥১৭-১৮

যোগিনাং মুমুক্ষূণাং ব্রহ্মসিদ্ধয়ে ব্রহ্মলাভায় অখিলাত্মনি সর্ব্বাত্মকে ভগবতি যুজ্যমানয়া ক্রিয়মাণয়া ভক্ত্যা সদৃশঃ শিবঃ সুকরঃ পন্থা ন অস্তি ॥১৯

(অসৎসু) প্রসঙ্গং প্রকৃষ্টাম্ আসক্তিম্ এব আত্মনঃ জীবস্য অজরং দৃঢ়ং পাশং কবয়ঃ বিদুঃ জানন্তি। সঃ এব প্রসঙ্গঃ সাধুষু কৃতঃ অপাবৃতং নিরাবরণং মোক্ষদ্বারং ভবতি ॥২০

তিতিক্ষবঃ পরাপরাধসহনশীলাঃ কারুণিকাঃ স্বার্থনিরপেক্ষ-পরদুঃখনিরাচিকীর্ষবঃ সর্ব্বদেহিনাং সুহৃদঃ মিত্রাণি অজাত-শত্রবঃ নির্ব্বৈরাঃ শান্তাঃ রাগলোভাদিবর্জ্জিতাঃ সাধুভূষণাঃ (সাধু সুশীলম্ এব ভূষণং যেষাং তে সচ্চরিত্রাঃ) সাধবঃ শাস্ত্রানুকারিণঃ। অনন্যেন একাগ্রেণ ভাবেন যে ময়ি দৃঢ়াং ভক্তিং কুর্ব্বন্তি, তথা মৎকৃতে মদ্ভজনার্থং ত্যক্তকর্ম্মাণঃ (ত্যক্তানি কর্ম্মাণি লৌকিক-বৈদিক-ব্যাপারাঃ যৈঃ তে) ত্যক্তস্বজন-বান্ধবাঃ (ত্যক্তাঃ স্বজনাঃ সম্বন্ধিনঃ বান্ধবাশ্চ যৈস্তে) ॥২১-২২

মদাশ্রয়কথাঃ মৃষ্টাঃ শুদ্ধাঃ শৃণ্বন্তি কথয়ন্তি চ। মদ্গতচেতসঃ (মদ্গতং চেতো যেষাং তান্) এতান্ জনান্ বিবিধাঃ আধ্যাত্মিকাদয়ঃ তাপাঃ ন তপন্তি অভিভবন্তি পীড়য়ন্তীত্যর্থঃ। হে সাধ্বি! সর্ব্বসঙ্গ-বিবর্জ্জিতাঃ ঈশ্বরাতিরিক্তবিষয়াসক্তিরহিতাঃ হি তে

দেখিতে পায়। মা! অখিলাত্মা ভগবানে ভক্তিযোগই যোগিদিগের ব্রহ্মজ্ঞান সিদ্ধির পথ, এতদ্ব্যতীত মঙ্গলজনক পথ আর দ্বিতীয় নাই। পণ্ডিতেরা বলেন—যে আসক্তি আত্মার অক্ষয় পাশ স্বরূপ, তাহাই আবার সাধুপুরুষে নিহিত হইলে নিরাবরণ মোক্ষের দ্বার-স্বরূপ হইয়া থাকে। যে সকল পুরুষ সহিষ্ণু, করুণাশীল, সকল দেহীর সুহৃদ্, শান্ত-প্রকৃতি, যাঁহাদের কেহ শত্রু নাই, তাঁহারাই সাধু। শাস্ত্রানুবর্ত্তী সুশীলতাই তাঁহাদের ভূষণ, তাঁহারাই একাগ্রচিত্তে দৃঢ়তর ভক্তি করেন। তাঁহারা আমার জন্যই সকল কর্ম্ম, এমন কি, আবশ্যক হইলে স্বজন ও বন্ধুবান্ধব ত্যাগ করিয়া থাকেন। তাঁহারাই অপ্রগল্ভ হইয়া আমার পবিত্র কথা শ্রবণ এবং কীর্ত্তন করিয়া থাকেন। তাঁহারা আমাতে সমবেত থাকেন বলিয়া আধ্যাত্মিকাদি বিবিধ তাপে তাঁহাদিগের হৃদয় সন্তপ্ত হয় না।১৬-২৩

যাহারা উক্ত প্রকারে সর্ব্বসঙ্গবর্জ্জিত, তাঁহারাই

তজ্জোষণাদাশ্বপবর্গবর্ত্মনি
শ্রদ্ধা রতির্ভক্তিরনুক্রমিষ্যতি ॥২৫
ভক্ত্যা পুমান্ জাতবিরাগ ঐন্দ্রিয়াদ্
দৃষ্টশ্রুতান্মদ্রচনানুচিন্তয়া।
চিত্তস্য যত্নো গ্রহণে যোগযুক্তো
যতিষ্যতে ঋজুভির্যোগমার্গৈঃ ॥২৬
অসেবয়ায়ং প্রকৃতের্গুণানাং
জ্ঞানেন বৈরাগ্যবিজৃম্ভিতেন।
যোগেন ময্যর্পিতয়া চ ভক্ত্যা
মাং প্রত্যগাত্মানমিহাবরুন্ধে ॥২৭
দেবহূতিরুবাচ।
কাচিৎ ত্বয্যুচিতা ভক্তিঃ কীদৃশী মম গোচরা।
যয়া পদং তে নির্ব্বাণমঞ্জসান্বাপ্নবা অহম্ ॥২৮
যো যোগো ভগবন্মার্গো নির্ব্বাণাত্মংস্ত্বয়োদিতঃ।
কীদৃশঃ কতি চাঙ্গানি যতন্ত্যেনাববোধনম্ ॥২৯

এতে সাধবঃ, অতঃ তস্মাৎ তেষু সঙ্গঃ তে ত্বয়া প্রার্থ্যঃ, হি যতঃ তে সাধবঃ এবং সঙ্গদোষহরাঃ সঙ্গজাতানাং সর্ব্বদোষাণাং নিবর্ত্তকাঃ ॥২৩-২৪

সতাং প্রসঙ্গাৎ মম বীর্য্যসংবিদঃ (বীর্য্যন্তু সম্যক্ বিদ্ বেদনং যাসু তাঃ) হৃৎকর্ণরসায়নাঃ (হৃৎ কর্ণয়োঃ রসায়নাঃ সুখপ্রদাঃ) কথাঃ ভবন্তি প্রবর্ত্তন্তে, তজ্জোষণাৎ (তাসাং জোষণাৎ সেবনাৎ) আশু শীঘ্রম্ এব অপবর্গ-বর্ত্মনি মোক্ষমার্গে শ্রদ্ধা বিশ্বাসঃ, রতিঃ প্রীতিঃ, ভক্তিঃ প্রেমাতিশয়শ্চ অনুক্রমিষ্যতি অনুক্রমেণ ভবিষ্যতি ॥২৫

মদ্রচনানুচিন্তয়া (মম রচনায়াঃ সৃষ্ট্যাদিলীলায়াঃ অনুচিন্তয়া) ভক্ত্যা দৃষ্টশ্রুতাৎ ঐহিকামুষ্মিকাৎ ঐন্দ্রিয়াৎ ইন্দ্রিয়জন্যসুখাৎ জাতবিরাগঃ লব্ধবিবেকঃ পুমান্ যতঃ আলস্যাদিরহিতঃ যোগযুক্তঃ সন্ ঋজুভিঃ অনায়াসগম্যৈঃ যোগমার্গৈঃ যমাদিভিঃ চিত্তস্য গ্রহণে নিরোধে যতিষ্যতি যত্নং করিষ্যতি ॥২৬

ততঃ জ্ঞানেন শাস্ত্রজন্যেন প্রকৃতেঃ গুণানাং শব্দাদিবিষয়াণাম্ অসেবয়া অনালোচনয়া বৈরাগ্য-বিজৃম্ভিতেন যোগেন ময্যর্পিতয়া ফলাভিসন্ধিরহিতয়া ভক্ত্যা চ প্রত্যগাত্মানং মাম্ ইহ দেহে এব অবরুন্ধে প্রাপ্নোতি ॥২৭

দেবহূতিঃ উবাচ। যয়া ভক্ত্যা অহং তে তব নির্ব্বাণং পদং মোক্ষস্বরূপম্ যয়াত্মৈব প্রাপ্নবানি, সা ত্বয়ি উচিতা মুক্তিং সাধয়িতা ভক্তিঃ কাচিৎ কিং স্বরূপা (তত্র) মম স্ত্রিয়াঃ গোচরা যোগ্যা কীদৃশী চ ॥২৮

হে নির্ব্বাণাত্মন্ নিরতিশয়ানন্দরূপ! ভগবন্মার্গঃ ভগবৎ প্রাপকঃ (ভগবতি যাবদ্দৃশঃ প্রবর্ত্ততে ভগবন্তং

সাধু। হে সাধ্বি! সাধুগণ সঙ্গজনিত দোষ হরণ করেন, এইহেতু আপনি ঐ প্রকারে সাধুজনসঙ্গ কামনা করিবেন। সাধুসমাগমে হৃদয় ও কর্ণের সুখদায়ক আমার বীর্য্যপ্রকাশক কথা উপস্থিত হয়। তৎসেবনেই আশু আমাতে অর্থাৎ মুক্তির পথস্বরূপ হরিতে শ্রদ্ধা, রতি ও ভক্তি জন্মে। তৎপরে ক্রমশঃ পুরুষ মদীয় সৃষ্ট্যাদিলীলা চিন্তা করে। এইরূপে ক্রমে বিরাগ উৎপন্ন হইলে, তাহার ইহপরকালীন ইন্দ্রিয়-সুখ হইতে বিরতি হয়। পরে সে উদ্যুক্ত হইয়া ভক্তিপ্রধান যোগ মার্গাবলম্বনে চিত্ত সংযম

করিতে যত্নশীল হয়। হে জননি! ঐ প্রকার করিয়াই এই জীব প্রকৃতিগণ-সমূহের সেবা না করা, বৈরাগ্য দ্বারা জ্ঞান-যোগের পুষ্টি এবং আমাতে ভক্তি অর্পণ প্রভৃতি দ্বারা এই দেহেই আমাকে পাইয়া থাকে। দেবহূতি বলিলেন,—'তোমাতে কি প্রকারে ভক্তি করা উচিত? আমি স্ত্রীজাতি, আমারই বা কীদৃশী ভক্তি করা কর্ত্তব্য? যে ভক্তিবলে অনায়াসে মোক্ষাত্মক পদ সর্ব্বতোভাবে প্রাপ্ত হই, তুমি সেই ভক্তিতত্ত্ব আমাকে বল। ভগবানের প্রতি লক্ষ্যকারী যে যোগকে মুক্তির কারণ বলিয়া উল্লেখ করিলে, যাহা হইতে তত্ত্বফলের

তদেতন্মে বিজানীহি যথাহং মন্দধীর্হরে।
সুখং বুধ্যেয় দুর্বোধং যোষা ভগবদনুগ্রহাৎ ॥৩০

মৈত্রেয় উবাচ।

বিদিত্বার্থং কপিলো মাতুরিত্থং
জাতস্নেহো যত্র তন্বাভিজাতঃ।
তত্ত্বাম্নায়ং যৎ প্রবদন্তি সাংখ্যং
প্রোবাচ বৈ ভক্তিবিতানযোগম্ ॥৩১

শ্রীভগবানুবাচ।

দেবানাং গুণলিঙ্গানামানুশ্রবিককর্ম্মণাম্।
সত্ত্ব এবৈকমনসো বৃত্তিঃ স্বাভাবিকী তু যা।
অনিমিত্তা ভাগবতী ভক্তিঃ সিদ্ধেগরীয়সী ॥৩২
জরয়ত্যাশু যা কোশং নিগীর্ণমনলো যথা ॥৩৩
নৈকান্মতাং মে স্পৃহয়ন্তি কেচি-
ৎপাদসেবাভিরতা মদীহাঃ।

লঙ্ঘীকরোতি) যোগঃ ত্বয়া উক্তঃ উদিতঃ সঃ কীদৃশঃ কিং-প্রকারঃ, তস্য অঙ্গানি কতি সংখ্যানি, যতঃ তত্ত্বাববোধনং (তত্ত্বানাম্ অববোধনং জ্ঞানং ভবতি) ॥২৯

হে হরে! তৎ এতৎ সাংখ্যং দুর্বোধম্ অপি ভবদনুগ্রহাৎ মন্দধীঃ যোষা নারী অপি অহং যথা সুখম্ অনায়াসেন বুধ্যেয়, তথা মে মম বিজানীহি জ্ঞাপয় ॥৩০

মৈত্রেয়ঃ উবাচ। কপিলঃ মাতুঃ দেবহূত্যাঃ ইত্থম্ উক্তপ্রকারম্ অর্থং সাংখ্যশ্রবণাত্মকং বিদিত্বা যত্র যস্যাং দেবহূত্যাং তন্বা দেহেন অভিজাতঃ আবির্বভূব, তস্যাং জাতস্নেহঃ সন্ তত্ত্বাম্নায়ং (তত্ত্বানি আম্নায়ন্তে নিরূপ্যন্তে যস্মিন্) যৎ চ (বুধাঃ) সাংখ্যম্ ইতি প্রবদন্তি, তৎ ভক্তিবিতানযোগ্যং ভক্তি-বিস্তারং যোগঞ্চ বৈ প্রোবাচ ॥৩১

শ্রীভগবান্ উবাচ। গুণলিঙ্গানাং (গুণাঃ শব্দাদয়ো বিষয়াঃ লিঙ্গ্যন্তে জ্ঞায়ন্তে যৈঃ তেষাম্) আনুশ্রবিককর্ম্মণাং (গুরোরনুশ্রূয়তে ইতি অনুশ্রবো বেদঃ তস্মিন্ বিহিতম্ আনুশ্রবিকং কর্ম্ম যেষাং তেষাং ইহ জন্মনি জন্মান্তরে বা বেদবিহিতকর্ম্মাচরণশীল-ত্বাদিন্দ্রিয়াণাম্ এবংবিধা বৃত্তিঃ) দেবানাং দ্যোতমানাত্মকানাম্ ইন্দ্রিয়াণাং সত্ত্বে সত্ত্বমূর্ত্তৌ হরৌ (ভগবতি) এব একমনসঃ (একম্ একরূপং শুদ্ধম্ অবিকৃতং মনো যস্য তস্য পুংসঃ) যা স্বাভাবিকী অযত্নসিদ্ধা বৃত্তিঃ সা এব সিদ্ধেঃ মুক্তেঃ অপি গরীয়সী গুরুতরা অনিমিত্তা নিষ্কামা ভাগবতী ভক্তিঃ ॥৩২

যা তু ভক্তিঃ অনলঃ জাঠরাগ্নিঃ নিগীর্ণং (ভুক্তম্ অন্নং যথা প্রযত্নং বিনৈব জরয়তি তথা) কোশম্ (অনন্তজন্মানুষ্ঠিতকর্ম্মবাসনাবাসিতং সংসারহেতুভূতং

বোধ হয়, সেই যোগই বা কি প্রকার এবং তাহার অঙ্গই বা কত? হে হরি! আমি অবলা, মন্দবুদ্ধি, এই সকল দুর্বোধ তত্ত্ব তোমার কৃপায় অনায়াসে যাহাতে বোধগম্য হয়, সেই প্রকার করিয়া তুমি আমাকে তাহা বিশেষরূপে জ্ঞাপন কর' ।২৯-৩০

মৈত্রেয় বলিলেন,—ভগবান্ কপিল দেবহূতির তনু হইতে জন্মিয়াছিলেন, এই হেতু জননীর ঐরূপ বাক্যে তাঁহার অতিশয় স্নেহসঞ্চার হইল। তিনি মাতার অভিপ্রায় অবগত হইয়া যাহাতে তত্ত্বসমূহের অনুক্রম আছে এবং যাহা সাংখ্য নামে অভিহিত, সেই শাস্ত্র ও ভক্তি বিস্তারকারী যোগসকল বলিতে লাগিলেন।' ভগবান্ বলিলেন,—'হে মাতঃ! যাহাদের দ্বারা শব্দ-স্পর্শাদি বিষয়ের অনুভব হয়, সত্ত্বমূর্ত্তি ভগবান্ হরির প্রতি সেই সকলের যে স্বাভাবিকী বৃত্তি, তাহাকেই নিষ্কামা ভাগবতী ভক্তি বলা যায়। শুদ্ধ সত্ত্ব পুরুষের পক্ষে তাহা মুক্তি অপেক্ষাও গরীয়সী, বেদবিহিত কর্ম্মে প্রবৃত্তি জন্মিলে পর ইন্দ্রিয়সকলে ঐ বৃত্তির উদ্রেক হয়। ঐ প্রকার ভক্তিপ্রসঙ্গে মুক্তিও হইয়া থাকে। জঠরস্থ অনল যেমন ভুক্ত অন্ন জীর্ণ করে, তদ্রূপ সেই ভক্তিও শীঘ্র লিঙ্গ-শরীরকে দগ্ধ করে;

মোহয়ন্যোন্যতো ভাগবতঃ প্রসজ্য
সভাজয়ন্তে মম পৌরুষাণি ॥৩৪

পশ্যন্তি তে মে রুচিরাণ্যম্ব সন্তঃ
প্রসন্নবক্ত্রারুণলোচনানি।
রূপাণি দিব্যানি বরপ্রদানি
সাকং বাচং স্পৃহণীয়াং বদন্তি ॥৩৫

তৈর্দর্শনীয়াবয়বৈরুদার-
বিলাসহাসেক্ষিতবামসূক্তৈঃ।
হৃতাত্মনো হৃতপ্রাণাংশ্চ ভক্তি-
রনিচ্ছতো গতিমগ্র্যাং প্রযুঙ্‌ক্তে ॥৩৬

অথো বিভূতিং মম মায়য়া চিতা-
মৈশ্বর্যমষ্টাঙ্গমনুপ্রবৃত্তম্।
শ্রিয়ং ভাগবতীং বাস্পৃহয়ন্তি ভদ্রাং
পরস্য মে তেঽশ্নুবতে তু লোকে ॥৩৭

প্রাকৃতং লিঙ্গশরীরম্) আশু (শীঘ্রম্) এব জরয়তি ক্ষপয়তি ॥৩৩

মৎপাদসেবাভিরতাঃ (মৎপাদয়োঃ সেবায়াম্ অভিরতাঃ আসক্তাঃ) মদীহাঃ (মদর্থম্ এব ঈহাঃ চেষ্টাঃ যেষাং তে) অন্যোন্যতঃ পরস্পরং প্রসজ্য মিলিত্বা মম পৌরুষাণি পরাক্রমান্ সভাজয়ন্তে শ্লাঘয়ন্তি। যে ভাগবতাঃ মদ্ভক্তাঃ, তৈঃ মে মম একাত্মতাং সাযুজ্যম্ অপি ন স্পৃহয়ন্তি প্রার্থয়ন্তে ॥৩৪

হে অম্ব। তে সন্তঃ মে মম প্রসন্নবক্ত্রারুণ-লোচনানি (প্রসন্নানি বক্ত্রাণি অরুণানি চ লোচনানি যেষু তানি) বরপ্রদানি (দর্শনাদিনা চ সর্বমনোরথ-পূরকাণি) দিব্যানি অপ্রাকৃতানি রুচিরাণি অতি-সুন্দরাণি রূপাণি পশ্যন্তি, ময়া সাকং সহ স্পৃহণীয়াং

কিন্তু মা। যাহারা আমার পাদসেবায় আসক্ত, যাহাদের সমস্ত চেষ্টা কেবল আমার জন্য, বিশেষতঃ যাহারা পরস্পর একত্রিত হইয়া আসক্তচিত্তে আমার বীর্য্য বর্ণন করিতে আমোদ পায়, এইরূপ কোন কোন ভাগবত পুরুষ ঐ প্রকার মূর্ত্তি অর্থাৎ আমার সহিত একাত্মতা ইচ্ছা করেন না। মা। আমার যে যে মূর্ত্তির বদন প্রসন্ন এবং লোচন অরুণ বর্ণ, তাঁহারা তাঁহার সেই সেই দিব্য ও বরপ্রদ মূর্ত্তিসকল দর্শন করিতে অভিলাষ করেন; আর ঐ সকল মূর্ত্তির সহিত স্পৃহণীয় বাক্যও বলিয়া থাকেন। আমার মনোহর মুখমেত্রাদি অবয়ববিশিষ্ট

বাচং বদন্তি ॥৩৫

দর্শনীয়াবয়বৈঃ (দর্শনীয়াঃ অবয়বাঃ যেষু তৈঃ) উদারবিলাসহাসেক্ষিতবামসূক্তৈঃ (উদারাণি বিলাসা-দীনি যেষু তৈঃ মদ্রূপৈঃ) হৃতাত্মনঃ (হৃতঃ আত্মা মনো যেষাং তান্) হৃতপ্রাণান্ (হৃতাঃ প্রাণাঃ জ্ঞানকর্ম্মেন্দ্রিয়াণি যেষাং তান্) অনিচ্ছতঃ ইচ্ছাহীনান্ অপি সা ভক্তিঃ অগ্র্যাং গতিং মুক্তিং (দিব্যং তনুং) প্রযুঙ্‌ক্তে প্রাপয়তি ॥৩৬

অথো (অবিদ্যানিবৃত্তানন্তরং দিব্যদেহপ্রাপ্ত্যনন্তরং বা) মম মায়য়া চিতাং রচিতাং বিভূতিম্ অনুপ্রবৃত্তম্ অষ্টাঙ্গম্ ঐশ্বর্য্যং ভদ্রাঃ ভাগবতীং শ্রিয়ং বা অস্পৃহয়ন্তি ন প্রার্থয়ন্তে, তথাপি তে পরস্য মে মম লোকে বৈকুণ্ঠে অশ্নুবতে প্রাপ্নুবন্তি এব ॥৩৭

ঐ সমস্ত মূর্ত্তির লীলা। হাস্যসংবলিত অবলোকন এবং মধুভাষ বাক্যাদি ঐ সকল পুরুষের মন এবং ইন্দ্রিয়সকল আকর্ষণ করিলেও এবং তাহাতে তাহাদের মুক্তিলাভের ইচ্ছা না থাকিলেও আমার ভক্তি স্বয়ং তাঁহাদিগকে মুক্তি প্রদান করে। এই প্রকারে মুক্ত পুরুষ অবিদ্যানিবৃত্তির পর আমার মায়া-বিরচিত সত্য লোকাদিসুলভ ভোগ-সম্পত্তি এবং ভক্তির পশ্চাৎ স্বতঃ উপস্থিত অণিমাদি অষ্ট ঐশ্বর্য্য, ভাগবতী শ্রী—ঐ সকল ভোগে যদিও স্পৃহা না করেন, তথাপি তাঁহারা বৈকুণ্ঠলোকে গিয়া অনায়াসে তাহা পাইয়া থাকেন।

ন কহিচিন্মৎপরাঃ শান্তরূপে
নঙ্ক্ষ্যন্তি নো মেঽনিমিষো লেঢ়ি হেতিঃ।
যেষামহং প্রিয় আত্মা সুতশ্চ
সখা গুরুঃ সুহৃদো দৈবমিষ্টম্ ॥৩৮

ইমং লোকং তথৈবামুমাত্মানমুভয়ায়িনম্।
আত্মানমনু যে চেহ যে রায়ঃ পশবো গৃহাঃ ॥৩৯

হে শান্তরূপে (শান্তং শুদ্ধং সত্ত্বং তদ্রূপে) অহং যেষাং প্রিয়ঃ আত্মা সুতঃ (ইব স্নেহবিষয়ঃ), সখা (ইব বিশ্বাসাস্পদং), গুরুঃ ইব (আদরণীয় উপদেষ্টা), সুহৃৎ ইব হিতকারী, ইষ্টং দৈবমিব (পূজ্যঃ), মৎপরাঃ তে কহিচিৎ ন নঙ্ক্ষ্যন্তি নাশং প্রাপ্নুবন্তি। যতঃ হেতিঃ সর্ব্ববিনাশকঃ অনিমিষঃ কালঃ তান্ ন লেঢ়ি গ্রসতি ॥৩৮

ইমং দৃশ্যমানং লোকম্ অমুং পরলোকং চ বিসৃজ্য, উভয়ায়িনম্ উভয়লোকগামিনম্ আত্মানম্ (দেহং বিসৃজ্য শুদ্ধমাত্মানং পরিত্যজ্য) ইহ জন্মনি যে আত্মানং দেহম্ অনু অনুবর্ত্তমানাঃ পুত্রাদয়ঃ রায়ঃ ধনানি পশবঃ গৃহাঃ চ (তান্) ॥৩৯

হে শান্তরূপে! আমার ভক্তিবলে মুক্তপুরুষ বৈকুণ্ঠস্থ হইয়া বিবিধ ভোগ্যবস্তু পায়। স্বর্গাদির ন্যায় বৈকুণ্ঠলোকস্থিত ভোক্তা ও ভোগ্যসমূহ কালধর্ম্মে বিনষ্ট হইবে, এরূপ ভয়ের কারণ নাই। যাহারা আমাকে একান্ত মনে আশ্রয় করে, কোন কালে তাহাদের ভোগ্যবস্তু লুপ্ত হয় না এবং আমার অনিমিষ কালচক্রও তাহাদিগকে গ্রাস করিতে সমর্থ হয় না। আমি যাহাদের আত্মবৎ প্রিয়, পুত্রের ন্যায় স্নেহপাত্র, সখাতুল্য বিশ্বাসের আস্পদ, গুরুতুল্য উপদেষ্টা, সুহৃৎসম মঙ্গলাকাঙ্ক্ষী, ইষ্টদেবতুল্য পূজনীয় অর্থাৎ যাহারা এই প্রকার সর্ব্বভোভাবে আমার ভজনা করে, আমার কালচক্র তাহাদিগকে কখনও গ্রাস করিতে পারে না ॥৩১-৩৮

বিসৃজ্য সর্ব্বানন্যাংশ্চ মামেবং বিশ্বতোমুখম্।
ভজন্ত্যনন্যয়া ভক্ত্যা তান্ মৃত্যোরতিপারয়ে ॥৪০

নান্যত্র মদ্ভগবতঃ প্রধানপুরুষেশ্বরাৎ।
আত্মনঃ সর্ব্বভূতানাং ভয়ং তীব্রং নিবর্ত্ততে ॥৪১

মদ্ভয়াদ্ বাতি বাতোঽয়ং সূর্য্যস্তপতি মদ্ভয়াৎ।
বর্ষতীন্দ্রো দহত্যগ্নির্মৃত্যুশ্চরতি মদ্ভয়াৎ ॥৪২

অন্যান্ চ সর্ব্বান্ পরিগ্রহান্ বিসৃজ্য অনন্যয়া ফলানুসন্ধানরহিতয়া ভক্ত্যা বিশ্বতোমুখং সর্ব্বরূপেণ সর্ব্বত্র প্রকাশমানং ব্যাপকং চ মাম্ এব ভজন্তি, তান্ অহং মৃত্যোঃ জন্মমরণাদিসংসারাৎ অতিপারয়ে অত্যন্তং পারং নয়ামি ॥৪০

প্রধানপুরুষেশ্বরাৎ (প্রধানপুরুষয়োঃ ঈশ্বরাৎ নিয়ন্তুঃ) ভগবতঃ সর্ব্বভূতানাম্ আত্মনঃ অন্তর্যামিণঃ মৎ মত্তঃ অন্যত্র ভজনে তীব্রং ভয়ং ন নিবর্ত্ততে ॥৪১

মদ্ভয়াৎ অয়ং বাতঃ বাতি বহতি, মদ্ভয়াৎ সূর্য্যঃ তপতি, মদ্ভয়াৎ ইন্দ্রঃ বর্ষতি, অগ্নিঃ দহতি, মৃত্যুঃ চরতি (স্বস্বব্যাপারে সর্ব্বে সাবধানাঃ তিষ্ঠন্তি) ॥৪২

ইহ ও পর—এই উভয়লোকগামী উপাধিবিশিষ্ট আত্মা এবং ঐ আত্মসম্বন্ধযুক্ত কলত্রাদি, আর সকল ধন, পশু, গৃহ এবং অন্যান্য সমস্ত পরিগ্রহ বিসর্জ্জন দিয়া যাঁহারা একাগ্র ভক্তি দ্বারা কেবল আমার আরাধনা করেন, তাঁহাদিগকেই আমি সংসার হইতে পরিত্রাণ করিয়া ঐ প্রকার মুক্তি প্রদান করিয়া থাকি। মা! আমিই ভগবান, আমিই প্রকৃতি-পুরুষের ঈশ্বর, আমিই সর্ব্বপ্রাণীর আত্মা; আমা ছাড়া অন্য কেহ সংসার-ভয় নিবৃত্ত করিতে পারে না। আমার ভয়েই বাতাস বহে, সূর্য্য উত্তাপ দেয়, ইন্দ্র বর্ষণ করে, অগ্নি দগ্ধ করে এবং মৃত্যু সকল প্রাণীর প্রতি ধাবিত হইয়া থাকে। যোগিগণ জ্ঞান-বৈরাগ্যযুক্ত ভক্তিযোগ দ্বারা আপনাদের

জ্ঞানবৈরাগ্যযুক্তেন ভক্তিযোগেন যোগিনঃ।
ক্ষেমায় পাদমূলং মে প্রবিশন্ত্যকুতোভয়ম্ ॥৪৩

এতাবানেব লোকেঽস্মিন্ পুংসাং নিঃশ্রেয়সোদয়ঃ।
তীব্রেণ ভক্তিযোগেন মনো ময্যর্পিতং স্থিরম্ ॥৪৪

ইতি শ্রীমদ্ভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং তৃতীয়স্কন্ধে পঞ্চবিংশঃ অধ্যায়ঃ ॥

অতএব যোগিনঃ জ্ঞানবৈরাগ্যযুক্তেন ক্ষেমায় পরমানন্দরূপমোক্ষলাভায় অকুতোভয়ং সর্বভয়রহিতং যে মম পাদমূলং প্রবিশন্তি ভজনীয়তয়া আশ্রয়ন্তে ॥৪৩

তীব্রেণ ভক্তিযোগেন মনো ময়ি অর্পিতং সৎ তত্রৈব স্থিরং নিশ্চলং ভবতি, ইতি এতাবান্ এব অস্মিন্ লোকে পুংসাং জীবানাং নিঃশ্রেয়সোদয়ঃ (নিঃশ্রেয়সস্য পুরুষার্থস্য উদয়ঃ উৎকর্ষঃ) ॥৪৪

ইতি তৃতীয়স্কন্ধে শ্রীখগেন্দ্রনাথশাস্ত্রিকৃতায়ে পঞ্চবিংশঃ অধ্যায়ঃ ॥

মঙ্গলার্থ আমার অভয়প্রদ পাদমূল সেবন করেন। দৃঢ় ভক্তিযোগে যে মন আমাতে অর্পিত হইয়া স্থির হয়, তাহাই ইহলোকে পুরুষসকলের পরম মঙ্গলের কারণ।৩৯-৪৪

শ্রীমন্মহর্ষিবেদব্যাসপ্রণীত পারমহংসী সংহিতা শ্রীমদ্ভাগবতমহাপুরাণের তৃতীয় স্কন্ধে
পণ্ডিতপ্রবর শ্রীশ্রীজীবন্যায়তীর্থকৃত বঙ্গভাষানুবাদসহিত
পঞ্চবিংশ অধ্যায় সমাপ্ত।

ষড়্‌বিংশঃ অধ্যায়ঃ

[সাংখ্যযোগকথনম্।]

শ্রীভগবানুবাচ।

অথ তে সম্প্রবক্ষ্যামি তত্ত্বানাং লক্ষণং পৃথক্।
যদ্ বিদিত্বা বিমুচ্যেত পুরুষঃ প্রাকৃতৈর্গুণৈঃ ॥১
জ্ঞানং নিঃশ্রেয়সার্থায় পুরুষস্যাত্মদর্শনম্।
যদাহুর্বর্ণয়ে তৎ তে হৃদয়গ্রন্থিভেদনম্ ॥২
অনাদিরাত্মা পুরুষো নির্গুণঃ প্রকৃতেঃ পরঃ।
প্রত্যগ্‌ধামা স্বয়ংজ্যোতির্বিশ্বং যেন সমন্বিতম্ ॥৩

স এষ প্রকৃতিং সূক্ষ্মাং দৈবীং গুণময়ীং বিভুঃ।
যদৃচ্ছয়ৈবোপগতামভ্যপদ্যত লীলয়া ॥৪

গুণৈর্বিচিত্রাঃ সৃজতীং সরূপাঃ প্রকৃতিং প্রজাঃ।
বিলোক্য মুমুহে সদ্যঃ স ইহ জ্ঞানগৃহয়া ॥৫

শ্রীভগবান্ উবাচ। হে মাতঃ! অথ ইদানীং তত্ত্বানাং প্রকৃতি-পুরুষ-মহত্তত্ত্বাদীনাং পৃথক্ লক্ষণম্ উৎপত্তিপূর্ব্বকালাধারণধর্ম্মং তে তুভ্যং সম্প্রবক্ষ্যামি, যৎ বিদিত্বা পুরুষঃ প্রাকৃতৈঃ প্রকৃতিপরিণামরূপৈঃ গুণৈঃ বিমুচ্যেত ॥১

আত্মদর্শনম্ (আত্মা দৃশ্যতে সাক্ষাৎ ক্রিয়তে যেন তৎ অতএব) হৃদয়গ্রন্থিভেদনং দেহাদ্যহংকরণাদ্যাত্মাধ্যাসনিবর্ত্তকং যৎ জ্ঞানং পুরুষস্য নিঃশ্রেয়সায় মোক্ষায় (বেদান্তাঃ) আহুঃ, তৎ তে তুভ্যম্ অহং বর্ণয়ে ॥২

পুরুষঃ অনাদিঃ উৎপত্তিশূন্যঃ আত্মা (অততি ব্যাপ্নোতীতি আত্মা ব্যাপকঃ) প্রকৃতেঃ পরঃ বিলক্ষণঃ নির্গুণঃ সত্ত্বাদিগুণরহিতঃ প্রত্যগ্‌ধামা (প্রত্যক্ প্রতিলোমং ধাম স্ফূর্তির্যস্য সঃ) স্বয়ংজ্যোতিঃ স্বয়ংপ্রকাশঃ, যেন সমন্বিতং ব্যাপ্তং সৎ বিশ্বং প্রকাশতে ॥৩

সঃ এষঃ উক্তলক্ষণঃ বিভুঃ স্বতন্ত্রঃ পুরুষঃ সূক্ষ্মাম্ অবিভক্তনামরূপাং গুণময়ীং সত্ত্বাদিত্রিগুণাত্মিকাং দৈবীং দেবস্য ভগবতঃ শক্তিরূপাং যদৃচ্ছয়ৈব উপগতাং প্রাপ্তাং প্রকৃতীং লীলয়া হেতুভূতয়া অভ্যপদ্যত স্বীকৃতবান্ ইত্যর্থঃ ॥৪

গুণৈঃ সত্ত্বাদিভিঃ স্বরূপাঃ ত্রিগুণাত্মিকাঃ স্বসমানরূপাঃ বিচিত্রাঃ দেব-মনুষ্য-তির্য্যগাদিরূপাঃ প্রজাঃ সৃজতীং প্রকৃতিং বিলোক্য সঃ জীবঃ ইহ সংসারে

ষড়্‌বিংশ অধ্যায়

[সাংখ্যযোগ-কথন।]

ভগবান্ বলিলেন,—'হে মাতঃ! যাহা জানিলে পুরুষ প্রকৃতিসম্বন্ধীয় গুণ হইতে মুক্ত হয়, এক্ষণে আমি আপনাকে সেই তত্ত্বসকলের পৃথক্ লক্ষণ বলিতেছি। তত্ত্বজ্ঞানসম্ভূত অহঙ্কারনিবর্ত্তক আত্মদর্শনকে পণ্ডিতেরা মুক্তির কারণ বলিয়া থাকেন; আপনার নিকট আমি তাহাও বিবৃত করিতেছি। মা! জীবগণের অন্তর্জ্যোতিঃ যে আত্মা, তিনিই পুরুষ। সেই পুরুষ অনাদি এবং প্রকৃতি হইতে ভিন্ন। তিনি স্বপ্রকাশ; এই বিশ্ব তাঁহার সহিত মিলিত হইয়া প্রকাশ পায়। সেই পুরুষের নিকট বিষ্ণুর শক্তিরূপা অব্যক্ত গুণময়ী প্রকৃতি লীলাহেতু উপগতা হইলে, তিনি যদৃচ্ছাক্রমে তাঁহাকে গ্রহণ করেন। ঐ প্রকৃতি স্বীয় গুণ দ্বারা আপনার অনুরূপা বিচিত্রা প্রজা সৃষ্টি করিতে থাকিলে,

এবং পরাভিধ্যানেন কর্তৃত্বং প্রকৃতেঃ পুমান্।
কর্ম্মসু ক্রিয়মাণেষু গুণৈরাত্মনি মন্যতে ॥৬
তদস্য সংসৃতির্বন্ধঃ পারতন্ত্র্যঞ্চ তৎকৃতম্।
ভবত্যকর্তুরীশস্য সাক্ষিণো নির্বৃতাত্মনঃ ॥৭
কার্য্যকারণকর্তৃত্বে কারণং প্রকৃতিং বিদুঃ।
ভোক্তৃত্বে সুখদুঃখানাং পুরুষং প্রকৃতেঃ পরম্ ॥৮

দেবহূতিরুবাচ।
প্রকৃতেঃ পুরুষস্যাপি লক্ষণং পুরুষোত্তম।
ব্রূহি কারণয়োরস্য সদসচ্চ যদাত্মকম্ ॥৯
শ্রীভগবানুবাচ।
যৎ তৎ ত্রিগুণমব্যক্তং নিত্যং সদসদাত্মকম্।
প্রধানং প্রকৃতিং প্রাহুরবিশেষং বিশেষবৎ ॥১০

জ্ঞানগূহয়া (জ্ঞানং গূহতি আবৃণোতীতি তয়া) সদ্যঃ মুমুহে ॥৫

এবং পরাভিধ্যানেন (প্রকৃতৌ দেহাদ্যুৎকরণাদি রূপেণ পরিণতায়াম্ অভিধ্যানেন আত্মধ্যানেন) প্রকৃতেঃ গুণৈঃ সত্ত্বাদিভিঃ দেহাদিরূপেণ পরিণতৈঃ ক্রিয়মাণেষু কর্ম্মসু কর্তৃত্বং পুমান্ আত্মনি স্বস্মিন্ মন্যতে ॥৬

তৎ তস্মাৎ কর্তৃত্বাভিমানাৎ এব অস্য পুরুষস্য বস্তুতঃ অকর্তুঃ এব কর্ম্মভিঃ বন্ধঃ ঈশস্য স্বতন্ত্রস্য তৎকৃতং পারতন্ত্র্যং সাক্ষিণঃ চৈতন্যরূপস্য নির্বৃতাত্মনঃ আনন্দস্বরূপস্য এব সংসৃতিঃ ভবতি ॥৭

কার্য্যকারণকর্তৃত্বে (কার্য্যং শরীরং স্থূলং, কারণং সূক্ষ্মম্ ইন্দ্রিয়ং, তয়োঃ কর্তৃত্বে পুরুষস্য তদ্ভাবাপত্তৌ) প্রকৃতিম্ এব কারণং বিদুঃ (বিবেকিনঃ জানন্তি), তথা সুখ-দুঃখানাং ভোক্তৃত্বে প্রকৃতেঃ পরং পুরুষম্ এব কারণং বিদুঃ ॥৮

দেবহূতিঃ উবাচ। হে পুরুষোত্তম! সদসৎ কার্য্যকারণং স্থূলসূক্ষ্মং বা সর্ব্বং বিশ্বং যদাত্মকম্, অস্য বিশ্বস্য তয়োঃ কারণয়োঃ প্রকৃতেঃ পুরুষস্য চাপি লক্ষণং ব্রূহি কথয় ॥৯

শ্রীভগবান্ উবাচ। যৎ ত্রিগুণং সত্ত্বাদিগুণত্রয়াত্মকম্ অব্যক্তং নিত্যম্ উৎপত্তিবিনাশরহিতম্ অবিশেষং পৃথিব্যাদিবৎ আকারবিশেষরহিতং (তথাপি কার্য্যরূপতয়া) বিশেষবৎ পৃথিব্যাদিনানাবিশেষাশ্রয়ভূতং (উপাদানতয়া) সদসদাত্মকং প্রধানং সূক্ষ্মং কারণং তদেব প্রকৃতিং প্রাহুঃ ॥১০

তাঁহাকে সেইভাবে অবলোকন করিয়া ঐ পুরুষ জ্ঞানের আবরণরূপা অবিদ্যায় সদ্য মুগ্ধ হন। তৎপরে প্রকৃতির গুণে যে সকল কার্য্য হয়, প্রকৃতিতে (দেহেন্দ্রিয়াদিতে) অধ্যাস হওয়াতে আপনাকে সেই সকল কার্য্যে কর্তা বলিয়া অভিমান করিয়া থাকেন। পুরুষ কেবল সাক্ষী মাত্র, তিনি কোন কর্ম্মের কর্তা নহেন। স্বয়ং-সুখাত্মক পুরুষের ঐরূপ কর্তৃত্বাভিমান হইলেই জন্ম-মৃত্যুপ্রবাহ এবং কর্ম্ম দ্বারা বন্ধন ও বন্ধনকৃত পারতন্ত্র্য উপস্থিত হইয়া থাকে। পণ্ডিতেরা বলিয়া থাকেন—কার্য্য, কারণ ও কর্তৃত্ব অর্থাৎ দেহ, ইন্দ্রিয় এবং দেবতাগণ—এ সকলের প্রকৃতিই কারণ। সুখদুঃখের ভোক্তৃত্ব-বিষয়ে প্রকৃতি হইতে ভিন্ন পুরুষকেই কারণ বলা যায় ॥১-৮

দেবহূতি বলিলেন,—'হে পুরুষোত্তম! এই বিশ্বের স্থূল ও সূক্ষ্ম কার্য্য যাহার স্বরূপ, সেই প্রকৃতি ও পুরুষ এই বিশ্বের কারণ। অতএব প্রকৃতি ও পুরুষের লক্ষণ কি, তাহা বর্ণন কর।' ভগবান্ বলিলেন—'যে প্রধান, তাহার নাম প্রকৃতি। স্বয়ং অবিশেষ অর্থাৎ কার্য্যাবস্থায় পরিণত হন না, অথচ সমস্ত স্থূল ও সূক্ষ্ম কার্য্যের আশ্রয়। ঐ প্রধান ত্রিগুণ; অতএব ব্রহ্ম নহেন। তাহা অব্যক্ত; অতএব মহত্তত্ত্ব নহেন। তাহা কার্য্য ও কারণ স্বরূপ; অতএব তাহাকে কালাদিস্বরূপ বলিতে পারা যায় না। তাহা নিত্য; অতএব জীব প্রকৃতিও নহেন। ঐ প্রধানের

পঞ্চভিঃ পঞ্চভির্ব্রহ্ম চতুর্ভির্দশভিস্তথা।
এতচ্চতুর্বিংশতিকং গণং প্রাধানিকং বিদুঃ ॥১১
মহাভূতানি পঞ্চৈব ভূরাপোঽগ্নিমরুন্নভঃ।
তন্মাত্রাণি চ তাবন্তি গন্ধাদীনি মতানি মে ॥১২
ইন্দ্রিয়াণি দশ শ্রোত্রং ত্বগ্‌দৃগ্‌-রসননাসিকাঃ।
বাক্‌করৌ চরণৌ মেঢ্রং পায়ুর্দশম উচ্যতে ॥১৩
মনো বুদ্ধিরহঙ্কারশ্চিত্তমিত্যন্তরাত্মকম্।
চতুর্ধা লক্ষ্যতে ভেদো বৃত্ত্যা লক্ষণরূপয়া ॥১৪
এতাবানেব সংখ্যাতো ব্রহ্মণঃ সগুণস্য চ।
সন্নিবেশো ময়া প্রোক্তো যঃ কালঃ পঞ্চবিংশকঃ ॥১৫
প্রভাবং পৌরুষং প্রাহুঃ কালমেকে যতো ভয়ম্।
অহঙ্কারবিমূঢ়স্য কর্তুঃ প্রকৃতিমীয়ুষঃ ॥১৬
প্রকৃতের্গুণসাম্যস্য নির্বিশেষস্য মানবি।
চেষ্টা যতঃ স ভগবান্ কাল ইত্যুপলক্ষিতঃ ॥১৭

পঞ্চভিঃ তথা পঞ্চভিঃ চতুর্ভিঃ দশভিশ্চ ইতি সংখ্যাভেদেন এতৎ চতুর্বিংশতিকং প্রাধানিকং প্রধান-কার্য্যাত্মকং গণং সর্ব্বং ব্রহ্ম ব্রহ্মাত্মকম্ এব বিদুঃ ॥১১

ভূঃ পৃথ্বী, আপো জলম্, অগ্নিঃ মরুৎ বায়ুঃ নভঃ আকাশ ইতি পঞ্চৈব মহাভূতানি তথা গন্ধাদীনি (শব্দস্পর্শরূপরসগন্ধঃ পৃথিব্যাদীনাং সূক্ষ্মাবস্থা-বিশেষাঃ) তাবন্তি পঞ্চৈক তন্মাত্রাণি মে ময়া মতানি সম্মতানি। শ্রোত্রং ত্বগ্‌দৃগ্‌রসননাসিকাঃ (ইতি পঞ্চ জ্ঞানেন্দ্রিয়াণি) বাক্‌করৌ চরণৌ মেঢ্রং দশমঃ পায়ুঃ (ইতি পঞ্চ কর্ম্মেন্দ্রিয়াণি) ইতি ইন্দ্রিয়াণি দশ উচ্যতে ॥১২-১৩

একম্ অন্তরাত্মকম্ অন্তঃকরণং তু লক্ষণরূপয়া (সঙ্কল্পাধ্যবসায়াভিমানচিন্তারূপয়া) বৃত্ত্যা মনোবুদ্ধিঃ অহঙ্কারঃ চিত্তম্ ইতি চতুর্ধা ভেদ লক্ষ্যতে ॥১৪

সগুণস্য সত্ত্বাদিগুণবিশিষ্টস্য ব্রহ্মণঃ যাবান্ অয়ং সন্নিবেশঃ অবস্থাবিশেষঃ ময়া প্রোক্তঃ, সঃ এতাবান্ এব (আত্মঃ) সংখ্যাতঃ। যঃ তু কালঃ সঃ পঞ্চবিংশকঃ পুরুষঃ এব ॥১৫

প্রকৃতিম্ অবিদ্যাম্ ঈষুষঃ প্রাপ্তস্য (অবিদ্যয়া বিস্মৃতস্বরূপস্য অতএব) অহঙ্কারবিমূঢ়স্য (দেহাদাবহং-প্রত্যয়েন ভ্রান্তস্য অতএব) কর্তুঃ দুরাচারনিষ্ঠস্য জীবস্য যতঃ যস্মাৎ ভয়ং (ভবতি, তৎ) কালং তু একে জনাঃ পৌরুষং পুরুষস্য ভগবতঃ প্রভাবং আহুঃ ॥১৬

হে মানবি! গুণসাম্যস্য (গুণত্রয়সাম্যরূপস্য) নির্বিশেষস্য (নামরূপাদিবিভাগরহিতস্য) প্রকৃতেঃ চেষ্টা যতঃ ভবতি, সঃ ভগবান্ এব কালঃ ইতি উপলক্ষিতঃ

কার্য্যস্বরূপ চতুর্বিংশতিগণ আছে; তাহার পাঁচ, পাঁচ, দশ এবং চারি—এই প্রকার সংখ্যা। সণ্ডিতেরা উহাকেই ব্রহ্ম বোধ করিয়া থাকেন; ভূমি, জল, তেজ, বায়ু ও আকাশ—এই পাঁচটি মহাভূত। শব্দতন্মাত্র, রূপতন্মাত্র রসতন্মাত্র, স্পর্শতন্মাত্র, শব্দতন্মাত্র—এই পাঁচটি তন্মাত্র এবং শ্রোত্র, ত্বক্, চক্ষু, জিহ্বা, ঘ্রাণ ও বাক্, পাণি, পাদ, পায়ু, উপস্থ এই দশটি ইন্দ্রিয়; মন, বুদ্ধি, অহঙ্কার ও চিত্ত—এই চারিটি অন্তরিন্দ্রিয়। যদিও অন্তঃকরণই অন্তরিন্দ্রিয়, তথাচ তাহার বৃত্তিভেদে উক্ত চারি প্রকার ভেদ হইয়া থাকে। আমি যে চতুর্বিংশতি তত্ত্বের কথা বলিলাম, ঐ সকলের গণনা করিলেই তাহা পাওয়া যায়। এই চতুর্বিংশতি তত্ত্বই সগুণ ব্রহ্মের সন্নিবেশস্থান। ইহা ছাড়া কাল, পঞ্চবিংশ তত্ত্ব ।৯-১৫

কেহ কেহ ঈশ্বরের বিক্রমকেই কাল বলিয়া থাকেন। ঐ কাল হইতে প্রকৃতিসম্ভূত দেহে অহঙ্কার-বিমূঢ় জীবের ভয় জন্মে। কেহ কেহ বলেন—যাহা হইতে ত্রিগুণের সাম্যাবস্থারূপ প্রকৃতির চেষ্টা হয়, সেই

অন্তঃ পুরুষরূপেণ কালরূপেণ যো বহিঃ।
সমন্বেত্যেষ সত্ত্বানাং ভগবানাত্মমায়য়া ॥১৮
দৈবাৎ ক্ষুভিতধর্ম্মিণ্যাং স্বস্যাং যোনৌ পরঃ পুমান্।
আধত্ত বীর্য্যং সাসূত মহত্তত্ত্বং হিরণ্ময়ম্ ॥১৯
বিশ্বমাত্মগতং ব্যঞ্জন্ কূটস্থো জগদঙ্কুরঃ।
স্বতেজসাপিবৎ তীব্রমাত্মপ্রস্থাপনং তমঃ ॥২০
যত্তৎ সত্ত্বগুণং স্বচ্ছং শান্তং ভগবতঃ পদম্।
যদাহুর্বাসুদেবাখ্যং চিত্তং তন্মহদাত্মকম্ ॥২১
স্বচ্ছত্বমবিকারিত্বং শান্তত্বমিতি চেতসঃ।
বৃত্তিভির্লক্ষণং প্রোক্তং যথাপাং প্রকৃতিঃ পরা ॥২২
মহত্তত্ত্বাদ্ বিকুর্ব্বাণাদ্ ভগবদ্‌বীর্য্যসম্ভবাৎ।
ক্রিয়াশক্তিরহঙ্কারস্ত্রিবিধঃ সমপদ্যত ॥২৩
বৈকারিকস্তৈজসশ্চ তামসশ্চ যতো ভবঃ।
মনসশ্চেন্দ্রিয়াণাঞ্চ ভূতানাং মহতামপি ॥২৪

ব্যবহিতঃ ভবতি ॥১৭

যঃ এষঃ আত্মমায়য়া স্বপ্রেরণশক্ত্যা সত্ত্বানাং সর্ব্বপ্রাণিনাম্ অন্তঃপুরুষরূপেণ অন্তর্য্যামিরূপেণ বহিশ্চ কালরূপেণ সমন্বেতি অনুস্যূতঃ বর্ত্ততে সঃ ভগবান্ এব ॥১৮

দৈবাৎ কালাৎ ক্ষুভিতধর্ম্মিণ্যাং (ক্ষুভিতাঃ বৈষম্যং প্রাপ্তাঃ ধর্ম্মাঃ গুণাঃ যস্যাঃ তস্যাং) স্বস্যাং স্বকীয়ায়াং যোনৌ অভিব্যক্তিস্থানে প্রকৃতৌ পরঃ পুমান্ বীর্য্যং চিচ্ছক্তিম্ আধত্তে, সা প্রকৃতিঃ হিরণ্ময়ং প্রকাশবহুলং মহত্তত্ত্বম্ অসূত ॥১৯

জগদঙ্কুরঃ (জগতঃ অঙ্কুরঃ কারণং) কূটস্থঃ লয়বিক্ষেপশূন্যঃ মহান্ আত্মগতং স্বস্মিন্ সূক্ষ্মরূপেণ স্থিতং বিশ্বম্ অহঙ্কারাদিপ্রপঞ্চং ব্যঞ্জন্ ব্যঞ্জয়ন্ ব্যঞ্জয়িতুম্ আত্মপ্রস্থাপনম্ (আত্মানং প্রস্থাপয়তীতি) তীব্রং তৎ তমঃ স্বতেজসা অপিবৎ ॥২০

ভগবতঃ পদম্ উপলব্ধিস্থানম্ (অতএব) বাসুদেবাখ্যং চিত্তং যৎ আহুঃ, তৎ মহদাত্মকং স্বচ্ছং বিশদং শান্তং রাগাদিরহিতং যৎ তৎ সত্ত্বগুণম্ এব ॥২১

যথা পরা অন্যৈরমিলিতা উৎকৃষ্টা অপাং প্রকৃতিঃ স্বভাবঃ, তথা স্বচ্ছত্বম্ অবিকারিত্বং শান্তত্বম্ ইতি চেতসঃ লক্ষণং বৃত্তিভিঃ প্রোক্তম্ ॥২২

ভগবদ্‌বীর্য্যসম্ভবাৎ (ভগবদ্‌বীর্য্যং চিচ্ছক্তিঃ তেন সম্ভবঃ যস্য তস্মাৎ) বিকুর্ব্বাণাৎ মহত্তত্ত্বাৎ ক্রিয়াশক্তিঃ (ক্রিয়াত্ম শক্তিঃ যস্য সঃ) ত্রিবিধঃ অহঙ্কারঃ সমপদ্যত বভূব ॥২৩

যতঃ যস্মাৎ অহঙ্কারাৎ মনসঃ ইন্দ্রিয়াণাং মহতাম্ অপি ভূতানাং ভবঃ উৎপত্তিঃ জাতা (সঃ অহঙ্কারঃ) বৈকারিকঃ সাত্ত্বিকঃ, তৈজসঃ রাজসঃ, তামসঃ চ ইতি ত্রিবিধঃ স্মৃতঃ ॥২৪

ভগবান্‌ই 'কাল'—নামে বিখ্যাত। যিনি আত্মমায়া দ্বারা ভূতসমূহের অন্তরে নিয়ন্তৃরূপে এবং বহিঃ কালস্বরূপে সম্যক্ প্রকারে অনুস্যূত (সংগ্রথিত) আছেন, তিনিই ভগবান্, বাহিরে তিনিই কাল। এই কালই পঞ্চবিংশ তত্ত্ব। জীবের অদৃষ্টবশতঃ প্রকৃতির গুণ ক্ষুব্ধ হইলে পরমপুরুষ সেই প্রকৃতির যোনিতে আপনার বীর্য্য আধান করেন। তাহা দ্বারা সেই প্রকৃতি হইতে মহত্তত্ত্ব উদ্ভূত হয়। ঐ মহত্তত্ত্ব প্রকাশবহুল। উহা কূটস্থ (লয়বিক্ষেপহীন) এবং জগতের অঙ্কুর স্বরূপ। তাহা আপনাতে সূক্ষ্মরূপে অবস্থিত এই বিশ্ব প্রকটিত করিয়া আপনার তেজ দ্বারা প্রলয়কালীন তমঃ পান করিয়া থাকে। সত্ত্বগুণযুক্ত, স্বচ্ছ, রাগাদিরহিত এবং উপলব্ধিস্থান চিত্তের নাম বাসুদেব। সেই চিত্তই ঐ মহত্তত্ত্বের স্বরূপ। ভিন্ন ভিন্ন বৃত্তি দ্বারা সেই চিত্তের ভগবদ্‌বিম্ব—স্বাবকত্ব, লয়বিক্ষেপরাহিত্য এবং শান্ত স্বরূপই লক্ষণ ।১৮-২১

যেমন জলের পরা প্রকৃতি ভূমি সংসর্গভেদে মধুর, স্বচ্ছ এবং শীতল হয়, সেইরূপ চিত্তেরও বৃত্তিভেদে ভিন্ন ভিন্ন লক্ষণ হয়। ভগবানের বীর্য্য হইতে উদ্ভূত হইয়া ঐ মহত্তত্ত্ব বিকার প্রাপ্ত হয়। তাহা হইতে

সহস্রশিরসং সাক্ষাদ্ যমনন্তং প্রচক্ষতে।
সঙ্কর্ষণাখ্যং পুরুষং ভূতেন্দ্রিয়মনোময়ম্ ॥২৫
কর্তৃত্বং কারণত্বঞ্চ কার্য্যত্বমিতি লক্ষণম্।
শান্তঘোরবিমূঢ়ত্বমিতি বা স্যাদহঙ্কৃতেঃ ॥২৬
বৈকারিকাদ্ বিকুর্ব্বাণান্মনস্তত্ত্বমজায়ত।
যৎসঙ্কল্পবিকল্পাভ্যাং বর্ত্ততে কামসম্ভবঃ ॥২৭
যদ্ বিদুর্হৃনিরুদ্ধাখ্যং হৃষীকাণামধীশ্বরম্।
শারদেন্দীবরশ্যামং সংরাধ্যং যোগিভিঃ শনৈঃ ॥২৮

যম্ অহঙ্কারং সহস্রশিরসম্ অনন্তং ভূতেন্দ্রিয়-মনোময়ং সাক্ষাৎ সঙ্কর্ষণাখ্যং পুরুষম্ ইতি প্রচক্ষতে বদন্তি ॥২৫

কর্তৃত্বং (প্রেরকত্বেন) কারণত্বং (ইন্দ্রিয়রূপেণ) কার্য্যত্বং (ভূতাদিরূপেণ) ইতি বা শান্তঘোরবিমূঢ়ত্বম্ ইতি অহংকৃতেঃ অহঙ্কারস্য লক্ষণং স্যাৎ ॥২৬

বিকুর্ব্বাণাৎ বৈকারিকাৎ অহঙ্কারাৎ মনস্তত্ত্বম্ অজায়ত ; যৎ সঙ্কল্পবিকল্পাভ্যাং কামসম্ভবঃ (কামস্য কামনারূপায়াঃ বৃত্তেঃ সম্ভবঃ উৎপত্তিঃ) বর্ত্ততে ভবতি ॥২৭

যৎ হি মনঃ শারদেন্দীবরশ্যামং (শারদং শরৎ-কালীনং যৎ ইন্দীবরং নীলোৎপলং তদ্বৎ শ্যামং) যোগিভিঃ শনৈঃ আরাধ্যং হৃষীকাণাম্ ইন্দ্রিয়াণাম্ অধীশ্বরম্ অনিরুদ্ধাখ্যং বিদুঃ ॥২৮

ক্রিয়াশক্তিপ্রধান অহঙ্কারের উৎপত্তি হয়। ঐ অহঙ্কার তিন প্রকার। যথা—বৈকারিক, তৈজস ও তামস। ঐ অহঙ্কার হইতে মন, ইন্দ্রিয় ও পঞ্চভূত-সকল উৎপন্ন হয়। ভূত, ইন্দ্রিয় ও মনোময় এই অহঙ্কারকেই পণ্ডিতেরা সাক্ষাৎ সঙ্কর্ষণ নামক সহস্রশীর্ষা 'অনন্তদেব' বলিয়া থাকেন। আর ঐ অহঙ্কারের দেবতা-রূপে কর্তৃত্ব, ইন্দ্রিয়রূপে কারণত্ব এবং ভূতরূপে কার্য্যত্ব আছে। শান্তত্ব, ঘোরত্ব ও বিমূঢ়ত্ব এই তিনটিও কারণ গুণত্রয়রূপে অহঙ্কারে বিরাজিত। বৈকারিক অহঙ্কার যখন বিকার প্রাপ্ত হয়, তখন তাহা হইতে মনস্তত্ত্ব উদ্ভূত হয়। ঐ মনের সঙ্কল্প এবং বিকল্পদ্বারা কামের উৎপত্তি হয় ।২২-২৭

তৈজসাৎ তু বিকুর্ব্বাণাদ্ বুদ্ধিতত্ত্বমভূৎ সতি।
দ্রব্যস্ফূরণবিজ্ঞানমিন্দ্রিয়াণামনুগ্রহঃ ॥২৯
সংশয়োঽথ বিপর্য্যাসো নিশ্চয়ঃ স্মৃতিরেব চ।
স্বাপ ইত্যুচ্যতে বুদ্ধের্লক্ষণং বৃত্তিতঃ পৃথক্ ॥৩০
তৈজসানীন্দ্রিয়াণ্যেব ক্রিয়াজ্ঞানবিভাগশঃ।
প্রাণস্য হি ক্রিয়াশক্তির্বুদ্ধের্বিজ্ঞানশক্তিতা ॥৩১
তামসাচ্চ বিকুর্ব্বাণাদ্ভগবদ্বীর্য্যচোদিতাৎ।
শব্দমাত্রমভূৎ তস্মান্নভঃ শ্রোত্রন্তু শব্দগম্ ॥৩২

হে সতি! বিকুর্ব্বাণাৎ বিক্রিয়মাণাৎ তৈজসাৎ রাজসাৎ অহঙ্কারাৎ বুদ্ধিতত্ত্বম্ অভূৎ। দ্রব্যস্ফূরণ-বিজ্ঞানং তথা ইন্দ্রিয়াণাম্ অনুগ্রহঃ অনুগ্রাহকত্বং হি বুদ্ধেঃ লক্ষণম্ ॥২৯

তত্র সংশয়ঃ (একস্মিন্ ধর্ম্মিণি বিরুদ্ধানেক-প্রকারকং জ্ঞানং, যথা স্থাণুর্বা পুরুষো বা) বিপর্য্যাসঃ মিথ্যাজ্ঞানং নিশ্চয়ঃ (তথৈব তৎপ্রকারকং জ্ঞানং, প্রমারূপজ্ঞানং) স্মৃতিঃ (অনুভূতবস্তুবিষয়কং জ্ঞানং) স্বাপঃ নিদ্রা ইতি এবং পৃথক্ অসাঙ্কর্য্যেণ বৃত্তিতঃ বুদ্ধেঃ লক্ষণম্ উচ্যতে ॥৩০

ক্রিয়াজ্ঞানবিভাগশঃ কর্ম্মেন্দ্রিয়জ্ঞানেন্দ্রিয়বিভাগেন উভয়বিধানি ইন্দ্রিয়াণি তৈজসানি রাজসাহঙ্কারাজ্জা-তানি এব। হি যস্মাৎ প্রাণস্য ক্রিয়াশক্তিঃ বুদ্ধেশ্চ বিজ্ঞানশক্তিতা ॥৩১

ভগবদ্বীর্য্যচোদিতাৎ (ভগবতো বীর্য্যেণ কালেন

তত্ত্বদর্শী ব্যক্তিরা ঐ মনস্তত্ত্বকেই ইন্দ্রিয়গণের অধীশ্বর অনিরুদ্ধ বলিয়া জানেন। তিনি শরৎকালীন নীলোৎপলের ন্যায় শ্যামবর্ণ। যোগীরা তাঁহাকে ক্রমে ক্রমে বশীভূত করিতে সমর্থ হন। তৈজসতত্ত্ব যখন বিকার প্রাপ্ত হয়, তখন তাহা হইতে বুদ্ধিতত্ত্ব উৎপন্ন হয়। তাহা দ্রব্যস্ফুরণরূপ বিজ্ঞানের স্বরূপ; এবং ইন্দ্রিয়সকলের অনুগ্রহরূপ বৃত্তি ভেদে সংশয়, মিথ্যাজ্ঞান, প্রমাণজ্ঞান, স্মৃতি ও নিদ্রা—এই কয়েকটি বুদ্ধিতত্ত্বের লক্ষণ। ক্রিয়া ও জ্ঞানরূপ বিভাগহেতু ইন্দ্রিয় দুই প্রকার যথা—কর্ম্মেন্দ্রিয় ও জ্ঞানেন্দ্রিয়। এই বিবিধই তৈজস অহঙ্কার হইতে উৎপন্ন। যেহেতু প্রাণের ক্রিয়া

অর্থাশ্রয়ত্বং শব্দস্য দ্রষ্টুর্লিঙ্গত্বমেব চ।
তন্মাত্রত্বঞ্চ নভসো লক্ষণং কবয়ো বিদুঃ ॥৩৩
ভূতানাং ছিদ্রদাতৃত্বং বহিরন্তরমেব চ।
প্রাণেন্দ্রিয়াত্মধিষ্ণ্যত্বং নভসো বৃত্তিলক্ষণম্ ॥৩৪
নভসঃ শব্দতন্মাত্রাৎ কালগত্যা বিকুর্ব্বতঃ।
স্পর্শোঽভবৎ ততো বায়ুস্ত্বক্ স্পর্শস্য চ সংগ্রহঃ ॥৩৫

চোদিতাৎ প্রেরিতাৎ অতএব) বিকুর্ব্বাণাৎ তামসাৎ অহঙ্কারাৎ শব্দমাত্রং সূক্ষ্মং দ্রব্যম্ অভূৎ ; তস্মাৎ নভঃ আকাশম্ অভূৎ। তথা নভসা সহ শব্দানাং শব্দগ্রাহী শ্রোত্রং চ জাতম্ ।৩২

শব্দস্য অর্থাশ্রয়ত্বম্ অর্থবাচকত্বং শ্রোত্রেন্দ্রিয়-দ্বারেণ দ্রষ্টুঃ পুরুষস্য লিঙ্গত্বম্ অস্তিত্ববাচকত্বম্ এব, তথা নভসঃ তন্মাত্রত্বং সূক্ষ্মত্বং চ ইতি ত্রিবিধং লক্ষণং কবয়ঃ বিদুঃ ॥৩৩

ভূতানাং ব্রহ্মাদিস্তম্বপর্য্যন্তানাং ছিদ্রদাতৃত্বং, বহিরন্তরং ব্যবহারাস্পদত্বং প্রাণেন্দ্রিয়াত্মধিষ্ণ্যত্বং (প্রাণানাম্ ইন্দ্রিয়াণাম্ আত্মনঃ মনসশ্চ ধিষ্ণ্যত্বং নাড্যাদিছিদ্ররূপেণ স্থানত্বং) চ নভসঃ বৃত্তিলক্ষণং বৃত্তিঃ কার্য্যরূপম্ এব লক্ষণম্ ॥৩৪

এবং শব্দতন্মাত্রাৎ (শব্দঃ তন্মাত্রম্ অসাধারণো

শক্তি ও বুদ্ধির বিজ্ঞান শক্তি দেখা যায়। ভগবানের প্রভাবে প্রেরিত হইয়া তামস অহঙ্কার বিকার প্রাপ্ত হয়। তাহা হইতে শব্দতন্মাত্র উৎপন্ন হইয়া থাকে। ঐ তন্মাত্র হইতে আকাশ এবং শব্দগ্রাহক শ্রোত্র হয়। আকাশের তন্মাত্রত্ব (সূক্ষ্মত্ব), অর্থবত্ত্ব (শব্দের অর্থ বোধকত্ব) এবং অন্তরালে থাকিলেও উচ্চারণ-বার্ত্তার জ্ঞাপকত্ব—পণ্ডিতেরা এই তিনটিকে শব্দের লক্ষণ বলে ।২৮-৩৩

সমস্ত ভূতকে অবকাশ দান এবং বাহিরে ও অভ্যন্তরে ব্যবহারাস্পদ হওয়া, আর প্রাণ, ইন্দ্রিয় এবং মন—এই তিনের আশ্রয় হওয়া এই সকলই আকাশের বৃত্তি লক্ষণ। উক্ত শব্দতন্মাত্ররূপ আকাশ কালবশে বিকার

মৃদুত্বং কঠিনত্বঞ্চ শৈত্যমুষ্ণত্বমেব চ।
এতৎ স্পর্শস্য স্পর্শত্বং তন্মাত্রত্বং নভস্বতঃ ॥৩৬
চালনং ব্যূহনং প্রাপ্তির্নেতৃত্বং দ্রব্যশব্দয়োঃ।
সর্ব্বেন্দ্রিয়াণামাত্মত্বং বায়োঃ কর্ম্মাভিলক্ষণম্ ॥৩৭
বায়োশ্চ স্পর্শতন্মাত্রাদ্ রূপং দৈবেরিতাদভূৎ।
সমুত্থিতং ততস্তেজশ্চক্ষূ রূপোপলম্ভনম্ ॥৩৮

গুণো যস্য তস্মাৎ) কালগত্যা বিকুর্বতঃ বিক্রিয়মাণাৎ নভসঃ সকাশাৎ স্পর্শঃ তন্মাত্রম্ অভবৎ, ততঃ স্পর্শাৎ বায়ুঃ অভবৎ। তস্য স্পর্শস্য সংগ্রহঃ (সম্যক্ গ্রহণং যয়া সা) ত্বক্ এব ॥৩৫

মৃদুত্বং কঠিনত্বং চ শৈত্যম্ উষ্ণত্বম্ এব চ নভস্বতঃ বায়োঃ এতৎ স্পর্শত্বং তথা স্পর্শস্য তন্মাত্রত্বং চ ॥৩৬

চালনং ব্যূহনং মেলনং প্রাপ্তিঃ সর্ব্বত্রাপ্রতিহত-গতিঃ দ্রব্যশব্দয়োঃ নেতৃত্বং তথা সর্ব্বেন্দ্রিয়াণাম্ আত্মত্বং প্রবর্ত্তকত্বম্ ইতি বায়োঃ এতৎ কর্ম্ম কর্ম্মৈব অভিলক্ষণম্। দৈবেরিতাৎ (দৈবেন কালেন ঈরিতাৎ) স্পর্শতন্মাত্রাৎ (স্পর্শঃ তন্মাত্রং যস্য তস্মাৎ) বায়োঃ সকাশাৎ রূপম্ অভূৎ। ততঃ রূপাৎ তেজঃ সমুত্থিতম্ উৎপন্নম্ অভূৎ ; তত্র চক্ষুঃ এব রূপোপ-লম্ভনম্ (রূপস্য উপলম্ভনং গ্রাহকম্) ॥৩৭-৩৮

প্রাপ্ত হইলে স্পর্শতন্মাত্র এবং তৎপশ্চাৎ বায়ু ও ত্বক্ উৎপন্ন হয়। সেই ত্বক্ হইতে সম্যগ্‌রূপে স্পর্শজ্ঞান জন্মিয়া থাকে। মৃদুত্ব, কঠিনত্ব, শীতলত্ব এবং উষ্ণত্ব—ইহাই স্পর্শের লক্ষণ বা স্পর্শত্ব। ঐ স্পর্শত্বকেই বায়ু-তন্মাত্র বলা হয়। বৃক্ষশাখাদি সঞ্চালন করা, তৃণাদি একত্র সংযোজিত ও মিলিত করা, গন্ধাদি দ্রব্যকে ঘ্রাণের প্রতি, শৈত্যাদি গুণযুক্ত দ্রব্যকে স্পর্শের প্রতি এবং শব্দকে শ্রোত্রের প্রতি লইয়া যাওয়া প্রভৃতি বায়ুর কর্ম্ম, এতদ্ভিন্ন সকল ইন্দ্রিয়ের সঞ্চালকত্ব তাহার কর্ম্ম। উক্ত স্পর্শতন্মাত্ররূপ বায়ু যখন ঈশ্বরেচ্ছায় প্রেরিত হইয়া বিকার প্রাপ্ত হয়, তখন তাহা হইতে তেজ, রূপ এবং রূপের গ্রাহক চক্ষুর উদ্ভব হয়। যে

দ্রব্যাকৃতিত্বং গুণতো ব্যক্তিসংস্থাত্বমেব চ।
তেজস্ত্বং তেজসঃ সাধ্বি রূপমাত্রস্য বৃত্তয়ঃ ॥৩৯
দ্যোতনং পচনং পানমদনং হিমমর্দ্দনম্।
তেজসো বৃত্তয়স্ত্বেতাঃ শোষণং ক্ষুত্তৃড়েব চ ॥৪০
রূপমাত্রাদ্বিকুর্ব্বাণাৎ তেজসো দৈবচোদিতাৎ।
রসমাত্রমভূৎ তস্মাদম্ভো জিহ্বা রসগ্রহঃ ॥৪১
কষায়ো মধুরস্তিক্তঃ কটুরম্ল ইতি নৈকধা।
ভৌতিকানাং বিকারেণ রস একো বিভিদ্যতে ॥৪২
ক্লেদনং পিণ্ডনং তৃপ্তিঃ প্রাণনাপ্যায়নোন্দনম্।
তাপাপনোদো ভূয়স্ত্বমম্ভসো বৃত্তয়স্ত্বিমাঃ ॥৪৩
রসমাত্রাদ্বিকুর্ব্বাণাদম্ভসো দৈবচোদিতাৎ।
গন্ধমাত্রমভূৎ তস্মাৎ পৃথ্বী ঘ্রাণস্তু গন্ধগঃ ॥৪৪
কদম্বপুতিসৌরভ্য-শান্তোগ্রাম্লাদিভিঃ পৃথক্।
দ্রব্যাবয়ববৈষম্যাদ্গন্ধ একো বিভিদ্যতে ॥৪৫

হে সাধ্বি! দ্রব্যাকৃতিত্বং (দ্রব্যস্য আকৃতিত্বম্ আকারসম্পর্কত্বং) গুণতা (দ্রব্যোপসর্জনতয়া প্রতীতিঃ) ব্যক্তিসংস্থাত্বং ব্যক্তেঃ দ্রব্যস্য যা সংস্থা সংনিবেশঃ, সৈব সংস্থা যস্য তথাত্বং দ্রব্যস্য স্থূলসূক্ষ্মতয়া ঋজুবক্রতয়া চ অন্যস্যাপি তথাত্বেন প্রতীতিঃ ইতি তেজসঃ তেজস্ত্বম্ অসাধারণধর্ম্মত্বং রূপমাত্রস্য বৃত্তয়ঃ লক্ষণানি ॥৩৯

দ্যোতনং প্রকাশনং, (তণ্ডুলাদেঃ) পচনং, ক্ষুৎ-তৃট্ অশনা পিপাসা চ পানম্, অদনং, হিমর্দ্দনং শৈত্যবিনাশনং, শোষণম্ এতাঃ তেজসঃ বৃত্তয়ঃ কার্যভূতানি লক্ষণানি ॥৪০

দৈবচোদিতাৎ কালপ্রেরিতাৎ বিকুর্ব্বাণাৎ রূপতন্মাত্রাৎ তেজসঃ রসমাত্রম্ অভূৎ, তস্মাৎ রসাৎ অম্ভঃ জলম্ অভূৎ; রসস্য গ্রহঃ গ্রাহকঃ জিহ্বা ইতি ॥৪১

একঃ রসঃ ভৌতিকানাং বীজাদীনাং বিকারেণ কষায়ঃ মধুরঃ তিক্তঃ কটুঃ অম্লঃ লবণঃ ইতি নৈকধা ষড়্ধা বিভিদ্যতে ॥৪২

ক্লেদনম্ আর্দ্রীকরণং, পিণ্ডনং পিণ্ডীকরণং, তৃপ্তিঃ তর্পণং, প্রাণনং জীবনম্ আপ্যায়নং তৃড়্বৈক্লব্যনিবর্তনম্, উন্দনং মৃদুকরণং, তাপাপনোদঃ সূর্য্যাদিজনিত-তাপনিবর্তনং, ভূয়স্ত্বং (কূপাদৌ উদ্ধৃতস্যাপি পুনঃ পুনঃ উদ্গমঃ) ইমাঃ তু অম্ভসঃ বৃত্তয়ঃ কার্য্যভূতানি লক্ষণানি ॥৪৩

দৈবচোদিতাৎ বিকুর্ব্বাণাৎ রসমাত্রাৎ অম্ভসঃ গন্ধমাত্রম্ অভূৎ, তস্মাৎ পৃথ্বী অভূৎ, গন্ধগঃ গন্ধগ্রাহকঃ তু ঘ্রাণঃ এব ॥৪৪

যঃ একঃ গন্ধঃ দ্রব্যাবয়ববৈষম্যাৎ (দ্রব্যাণাম্ অবয়ববৈষম্যাৎ বিকারাৎ) পৃথক্ কদম্বঃ মিশ্রগন্ধঃ, পুতিঃ দুর্গন্ধঃ, সৌরভ্যং কর্পূরাদেঃ, শান্তঃ শতপত্রাদেঃ,

---

সাধ্বি! দ্রব্যের আকার প্রকাশত্ব, দ্রব্যের বিশেষণ জ্ঞান এবং দ্রব্যের পরিমাণত্ব প্রতীতি—এই সবগুলিই রূপের অসাধারণ লক্ষণ। প্রকাশকরণ, তণ্ডুলাদি পাককরণ, ক্ষুধা, পিপাসা, শোষণ, হিমমর্দ্দন ইত্যাদিও ঐ তেজের কার্য্য।৩৪-৪০

রূপতন্মাত্রস্বরূপ তেজ যখন ভগবদিচ্ছায় প্রেরিত হয়, তখন তাহা হইতে রসতন্মাত্র উৎপন্ন হয়। তাহা হইতে জল এবং রসেন্দ্রিয় জন্মে। তদ্দ্বারাই রস গ্রহণ হয়। সেই রস যদিও এক, তথাপি অন্য দ্রব্যের সংসর্গে বিকারবশতঃ কষায়, মধুর, তিক্ত, কটু, অম্ল, লবণ—এইরূপে অনেক প্রকারে বিভিন্ন হইতে দেখা যায়। ঐ জলের বৃত্তি অনেক প্রকার। যথা—আর্দ্রীকরণ, মৃত্তিকাদির পিণ্ডীকরণ, তৃপ্তিদান, জীবন, তৃষ্ণাদিজনিত বৈক্লব্যনিবারণ, মৃদুকরণ, তাপ নিবারণ এবং কূপাদি হইতে উদ্ধৃত হইলেও পুনঃপুনঃ উদ্গত হওয়া। রসতন্মাত্রস্বরূপ জল ঈশ্বরেচ্ছায় বিকার পাইলে তাহা হইতে গন্ধতন্মাত্র উৎপন্ন হয়। তাহাতে ভূমি ও গন্ধের গ্রহণকারী ঘ্রাণ জন্মিয়া থাকে। ঐ গন্ধ এক হইলেও দ্রব্যসংসর্গভেদে মিশ্রগন্ধ, দুর্গন্ধ, কর্পূরাদিগন্ধ এবং লশুন ও হিঙ্গু প্রভৃতির গন্ধ এইরূপে

ভাবনং ব্রহ্মণঃ স্থানং ধারণং সদ্‌বিশেষণম্।
সর্ব্বসত্ত্বগুণোদ্ভেদঃ পৃথিবীবৃত্তিলক্ষণম্ ॥৪৬
নভোগুণবিশেষোঽর্থো যস্য তচ্ছ্রোত্রমুচ্যতে।
বায়োর্গুণবিশেষোঽর্থো যস্য তৎ স্পর্শনং বিদুঃ।
তেজোগুণবিশেষোঽর্থো যস্য তচ্চক্ষুরুচ্যতে ॥৪৭
অম্ভো গুণবিশেষোঽর্থো যস্য তদ্রসনং বিদুঃ।
ভূমের্গুণবিশেষোঽর্থো যস্য স ঘ্রাণ উচ্যতে ॥৪৮
পরস্য দৃশ্যতে ধর্ম্মো হ্যপরস্মিন্ সমন্বয়াৎ।
অতো বিশেষো ভাবানাং ভূমাবেবোপলভ্যতে ॥৪৯
এতান্যসংহত্য যদা মহদাদীনি সপ্ত বৈ।
কালকর্ম্মগুণোপেতো জগদাদিরুপাবিশৎ ॥৫০
ততস্তেনানুবিদ্ধেভ্যো যুক্তেভ্যোঽণ্ডচেতনম্।
উত্থিতং পুরুষো যস্মাদুদতিষ্ঠদসৌ বিরাট্ ॥৫১

উগ্রঃ লগুনাদেঃ, অম্লঃ তিন্তিড়াদেঃ একঃ) এব বিভিদ্যতে ॥৪৫

ব্রহ্মণঃ ভগবতঃ ভাবনম্ উপাসনার্থং প্রতিমাদি-রূপেণ সাকারতাপাদনং, স্থানং স্থিতিঃ, ধারণং জলাদ্যা-ধারত্বং, সদ্‌বিশেষণং (সতাম্ আকাশাদীনাং বিশেষণম্ অবচ্ছেদকত্বং) সর্ব্বসত্ত্বগুণোদ্ভেদঃ (সর্ব্বেষাং সত্ত্বানাং প্রাণিনাং তত্তদ্‌গুণানাম্ উদ্ভেদঃ পরিণামাদিনা প্রকটী-করণম্ ইতি) পৃথিবীবৃত্তিলক্ষণম্ ॥৪৬

নভোগুণবিশেষঃ (নভসঃ আকাশস্য গুণবিশেষঃ শব্দঃ) এব অর্থঃ গ্রাহ্যবিষয়ঃ যস্য তৎ শ্রোত্রম্ উচ্যতে। বায়োঃ গুণবিশেষঃ স্পর্শঃ অর্থঃ যস্য তৎ স্পর্শনং ত্বক্ বিদুঃ পণ্ডিতাঃ; তেজোগুণবিশেষঃ যস্য অর্থঃ তৎ চক্ষুঃ উচ্যতে ॥৪৭

অম্ভোগুণবিশেষঃ যস্য অর্থঃ তৎ রসনং বিদুঃ। ভূমেঃ গুণবিশেষঃ যস্য অর্থঃ সঃ ঘ্রাণঃ উচ্যতে ॥৪৮

পরস্য (কারণস্য আকাশাদেঃ) ধর্ম্মঃ (শব্দাদিঃ) অপরস্মিন্ কার্য্যে বায্বাদৌ সমন্বয়াৎ কারণান্বয়াৎ দৃশ্যতে। অতো ভাবানাম্ আকাশাদীনাং বিশেষঃ শব্দাদিগুণঃ ভূমৌ এব উপলক্ষ্যতে দৃশ্যতে ॥৪৯

যদা এতানি সপ্ত মহদাদীনি (মহদহঙ্কারপঞ্চমহা-ভূতানি) অসংহত্য অমিলিত্বা এব স্থিতানি, তদা কালকর্ম্মগুণোপেতঃ (কালঃ ক্ষোভকঃ কর্ম্ম জীবাদৃষ্টং, গুণঃ সত্ত্বাদিঃ তৈঃ উপেতঃ বিশিষ্টঃ) জগদাদিঃ ভগবান্ উপাবিশৎ তেষু প্রাবিশৎ ॥৫০

ততঃ তৎপ্রবেশানন্তরং তেন প্রবেশেন অনু-বিদ্ধেভ্যঃ ক্ষুভিতেভ্যঃ অতএব যুক্তেভ্যঃ পরস্পরং

ভিন্ন ভিন্নরূপে প্রতীত হয়। উল্লিখিত ভূমিরও ভেদ আছে। যথা—ব্রহ্মের ভাবন অর্থাৎ প্রতিমাদিরূপে সাকারতাসম্পাদন, জলাদির অপেক্ষা না রাখিয়া অবস্থান, ধারণ অর্থাৎ জলাদির আধার হওয়া, সদ্‌বিশেষণ অর্থাৎ আকাশাদি সত্ত্ব সংযুক্ত হওয়া এবং সর্ব্বপ্রাণীর ও তাহাদের গুণের প্রকাশক ॥৪১-৪৬

শ্রোত্রাদির ইন্দ্রিয়দ্বারা শব্দাদি পূর্ব্বোক্ত জ্ঞানই শ্রোত্রাদির লক্ষণ; যেহেতু আকাশের গুণবিশেষ শব্দ যাহার বিষয়, পণ্ডিতেরা তাহাকে শ্রোত্র বলিয়া থাকেন। ঐরূপ বায়ুর গুণবিশেষ স্পর্শ যাহার বিষয়, তাহাকে স্পর্শন অর্থাৎ ত্বক্ বলা যায়। আর তেজের গুণবিশেষ রূপ যাহার বিষয়, তাহা চক্ষুঃ। জলের গুণবিশেষ রস যাহার বিষয়, তাহা রসনা এবং ভূমির গুণবিশেষ গন্ধ যাহার বিষয়, তাহা ঘ্রাণনামে বিদিত। বায়ু ইত্যাদি অপর অপর পদার্থে পর পর কারণের সম্বন্ধহেতু কার্য্যে মিলিত হইয়া থাকে। এই কারণে আকাশাদি চারি পদার্থের বিশেষ বিশেষ গুণ ভূমিতেই দেখা যায়। পূর্ব্বোক্ত মহত্তত্ত্ব প্রভৃতি পদার্থ যখন পরস্পর মিলিত না হইয়া অবস্থিত হইল, তখন জগদাদি ঈশ্বর কাল, কর্ম্ম ও গুণযুক্ত হইয়া ঐ সপ্ত পদার্থের মধ্যে প্রবেশ করিলেন। তাহাতে ঐ সকল পদার্থ ক্ষুভিত হইয়া পরস্পর মিলিত হইল। তাহার পর

এতদণ্ডং বিশেষাখ্যং ক্রমবৃদ্ধৈর্দশোত্তরৈঃ।
তোয়াদিভিঃ পরিবৃতং প্রধানেনাবৃতৈর্বহিঃ।
যত্র লোকবিতানোঽয়ং রূপং ভগবতো হরেঃ ॥৫২
হিরণ্ময়াদণ্ডকোষাদুত্থায় সলিলেশয়াৎ।
তমাবিশ্য মহাদেবো বহুধা নির্বিভেদ খম্ ॥৫৩
নিরভিদ্যতাস্য প্রথমং মুখং বাণী ততোঽভবৎ।
বাণ্যা বহ্নিরথো নাসে প্রাণোতো ঘ্রাণ এতয়োঃ ॥৫৪
ঘ্রাণাদ্ বায়ুরভিদ্যেতাং মক্ষিণী চক্ষুরেতয়োঃ।
তস্মাৎ সূর্য্যো দ্যভিদ্যেতাং কর্ণৌ শ্রোত্রং
ততো দিশঃ ॥৫৫
নির্বিভেদ বিরাজস্ত্বগ্ রোমশ্মশ্রূদয়স্ততঃ।
তত ওষধয়শ্চাসন্ শিশ্নং নির্বিভিদে ততঃ ॥৫৬

প্রধানগুণভাবেন মিলিতেভ্যঃ তত্ত্বেভ্যঃ অচেতনম্ অধিষ্ঠাতৃচেতনরহিতম্ অণ্ডম্ উত্থিতম্ উৎপন্নং যস্মাৎ অণ্ডাৎ অসৌ বিরাট্ সমষ্টিপুরুষঃ উদতিষ্ঠৎ প্রাদুরভূৎ। এতৎ বিশেষাখ্যম্ অণ্ডং বহিঃ প্রধানেন ব্যাপকেন আবৃতৈঃ ক্রমবৃদ্ধৈঃ ক্রমশঃ উত্তরোত্তর-মধিকৈঃ দশোত্তরৈঃ উত্তরোত্তরদশগুণাধিকৈঃ তোয়াদিভিঃ পৃথিব্যপ্তেজোবায্বাকাশাহঙ্কারমহত্তত্ত্বৈঃ পরিবৃতং ভগবতো হরেঃ রূপম্ এব; যত্র অণ্ডে অয়ং দেবমনুষ্যাদিঃ লোকবিতানঃ লোকবিস্তারঃ অস্তি ॥৫১-৫২

সলিলেশয়াৎ স্থিতাৎ হিরণ্ময়াৎ প্রকাশবহুলাৎ অণ্ডকোষাৎ উত্থায় ঔদাসীন্যং ত্যক্ত্বা তম্ আবিশ্য অধিষ্ঠায়, মহাদেবঃ (মহান্ চাসৌ দেবশ্চ ভগবান্) খম্ ইন্দ্রিয়চ্ছিদ্রং বহুধা নির্বিভেদ ॥৫৩

অস্য বিরাজঃ প্রথমং মুখং নিরভিদ্যত, ততঃ তত্র বাণী অভবৎ, বাণ্যা (সহ তদধিষ্ঠাতা) বহ্নিঃ অভবৎ প্রাবিশৎ। অথো অনন্তরং নাসে নাসিকাচ্ছিদ্রে নিরভিদ্যেতাম্, এতয়োঃ ছিদ্রয়োঃ অধিষ্ঠানভূতয়োঃ প্রাণোতঃ (প্রাণেন উতঃ স্যূতঃ বিশিষ্টঃ সন্) ঘ্রাণঃ ইন্দ্রিয়ম্ অভবৎ ॥৫৪

ঘ্রাণাৎ অনন্তরং বায়ুঃ তদ্দেবতা অভবৎ। (অন্যত্র ঘ্রাণাধিষ্ঠাতৃতয়া অশ্বিনীকুমারাবুক্তৌ।) ততঃ অক্ষিণী অভিদ্যেতাম্, এতয়োঃ চক্ষুঃ (ইন্দ্রিয়মভবৎ) তস্মাৎ তদনন্তরং সূর্য্যঃ (দেবতা প্রাবিশৎ), কর্ণৌ ইন্দ্রিয়াধিষ্ঠানে দ্যভিদ্যেতাং, তত্র শ্রোত্রম্ ইন্দ্রিয়ং ততঃ দিশশ্চ দেবতাঃ প্রাবিশন্ ॥৫৫

ততঃ বিরাজঃ ত্বক্ অধিষ্ঠানং নির্বিভেদ। ততস্তত্র রোমশ্মশ্রূদয়ঃ ইন্দ্রিয়স্থানানি, ততঃ ওষধয়শ্চ দেবতাঃ আসন্। ততঃ শিশ্নম্ অধিষ্ঠানং নির্বিভিদে ॥৫৬

সেই সকল হইতে একটি অচেতন অণ্ড উৎপন্ন হইল। সেই অণ্ড হইতে বিরাট্‌পুরুষ আবির্ভূত হন। তাহা বহির্ভাগে ক্রমশঃ দশগুণ বর্দ্ধিত ও তাহার উপরের আবরণ-প্রকৃতি জলাদি দ্বারা পরিবৃত। সেই অণ্ডেই ভগবান্ হরির মূর্ত্তিস্বরূপ লোকসমূহ বিস্তৃত আছে। সেই মহান্ দেব আবির্ভাবের পর জলশায়িত ঐ হিরণ্ময় অণ্ড হইতে উত্থিত হইয়া ঔদাসীন্য পরিত্যাগ করিলেন। তিনি ঐ অণ্ডে অধিষ্ঠান করিয়া বহু প্রকার ছিদ্র ভেদ করিয়া দিলেন ॥৪৭-৫৩

দেবগণ বলিলেন,—প্রলয়কালে আপনি সমস্ত কার্য্য উদরের মধ্যে উপসংহার করিয়া জলের উপর অনন্ত-শয্যায় শয়ন করেন এবং আপনার তত্ত্বজ্ঞানের উপায় সিদ্ধগণ হৃদয়ে ধ্যান করিয়া থাকেন, সেই আদিপুরুষ আপনি আমাদের নয়নপথে বিচরণ করিতেছেন এবং ভৃত্য আমাদের রক্ষা করিতেছেন ।৪২

গন্ধর্ব ও অপ্সরাগণ বলিলেন,—হে দেব! এই সকল মরীচি প্রভৃতি প্রজাপতি এবং রুদ্রপ্রমুখ ব্রহ্মা, ইন্দ্র

বিদ্যাধরা উচুঃ।

ত্বন্মায়য়ার্থমভিপদ্য কলেবরেঽস্মিন্
কৃত্বা মমাহমিতি দুর্ম্মতিরুৎপথৈঃ স্বৈঃ।
ক্ষিপ্তোঽপ্যসদ্বিষয়লালস আত্মমোহং
যুষ্মৎকথামৃতনিষেবক উদ্ব্যুদস্তেৎ ॥৪৪

ব্রাহ্মণা উচুঃ।

ত্বং ক্রতুস্ত্বং হবিস্ত্বং হুতাশঃ স্বয়ং
ত্বং হি মন্ত্রঃ সমিদ্দর্ভপাত্রাণি চ।
ত্বং সদস্যর্ত্বিজো দম্পতী দেবতা
অগ্নিহোত্রং স্বধা সোম আজ্যং পশুঃ ॥৪৫

ত্বং পুরা গাং রসায়া মহাশূকরো
দংষ্ট্র্যা পদ্মিনীং বারণেন্দ্রো যথা।
স্তূয়মানো নদল্লীলয়া যোগিভি-
র্ব্যুজ্জহর্থ ত্রয়ীগাত্র যজ্ঞক্রতুঃ ॥৪৬

স প্রসীদ ত্বমস্মাকমাকাঙ্ক্ষতাং
দর্শনং তে পরিভ্রষ্টসৎকর্ম্মণাম্।

(প্রজাপতয়ঃ) ব্রহ্মেন্দ্রাদ্যাঃ (ব্রহ্মা ইন্দ্রশ্চ আদ্যৌ প্রমুখৌ যেষাং তে) রুদ্রপুরোগাঃ (রুদ্রঃ পুরোগঃ মুখ্যঃ যেষাং তে) এতে দেবগণাঃ তে তব অংশাংশাঃ (ত্বতঃ সামর্থ্যবন্তঃ), হে বিভূমন্ মহত্তম! ইদং চতুর্দ্দশ-ভুবনাত্মকং বিশ্বং যস্য তব ক্রীড়াভাণ্ডং ক্রীড়োপকরণং হে নাথ! তস্মৈ নিত্যং নমঃ করবাম নমনং কুর্ম্মঃ ॥৪৩

বিদ্যাধরাঃ উচুঃ। অর্থং (ত্বদ্ভজনদ্বারা পুরুষার্থ-সাধনং) শরীরম্ অভিপদ্য প্রাপ্য উৎপথৈঃ অসদ্ভিঃ স্বৈঃ পুত্রাদিভিঃ ক্ষিপ্তঃ তিরস্কৃতঃ উৎপীড়িতঃ অপি অসদ্বিষয়লালসঃ (অসৎসু দুঃখপ্রদেষু বিষয়েষু লালসা যস্য তাদৃশঃ) দুর্ম্মতিঃ জনঃ অস্মিন্ কলেবরে মম অহম্ ইতি অভিমানং কৃত্বাপি যুষ্মৎকথামৃত-নিষেবকঃ সন্ তাদৃশম্ আত্মমোহম্ উৎ উচ্চৈঃ ব্যুদস্যেৎ পরিত্যজেৎ ॥৪৪

ব্রাহ্মণাঃ উচুঃ। ত্বং ক্রতুঃ যজ্ঞরূপঃ, হরিঃ ত্বং, হুতাশঃ অগ্নিঃ স্বয়ং ত্বম্ এব, মন্ত্রঃ, সমিধঃ কাষ্ঠানি, দর্ভঃ কুশাঃ, পাত্রাণি চ হি ত্বম্ এব, হবনং, স্বধা পিতৃ-ভার্য্যা সোম সোমলতা, আজ্যং ঘৃতং পশুঃ সর্ব্বং হি ত্বম্ এব ॥৪৫

হে ত্রয়ীগাত্র বেদত্রয়মূর্ত্তে! যজ্ঞঃ সদ্রূপঃ ক্রতুঃ নির্ম্মূপঃ যাগবিশেষঃ তদ্রূপী ত্বমেব মহাশূকরঃ সন্ যোগিভিঃ সনকাদিভিঃ স্তূয়মানঃ স্বয়ং চ নদন্ লীলয়া অনায়াসেনৈব পুরা সৃষ্টিপ্রারম্ভে প্রথমমন্বন্তরে বারণেন্দ্রঃ ঐরাবতঃ পদ্মিনীং কমলং যথা ত্বং রসায়াঃ রসাতলাৎ দ্রংষ্ট্রয়া গাং পৃথ্বীং ব্যুজ্জহর্থ বিশেষেণ উদ্ধৃতবান্ ॥৪৬

ইত্যাদি দেবতা ইহারা সকলেই আপনার অংশ ও অংশের অংশ; হে প্রভো! এই বিশ্ব আপনার ক্রীড়ার বস্তু, আপনাকে সতত নমস্কার ।৪৩

বিদ্যাধরগণ বলিলেন,—পুরুষার্থসাধনোপযোগী দেহ ধারণ করিয়া আপনার মায়াবশে সেই দেহে 'আমি আমার' ইত্যাদি অভিমান করিয়াও যে ব্যক্তি আপনার কথারূপ অমৃত পান করে, কেবল সেইজন্যই ঐ মোহ পরিত্যাগ করিতে পারে (অন্য কাহারও সাধ্য নাই)। উৎপথগামী পুত্রাদি কর্ত্তৃক তিরস্কৃত হইলেও কোন কোন ব্যক্তির গুরুতর দুঃখ উপস্থিত হয়, কিন্তু তাহাতেও তাহার মোহ পরিত্যাগ হয় না, কারণ তাহার অনিত্য অসৎ বিষয়েই লালসা ।৪৪

ব্রাহ্মণগণ বলিলেন,—'হে ভগবন্! আপনিই যজ্ঞ, হবি, অগ্নি, মন্ত্র, সমিধ্, যজ্ঞপাত্র, সদস্য, ঋত্বিক্, যজমান, যজমানপত্নী, দেবতা, অগ্নিহোত্র, স্বধা, সোমরস, ঘৃত ও যজ্ঞীয় পশু অর্থাৎ এই সমস্ত আপনার রূপ' ।৪৫

হে বেদমূর্ত্তে! পূর্ব্বে (স্বায়ম্ভুব মন্বন্তরের প্রথম ভাগে) আপনি মহাশূকরমূর্ত্তিতে লীলা করিয়া মহাহস্তী যেমন অনায়াসে জল হইতে পদ্মিনীকে উত্তোলন করে, সেইরূপ আপনি অবলীলাক্রমে জলমগ্ন পৃথিবীকে

কীর্ত্ত্যমানে নৃভির্নাম্নি যজ্ঞেশ তে
যজ্ঞবিঘ্নাঃ ক্ষয়ং যান্তি তস্মৈ নমঃ ॥৪৭

মৈত্রেয় উবাচ।

ইতি দক্ষঃ কবির্যজ্ঞং ভদ্র রুদ্রাভিমর্শিতম্।
কীর্ত্ত্যমানে হৃষীকেশে সংনিন্যে যজ্ঞভাবনে ॥৪৮
ভগবান্ স্বেন ভাগেন সর্ব্বাত্মা সর্ব্বভাগভুক্।
দক্ষং বভাষ আভাষ্য প্রীয়মাণ ইবানঘ ॥৪৯

শ্রীভগবানুবাচ।

অহং ব্রহ্মা চ শর্ব্বশ্চ জগতঃ কারণং পরম্।
আত্মেশ্বর উপদ্রষ্টা স্বয়ংদৃগবিশেষণঃ ॥৫০
আত্মমায়াং সমাবিশ্য সোঽহং গুণময়ীং দ্বিজ।
সৃজন্ রক্ষন্ হরন্ বিশ্বং দধ্রে সংজ্ঞাং ক্রিয়োচিতাম্ ॥৫১

হে যজ্ঞেশ! সঃ সর্ব্বাত্মা ত্বং পরিভ্রষ্টসৎকর্ম্মণাং (পরিভ্রষ্টং সর্ব্বতো নষ্টং সৎকর্ম্ম পুণ্যং যেষাং তেষাং) তে তব দর্শনম্ আকাঙ্ক্ষতাম্ অস্মাকং প্রসীদ প্রসন্নঃ ভব। যস্য তে তব নাম্নি নৃভিঃ কীর্ত্ত্যমানে সতি যজ্ঞবিঘ্নাঃ ক্ষয়ং যান্তি বিনশ্যন্তি, তস্মৈ তে নমঃ ॥৪৭

মৈত্রেয়ঃ উবাচ। ইতি অনেন প্রকারেণ হৃষীকেশে (হৃষীকাণাম্ ইন্দ্রিয়াণাম্ ঈশে অন্তর্য্যামিণি) যজ্ঞভাবনে যজ্ঞপ্রবর্ত্তকে ভগবতি দক্ষাদিভিঃ কীর্ত্ত্যমানে স্তূয়মানে সতি দক্ষঃ কবিঃ ভদ্ররুদ্রাভিমর্শিতং (ভদ্ররুদ্রঃ বীরভদ্রঃ তেন মর্শিতং নাশিতং) যজ্ঞং সন্নিন্যে প্রবর্ত্তয়ামাস। অথবা হে ভদ্র বিদুর ॥৪৮

হে অনঘ বিদুর! তদা সর্ব্বাত্মা অতঃ সর্ব্বভাগভুক্ (সর্ব্বেষাং দেবানাং ভাগান্ সঃ এব ভুঙ্‌ক্তে) ভগবান্ রুদ্রঃ স্বেন ভাগেন (ত্রিকপালপুরোডাশেন) প্রীয়মাণঃ ইব দক্ষম্ আভাষ্য বভাষে ॥৪৯

শ্রীভগবান্ উবাচ। জগতঃ পরং স্বকারণরহিতং কারণম্ আত্মা উপাদানম্, ঈশ্বরঃ (উৎপাদকঃ নিয়ামকঃ চ ইতি নিমিত্তকারণম্) উপদ্রষ্টা সাক্ষী স্বয়ংদৃক্ স্বয়ংপ্রকাশকশ্চ, অবিশেষণঃ সর্ব্বসঙ্গবিনির্ম্মুক্তঃ যঃ অহং সঃ এব ব্রহ্মা, শর্ব্বঃ, রুদ্রঃ চ (ন অস্মাকং ভেদোঽস্তি) ॥৫০

সঃ পরমকারণভূতঃ অহং গুণময়ীং ত্রিগুণাম্ আত্মমায়াং স্বাধীনাং প্রকৃতিং সমাবিশ্য অধিষ্ঠায়, হে দ্বিজ! বিশ্বং সৃজন্ রক্ষন্ হরন্ তত্তৎ ক্রিয়োচিতং সংজ্ঞাং দধ্রে ধারয়ামি ॥৫১

রসাতল হইতে দশনাগ্রভাগ দ্বারা উদ্ধার করিয়াছিলেন। যজ্ঞই আপনার কর্ম্ম। আপনার ঐ কার্য্য দর্শন করিয়া যোগিগণ কতই স্তব করিয়াছিলেন ॥৪৬

হে যজ্ঞেশ্বর! আপনি আমাদের প্রতি প্রসন্ন হন। আমাদের যজ্ঞকার্য্য ভ্রষ্ট হওয়াতে আমরা আপনার দর্শন আকাঙ্ক্ষা করিয়াছিলাম। পুরুষগণ যখন আপনার নামকীর্ত্তন করেন, তখন তাহাদের যাবতীয় যজ্ঞবিঘ্ন নষ্ট হইয়া যায়, এইরূপ প্রভাবশালী আপনাকে প্রণাম করি ॥৪৭

মৈত্রেয় বলিলেন,—'হে ভদ্র বিদুর! এই প্রকারে যজ্ঞেশ্বরের গুণ কীর্ত্তন করিতে থাকিলে প্রজাপতি দক্ষ আপনার যে যজ্ঞ রুদ্রবেগে বিনষ্ট হইয়াছিল, তাহা পুনর্ব্বার প্রবর্ত্তিত করিলেন' ॥৪৮

হে পুণ্যশীল বিদুর! ভগবান্ সকল দেবতার আত্মা, সুতরাং তিনি সকলেরই ভাগভোক্তা, তথাপি তাঁহার নিজস্ব যে ভাগ অর্পিত হইয়াছে, তদ্দ্বারা যেন অত্যন্ত পরিপুষ্ট হইয়া দক্ষকে সম্বোধন করিয়া বলিলেন ॥৪৯

ভগবান্ হরি বলিলেন,—'যে আমি জগতের পরম কারণ, আত্মা, ঈশ্বর সর্ব্বজীবের সাক্ষীস্বরূপ, প্রকাশ এবং উপাধিশূন্য, সেই আমিই ব্রহ্মা এবং সেই আমিই শঙ্কর ॥৫০

আমিই গুণময়ী আত্মমায়ার অধিষ্ঠান করিয়া এই

তস্মিন্ ব্রহ্মণ্যদ্বিতীয়ে কেবলে পরমাত্মনি।
ব্রহ্মরুদ্রৌ চ ভূতানি ভেদেনাজ্ঞোঽনুপশ্যতি ॥৫২
যথা পুমান্ ন স্বাঙ্গেষু শিরঃপাণ্যাদিষু ক্বচিৎ।
পারক্যবুদ্ধিং কুরুতে এবং ভূতেষু মৎপরঃ ॥৫৩
ত্রয়াণামেকভাবানাং যো ন পশ্যতি বৈ ভিদাম্।
সর্ব্বভূতাত্মনাং ব্রহ্মন্ স শান্তিমধিগচ্ছতি ॥৫৪

তস্মিন্ সর্ব্বকারণে ব্রহ্মণি ব্যাপকে অদ্বিতীয়ে স্বজাতীয়াদিভেদরহিতে কেবলে সর্ব্বসঙ্গবিনির্ম্মুক্তে পরমাত্মনি সর্ব্বান্তর্য্যামিণি ময়ি এব ব্রহ্মরুদ্রৌ ভিন্নৌ ভূতানি চ ভিন্নানি ইতি অজ্ঞঃ ভেদেন অনুপশ্যতি ॥৫২

পুমান্ প্রাণিবর্গঃ যথা শিরঃপাণ্যাদিষু স্বাঙ্গেষু ক্বচিৎ পারক্যবুদ্ধিং স্বভেদবুদ্ধিং ন কুরুতে, এবং মৎপরঃ (অহম্ এব পরঃ পূজ্যঃ যস্য সঃ) মদ্ভক্তঃ ভূতেষু চরাচরাত্মকেষু ভেদবুদ্ধিং ন করোতি ॥৫৩

সর্ব্বভূতাত্মনাং (সর্ব্বাণি ভূতানি আত্মানঃ স্বরূপাণি যেষাং তেষাং একভাবানাং ত্রয়াণাং ব্রহ্মবিষ্ণুরুদ্রাণাম্ বৈ ভিদাং ভেদং যঃ ন পশ্যতি, হে ব্রহ্মন্ সঃ শান্তিম্ অধিগচ্ছতি প্রাপ্নোতি ॥৫৪

বিশ্বের সৃষ্টি, স্থিতি, সংহার নিমিত্ত ঐ তিন ক্রিয়ার উপযুক্ত নাম ধারণ করিয়া থাকি ।৫১

অদ্বিতীয় শুদ্ধ পরম ব্রহ্মস্বরূপ যে আমি, তাহাতে অজ্ঞ ব্যক্তিরাই ব্রহ্মা, রুদ্র ও সাধারণ জীব মাত্রকে বিভিন্ন বলিয়াই ধারণা করে ।৫২

লোকে যেমন মস্তক হস্ত প্রভৃতি স্ব স্ব অঙ্গপ্রত্যঙ্গে কখনও পরকীয় বুদ্ধি করে না, সেইরূপ যাহারা আমার একান্ত ভক্ত, তাহারা কখনও কোন প্রাণীকে আমা হইতে ভিন্ন এই ভেদ বুদ্ধি করে না ।৫৩

আমাদের তিন জনের একই স্বরূপ এবং আমরা সকল প্রাণীর আত্মা, যে ব্যক্তি আমাদের তিন জনের মধ্যে ভেদ দর্শন না করে, সে শান্তি প্রাপ্ত হয় ।৫৪

মৈত্রেয় উবাচ।
এবং ভগবতাদিষ্টঃ প্রজাপতিপতির্হরিম্।
অর্চ্চিত্বা ক্রতুনা স্বেন দেবানুভয়তোঽযজৎ ॥৫৫
রুদ্রঞ্চ স্বেন ভাগেন হ্যুপাধাবৎ সমাহিতঃ।
কর্ম্মণোদবসানেন সোমপানিতরানপি।
উদবস্য সহর্ত্বিগ্‌ভিঃ সস্নাববভৃথং ততঃ ॥৫৬

মৈত্রেয় উবাচ। এবম্ উক্তপ্রকারেণ ভগবতা আদিষ্টঃ উপদিষ্টঃ, প্রজাপতিপতিঃ (প্রজাপতীনাং পতিঃ দক্ষঃ) হরিম্ অর্চিত্বা স্বেন ক্রতুনা ত্রিকপালেষ্ট্যা অঙ্গরূপেণ প্রধানরূপেণ চ দেবান্ অযজৎ অপূজয়ৎ ॥৫৫

তথা সমাহিতঃ শিবে ভেদবুদ্ধিরহিতঃ সন্ স্বেন যজ্ঞাবশিষ্টেন ভাগেন রুদ্রং চ হি নিশ্চিতম্ উপাধাবৎ অপূজয়ৎ। (উদবস্যতে সমাপ্যতে অনেন ইতি উদবসানং তেন) উদবসানেন কর্ম্মণা ইতরান্ সোমপান্ অপি উপাধাবৎ, ততঃ উদবস্য কর্ম্ম সমাপ্য ঋত্বিগ্‌ভিঃ সহ অবভৃথং স্নানং সস্নৌ কৃতবান্ ॥৫৬



CALCUTTA
CENTRAL
LIBRARY
ERSITY.

আর্য্যশাস্ত্র

শ্রীশ্রী সীতারামদাস ওঙ্কারনাথ

শ্রীশ্রীরামনাম-মাহাত্ম্য

শ্রীশ্রীসীতারামদাস ওঙ্কারনাথ

মহাশিব, মহামায়া ও মহাবিষ্ণু শ্রীরামচন্দ্রের ধ্যান করিয়া যথাকালে স্বীয় শক্তি লাভ করিয়া থাকেন।

"র"কার উচ্চারণ করিবামাত্রই পাতক বাহিরে গমন করে, পুনরায় প্রবেশকালে "ম"কার কপাটের ন্যায় হইয়া তাহাকে প্রবেশ করিতে দেয় না।

র-কারের অর্থ পরম ঐশ্বর্য্যপারাবার সগুণ রাম, ম-কারের অর্থ সকল প্রকার কৈঙ্কর্য্যকুশল জীব।

এই উভয়ের মধ্যস্থিত যে আকার, তাহাই সর্ব্বৈশ্বর্য্যশালী রামচন্দ্রের এবং কৈঙ্কর্য্যকুশল জীবের একাত্ম-প্রতিপাদক যুগ্মরূপ এবং এই উভয়ের যে সম্বন্ধ, তাহাই শ্রুতিপ্রতিপাদিত সারার্থ। ঐরূপই বেদতুল্যরূপ এবং তাহা অতুলনীয়।

রামনামবিমুখ জীবকে শোধন করিতে সমর্থ কোনও প্রায়শ্চিত্ত নাই—আমার এ কথা সত্য।

সনৎকুমার-সংহিতায়াম্

শ্রীরামরামেতি জনা যে জপন্তি চ সর্ব্বদা।
তেষাং ভুক্তিশ্চ মুক্তিশ্চ ভবিষ্যতি ন সংশয়ঃ॥
মানসং বাচিকং পাপং কর্ম্মণা সমুপার্জ্জিতম্।
শ্রীরামস্মরণেনৈব তৎক্ষণাদ্বিলশ্যতি ধ্রুবম্॥
শ্রীরামেতি পরং জাপ্যং তারকং ব্রহ্মসংজ্ঞকম্।
ব্রহ্মহত্যাদিপাপঘ্নমিতি বেদবিদো বিদুঃ॥

সুশ্রুত-সংহিতায়াম্

প্রমাদাদপি শ্রীরামনাম উচ্চারিতং জনৈঃ।
ভস্মীভবন্তি পাপানি রোগ ইব রসায়নৈঃ॥
রামনাম্নঃ পরমং কিঞ্চিত্তত্ত্বং বেদে স্মৃতিষ্বপি।
সংহিতাষু পুরাণেষু নৈব তন্ত্রেষু বিদ্যতে॥
কারণং প্রণবস্যাপি রামনাম জগদ্গুরুঃ।
তস্মাদ্ধ্যেয়ং সদা চিত্তে ধৃতিভিঃ শুদ্ধমানসৈঃ॥

[পঞ্চম বর্ষ, ভাদ্র, ১৩৭৩]

[তৃতীয় সংখ্যা—দক্ষিণপার্শ্বীয়া যাত্রা]

আর্য্যশাস্ত্র

CALCUTTA UNIVERSITY

শ্রীশ্রীসীতারামদাস ওঙ্কারনাথ প্রবর্ত্তিত

শ্রীমন্মহর্ষিবেদব্যাসপ্রণীতম্

শ্রীমদ্ভাগবতম্

প্রভুপাদ শ্রীরাসবিহারি-গোস্বামিকৃত বঙ্গভাষানুবাদসহিতম্

তৃতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনার অন্তর্গত আঞ্চলিক ভাষার উন্নয়ন ও সমৃদ্ধিকল্পে মহামান্য সরকারমহোদয়ের অর্থানুকূল্যে এই পুস্তক সুলভমূল্যে দেওয়া সম্ভব হইতেছে।

---

* * *

যুগ্ম-সম্পাদক—

মহামহোপাধ্যায় শ্রীকালীপদতর্কাচার্য্য

শ্রীশ্রীজীবভট্টাচার্য্যন্যায়তীর্থ

[বার্ষিক মূল্য সডাক ১৫·০০ টাকা]

[প্রতি সংখ্যা ১·৫০ টাকা]

স্বত্বাধিকারী :—
শ্রীসত্যধর্ম্মপ্রচারসঙ্ঘ
(জয়গুরু সম্প্রদায়)

সহ-সম্পৃক্তসঙ্ঘ
শ্রীশ্যামাশঙ্কর বিদ্যাভূষণ
শ্রীনারায়ণ গোস্বামী ন্যায়াচার্য্য
শ্রীরঘুনাথ কাব্য-ব্যাকরণতীর্থ
শ্রীহরিনারায়ণ তর্ক-বেদ-ব্যাকরণতীর্থ
শ্রীরামরঞ্জন কাব্য-ব্যাকরণতীর্থ
শ্রীদিলীপকুমার মুখোপাধ্যায় এম্ এ

মুদ্রণ-কর্ম্মবিধায়ক :—
ডাঃ জিতেন্দ্র নাথ দে. এম্, বি., ডি, ও, এম্, এস., ডি., পি., এইচ., ডি, টি, এম্, এণ্ড এইচ (লণ্ডন)।

শ্রীহরেন্দ্র নাথ মণ্ডল. এম্, কম্।

শ্রীরামরঞ্জন কাব্য-ব্যাকরণতীর্থ কর্তৃক শ্রীসীতারাম-বৈদিক মহাবিদ্যালয়, ৭।২, পি. ভক্রিউ. ডি. রোড, কলিকাতা—৩৫ হইতে প্রকাশিত ও ১৫বি, রাধাবাজার ষ্ট্রীট্, কলিকাতা—৬ ইন্দু-নারায়ণ প্রিন্টিং ওয়ার্কস্ হইতে মুদ্রাপিত। ১৫ই ভাদ্র, ১৩৭৩।

কার্য্যালয় :—
৩৮সি বিধান সরণী (বিবেকানন্দ রোডের মোড়) কলিকাতা—৬
ফোন ৩৪-৪৪০৮

নিয়মাবলী

১। আর্য্যশাস্ত্র শাস্ত্রসম্বন্ধীয় মাসিক পত্র। প্রতি মাসে ইহার ১টি সংখ্যা প্রকাশিত হয়। আষাঢ় (জুন-জুলাই) মাস হইতে ইহার বর্ষারম্ভ।

২। এই মাসিকপত্রে যমসংহিতা, প্রজাপতি-স্মৃতি প্রভৃতি বহু দুর্লভ স্মৃতিগ্রন্থ, বাল্মীকি-রামায়ণ ও শ্রীবিষ্ণুপুরাণ প্রকাশিত হইয়াছে। বর্ত্তমানে শ্রীমদ্ভাগবত প্রকাশিত হইতেছে। তারপর শ্রীমহাভারত ইত্যাদি যাবতীয় আর্য্যশাস্ত্র ধারাবাহিকভাবে প্রকাশিত হইবে।

৩। ইহার বার্ষিক গ্রাহকমূল্য ভারত ও পাকিস্তানে সডাক ১৫'০০, প্রতি সংখ্যা ১'৫০ নঃ পঃ মাত্র; অন্যত্র বার্ষিক সডাক প্রতি সংখ্যা ২'০০ মাত্র। গ্রাহকমূল্য অগ্রিম দেয়।

৪। প্রতি বাংলামাসের দ্বিতীয় সপ্তাহে ইহার একটি সংখ্যা প্রকাশিত হইবামাত্র গ্রাহকগণের নিকট পাঠান হয়। বাংলামাসের তৃতীয় সপ্তাহের মধ্যে উক্ত সংখ্যা না পাইলে স্থানীয় ডাকঘরে খোঁজ লইয়া চতুর্থ সপ্তাহের মধ্যে কলিকাতা কার্য্যালয়ে অবশ্যই জানাইতে হইবে।

ঠিকানা-পরিবর্ত্তন পূর্ব্ববর্ত্তী বাংলামাসের মধ্যে অবশ্যই জানাইতে হইবে।

৫। মাসিকপত্র-সংক্রান্ত যাবতীয় পত্রাদি এবং অর্থাদি "সম্পাদক আর্য্যশাস্ত্র, ৩৮সি, বিধান সরণী, কলিকাতা—৬" এই ঠিকানায় পাঠাইতে হইবে।

মণি-অর্ডার কুপন ও পত্রাদিতে গ্রাহকের নাম, ঠিকানা ও গ্রাহক-নম্বর সুস্পষ্টভাবে অবশ্যই লিখিতে হইবে।

৬। গ্রাহকগণের পত্র-লিখিত নির্দ্দেশ অনুযায়ী সকল ব্যবস্থা শীঘ্রই গ্রহণ করা হয়, কিন্তু প্রয়োজন না মনে করিলে পত্রের উত্তর দেওয়া হয় না। পত্রের উত্তর আশা করিলে গ্রাহকগণকে জবাবী-পত্র অবশ্যই দিতে হইবে।

৭। আর্য্যশাস্ত্রের পুরাতন সংখ্যাগুলি একত্রে ডাকে পাঠাইবার নির্দ্দেশ থাকিলে গ্রাহকগণকে পাঠাইবার ডাক-মাশুল অবশ্যই দিতে হইবে, কার্য্যালয়ে আসিয়া বা ডাকযোগ ব্যতীত অন্য কোন উপায়ে গ্রহণ করিলে তাহা দিতে হইবে না।

৮। উল্লিখিত ৪-৭ নং নিয়মাবলী পালিত না হইলে পত্র-পরিচালকগণের পক্ষে কোন দায়িত্ব গ্রহণ করা সম্ভব নহে।

শ্রীসীতারাম বৈদিক মহাবিদ্যালয়
৭।২, পি. ডব্লিউ. ডি. রোড, আলমবাজার
কলিকাতা—৩৫।

সম্পাদক—আর্য্যশাস্ত্র

৺৭শ্রীশ্রীগুরবে নমঃ

শ্রীশ্রীঠাকুরের বাণী

পুরুলমঠ
ভরতপুর-কুল
দোবাট
৮।৫।৭৯

যে মায়েরা বাবারা একে (ওঙ্কারকে) সত্যসত্য ভালবাসে, তারা নিত্য আর্য্যশাস্ত্র প'ড়্বে ও প্রাণপণে আর্য্যশাস্ত্র প্রচারের চেষ্টা ক'র্বে। আর্য্যশাস্ত্রের সেবায় জগতের মহাকল্যাণ সাধিত হবেই হবে।

ওঙ্কার

বিশেষ নিবেদন

আর্য্যশাস্ত্রের গ্রাহকগণের নিকট আমাদের বিনীত নিবেদন এই যে,—তাঁহারা যেন প্রত্যেকে অন্ততঃপক্ষে একটি করিয়াও গ্রাহক সংগ্রহ করিয়া দেন।

বিনীত
সম্পূজক—আর্য্যশাস্ত্র

তস্মা অপ্যনুভাবেন স্বেনৈবাবাপ্তরাধসে।
ধর্ম্ম এব মতিং দত্ত্বা ত্রিদশাস্তে দিবং যযুঃ ॥৫৭

এবং দাক্ষায়ণী হিত্বা সতী পূর্ব্বকলেবরম্।
জজ্ঞে হিমবতঃ ক্ষেত্রে মেনায়ামিতি শুশ্রুম ॥৫৮

তমেব দয়িতং ভূয় আবৃঙ্‌ক্তে পতিমম্বিকা।
অনন্যভাবৈকগতিঃ শক্তিঃ সুপ্তেব পূরুষম্ ॥৫৯

এতদ্ভগবতঃ শম্ভোঃ কর্ম্ম দক্ষাধ্বরদ্রুহঃ।
শ্রুতং ভাগবতাচ্ছিষ্যাদুদ্ধবাদ্বো বৃহস্পতেঃ ॥৬০

ইদং পবিত্রং পরমীশচেষ্টিতং
যশস্যমায়ুষ্যমঘৌঘমর্ষণম্।
যো নিত্যদাকর্ণ্য নরোঽনুকীর্ত্তয়েদ্
ধুনোত্যঘং কৌরব ভক্তিভাবতঃ ॥৬১

ইতি শ্রীমদ্ভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং চতুর্থস্কন্ধে সপ্তমঃ অধ্যায়ঃ ॥

স্বেনৈব অনুভাবেন ভগবদারাধনেন অবাপ্তরাধসে প্রাপ্তসিদ্ধয়ে, তস্মৈ দক্ষায় অপি ধর্ম্মে এব মতিং (ধর্ম্মে এব তে মতির্ভবতু) ইতি বরং দত্ত্বা তে পূজিতাঃ ত্রিদশাঃ দেবাঃ দিবং যযুঃ ॥৫৭

দাক্ষায়ণী দক্ষদুহিতা সতী এবং পূর্ব্বকলেবরং হিত্বা হিমবতঃ পর্ব্বতাভিমানিদেবস্য ক্ষেত্রে ভার্য্যায়াং মেনায়াং জজ্ঞে জাতা ইতি শুশ্রুম ॥৫৮

অম্বিকা তু ভূয়ঃ পুনশ্চ সুপ্তা শক্তিঃ পুরুষম্ ইব অনন্যভাবৈকগতিঃ তম্ এব দয়িতং পতিং মহাদেবম্ আবৃঙ্‌ক্তে ভজতে স্ম ॥৫৯

দক্ষাধ্বরদ্রুহঃ দক্ষযজ্ঞনাশকস্য ভগবতঃ শম্ভোঃ এতৎ পূর্ব্ববর্ণিতং কর্ম্ম চরিতং মে ময়া বৃহস্পতেঃ শিষ্যাৎ ভাগবতাৎ উদ্ধবাৎ শ্রুতম্ ॥৬০

হে কৌরব! ইদম্ ঈশচেষ্টিতং শিবকর্ম্ম (অথবা ঈশয়োঃ শিবস্য বিষ্ণোঃ চ চেষ্টিতং কর্ম্ম) পরং পবিত্রম্ অন্তঃকরণশোধকম্, অঘৌঘমর্ষণং পাপসমূহনাশকং, যশস্যং যশঃপ্রদম্, আয়ুষ্যম্ আয়ুষো বর্দ্ধনং, যঃ নরঃ নিত্যদা আকর্ণ্য ভক্তিভাবতঃ অনুকীর্ত্তয়েৎ, সঃ আত্মনঃ অঘং দুঃখং ধুনোতি নাশয়তি ॥৬১

ইতি চতুর্থস্কন্ধে শ্রীখগেন্দ্রনাথশাস্ত্রিকৃতা সপ্তমঃ অধ্যায়ঃ ॥

যদিও দক্ষের স্বীয় মাহাত্ম্য দ্বারাই সিদ্ধি লাভ হইল, তথাচ তাহাকে ধর্ম্মবিষয়ে মতি দিয়া দেবতারা যজ্ঞ সমাপনান্তে স্বর্গে গমন করিলেন ।৫৭

দাক্ষায়ণী সতী এইভাবে পূর্ব্বদেহ ত্যাগ করিয়া হিমালয়ের পত্নী মেনকার গর্ভে জন্ম গ্রহণ করিয়াছিলেন, আমরা এইরূপ শুনিয়াছি ।৫৮

প্রলয়কালীন সুপ্তা শক্তি যেমন ঈশ্বরকে পুনর্ব্বার প্রাপ্ত হয়, তাহার ন্যায় ঐ অম্বিকা পুনর্ব্বার সেই প্রিয়তম পতিকেই প্রাপ্ত হইয়াছিলেন, যেহেতু যে সকল ব্যক্তি অনন্যভাব, ভগবান্ ভব তাহাদের একমাত্র গতি ।৫৯

দক্ষযজ্ঞবিনাশকারী ভগবান্ শঙ্করের এই সকল কার্য্যবৃত্তান্ত বৃহস্পতির শিষ্য ভগবদ্ভক্ত উদ্ধবের নিকট হইতে আমি শ্রবণ করিয়াছি ।৬০

হে বিদুর! ভগবান্ শঙ্করের এই চরিত্র গাথা পরম পবিত্র, যশস্কর, আয়ুর্বর্দ্ধিকারী, ও পাপনাশক, যে ব্যক্তি ইহা শ্রবণ করিয়া নিত্য ভক্তিসহকারে কীর্ত্তন করে, সে ব্যক্তি নিজের ও শ্রোতৃবর্গের সংসারদুঃখ দূর করিতে সমর্থ হয় ।৬১

অষ্টমঃ অধ্যায়ঃ

[ধ্রুবচরিত্রম্ ।]

মৈত্রেয় উবাচ ।

সনকাদ্যা নারদশ্চ ঋভুর্হংসোঽরুণির্যতিঃ ।
নৈতে গৃহান্ ব্রহ্মসুতা হ্যাবসন্নূর্দ্ধরেতসঃ ॥১
মৃষাঽধর্ম্মস্য ভার্য্যাসীদ্দম্ভং মায়াঞ্চ শত্রুহন্ ।
অসূত মিথুনং তৎ তু নির্ঋতির্জগৃহেঽপ্রজাঃ ॥২
তয়োঃ সমভবল্লোভো নিকৃতিশ্চ মহামতে ।
তাভ্যাং ক্রোধশ্চ হিংসা চ যদ্দুরুক্তিঃ স্বসা কলিঃ ॥৩
দুরুক্তৌ কলিরাধত্ত ভিয়ং মৃত্যুঞ্চ সত্তম ।
তয়োশ্চ মিথুনং জজ্ঞে যাতনা নিরয়স্তথা ॥৪

মৈত্রেয়ঃ উবাচ । সনকাদ্যাঃ (সনকঃ সনন্দঃ সনাতনঃ সনৎকুমারঃ এতে চত্বারঃ) নারদঃ ঋভুঃ হংসঃ অরুণিঃ যতিঃ এতে হি পঞ্চ ব্রহ্মপুত্রাঃ চ ঊর্দ্ধরেতসঃ (জন্মতঃ এব নৈষ্ঠিকব্রহ্মচারিণঃ ভ্রাতাঃ), অতঃ গৃহান্ ন আবসন্ (তেষাং সর্গো ন জাতঃ) ॥১

হে শত্রুহন্ বিদুর ! অধর্ম্মস্য ভার্য্যা মৃষা মিথ্যাভাষণরূপা, সা দম্ভং (পরপ্রতারণাত্মকং পুত্রং কন্যাং চ) মায়াম্ ইতি মিথুনং যুগ্মম্ অসূত । তৎ তু মিথুনম্ অপ্রজাঃ অপুত্রঃ নির্ঋতিঃ রাক্ষসঃ জগৃহে ॥২

হে মহামতে ! তয়োঃ দম্ভমায়য়োঃ সোদরয়োঃ (অধর্ম্মাংশত্বাদ্ দাম্পত্যাপন্নয়োঃ) লোভঃ পুত্রঃ, নিকৃতিঃ শঠতা কন্যা চ সমভবৎ । তাভ্যাং লোভনিকৃতিভ্যাং ক্রোধঃ পুত্রঃ হিংসা চ কন্যা সমভবৎ, যৎ যাভ্যাং কলিঃ কলহঃ পুত্রঃ, দুরুক্তিঃ তস্য স্বসা সমভবৎ ।৩

কলিঃ দুরুক্তৌ স্বভার্য্যায়াং ভিয়ং কন্যাং মৃত্যুঞ্চ

অষ্টম অধ্যায়

[ধ্রুব-চরিত্র ।]

মৈত্রেয় বলিলেন,—হে বিদুর ! চতুঃসন, নারদ, ঋভু, হংস, অরুণি ও যতি ব্রহ্মার এই সকল পুত্র ঊর্দ্ধরেতা ; ইঁহারা গৃহাশ্রম আশ্রয় করেন নাই (অতএব ইহাদের বংশ নাই) ।১

হে শত্রুনাশন বিদুর ! অধর্ম্মের (ইনিও ব্রহ্মার পুত্র) "মিথ্যা" নাম্নী এক ভার্য্যা ছিল । ঐ মিথ্যা দম্ভ (প্রতারণ) নামে একপুত্র এবং মায়া (প্রতারণোচিতা চেষ্টা) নাম্নী এক কন্যা প্রসব করেন । নির্ঋতি অপুত্রক থাকায় ঐ পুত্র ও কন্যাকে (সোদর হইলেও অধর্ম্মাংশপ্রভব বলিয়া স্ত্রী-পুরুষ সম্বন্ধবিশিষ্ট হইয়াছিল) অপত্যস্বরূপ গ্রহণ করিলেন ।২

হে মহামতে বিদুর ! সেই দম্ভ ও মায়ার লোভ নামে একটী পুত্র ও নিকৃতি (শঠতা) নামে একটী কন্যা জন্মিয়াছিল । (অধর্ম্মের অংশ বলিয়া পরস্পর পতি-পত্নীভাবে মিলিত) ঐ লোভ ও শঠতা হইতে ক্রোধনামক পুত্র ও হিংসানাম্নী কন্যা জন্মিল । আবার (অধর্ম্মের অংশ বলিয়া পতি-পত্নীভাবে মিলিত) ঐ ক্রোধও হিংসা হইতে কলি ও তাহার ভগিনী দুরুক্তি জন্মগ্রহণ করিল ।৩

হে সজ্জনশ্রেষ্ঠ বিদুর ! ঐ দুরুক্তির গর্ভে কলি 'ভীতি' নাম্নী কন্যা ও 'মৃত্যু' নামক এক পুত্র উৎপাদন

সংগ্রহেণ ময়াখ্যাতঃ প্রতিসর্গস্তবানঘ।
ত্রিঃ শ্রুত্বৈতৎ পুমান্ পুণ্যং বিধুনোত্যাত্মনো মলম্ ॥৫
অথাতঃ কীর্তয়ে বংশং পুণ্যকীর্তেঃ কুরূদ্বহ।
স্বায়ম্ভুবস্যাপি মনোর্হরেরংশাংশজন্মনঃ ॥৬
প্রিয়ব্রতোত্তানপাদৌ শতরূপাপতেঃ সুতৌ।
বাসুদেবস্য কলয়া রক্ষায়াং জগতঃ স্থিতৌ ॥৭

জায়ে উত্তানপাদস্য সুনীতিঃ সুরুচিস্তয়োঃ।
সুরুচিঃ প্রেয়সী পত্যুর্নেতরা যৎসুতো ধ্রুবঃ ॥৮
একদা সুরুচেঃ পুত্রমঙ্কমারোপ্য লালয়ন্।
উত্তমং নারুরুক্ষন্তং ধ্রুবং রাজাভ্যনন্দত ॥৯
তথা চিকীর্ষমাণং তং সপত্ন্যাস্তনয়ং ধ্রুবম্।
সুরুচিঃ শৃণ্বতো রাজ্ঞঃ সের্ষ্যমাহাতিগর্বিতা ॥১০

পুত্রম্ আধত্ত উৎপাদিতবান্। হে সত্তম শ্রেষ্ঠ! তয়োঃ মৃত্যুভিয়োঃ অপি যাতনা কন্যা নিরয়ঃ চ পুত্রঃ এবং মিথুনং জজ্ঞে ॥৪

হে অনঘ নির্দোষ বিদুর! তব ময়া প্রতিসর্গঃ অন্যসর্গহানিকরঃ সংগ্রহেণ সংক্ষেপেণ আখ্যাতঃ কথিতঃ। এতৎ অধর্মবংশাখ্যানং (বর্জনহেতুত্বাৎ) পুণ্যং ত্রিঃ শ্রুত্বা পুমান্ আত্মনঃ মলং পাপং বিধুনোতি বিনাশয়তি ॥৫

অথ (ইতি ভিন্নোপক্রমে) অতঃ হে কুরূদ্বহ! হরেঃ অংশাংশজন্মনঃ (হরেঃ অংশঃ ব্রহ্মা, তদংশাৎ জন্ম যস্য তস্য) পুণ্যকীর্তেঃ (পুণ্যা পবিত্রা কীর্তিঃ যস্য তস্য) স্বায়ম্ভুবস্য অপি মনোঃ বংশং পুত্রপৌত্রাদি-

---

করে; (তাহারাও দাম্পত্যভাবাপন্ন হওয়াতে) তাহাদের নিরয় ও যাতনানামক পুত্র ও কন্যা জন্মগ্রহণ করিল ।৪

হে নির্দোষ বিদুর! আমি তোমার নিকটে অধর্মের বংশ সংক্ষেপে বর্ণনা করিলাম (অধর্ম প্রলয়ের কারণ); ইহা পুণ্যের হেতু (কারণ অধর্ম বর্জন করিলে পুণ্য সঞ্চয় হয়); যে ব্যক্তি এই বৃত্তান্ত তিনবার শ্রবণ করিবেন, তাহার পাপসকল বিনষ্ট হইয়া যাইবে ।৫

হে কুরুবংশাবতংস বিদুর! অতঃপর আমি স্বায়ম্ভুব মনুর পুত্রবংশও বর্ণনা করিতেছি। ঐ মনুর কীর্তি অতিশয় পবিত্র, যেহেতু ভগবান্ হরির অংশ যে ব্রহ্মা, তাঁহার অংশ অর্থাৎ দেহার্দ্ধ হইতে তাঁহার জন্ম হয় ।৬

সন্ততিং কীর্তয়ে ॥৬

শতরূপাপতেঃ স্বায়ম্ভুবস্য মনোঃ প্রিয়ব্রতোত্তানপাদৌ সুতৌ বাসুদেবস্য কলয়া অবতীর্ণৌ জগতঃ রক্ষায়াং স্থিতৌ ॥৭

সুনীতিঃ সুরুচিঃ চ উত্তানপাদস্য জায়ে ভবতঃ; তয়োঃ দ্বয়োঃ মধ্যে সুরুচিঃ পত্যুঃ প্রেয়সী, ততঃ ইতরা সুনীতিঃ,—যৎসুতঃ (যস্যাঃ সুতঃ) ধ্রুবঃ, সা ন পত্যুঃ প্রেয়সী ॥৮

একদা সুরুচেঃ পুত্রম্ উত্তমম্ অঙ্কম্ আরোপ্য লালয়ন্ রাজা আরুরুক্ষন্তম্ আরোঢ়ুমিচ্ছন্তং ধ্রুবং ন অভ্যনন্দত (সুরুচিপ্রেমভঙ্গভিয়া অঙ্কে নারোপিতবান্) ॥৯

স্বায়ম্ভুব মনুর শতরূপানাম্নী পত্নীর গর্ভে প্রিয়ব্রত ও উত্তানপাদ নামে দুইটী পুত্র জন্ম গ্রহণ করেন; ভগবান বিষ্ণুর অংশে তাঁহাদের জন্ম হইয়াছিল বলিয়া তাঁহারা উভয়েই জগতের রক্ষাকার্য্যে নিযুক্ত ছিলেন ।৭

উত্তানপাদের সুনীতি ও সুরুচি নামে দুইটী পত্নী ছিল, তন্মধ্যে সুরুচিই পতির প্রিয়তমা ছিলেন, সুনীতি পতির তাদৃশ প্রিয়ভাজন হইতে পারেন নাই; এই সুনীতির পুত্র ধ্রুব ।৮

একদা রাজা উত্তানপাদ সুরুচির পুত্র উত্তমকে কোলে লইয়া আদর করিতেছিলেন, এমন সময়ে সুনীতির পুত্র ধ্রুব তাঁহার কোলে উঠিবার জন্য আগ্রহ প্রকাশ করিলেও তিনি তাহাকে আদর করিলেন না ।৯

ন বৎস নৃপতেধিষ্ণ্যং ভবানারোঢ়ুমর্হতি।
ন গৃহীতো ময়া যৎ ত্বং কুক্ষাবপি নৃপাত্মজঃ ॥১১
বালোঽসি বত নাত্মানমন্যস্ত্রীগর্ভসম্ভৃতম্।
নূনং বেদ ভবান্ যস্য দুর্লভেঽর্থে মনোরথঃ ॥১২
তপসারাধ্য পুরুষং তস্যৈবানুগ্রহেণ মে।
গর্ভে ত্বং সাধয়াত্মানং বদীস্যসি নৃপাসনম্ ॥১৩

মৈত্রেয় উবাচ।

মাতুঃ সপত্ন্যাঃ সুদুরুক্তিবিদ্ধঃ
শ্বসন্ রুষা দণ্ডহতো যথাহিঃ।
হিত্বা মিষন্তং পিতরং সন্নবাচং
জগাম মাতুঃ স রুদন্ সকাশম্ ॥১৪

ত্বং নিঃশ্বসন্তং স্ফুরিতাধরোষ্ঠং
সুনীতিরুৎসঙ্গ উদূহ্য বালম্।
নিশম্য তৎ পৌরমুখান্নিতান্তং
সা বিব্যথে যদ্গদিতং সপত্ন্যাঃ ॥১৫
সোৎসৃজ্য ধৈর্য্যং বিললাপ শোক-
দাবাগ্নিনা দাবলতেব বালা।

অতিগর্ব্বিতা সুরুচিঃ তথা চিকীর্ষমাণং সপত্ন্যাঃ তনয়ং তং ধ্রুবং রাজ্ঞঃ শৃণ্বতঃ এব সের্ষ্যম্ আহ ॥১০

হে বৎস! ভবান্ নৃপাত্মজঃ রাজপুত্রঃ অপি নৃপতেঃ ধিষ্ণ্যম্ অঙ্কম্ আরোঢ়ুং ন অর্হতি, যৎ যস্মাৎ ত্বং ময়া কুক্ষৌ ন গৃহীতঃ ধৃতঃ ॥১১

যস্য তব তে দুর্লভে অর্থে রাজোৎসঙ্গারোহণে মনোরথঃ অস্তি, সঃ ভবান্ বত বালঃ মূর্খঃ অস্তি; যতঃ নূনং নিশ্চিতম্ অন্যস্ত্রীগর্ভসম্ভৃতম্ আত্মানং ন বেদ জানাতি ॥১২

যদি ত্বং নৃপাসনম্ ইচ্ছসি, তদা পুরুষং ভগবন্তম্ আরাধ্য তস্য অনুগ্রহেণ মে মম গর্ভে ত্বম্ আত্মানং স্বদেহং সাধয় ॥১৩

মৈত্রেয়ঃ উবাচ। মাতুঃ সপত্ন্যাঃ সুরুচ্যাঃ সুদুরুক্তিবিদ্ধঃ ধ্রুবঃ রুষা দণ্ডহতঃ (দণ্ডেন হতঃ) অহিঃ যথা তথা রুষা শ্বসন্ ঊর্দ্ধশ্বাসান্ বিমুঞ্চন্ রুদন্ মিষন্তং সুরুচিচরিতং পশ্যন্তম্ অপি সন্নবাচং তূষ্ণীং স্থিতং পিতরং হিত্বা মাতুঃ সুনীতেঃ সকাশং সমীপং জগাম ॥১৪

নিঃশ্বসন্তং স্ফুরিতাধরোষ্ঠং তং বালং ধ্রুবম্ উৎসঙ্গম্ উদূহ্য আরোপ্য, সপত্ন্যাঃ সুরুচ্যাঃ যৎ গদিতং বচনং তৎ এব নিতান্তং ধ্রুবস্য রোদনহেতুঃ পৌরমুখাৎ অন্তঃপুরজনমুখাৎ নিশম্য শ্রুত্বা সা সুনীতিঃ বিব্যথে ব্যথাং প্রাপ ॥১৫

শোকদাবাগ্নিনা (শোকঃ এব দাবাগ্নিঃ তেন)

তখন সপত্নী-তনয় ধ্রুবকে রাজার ক্রোড়ে আরোহণেচ্ছু দেখিয়া অতিগর্ব্বিতা সুরুচি ঈর্ষ্যান্বিতা হইয়া রাজার সমক্ষেই বলিতে লাগিলেন ।১০

বৎস ধ্রুব! তুমি রাজপুত্র হইয়াও রাজার আসনে আরোহণ করিবার যোগ্য নও, যেহেতু আমি তোমাকে জঠরে ধারণ করি নাই। আহা! তুমি বালক; তুমি যে রাজার অন্য স্ত্রীর গর্ভে জাত, তাহা নিশ্চয় জান না; এই জন্যই এইরূপ দুর্লভ বিষয়ে তোমার অভিলাষ হইয়াছে ।১১-১২

হে বৎস! তুমি যদি রাজাসন লাভ করিতে ইচ্ছা কর, তাহা হইলে তপস্যা দ্বারা পরমপুরুষ শ্রীভগবানের আরাধনা করিয়া তাঁহার অনুগ্রহে আমার গর্ভে আসিয়া জন্মগ্রহণ কর ।১৩

মৈত্রেয় বলিলেন,—হে বিদুর! এইরূপে বিমাতার দুর্ব্বাক্যবাণে বিদ্ধ হইয়া দণ্ডাহত সর্পের ন্যায় ক্রোধে দীর্ঘ নিশ্বাস পরিত্যাগ করিতে করিতে সেই সুরুচি-চরিত্রদর্শনকারী নির্ব্বাক্ পিতাকে পরিত্যাগ করিয়া রোদন করিতে করিতে জননীর নিকট গমন করিলেন ।১৪

বালক দীর্ঘনিঃশ্বাস পরিত্যাগ করিতেছে, তাহার অধরোষ্ঠ কম্পিত হইতেছে দেখিয়াই সুনীতি তাহাকে ক্রোড়ে লইলেন এবং পরে সপত্নী সুরুচি যে সকল

বাক্যং সপত্ন্যাঃ স্মরতী সরোজ-
শ্রিয়া দৃশা বাষ্পকলামুবাহ ॥১৬
দীর্ঘং শ্বসন্তী বৃজিনস্য পার-
মপশ্যতী বালকমাহ বালা।
মামঙ্গলং তাত পরেষু মংস্থা
ভুঙ্‌ক্তে জনো যৎ পরদুঃখদস্তৎ ॥১৭
সত্যং সুরুচ্যাভিহিতং ভবান্ মে
যদ্ দুর্ভগায়া উদরে গৃহীতঃ।
স্তন্যেন বৃদ্ধশ্চ বিলজ্জতে যাং
ভার্য্যেতি বা বোঢ়ুরিড়স্পতির্মাম্ ॥১৮
আতিষ্ঠ তৎ তাত বিমৎসরস্ত্ব-
মুক্তং সমাত্রাপি যদব্যলীকম্।
আরাধয়াধোক্ষজপাদপদ্মং
যদীচ্ছসেঽধ্যাসনমুত্তমো যথা ॥১৯
যস্যাঙ্ঘ্রিপদ্মং পরিচর্য্য বিশ্ব-
বিভাবনায়াত্তগুণাভিপত্তেঃ।

দাবলতা অগ্নিমধ্যগতা লতা ইব মূর্চ্ছিতা সা বালা সুনীতিঃ ধৈর্য্যম্ উৎসৃজ্য ত্যক্ত্বা বিললাপ রোদনং চকার, তথা সপত্ন্যাঃ বাক্যং স্মরতী সা সরোজশ্রিয়া দৃশা নলিনসুন্দরনেত্রেণ বাষ্পকলাম্ অশ্রুধারাম্ উবাহ ॥১৬

বৃজিনস্য দুঃখস্য পারম্ অন্তম্ অপশ্যতী দীর্ঘং শ্বসন্তী বালা সুনীতিঃ বালকং ধ্রুবম্ আহ—হে তাত! পরেষু অমঙ্গলম্ অপরাধং মা মংস্থাঃ; যৎ যস্মাৎ যঃ জনঃ পরদুঃখদঃ, সঃ স্বদত্তং দুঃখম্ এব স্বয়ং ভুঙ্‌ক্তে ॥১৭

সুরুচ্যা সত্যম্ অভিহিতম্ উক্তং, যতঃ দুর্ভগায়াঃ

দুর্ব্বাক্য বলিয়াছে, তাহা অন্তঃপুরস্থ লোকদিগের মুখে শ্রবণ করিয়া অত্যন্ত ব্যথিতা হইলেন।১৫

দাবাগ্নি-মধ্যগতা লতিকার ন্যায় শোকাগ্নি দ্বারা দগ্ধ হইয়া সুনীতি ধৈর্য্য বিসর্জ্জন পূর্ব্বক বিলাপ করিতে লাগিলেন; সপত্নী-বাক্য স্মরণ হওয়ায় তাঁহার কমলতুল্য শোভমান নেত্রযুগলে বাষ্পবারি বিগলিত হইতে লাগিল।১৬

অনন্তর সুনীতির দুঃখের আর অন্ত নাই দেখিয়া দীর্ঘ নিঃশ্বাস পরিত্যাগ করত বালক ধ্রুবকে বলিলেন,—বৎস! এ বিষয়ে অন্যের অপরাধ মনে করিও না, যে ব্যক্তি পরকে দুঃখ দেয়, সে আপনার প্রদত্ত সেই দুঃখই ভোগ করিয়া থাকে।১৭

বৎস! সুরুচি সত্য কথাই বলিয়াছে; কারণ রাজা আমাকে ভার্য্যা অথবা দাসী বলিয়া স্বীকার করিতে লজ্জা বোধ করেন, এমন যে হতভাগিনী আমি সেই আমার গর্ভে তুমি জন্মগ্রহণ করিয়াছ এবং আমারই স্তন্য দুগ্ধে বর্দ্ধিত হইয়াছ (সুতরাং রাজসিংহাসনে আরোহণের ইচ্ছা করা তোমার অনুচিতই বটে)।১৮

বৎস ধ্রুব! তোমার বিমাতা যাহা বলিয়াছেন "তপস্যা দ্বারা পরমপুরুষ ভগবানের আরাধনা কর ইত্যাদি" তাহা সত্য; যদি তোমার উত্তমের তুল্য রাজাসনে আরোহণের অভিলাষ থাকে, তবে মাৎসর্য্য পরিত্যাগ পূর্ব্বক ভগবান্ অধোক্ষজের পাদপদ্ম আরাধনা কর।১৯

অজোঽধ্যতিষ্ঠৎ খলু পারমেষ্ঠ্যং
পদং জিতাত্মশ্বসনাভিবন্দ্যম্ ॥২০
তথা মনুর্বো ভগবান্ পিতামহো
যমেকমত্যা পুরুদক্ষিণৈর্মখৈঃ।
ইষ্ট্বাভিপেদে দুরবাপমন্যতো
ভৌমং সুখং দিব্যমথাপবর্গ্যম্ ॥২১
তমেব বৎসাশ্রয় ভৃত্যবৎসলং
মুমুক্ষুভির্মৃগ্যপদাব্জপদ্ধতিম্।
অনন্যভাবে নিজধর্ম্মভাবিতে
মনস্যধস্থাপ্য ভজস্ব পুরুষম্ ॥২২
নান্যং ততঃ পদ্মপলাশলোচনাদ্
দুঃখচ্ছিদং তে মৃগয়ামি কঞ্চন।
যো মৃগ্যতে হস্তগৃহীতপদ্ময়া
শ্রিয়েতরৈরঙ্গ বিমৃগ্যমাণয়া ॥২৩
(মৈত্রেয় উবাচ।)
এবং সঞ্জল্পিতং মাতুরাকর্ণ্যার্থাগমং বচঃ।
সংনিয়ম্যাত্মনাত্মানং নিশ্চক্রাম পিতুঃ পুরাৎ ॥২৪

যেন তস্য) অস্য অঙ্ঘ্রিপদ্মং চরণকমলং পরিচর্য্য নিষেব্য অজঃ ব্রহ্মা পারমেষ্ঠ্যং সর্ব্বোৎকৃষ্টং পদম্ অধ্যতিষ্ঠৎ প্রাপ্তবান্। জিতাত্মশ্বসনাভিবন্দ্যং (জিতঃ স্ববশীকৃতঃ আত্মা মনঃ শ্বসনং প্রাণাশ্চ যৈঃ তৈঃ অভিবন্দ্যং সৎকৃতং) পদং যৎ তৎ প্রাপ্তয়ে যোগাভ্যাসং কুরু ॥২০

অথ বঃ যুষ্মাকং পিতামহঃ ভগবান্ মনুঃ যং ভগবন্তম্ একমত্যা অনন্যদৃষ্ট্যা পুরুদক্ষিণৈঃ মখৈঃ যজ্ঞৈঃ ইষ্ট্বা সম্পূজ্য অন্যতঃ (সাধনতঃ) দুরবাপং প্রাপ্তুমশক্যং ভৌমং মন্বন্তরাধিপত্যং দিব্যং স্বর্গসম্বন্ধি চ সুখম্ অথ অপবর্গ্যং মোক্ষসুখং চ অভিপেদে প্রাপ্তবান্ ॥২১

হে বৎস! ভৃত্যবৎসলং মুমুক্ষুভিঃ মৃগ্যপদাব্জ-পদ্ধতিং (মৃগ্যা অন্বেষণীয়া পদাব্জয়োঃ পদ্ধতিঃ মার্গঃ যস্য তং) পুরুষম্ অনন্যভাবে (ন অন্যস্মিন্ ভাবঃ যস্য তস্মিন্) নিজধর্ম্মভাবিতে (নিজধর্ম্মৈঃ যমনিয়মাদিভিঃ ভাবিতে শোধিতে) মনসি অবস্থাপ্য ভজস্ব ধ্যায়স্ব ॥২২

হে অঙ্গ! ইতরৈঃ ব্রহ্মাদিভিঃ বিমৃগ্যমাণয়া অন্বিষ্যমাণয়াপি হস্তগৃহীতপদ্ময়া শ্রিয়া (স্বস্মিন্ তৎপ্রসাদার্থং) যঃ মৃগ্যতে অপেক্ষতে, ততঃ তস্মাৎ পদ্মপলাশলোচনাৎ (পদ্মপলাশবৎ ভক্তজন-তাপহারকে লোচনে যস্য তস্মাৎ) অন্যং কঞ্চন তে তব দুঃখচ্ছিদং ন মৃগয়ামি বিচারেণ ন পশ্যামি ॥২৩

এবম্ উক্তপ্রকারকং মাতুঃ সঞ্জল্পিতং রোদন-পূর্ব্বককথিতম্ অর্থাগমম্ উদ্দেশ্যসাধকং বচঃ আকর্ণ্য

বৎস! বিশ্বপ্রতিপালনের জন্য যিনি সত্ত্বগুণের অধিষ্ঠান স্বীকার করেন, যোগিগণ মন প্রাণ জয় করিয়া যাঁহার সাধনা করিয়া থাকেন, সেই ভগবান্ শ্রীহরির পাদপদ্ম আরাধনা করিয়াই ব্রহ্মা অত্যুৎকৃষ্ট ব্রহ্মপদ লাভ করিয়াছেন।২০

তোমার পিতামহ ভগবান্ মনু প্রচুর দক্ষিণাবিশিষ্ট যজ্ঞ দ্বারা একাগ্রচিত্তে সেই হরির আরাধনা করিয়া অন্যের দুষ্প্রাপ্য ঐহিক, পারত্রিক এবং অপবর্গ সুখ লাভ করিয়াছিলেন।২১

হে বৎস। মুক্তিকামী পুরুষগণও যাঁহার পাদপদ্মরূপ মার্গ অন্বেষণ করিয়া থাকেন, তুমি অনন্যভাবে স্বীয় ভক্তি-ধর্ম্মশোধিত চিত্তে সেই ভক্তবৎসল শ্রীহরিকে স্থাপন করিয়া তাঁহাকেই ভজনা কর।২২

হে বৎস! ব্রহ্মাদি দেবগণ যে লক্ষ্মীদেবীর অনুসন্ধান করেন, সেই লক্ষ্মী আপন হস্তে দীপতুল্য কমল লইয়া যাঁহার অন্বেষণ করেন, সেই পদ্মপলাশলোচন শ্রীহরি ব্যতীত অন্য কাহাকেও তোমার দুঃখ নিবারণ করিবার যোগ্য দেখি না।২৩

ধ্রুব জননীর এতাদৃশ নিজের অভীষ্টপ্রাপক বিলাপোক্তি শ্রবণ করিয়া বুদ্ধি দ্বারা মনকে ধৈর্য্যযুক্ত

নারদস্তদুপাকর্ণ্য জ্ঞাত্বা চস্য চিকীর্ষিতম্।
স্পৃষ্ট্বা মূর্দ্ধন্যঘঘ্নেন পাণিনা প্রাহ বিস্মিতঃ ॥২৫
অহো তেজঃ ক্ষত্রিয়াণাং মানভঙ্গমমৃষ্যতাম্।
বালোঽপ্যয়ং হৃদা ধত্তে যৎ সমাতুরসদ্বচঃ ॥২৬

নারদ উবাচ।

নাধুনাপ্যবমানং তে সম্মানঞ্চাপি পুত্রক।
লক্ষয়ামঃ কুমারস্য সক্তস্য ক্রীড়নাদিষু ॥২৭

বিকল্পে বিদ্যমানেঽপি ন হ্যসন্তোষহেতবঃ।
পুংসো মোহমৃতে ভিন্না যন্নোকে নিজকর্ম্মভিঃ ॥২৮
পরিতুষ্যেৎ ততস্তাত তাবন্মাত্রেণ পূরুষঃ।
দৈবোপসাদিতং যাবদ্ বীক্ষ্যেশ্বরগতিং বুধঃ ॥২৯
অথ মাত্রোপদিষ্টেন যোগেনাবরুরুৎসসি।
যৎপ্রসাদং স বৈ পুংসাং দুরারাধ্যো মতো মম ॥৩০

শ্রুত্বা আত্মনা বিবেকবুদ্ধ্যা আত্মানং চিত্তং সংযম্য সমাহিতং কৃত্বা পিতুঃ পুরাৎ নিশ্চক্রাম ॥২৪

নারদঃ তৎ উপাকর্ণ্য শ্রুত্বা অস্য ধ্রুবস্য চিকীর্ষিতম্ অভিপ্রায়ং চ জ্ঞাত্বা বিস্মিতঃ সন্ (তত্রাগত্য) অঘঘ্নেন পাপনিবর্ত্তকেন পাণিনা তস্য মূর্দ্ধনি স্পৃষ্ট্বা প্রাহ ॥২৫

মানভঙ্গম্ অমৃষ্যতাম্ অসহমানানাং ক্ষত্রিয়াণাম্ অহো তেজঃ আশ্চর্য্যজনকঃ প্রভাবঃ! যৎ যস্মাৎ অয়ং বালঃ অপি ধ্রুবঃ সমাতুঃ মাতুঃ সপত্ন্যাঃ অসদ্বচঃ তিরস্কারবচনং হৃদা ধত্তে ধারয়তি ॥২৬

নারদঃ উবাচ। হে পুত্রক! অধুনা (আয়ুষঃ পঞ্চবর্ষাতীতেঽপি) ক্রীড়নাদিষু সক্তস্য কুমারস্য তে অবমানং সম্মানং চাপি ন লক্ষয়ামঃ ॥২৭

বিকল্পে মানাপমানানুসন্ধানে বিদ্যমানে অপি পুংসঃ অসন্তোষহেতবঃ মোহম্ ঋতে ভিন্না বহিঃ হি নিশ্চয়েন ন সন্তি, যৎ যস্মাৎ লোকে সুখদুঃখাদি সর্ব্বং নিজকর্ম্মভিঃ ভবতি ॥২৮

ততঃ তস্মাৎ হে তাত! ঈশ্বরগতিং বীক্ষ্য যাবৎ দৈবোপসাদিতং (দৈবেন স্বপ্রারব্ধেন তদনুসারেণ উপসাদিতং প্রাপিতং) তাবন্মাত্রেণ বুধঃ পুরুষঃ পরিতুষ্যেৎ ॥২৯

অথ মাত্রা উপদিষ্টেন যোগেন যৎপ্রসাদং (যস্য ভগবতঃ প্রসাদম্) অবরুরুৎসসি (অবরোদ্ধুং প্রাপ্তুম্ ইচ্ছসি), সঃ বৈ পুংসাং দুরারাধ্যঃ মম ময়া মতঃ ॥৩০

করিয়া পিতৃগৃহ হইতে বহির্গত হইলেন। এদিকে (যদৃচ্ছয়া আগত) দেবর্ষি নারদ যখন ইহা শুনিলেন (পুরবাসিগণের নিকট অথবা অন্তরীক্ষ হইতে), তখন তিনি (ধ্যানযোগে) ধ্রুবের মানস জানিতে পারিয়া তাহার নিকট আগমন করিলেন এবং পাপবিনাশক হস্ত দ্বারা ধ্রুবের মস্তক স্পর্শ করিয়া বিস্ময়ের সহিত মনে মনে বলিলেন ।২৪-২৫

অহো! ক্ষত্রিয়দিগের কি প্রভাব! ইহারা কিঞ্চিন্মাত্র মানভঙ্গ সহ্য করিতে পারে না; এই ধ্রুব বালক হইলেও বিমাতার দুর্ব্বাক্য এখনও হৃদয়ে ধারণ করিতেছে। নারদ বলিলেন,—বৎস ধ্রুব! এখন তুমি বালক, ক্রীড়াদিতে আসক্ত; তোমার সম্মান বা অপমান কিছুই আমাদের লক্ষ হয় না ।২৬-২৭

আর যদি তোমার মানাপমানের বিবেচনা হইয়া থাকে, তাহা হইলে লোকের মোহ ভিন্ন অসন্তোষের অন্য কারণ দেখিতে পাই না; কারণ জগতে নিজকর্ম্ম-নিবন্ধনই সুখ বা দুঃখ ঘটিয়া থাকে ।২৮

অতএব বৎস ধ্রুব! ঈশ্বরানুকূল্য ব্যতীত কোন উত্তমই ফলপ্রদ হয় না, ইহা বিবেচনা করিয়া দৈববশতঃ যাহা উপস্থিত হয়, বুদ্ধিমান্ ব্যক্তির তাহাতেই সন্তুষ্ট থাকা উচিত ।২৯

তুমি মাতার উপদেশ মত উপায় দ্বারা যাঁহার প্রসাদ লাভ করিতে ইচ্ছা করিতেছ, সেই ভগবান্ মানবগণের দুরারাধ্য বলিয়াই আমি মনে করি ।৩০

মুনয়ঃ পদবীং যস্য নিঃসঙ্গেনোরুজন্মভিঃ।
ন বিদুর্মৃগয়ন্তোঽপি তীব্রযোগসমাধিনা ॥৩১
অতো নিবর্ত্ততামেষ নির্ব্বন্ধস্তব নিষ্ফলঃ।
যতিষ্যতি ভবান্ কালে শ্রেয়সাং সমুপস্থিতে ॥৩২
যস্য যদ্দৈববিহিতং ন তেন সুখদুঃখয়োঃ।
আত্মানং তোষয়ন্ দেহী তমসঃ পারমৃচ্ছতি ॥৩৩
গুণাধিকাম্মুদং লিপ্সেদনুক্রোশং গুণাধমাৎ।
মৈত্রীং সমানাদন্বিচ্ছেন্ন তাপৈরভিভূয়তে ॥৩৪

ধ্রুব উবাচ।

সোঽহং শমো ভগবতা সুখদুঃখহতাত্মনাম্।
দর্শিতঃ কৃপয়া পুংসাং দুর্দ্দর্শোঽস্মদ্বিধৈস্তু যঃ ॥৩৫
তথাপি মেঽবিনীতস্য ক্ষাত্রং ঘোরমুপেয়ুষঃ।
সুরুচ্যা দুর্ব্বচোবাণৈর্ন ভিন্নে শ্রয়তে হৃদি ॥৩৬

নিঃসঙ্গেন সর্ব্বতঃ সঙ্গত্যাগেন তীব্রযোগসমাধিনা উরুজন্মভিঃ যস্য পদবীং মৃগয়ন্তঃ অপি মুনয়ঃ ন বিদুঃ, বালত্বং কামতঃ কথং জ্ঞাস্যন্তি ॥৩১

অতঃ এষঃ তব নিষ্ফলঃ নির্ব্বন্ধঃ হঠঃ নিবর্ত্ততাং (আগ্রহস্ত্যজ্যতাং), শ্রেয়সাং পুরুষার্থানাং কালে উপযুক্তাবসরে সমুপস্থিতে সতি ভবান্ যতিষ্যতি ॥৩২

সুখদুঃখয়োঃ মধ্যে যস্য পুরুষস্য যৎ সুখং দুঃখং বা দৈববিহিতং (দৈবেন ঈশ্বরেণ স্বপ্রারব্ধানুরূপং বিহিতং), সঃ দেহী তেন সুখদুঃখান্যতরেণ আত্মানং তোষয়ন্ তমসঃ পারং নিত্যানিত্যবিবেকং সংসারস্য পারং মুক্তিং গচ্ছতি প্রাপ্নোতি ॥৩৩

গুণাধিকাৎ (বিদ্যাদয়ঃ গুণাঃ অধিকা যস্মিন্ তস্মাৎ) মুদং হর্ষং লিপ্সেৎ (তস্মিন্ প্রীতিং কুর্য্যাৎ), তথা গুণাধমাৎ (স্বাপেক্ষয়া গুণাধমং দৃষ্ট্বা) অনুক্রোশং দয়াং কুর্য্যাৎ, সমানাৎ (স্বসমানগুণং জনং দৃষ্ট্বা) মৈত্রীম্ অন্বিচ্ছেৎ; এবং কুর্ব্বন্ তাপৈঃ লোকাপমানাদিভিঃ ন অভিভূয়তে পীড্যতে ॥৩৪

ধ্রুবঃ উবাচ। যঃ অস্মদ্বিধৈঃ বিষয়াবিষ্টান্তঃকরণৈঃ দুর্দ্দর্শঃ দ্রষ্টুম্ অশক্যঃ, সঃ অয়ং শমঃ (আত্মপ্রসাদলক্ষণঃ) সুখদুঃখহতাত্মনাং (সুখদুঃখাভ্যাং হতঃ তিরস্কৃতঃ আত্মা বিবেক-শক্তিঃ যেষাং তেষাং) পুংসাং (কর্ত্তব্যত্বেন) ভগবতা সর্ব্বজ্ঞেন ত্বয়া কৃপয়া দর্শিতঃ ॥৩৫

অথ তথা অপি ঘোরম্ অসহনলক্ষণং ক্ষাত্রং ক্ষত্রিয়স্বভাবম্ উপেয়ুষঃ প্রাপ্তবতঃ অতএব অবিনীতস্য নম্রতারহিতস্য মে মমঃ সুরুচ্যাঃ দুর্ব্বচোবাণৈঃ (দুর্ব্বচাংসি এব বাণাঃ তৈঃ) ভিন্নে বিদীর্ণে হৃদি ন শ্রয়তে তিষ্ঠতি ॥৩৬

মুনিগণ নিঃসঙ্গ হইয়া তীব্রযোগযুক্ত সমাধি দ্বারা অনুসন্ধান করিয়াও বহু বহু জন্মে তাঁহার পদবী জানিতে সমর্থ হন না।৩১

অতএব তুমি এই নিষ্ফল আগ্রহ পরিত্যাগ কর, যখন তোমার নিঃশ্রেয়সের কাল অর্থাৎ বৃদ্ধত্ব উপস্থিত হইবে, তখন এ বিষয়ে যত্ন করিও।৩২

সুখ ও দুঃখের মধ্যে যাহা দৈব কর্ত্তৃক স্বপ্রারব্ধানুসারে আসে, তাহাতে যদি মন সন্তুষ্ট রাখিতে পারা যায়, তবে সেই দেহী মোক্ষ প্রাপ্ত হয়। (অদৃষ্টবশতঃ সুখ আসিলে পুণ্যক্ষয় হইতেছে এবং দুঃখ আসিলে পাপক্ষয় হইতেছে, এইরূপ বিবেচনা করিয়া সন্তুষ্ট থাকিবে)।৩৩

যে ব্যক্তি অধিক গুণবান্ পুরুষে প্রীতি করে এবং গুণাধম লোকের প্রতি কৃপা করে ও সমান গুণসম্পন্ন ব্যক্তিতে মিত্রতা করে, সে ব্যক্তি কখনও দুঃখে অভিভূত হয় না। ধ্রুব বলিলেন,—সুখ-দুঃখে হতবিবেক পুরুষদের প্রতি কৃপা করিয়া এই যে শম (চিত্তবিক্ষেপ নিবৃত্তির উপায়) প্রদর্শন করাইলেন, তাহা আমাদৃশ ব্যক্তির পক্ষে নিতান্ত দুর্জ্ঞেয়।৩৪-৩৫

আমি অদম্য ক্ষত্রিয়স্বভাব প্রাপ্ত হওয়াতে দুর্ব্বিনীত, তাহাতে আবার সুরুচির দুর্ব্বাক্যবাণে আমার হৃদয় বিদ্ধ হইয়া রহিয়াছে, সুতরাং সেই বিদ্ধহৃদয়ে আপনার উপদেশ স্থান পাইতেছে না।৩৬

পদং ত্রিভুবনোৎকৃষ্টং জিগীষোঃ সাধু বর্ত্ম মে।
ব্রূহ্যস্মৎপিতৃভির্ব্রহ্মংস্তৈরপ্যনধিষ্ঠিতম্ ॥৩৭
নূনং ভবান্ ভগবতো যোঽঙ্গজঃ পরমেষ্ঠিনঃ।
বিষ্বদ্রটতে বীণাং হিতায় জগতোঽর্কবৎ ॥৩৮

মৈত্রেয় উবাচ।

ইত্যুদাহৃতমাকর্ণ্য ভগবান্ নারদস্তদা।
প্রীতঃ প্রত্যাহ তং বালং সদ্বাক্যমনুকম্পয়া ॥৩৯

অতঃ হে ব্রহ্মন্! অস্মৎপিতৃভিঃ মন্বাদিভিঃ অন্যৈঃ অপি অনধিষ্ঠিতম্ অপ্রাপ্তং ত্রিভুবনোৎকৃষ্টং (ত্রিভুবনেষু উৎকৃষ্টং) পদং স্থানং জিগীষোঃ জেতুম্ ইচ্ছোঃ মে মম তস্য সাধু সুকরং বর্ত্ম মার্গং ব্রূহি বর্ণয় ॥৩৭

যঃ ভবান্ ভগবতঃ পরমেষ্ঠিনঃ ব্রহ্মণঃ অঙ্গজঃ পুত্রঃ, সঃ নূনং নিশ্চিতং ভগবতঃ জগৎপালকস্য বাসুদেবস্য (পরমভক্তঃ এব); যঃ জগতঃ হিতায় বীণাং বিষ্বদ্ বাদয়ন্ অর্কবৎ অটতে পরিভ্রমতি ॥৩৮

মৈত্রেয়ঃ উবাচ। ইতি এবং ধ্রুবেণ উদাহৃতং কথিতং বাক্যম্ আকর্ণ্য শ্রুত্বা সঃ ভগবান্ সর্ব্বজ্ঞঃ নারদঃ তদা তস্মিন্ এব সময়ে প্রীতঃ সন্ বালং প্রতি সদ্বাক্যং মনোরথসাধনপরম্ অনুকম্পয়া আহ ॥৩৯

হে ব্রহ্মন্। আমার পিতৃ-পিতামহগণ এবং অন্যান্য ব্যক্তিরা যে পদে কখনও অধিষ্ঠান করেন নাই এবং যাহা ত্রিভুবন মধ্যে উৎকৃষ্ট, আমি সেই পদ লাভ করিতে অভিলাষ করিয়াছি, আপনি আমাকে তাহারই উপযোগী উত্তম পথ বলিয়া দিন ।৩৭

আপনি ভগবান্ ব্রহ্মার আত্মজ, আপনি জগতের মঙ্গলবিধানার্থ বীণা-বাদন করিতে করিতে সূর্য্যের ন্যায় ত্রিভুবন পরিক্রম করিয়া থাকেন। মৈত্রেয় বলিলেন,—ধ্রুবের এই প্রকার বাক্য শ্রবণ করিয়া দেবর্ষি নারদ প্রীত হইলেন এবং কৃপা করিয়া তাহাকে

নারদ উবাচ।

জনন্যাভিহিতঃ পন্থাঃ স বৈ নিঃশ্রেয়সস্য তে।
ভগবান্ বাসুদেবস্ত্বং ভজ তং প্রবণাত্মনা ॥৪০
ধর্ম্মার্থকামমোক্ষাখ্যং য ইচ্ছেচ্ছ্রেয় আত্মনঃ।
একং হ্যেব হরেস্তত্র কারণং পাদসেবনম্ ॥৪১
তৎ তাত গচ্ছ ভদ্রং তে যমুনায়াস্তটং শুচি।
পুণ্যং মধুবনং যত্র সান্নিধ্যং নিত্যদা হরেঃ ॥৪২

যতঃ তব জনন্যা অভিহিতঃ কথিতঃ পন্থাঃ মার্গঃ সঃ বৈ এব মান্যঃ তে তব নিঃশ্রেয়সস্য অভীষ্টার্থস্য প্রাপকঃ ভগবান্ ঐশ্বর্য্যাদিষড়্গুণপূর্ণঃ বাসুদেবঃ (বসতি জগৎ অস্মিন্ ইতি বাসুঃ স এব দেবঃ প্রকাশকঃ সর্ব্বান্তর্য্যামীতি) এব, অতঃ প্রবণাত্মনা তদেকাগ্রচিত্তেন তং বাসুদেবং ভজ ॥৪০

যঃ আত্মনঃ স্বস্য ধর্ম্মার্থকামমোক্ষাখ্যং (সমুদিতং প্রত্যেকং বা) শ্রেয়ঃ ইচ্ছেৎ, তস্য তত্র তৎপ্রাপ্তৌ হরেঃ পাদসেবনং হি নিশ্চিতম্ একম্ এব কারণম্ ॥৪১

তৎ তস্মাৎ হে তাত! তে তব ভদ্রং (ভবতু ত্বং ভগবদারাধনার্থং) যমুনায়াঃ তটং মধুবনং ভদ্রাখ্যং শুচি পবিত্রং পুণ্যং পাপনিবর্ত্তকম্ আশ্রমং গচ্ছ, যত্র নিত্যদা সর্ব্বদা হরেঃ সান্নিধ্যম্ অস্তি ॥৪২

হিতবাক্য উপদেশ করিলেন ।৩৮-৪১

নারদ বলিলেন,—তোমার জননী সুনীতিদেবী যাহা বলিয়াছেন, তাহাই তোমার অভিপ্রেতার্থ সিদ্ধির পথ। সেই পথই ভগবান্ বাসুদেব, তুমি একাগ্রচিত্তে সেই বাসুদেবকেই ভজনা কর। যে ব্যক্তি ধর্ম্ম, অর্থ, কাম ও মোক্ষরূপ আপনার মঙ্গল ইচ্ছা করেন, তিনি ঐ বিষয়ে একমাত্র শ্রীহরির পদ সেবাই করিবেন। ৪০-৪১

অতএব হে বৎস! তোমার মঙ্গল হউক। তুমি যমুনাতটস্থিত পরমপাবন মধুবনে গমন কর, শ্রীহরি সেই মধুবনে নিত্য অবস্থান করেন ।৪২

স্নাত্বানুসবনং তস্মিন্ কালিন্দ্যাঃ সলিলে শিবে।
কৃত্বোচিতানি নিবসন আত্মনঃ কল্পিতাসনঃ ॥৪৩
প্রাণায়ামেন ত্রিবৃতা প্রাণেন্দ্রিয়মনোমলম্।
শনৈর্ব্যুদস্যাভিধ্যায়েন্মনসা গুরুণা গুরুম্ ॥৪৪
প্রসাদাভিমুখং শশ্বৎ প্রসন্নবদনেক্ষণম্।
সুনসং সুভ্রুবং চারু-কপোলং সুরসুন্দরম্ ॥৪৫
তরুণং রমণীয়াঙ্গমরুণোষ্ঠেক্ষণাধরম্।
প্রণতাশ্রয়ণং নৃণাং শরণ্যং করুণার্ণবম্ ॥৪৬
শ্রীবৎসাঙ্কং ঘনশ্যামং পুরুষং বনমালিনম্।
শঙ্খ-চক্র-গদা-পদ্মৈরভিব্যক্তং চতুর্ভুজম্ ॥৪৭
কিরীটিনং কুণ্ডলিনং কেয়ূরবলয়ান্বিতম্।
কৌস্তুভাভরণগ্রীবং পীতকৌশেয়বাসসম্ ॥৪৮
কাঞ্চীকলাপপর্য্যস্তং লসৎকাঞ্চননূপুরম্।
দর্শনীয়তমং শান্তং মনোনয়নবর্দ্ধনম্ ॥৪৯

অস্মিন্ মধুবনে নিবসন্ অনুসবনং ত্রিকালং কালিন্দ্যাঃ শিবে পরমপাবনে সলিলে স্নাত্বা উচিতানি যোগ্যানি জপাদীনি কৃত্বা আত্মনঃ কল্পিতাসনঃ (কল্পিতম্ আসনং যেন তথাভূতঃ সন্) ॥৪৩

ত্রিবৃতা (পূরক-কুম্ভক-রেচকাত্মকেন ত্রিবিধেন) প্রাণায়ামেন প্রাণেন্দ্রিয়মনোমলং শনৈঃ ব্যুদস্য নিরস্য গুরুণা ধীরেণ মনসা গুরুং সর্ব্বোত্তমং পরমপূজ্যং ভগবন্তম্ অভিধ্যায়েৎ ॥৪৪

তত্র প্রসাদাভিমুখং (প্রসাদায় বরদানায় অভিমুখম্ উদ্যুক্তং) শশ্বৎ সর্ব্বদা প্রসন্নবদনেক্ষণং (প্রসন্নং বদনম্ ঈক্ষণে চ যস্য তং) সুনসং (সুষ্ঠু নাসা যস্য তং) সুভ্রুবং (সুষ্ঠু ভ্রুবৌ যস্য তং) চারুকপোলং (চারুণী মনোহরে কপোলে যস্য তং) সুরেষু সুন্দরং সুরসুন্দরম্ ॥৪৫

তরুণং রমণীয়াঙ্গং (রমণীয়ানি অঙ্গানি যস্য তম্) অরুণোষ্ঠেক্ষণাধরম্ (অরুণে ওষ্ঠেক্ষণে আধারয়তীতি তথা তং) প্রণতাশ্রয়ণং (প্রণতানাং শরণাগতানাম্ আশ্রয়ণম্ আশ্রয়ভূতং) নৃণাং সুখকরং শরণ্যং শরণযোগ্যং করুণার্ণবম্ (করুণায়াঃ কৃপায়াঃ অর্ণবং সমুদ্রম্) ॥৪৬

শ্রীবৎসাঙ্কং (শ্রীবৎসঃ রেখাবর্ত্তবিশেষঃ অঙ্কঃ যস্য তং) ঘনশ্যামং পুরুষং পুরুষাকারং বনমালিনং শঙ্খচক্রগদাপদ্মৈঃ অভিব্যক্তং চতুর্ভুজম্ ॥৪৭

কিরীটিনং কুণ্ডলিনং কেয়ূরবলয়াভ্যাম্ অন্বিতং যুক্তং কৌস্তুভাভরণগ্রীবং (কৌস্তুভাভরণং গ্রীবায়াং যস্য তং) পীতকৌশেয়-বাসসম্ (পীতকৌশেয়ে কৌশজন্তে বাসসী যস্য তম্) ॥৪৮

কাঞ্চীকলাপপর্য্যন্তং (কাঞ্চীকলাপেন কটিভূষণেন

তথায় যাইয়া কালিন্দীর পুণ্যসলিলে ত্রিসন্ধ্যা স্নান করিবে, নিজের কর্ত্তব্যকর্ম্ম দেবমন্ত্রাদি করিবে; কুশাদি ও স্বস্তিকাদি দ্বারা আসন করিয়া উপবেশন করিবে, পরে রেচক, পূরক, কুম্ভকযুক্ত প্রাণায়াম দ্বারা প্রাণ, ইন্দ্রিয় ও মনের চাঞ্চল্য নিরাশ পূর্ব্বক স্থির-চিত্তে ক্রমে ক্রমে পরম গুরু শ্রীহরির ধ্যান করিবে ।৪৩-৪৪

[কেমন শ্রীহরিকে ধ্যান করিতে হইবে তাহাই বলিতেছেন] সেই শ্রীহরি ভক্তজনকে অনুগ্রহ করিবার জন্য উদ্যত, তাঁহার বদন ও অবলোকন সর্ব্বদাই প্রসন্ন, নাসিকা, ভ্রূ ও গণ্ডস্থল অতিশয় রমণীয়, তিনি সমস্ত দেবগণের মধ্যে পরম সুন্দর পুরুষ ।৪৫

তিনি তরুণ, তাঁহার অঙ্গ রমণীয়, ওষ্ঠ ও নয়ন অরুণ বর্ণ, তিনি প্রণতজনের পরম আশ্রয়, সকলের সুখকর, শরণাগত রক্ষক, এবং দয়ার সাগর ।৪৬

তিনি শ্রীবৎস-লাঞ্ছিত, নবমেঘের ন্যায় ঘনশ্যামবর্ণ, পুরুষলক্ষণযুক্ত, বনমালাধারী, শঙ্খ, চক্র, গদা, পদ্ম দ্বারা তাঁহার চতুর্ভুজরূপ সুস্পষ্ট ভাবে অভিব্যক্ত হইতেছে ।৪৭

তাঁহার মস্তকে কিরীট, কর্ণে কুণ্ডল, বাহুতে কেয়ূর ও বলয়, গলদেশে কৌস্তুভমণি এবং পরিধানে পীতকৌশেয় বসন ।৪৮

পদ্ভ্যাং নখমণিশ্রেণ্যা বিলসদ্ভ্যাং সমর্চ্চতাম্।
হৃৎপদ্মকর্ণিকাধিষ্ণ্যমাক্রম্যাত্মন্যবস্থিতম্ ॥৫০
স্মযমানমভিধ্যায়েৎ সানুরাগাবলোকনম্।
নিয়তেনৈকভূতেন মনসা বরদর্ষভম্ ॥৫১
এবং ভগবতো রূপং সুভদ্রং ধ্যায়তো মনঃ।
নির্ব্বৃত্যা পরয়া তূর্ণং সম্পন্নং ন নিবর্ত্ততে ॥৫২

জপ্যশ্চ পরমো গুহ্যঃ শ্রূয়তাং মে নৃপাত্মজ।
যং সপ্তরাত্রং প্রপঠন্ পুমান্ পশ্যতি খেচরান্ ॥৫৩
মন্ত্রেণানেন দেবস্য কুর্য্যাদ্ দ্রব্যময়ীং বুধঃ।
সপর্য্যাং বিবিধৈর্দ্রব্যৈর্দেশকালবিভাগবিৎ ॥৫৪
সলিলৈঃ শুচিভির্মাল্যৈর্বন্যৈর্মূলফলাদিভিঃ।
শস্ত্রাঙ্কুরাংশুকৈশ্চার্চ্চেৎ তুলস্যা প্রিয়য়া প্রভুম্ ॥৫৫

পর্য্যন্তং পরিবেষ্টিতং) লসৎকাঞ্চনমূপুরং (লসতী শোভমানে কাঞ্চনে নূপুরে যস্য তং) দর্শনীয়তমং মনোনয়নবর্দ্ধনং মনোনয়নয়োরানন্দকরং শান্তং সৌম্য-রূপম্ ॥৪৯

সমর্চ্চতাং ভক্তিপূর্ব্বকং পূজয়তাং ভক্তানাং আত্মনি দেহে হৃৎপদ্মকর্ণিকাধিষ্ণ্যং হৃদয়পদ্মলক্ষণং স্থানং নখমণিশ্রেণ্যা (নখানি এব মণয়ঃ তেষাং শ্রেণিঃ পঙ্‌ক্তিঃ তয়া) বিলসদ্ভ্যাং পদ্ভ্যাম্ আক্রম্য অবস্থিতম্ ॥৫০

নিয়তেন সুস্থিরেণ একভূতেন একাগ্রেণ মনসা স্মযমানং হসন্তং সানুরাগাবলোকনং (অনুরাগেণ সহ বর্ত্তমানম্ অবলোকনং যস্য তং) বরদর্ষভং (বরদানাং ব্রহ্মাদীনাম্ অপি ঋষভং শ্রেষ্ঠং) ভগবন্তম্ অভিধ্যায়েৎ ॥৫১

এবং সুভদ্রং মঙ্গলময়ং ভগবতঃ রূপং ধ্যায়তঃ পুরুষস্য মনঃ তূর্ণং শীঘ্রং পরয়া নির্ব্বৃত্যা (ভগবতা) সম্পন্নং মিলিতং সৎ (ততঃ) ন নিবর্ত্ততে ॥৫২

হে নৃপাত্মজ ! পরমঃ উৎকৃষ্টঃ গুহ্যঃ ন সর্ব্বত্র প্রসিদ্ধঃ জপ্যঃ মন্ত্রশ্চ মে মতঃ শ্রূয়তাং, যং মন্ত্রং সপ্তরাত্রং প্রপঠন্ পুমান্ খেচরান্ সিদ্ধপুরুষান্ পশ্যতি ॥৫৩

অথ ওমিতি মন্ত্রেণ দেশকালবিভাগবিৎ বুধঃ পণ্ডিতঃ বিবিধৈঃ দ্রব্যৈঃ দেবস্য ভগবতঃ বাসুদেবস্য দ্রব্যময়ীং দ্রব্যপ্রধানাং সপর্য্যাং পূজাং কুর্য্যাৎ ॥৫৪

শুচিভিঃ শুদ্ধৈঃ সলিলৈঃ মাল্যৈঃ পুষ্পৈঃ বন্যৈঃ বনজাতৈঃ মূলফলাদিভিঃ শস্ত্রাঙ্কুরাংশুকৈঃ (শস্ত্রৈঃ শাস্ত্রবিহিতৈঃ অঙ্কুরৈঃ দূর্ব্বাদিভিঃ অংশুকৈঃ ভূর্জ্জত্বগাদিভিঃ ভগবতঃ) প্রিয়য়া তুলস্যা চ প্রভুম্ অর্চ্চয়েৎ ॥৫৫

তাঁহার নিতম্বদেশ মেখলা দ্বারা পরিবেষ্টিত, চরণে কাঞ্চন নূপুর দেদীপ্যমান, তিনি অতিশয় সুন্দর শান্তমূর্ত্তি এবং মন ও নয়নের আনন্দবর্দ্ধনকারী ।৪৯

নখরূপমণি সমূহে উদ্ভাসিত চরণযুগলের দ্বারা তিনি অর্চ্চনাকারী ভক্তগণের হৃৎপদ্মের মধ্যস্থল আক্রমণ করিয়া মধ্যেমধ্যে বিরাজ করেন ।৫০

তদনন্তর পূর্ব্বোক্ত ধারণা দ্বারা সুস্থির ও একাগ্রমনে বরশ্রেষ্ঠ সেই ভগবানকে ঈষৎ হাস্যযুক্ত এবং অনুরাগের সহিত দর্শনকারীর ন্যায় ধ্যান করিবে ।৫১

এইরূপে ভগবানের সুমঙ্গলরূপ ধ্যান করিতে করিতে তোমার মন শীঘ্রই পরম শান্তাবস্থা লাভ করিবে এবং তাহা হইতে আর নিবৃত্ত হইবে না ।৫২

হে নৃপনন্দন ! তুমি আমার নিকট হইতে পরমগুহ্য মন্ত্র শ্রবণ কর, এই মন্ত্র সপ্তরাত্র জপ করিলে পুরুষ গগনবিহারী ভগবৎ-পার্ষদগণের দর্শনলাভ করিতে পারে। "ওঁ নমো ভগবতে বাসুদেবায়"—ইহাই সেই মন্ত্র। দেশ-কাল-বিবেচনায় অভিজ্ঞ ব্যক্তি বিবিধ উপচারের দ্বারা ভগবান্ শ্রীহরির দ্রব্যময় পূজা (বাহ্যপূজা) করিবেন ।৫৩-৫৪

লব্ধ্বা দ্রব্যময়ীমর্চ্চাং ক্ষিত্যম্বাদিষু বার্চ্চয়েৎ।
আভৃতাত্মা মুনিঃ শান্তো যতবাঙ্মিতবন্যভুক্ ॥৫৬
স্বেচ্ছাবতারচরিতৈরচিন্ত্যনিজমায়য়া।
করিষ্যত্যুত্তমঃশ্লোকস্তদ্ধ্যায়েদ্ধৃদয়ঙ্গমম্ ॥৫৭
পরিচর্য্যা ভগবতো যাবত্যঃ পূর্ব্বদেবিতাঃ।
তা মন্ত্রহৃদয়েনৈব প্রযুঞ্জ্যান্মন্ত্রমূর্ত্তয়ে ॥৫৮
এবং কায়েন মনসা বচসা চ মনোগতম্।
পরিচর্য্যমাণো ভগবান্ ভক্তিমৎপরিচর্য্যয়া ॥৫৯
পুংসামমায়িনাং সম্যগ্ ভজতাং ভাববর্দ্ধনঃ।
শ্রেয়ো দিশত্যভিমতং যদ্ধর্ম্মাদিষু দেহিনাম্ ॥৬০

দ্রব্যময়ীং শিলাদিময়ীম্ অর্চ্চাং প্রতিমাং লব্ধ্বা সম্পাদ্য বা ক্ষিত্যম্বাদিষু চ ভগবন্তম্ অর্চ্চয়েৎ। আভৃতাত্মা (আভৃতঃ বশীকৃতঃ আত্মা চিত্তং যেন সঃ) শান্তঃ বিক্ষেপরহিতঃ মুনিঃ মননপরঃ যতবাক্ গৃহীতমৌনঃ মিতবন্যভুক্ (মিতং পরিমিতং বন্যং ফলমূলাদিকং ভুঙ্‌ক্তে যঃ সঃ তথাভূতঃ) সন্ অর্চ্চয়েৎ। "আহারমানস্তু দ্বৌ ভাগৌ পূরয়েদন্নেরেকং তোয়েন পূরয়েৎ। মারুতস্য প্রচারার্থং চতুর্থমবশাদয়েৎ" ইতি ॥৫৬

অচিন্ত্যনিজমায়য়া (অচিন্ত্যয়া নিজয়া স্ববশবর্ত্তিন্যা মায়য়া শক্ত্যা) স্বেচ্ছাবতারচরিতৈঃ (স্বেচ্ছয়া অবতারচরিতৈঃ অবতারাঃ এব চরিতানি তৈঃ) উত্তমঃশ্লোকঃ (উত্তমাঃ তমসঃ অজ্ঞানস্য নিবর্ত্তকাঃ শ্লোকাঃ যশাংসি যস্য সঃ) ভগবান্ যৎ যৎ হৃদয়ঙ্গমং মনোহরং পরাক্রমং করিষ্যতি ইতি ভাবনির্দ্দেশঃ ॥৫৭

ভগবতঃ যাবত্যঃ পরিচর্য্যাঃ পূর্ব্বসেবিতাঃ (ঋষাদিভিঃ কর্ত্তব্যত্বেন প্রদর্শিতাঃ) তাঃ মন্ত্রমূর্ত্তয়ে ভগবতে মন্ত্রহৃদয়েনৈব দ্বাদশাক্ষরেণ প্রযুঞ্জ্যাৎ কুর্য্যাৎ ॥৫৮

এবম্ উক্তপ্রকারেণ মনোগতং (দৃঢ়তরং যথা ভবতি তথা) কায়েন সলিলাদিভিঃ মনসা ধ্যানাদিভিঃ বচসা জপাদিভিঃ ভক্তিমৎপরিচর্য্যয়া (ভক্তিমত্ত্যা প্রেমপূর্ব্বিকয়া) পরিচর্য্যমাণঃ সেব্যমানঃ ॥৫৯

ভাববর্দ্ধনঃ (ভাবান্ ভক্তাভিলষিতান্ বর্দ্ধয়তি যঃ সঃ) ভগবান্ অমায়িনাং দম্ভরহিতানাং সম্যক্ (প্রেমপূর্ব্বকং ভজতাং দেহিনাং দেহবতাং পুংসাং ধর্ম্মাদিষু ধর্ম্মার্থকামেষু ত্রিবিধপুরুষার্থেষু যৎ অভিমতং শ্রেয়ঃ দিশতি প্রদদাতি ॥৬০

(উপচারের বর্ণনা করিতেছেন) পবিত্র জল, মাল্য, বন্যফলমূলাদি, প্রশস্ত দূর্ব্বাঙ্কুর, বন্যবসন অর্থাৎ ভূর্জ্জত্বক্ ইত্যাদি এবং ভগবৎপ্রিয়া তুলসী এই সকল দ্রব্য দ্বারা অর্চ্চনা করিবে ।৫৫

যদি দ্রব্যময়ী অর্চ্চা অর্থাৎ শিলাদিনির্ম্মিতা প্রতিমা প্রাপ্ত হয়, তাহাতেই পূজা করিবে, তদভাবে মৃত্তিকা জলাদিতেও অর্চ্চনা করিবে। অর্চ্চক ধৃতচিত্ত, মননশীল, শান্ত, সংযতবাক্ এবং পরিমিত অথচ বন্য ফল মূলাহারী হইবে ।৫৬

উত্তমঃশ্লোক ভগবান্ স্বীয় অচিন্ত্য মায়াশক্তির অধিষ্ঠানে ইচ্ছা পূর্ব্বক অবতার পরিগ্রহ করিয়া যাহা যাহা আচরণ করিবেন, তাহা হৃদয়ের মধ্যে কল্পনা করিয়া চিন্তা করিবে ।৫৭

পূর্ব্ব পূর্ব্ব ভক্তগণ শ্রীভগবানের যত প্রকার অর্চ্চনা করিয়াছেন, তাহার উপকারসকল মনে মনে কল্পনা করিয়া পূর্ব্বোক্ত মহামন্ত্রে (দ্বাদশাক্ষর বাসুদেব মন্ত্রদ্বারা) মন্ত্রমূর্ত্তি শ্রীভগবানের উদ্দেশ্যে (সেই প্রকার পূজা করিবে ।৫৮

পূর্ব্বোক্ত প্রকারে শ্রীভগবান্‌কে মনোগত করিয়া কায়মনোবাক্যে ভক্তিমতী পরিচর্য্যা দ্বারা অর্চ্চনা করিলে ভগবান্ সেই অকপট ভজনকারী ব্যক্তিদিগের

বিরক্তশ্চেন্দ্রিয়রতৌ ভক্তিযোগেন ভূয়সা।
তং নিরন্তরভাবেন ভজেতাদ্ধা বিমুক্তয়ে ॥৬১
ইত্যুক্তস্তং পরিক্রম্য প্রণম্য চ নৃপার্ভকঃ।
যযৌ মধুবনং পুণ্যং হরেশ্চরণচর্চ্চিতম্ ॥৬২
তপোবনং গতে তস্মিন্ প্রবিষ্টোঽন্তঃপুরং মুনিঃ।
অর্হিতার্হণকো রাজ্ঞা সুখাসীন উবাচ হ ॥৬৩

নারদ উবাচ।

রাজন্ কিং ধ্যায়সে দীর্ঘং মুখেন পরিশুষ্যতা।
কিংবা ন বিদ্যতে কাম্যো ধর্ম্মো বার্থেন সংযুতঃ ॥৬৪

রাজোবাচ।

সুতো মে বালকো ব্রহ্মন্ ত্রৈণেনাকরুণাত্মনা।
নির্ব্বাসিতঃ পঞ্চবর্ষঃ সহ মাত্রা মহান্ কবিঃ ॥৬৫
অপ্যনাথং বনে ব্রহ্মন্ মাবাদন্ত্যর্ভকং বৃকাঃ।
শ্রান্তং শয়ানং ক্ষুধিতং পরিম্লানমুখাম্বুজম্ ॥৬৬
অহো মে বত পৌরাণ্যং স্ত্রীজিতস্যোপধারয়।
যোঽহং প্রেম্ণারুরুক্ষন্তং নাভ্যানন্দমসত্তমঃ ॥৬৭

ইন্দ্রিয়রতৌ বিষয়ভোগে বিরক্তঃ চেৎ ভূয়সা নিরন্তরভাবেন অনবচ্ছিন্নপ্রেমলক্ষণেন ভক্তিযোগেন তং ভগবন্তং ভজেত। (তদা তৎ ভজনং তস্য) অদ্ধা সাক্ষাৎ বিমুক্তয়ে ভবতি ॥৬১

(নারদেন) ইতি এবম্ উক্তঃ নৃপার্ভকঃ ধ্রুবঃ পরিক্রম্য প্রণম্য চ হরেঃ চরণচর্চ্চিতং (চরণাভ্যাং চর্চ্চিতং মণ্ডিতং) পুণ্যং পাপনিবর্ত্তকং মধুবনং যযৌ ॥৬২

তস্মিন্ ধ্রুবে তপোবনং গতে সতি মুনিঃ নারদঃ রাজ্ঞঃ অন্তঃপুরং প্রবিষ্টঃ তত্র চ রাজ্ঞা অর্হিতার্হণকঃ (অর্হিতং সমর্পিতম্ অর্হণম্ অর্ঘ্যাদি যস্মৈ সঃ) সুখাসীনঃ সন্ তং রাজানম্ উবাচ হ ॥৬৩

নারদঃ উবাচ। হে রাজন্! পরিশুষ্যতা মুখেন কিং ধ্যায়সে চিন্তয়সি, কিং চ অর্থেন সংযুতঃ সহিতঃ কামঃ ধর্ম্মঃ বা ন বিদ্যতে নশ্যতি কিম্? ৬৪

রাজা উবাচ। হে ব্রহ্মন্! ত্রৈণেন নারীবশ্যেন অকরুণাত্মনা ময়া মে মম মহান্ কবিঃ বালকঃ পঞ্চবর্ষঃ ধ্রুবঃ সুতঃ মাত্রা সহ নির্ব্বাসিতঃ নিষ্কাসিতঃ ॥৬৫

হে ব্রহ্মন্! অর্ভকং বালকম্ (অতএব মার্গে চলনাৎ) শ্রান্তং ক্ষুধিতং পরিম্লানমুখাম্বুজং (পরিম্লানং শুষ্কং মুখাম্বুজং যস্য তং) শয়ানম্ অনাথং রক্ষকহীনং বনে বৃকাঃ মা স্বাদন্তি কিং ন খাদন্তি কিম্? ৬৬

অহো! স্ত্রীজিতস্য ত্রৈণস্য মে মম দৌরাত্ম্যম্ অনার্য্যং বত খেদে উপধারয় পশ্য। যঃ অসত্তমঃ স্ত্রিয়া জড়ীকৃতঃ অহং প্রেম্ণা অঙ্কম্ আরুরুক্ষন্তম্ আরোঢ়ুমিচ্ছন্তং বালং ন অভ্যনন্দম্ আদৃতবান্ ॥৬৭

অনুরাগ বর্দ্ধন পূর্ব্বক ধর্ম্ম-অর্থ-কাম প্রভৃতির মধ্যে যাহা দেহধারী ব্যক্তির পক্ষে অভিমত ও শ্রেয়স্কর, তাহা প্রদান করিয়া থাকেন ।৫৯-৬০

ইন্দ্রিয়ভোগ্য বিষয়ে বিরক্ত হইয়া প্রগাঢ় ভক্তিযোগ দ্বারা অবিচ্ছিন্নভাবে সাক্ষাৎ মুক্তিলাভের জন্য ভজনা করিবে ।৬১

দেবর্ষি নারদ এই প্রকার উপদেশ করিলে রাজপুত্র ধ্রুব তাঁহাকে প্রণাম ও প্রদক্ষিণ করিয়া শ্রীহরির চরণাঙ্কিত পবিত্র মধুবনে গমন করিলেন ।৬২

ধ্রুব তপোবনে গমন করিলে দেবর্ষি নারদ রাজা উত্তানপাদের অন্তঃপুরে প্রবেশ করিলেন এবং তথায় রাজপ্রদত্ত অর্ঘ্যাদি গ্রহণ করিয়া সুখাসনে উপবেশন পূর্ব্বক রাজাকে বলিতে লাগিলেন ।৬৩

নারদ বলিলেন,—হে রাজন্! আপনি ম্লান মুখে দীর্ঘকাল যাবৎ কি চিন্তা করিতেছেন? আপনার ধর্ম্ম, অর্থ, কাম কোন কিছু নষ্ট হয় নাই ত? ৬৪

রাজা বলিলেন,—'হে ব্রহ্মন্! আমি স্ত্রী-বশীভূত হইয়া নিষ্ঠুরহৃদয়ে আমার পঞ্চমবর্ষীয় সুবোধ বালক পুত্রকে তাঁহার জননীর সহিত নির্ব্বাসিত করিয়াছি ।৬৫

হে ব্রহ্মন্! আমার পুত্র ধ্রুব বালক ও রক্ষকহীন; যখন ক্ষুধার্ত্ত ও ক্লান্ত হইয়া শুষ্কমুখে বনে শয়ন করিবে, তখন তাহাকে ব্যাঘ্রাদি হিংস্রজন্তু ভক্ষণ করিয়া ফেলিবে

নারদ উবাচ।

মা মা শুচঃ স্বতনয়ং দেবগুপ্তং বিশাম্পতে।
তৎপ্রভাবমবিজ্ঞায় প্রারুঙ্‌ক্তে যদ্‌যশো জগৎ ॥৬৮
সুদুষ্করং কর্ম্ম কৃত্বা লোকপালৈরপি প্রভুঃ।
এষ্যত্যচিরতো রাজন্ যশো বিপুলয়ংস্তব ॥৬৯

মৈত্রেয় উবাচ।

ইতি দেবর্ষিণা প্রোক্তং বিশ্রুত্য জগতীপতিঃ।
রাজলক্ষ্মীমনাদৃত্য পুত্রমেবান্বচিন্তয়ৎ ॥৭০
তত্রাভিষিক্তঃ প্রযতস্তামুপোষ্য বিভাবরীম্।
সমাহিতঃ পর্য্যচরদৃষ্যাদেশেন পুরুষম্ ॥৭১
ত্রিরাত্রান্তে ত্রিরাত্রান্তে কপিত্থবদরাশনঃ।
আত্মবৃত্ত্যনুসারেণ মাসং নিন্যেঽর্চ্চয়ন্ হরিম্ ॥৭২
দ্বিতীয়ঞ্চ তথা মাসং ষষ্ঠে ষষ্ঠেঽর্ভকো দিনে।
তৃণপর্ণাদিভিঃ শীর্ণৈঃ কৃতান্নোঽভ্যর্চ্চয়দ্ বিভুম্ ॥৭৩

নারদঃ উবাচ। হে বিশাম্পতে রাজন্! যদ্‌যশঃ (যস্য ধ্রুবস্য যশঃ) জগৎ প্রারুঙ্‌ক্তে ব্যাপ্নোতি, তৎ প্রভাবম্ (তস্য পুত্রস্য প্রভাবং সামর্থ্যম্) অবিজ্ঞায় বর্ত্তমানঃ ত্বং দেবগুপ্তং (দেবেন গুপ্তং রক্ষিতং) স্বতনয়ং মা মা শুচঃ তমুদ্দিশ্য শোকং মা কুরু ॥৬৮

হে রাজন্! লোকপালৈঃ অপি সুদুষ্করম্ অসাধ্যং কর্ম্ম কৃত্বা প্রভুঃ সমর্থঃ ধ্রুবঃ এব যশঃ বিপুলয়ন্ বিস্তারয়ন্ অচিরতঃ এব এষ্যতি আগমিষ্যতি ॥৬৯

মৈত্রেয়ঃ উবাচ। ইতি এবং দেবর্ষিণা নারদেন প্রোক্তং বাক্যং শ্রুত্বা বিশ্রুত্য জগতীপতিঃ পৃথিবীপালঃ উত্তানপাদঃ রাজলক্ষ্মীং অনাদৃত্য পুত্রম্ এব অন্বচিন্তয়ৎ ॥৭০

তত্র মধুবনে ধ্রুবঃ অভিষিক্তঃ স্নাতঃ প্রযতঃ প্রযত্নবান্ সমাহিতঃ সাবধানঃ সন্ তাং বিভাবরীং রাত্রিম্ উপোষ্য ঋষ্যাদেশেন নারদোক্তপ্রকারেণ পুরুষং পুরুষোত্তমং পর্য্যচরৎ সেবিতবান্ ॥৭১

ত্রিরাত্রান্তে ত্রিরাত্রান্তে কপিত্থবদরাশনঃ (কপিত্থানি বদরাণি চ অশনং যস্য সঃ) আত্মবৃত্ত্যনুসারেণ (আত্মনঃ শরীরস্য বৃত্তিঃ বর্ত্তনং স্থিতিঃ তদনুসারেণ যাবতাশিতেন শরীরনির্ব্বাহঃ স্যাৎ তাবৎ অশ্নন্) হরিং অর্চ্চয়ন্ মাসং নিন্যে ॥৭২

ষষ্ঠে ষষ্ঠে দিনে শীর্ণৈঃ গলিতৈঃ শুষ্কৈঃ তৃণপর্ণাদিভিঃ কৃতান্নঃ কৃতাহারঃ সন্ দ্বিতীয়ং মাসং নয়ন্ অর্ভকঃ ধ্রুবঃ বিভুং ব্যাপকং ভগবন্তম্ অভ্যর্চ্চয়ৎ ॥৭৩

না কি? হায়, আমি মৈত্রেয়, আমার দৌরাত্ম্য বুঝিয়া দেখুন! বালক প্রেমবশতঃ আমার ক্রোড়ে উঠিতে ইচ্ছা করিয়াছিল, কিন্তু আমি এমনই অসৎ যে, তাহাকে একটু আদর পর্য্যন্ত করি নাই।৬৬-৬৭

নারদ বলিলেন,—'হে প্রজানাথ! আপনার পুত্রকে দেবতারা রক্ষা করিতেছেন, তাহার যশে জগৎ পরিব্যাপ্ত হইবে, তাহার প্রভাব না জানিয়া আপনি তাহার জন্য শোক করিবেন না।৬৮

হে মহারাজ। লোকপালগণেরও সুদুষ্কর কর্ম্ম সম্পাদন করিয়া প্রভাবশালী ধ্রুব আপনার কীর্ত্তি বিস্তার করত অচিরেই আগমন করিবে। মৈত্রেয় বলিলেন,—'হে বিদুর! দেবর্ষি নারদের এই সকল কথা শ্রবণ করিয়া মহারাজ উত্তানপাদ রাজ্যলক্ষ্মীকে অনাদর করিয়া অর্থাৎ রাজ্যভোগ উপেক্ষা করিয়া কেবল সেই পুত্রেরই চিন্তা করিতে লাগিলেন।৬৯-৭০

এদিকে ধ্রুব মধুবনে উপস্থিত হইয়া কালিন্দীনদীতে স্নান করিলেন, সেই রাত্রিতে উপবাস করিয়া রহিলেন এবং দেবর্ষি নারদের উপদেশ অনুসারে পুরুষোত্তম শ্রীহরির আরাধনায় প্রবৃত্ত হইলেন।৭১

প্রতি ত্রিরাত্রের অবসানে কেবলমাত্র শরীর রক্ষার উপযোগী কপিত্থ ও বদরীফলমাত্র আহার করিয়া শ্রীহরির অর্চ্চনায় প্রথম মাস অতিবাহিত করিলেন। বালক ধ্রুব প্রতি ষষ্ঠ দিবসে জীর্ণ তৃণ ও পত্রাদি আহার করত শ্রীহরির অর্চ্চনা করিয়া দ্বিতীয় মাস যাপন করিলেন।৭২-৭৩

তৃতীয়কানয়ন্মাসং নবমে নবমেঽহনি।
অব্‌ভক্ষ উত্তমঃশ্লোকমুপাধাবৎ সমাধিনা ॥৭৪
চতুর্থমপি বৈ মাসং দ্বাদশে দ্বাদশেঽহনি।
বায়ুভক্ষো জিতশ্বাসো ধ্যায়ন্ দেবমধারয়ৎ ॥৭৫
পঞ্চমে মাস্যনুপ্রাপ্তে জিতশ্বাসো নৃপাত্মজঃ।
ধ্যায়ন্ ব্রহ্ম পদৈকেন তস্থৌ স্থাণুরিবাচলঃ ॥৭৬
সর্ব্বতো মন আকৃষ্য হৃদি ভূতেন্দ্রিয়াশয়ম্।
ধ্যায়ন্ ভগবতো রূপং নাদ্রাক্ষীৎ কিঞ্চনাপরম্ ॥৭৭

তৃতীয়ঞ্চ মাসম্ আনয়ন্ নবমে নবমে অহনি দিবসে অভক্ষঃ সন্ উত্তমঃশ্লোকং ভগবন্তং সমাধিনা তদেকপ্রবণচিত্তেন উপাধাবৎ অচিন্তয়ৎ ॥৭৪

চতুর্থম্ অপি মাসং নয়ন্ দ্বাদশে অহনি বায়ুভক্ষঃ সন্ জিতশ্বাসঃ ধ্রুবঃ দেবং ধ্যায়ন্ দেহম্ অধারয়ৎ ॥৭৫

পঞ্চমে মাসি অনুপ্রাপ্তে সতি জিতশ্বাসঃ কৃতকুম্ভকঃ নৃপাত্মজঃ ধ্রুবঃ ব্রহ্ম ধ্যায়ন্ একেন পদা স্থাণুঃ ইব অচলঃ তস্থৌ ॥৭৬

ততশ্চ ভূতেন্দ্রিয়াশয়ং (ভূতানি ইন্দ্রিয়াণি চ আশেরতে যস্মিন্ তৎ) মনঃ সর্ব্বতঃ বিষয়তঃ আকৃষ্য হৃদি ভগবতঃ রূপং ধ্যায়ন্ ততঃ অপরং কিঞ্চন ন

প্রতি নবম দিবসে ধ্রুব জল মাত্র আহার করিয়া শ্রীহরির অর্চ্চনা করিতে করিতে তৃতীয়মাস অতিবাহিত করিলেন। অনন্তর প্রতি দ্বাদশ দিবসে বায়ুমাত্র ভক্ষণ করিয়া (প্রাণায়াম দ্বারা) এবং শ্বাস জয় করিয়া ধ্যান যোগে ভগবানের ধারণা করিতে লাগিলেন এবং তাহাতে চতুর্থ মাস ক্ষেপণ হইল। পঞ্চম মাস সমাগত হইলে শ্বাসজয়ী রাজনন্দন ধ্রুব পরমপুরুষ শ্রীহরির ধ্যান করিতে করিতে একপদে শাখাদিশূন্য বৃক্ষের ন্যায় অচল হইয়া দণ্ডায়মান রহিলেন।৭৪-৭৬

তখন তিনি শব্দাদি বিষয় ও চক্ষুরাদি ইন্দ্রিয় সমূহের আশ্রয় মনকে সকল বিষয় হইতে আকর্ষণ করিয়া হৃদয়ে ভগবানের রূপ ধ্যান করিতে লাগিলেন

আধারং মহদাদীনাং প্রধানপুরুষেশ্বরম্।
ব্রহ্ম ধারয়মাণস্য ত্রয়ো লোকাশ্চকম্পিরে ॥৭৮
যদৈকপাদেন স পার্থিবাত্মজ-
স্তস্থৌ তদঙ্গুষ্ঠনিপীড়িতা মহী।
ননাম তত্রার্দ্ধমিভেন্দ্রধিষ্ঠিতা
তরীব সব্যেতরতঃ পদে পদে ॥৭৯
তস্মিন্নভিধ্যায়তি বিশ্বমাত্মনো
দ্বারং নিরুধ্যান্যমনন্যয়া ধিয়া।

অদ্রাক্ষীৎ ॥৭৭

প্রধানপুরুষেশ্বরং (প্রধানপুরুষয়োঃ ঈশ্বরং) মহদাদীনাম্ আধারং ব্রহ্ম ধারয়মাণস্য সতঃ ধ্রুবস্য ত্রয়ো লোকাঃ চকম্পিরে কম্পিতাঃ জাতাঃ ॥৭৮

সঃ পার্থিবাত্মজঃ রাজপুত্রঃ ধ্রুবঃ যদা একপাদেন তস্থৌ, তদা তত্র তদঙ্গুষ্ঠনিপীড়িতা (তস্য অঙ্গুষ্ঠেন নিপীড়িতা আক্রান্তা সতী) মহী ইভেন্দ্রধিষ্ঠিতা (ইভেন্দ্রেণ অধিষ্ঠিতা আক্রান্তা) তরী ইব যথা সব্যেতরতঃ (সব্যতঃ দক্ষিণতঃ) পদে পদে নমতি তথা অর্দ্ধং ননাম ॥৭৯

আত্মনঃ সকাশাৎ অনন্যয়া ধিয়া অভেদদৃষ্ট্যা অন্যং প্রাণং তদ্দ্বারং চ নিরুধ্য বিশ্বং বিশ্বাত্মকং ব্রহ্ম তস্মিন্

এবং তৎকালে অন্য কোন পদার্থ তাঁহার দৃষ্টির গোচর হয় নাই।৭৭

এইরূপ ধ্রুব মহদাদির আধার এবং প্রকৃতি ও পুরুষের ঈশ্বর পরব্রহ্মকে ধ্যান করিলে ত্রিভুবন তাঁহার তেজ সহ্য করিতে অসমর্থ হইয়া কম্পমান হইল।৭৮

সেই রাজপুত্র যখন একপদে দণ্ডায়মান ছিলেন, তখন অবনী তাঁহার পদাঙ্গুষ্ঠভারে যেমন গজরাজ নৌকায় আরোহণ করিলে তাহার বাম ও দক্ষিণ প্রত্যেক পদের ভরে সেই তরী অবনত হইয়া পড়ে, তদ্রূপ অর্দ্ধাংশ নত হইয়াছিল।৭৯

(ক্রমশঃ) ধ্রুব প্রাণ ও তাহার দ্বার নিরোধ পূর্ব্বক

লোকা নিরুচ্ছ্বাসনিপীড়িতা ভৃশং
সলোকপালাঃ শরণং যযুর্হরিম্ ॥৮০

দেবা উচুঃ।
নৈবং বিদামো ভগবন্ প্রাণরোধং
চরাচরস্যাখিলসত্ত্বধাম্নঃ।
বিধেহি তন্নো বৃজিনাদ্ বিমোক্ষং
প্রাপ্তা বয়ং ত্বাং শরণং শরণ্যম্ ॥৮১

শ্রীভগবানুবাচ।
মা ভৈষ্ট বালং তপসো দুরত্যয়া-
নিবর্ত্তয়িষ্যে প্রতিযাত স্বধাম।
যতো হি বঃ প্রাণনিরোধ আসী-
দৌত্তানপাদির্ময়ি সঙ্গতাত্মা ॥৮২

ইতি শ্রীমদ্ভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং চতুর্থস্কন্ধে অষ্টমঃ অধ্যায়ঃ ॥

ধ্রুবে অভিধ্যায়তি সতি ভৃশম্ অত্যন্তং নিরুচ্ছ্বাসনিপীড়িতাঃ (নিরুচ্ছ্বাসেন শ্বাসনিরোধেন নিপীড়িতাঃ সন্তঃ) সলোকপালাঃ লোকপালৈঃ সহিতাঃ লোকাঃ ত্রিলোকস্থাঃ জনাঃ হরিম্ এব শরণং যযুঃ ॥৮০

দেবাঃ উচুঃ। হে ভগবন্! অখিলসত্ত্বধাম্নঃ (অখিলানাং সত্ত্বানাং সর্ব্বপ্রাণিনাং ধাম্নঃ সমূহস্য) চরাচরস্য স্থাবরজঙ্গমস্য এবং প্রাণনিরোধং তৎকারণং ন বিদামঃ ন বিদ্মঃ, অতঃ বয়ং শরণ্যং ত্বাং শরণং প্রাপ্তাঃ; অতঃ তৎ তস্মাৎ বৃজিনাৎ নঃ অস্মাকং বিমোক্ষং বিধেহি কুরু ॥৮১

শ্রীভগবান্ উবাচ। যূয়ং মা ভৈষ্ট ভয়ং মা কুরুত, স্বধাম স্বগৃহং প্রতিযাত গচ্ছত, ঔত্তানপাদিঃ উত্তানপাদস্য পুত্রঃ ময়ি বিশ্বাত্মকে সঙ্গতঃ আসীৎ। যতঃ হি তপসঃ বঃ যুষ্মাকং প্রাণনিরোধঃ আসীৎ জাতঃ, তস্মাৎ দুরত্যয়াৎ তপসঃ অহং বালকং নিবর্ত্তয়িষ্যে ॥৮২

ইতি চতুর্থে শ্রীখগেন্দ্রনাথশাস্ত্রিকৃতানুবাদে অষ্টমঃ অধ্যায়ঃ ॥

আপনার সহিত অভেদ দর্শন করিয়া বিশ্বমূর্ত্তি শ্রীভগবানের ধ্যান-পরায়ণ হইলেন, লোকপাল সহিত সমস্ত লোক শ্বাসরোধে অত্যন্ত পীড়া অনুভব করিয়া ভগবান্ শ্রীহরির শরণাগত হইলেন ॥৮০

দেবগণ বলিলেন,—হে ভগবন্! আমরা চরাচর নিখিল প্রাণীর ঈদৃশ প্রাণরোধ কখনও অনুভব করি নাই; আপনি শরণাগত-পালক, আমরা আপনার শরণাপন্ন, আপনি আমাদিগকে এই ক্লেশ হইতে রক্ষা করুন ॥৮১

শ্রীভগবান্ বলিলেন,—হে দেবগণ! যে বালক হইতে তোমাদের এই নিশ্বাস রোধ হইয়াছে, তাহাকে তপস্যা হইতে নিবৃত্ত করিতেছি। উত্তানপাদ রাজার পুত্র ধ্রুব এক্ষণে ধ্যানযোগে বিশ্বরূপ যে আমি আমার সহিত ঐক্য প্রাপ্ত হইয়া রহিয়াছে, তোমরা ভয় করিও না, স্ব-স্ব স্থানে ফিরিয়া যাও ॥৮২

শ্রীমন্মহর্ষি বেদব্যাসপ্রণীত পারমহংসী সংহিতা শ্রীমদ্ভাগবত মহাপুরাণে চতুর্থ স্কন্ধে প্রভুপাদ শ্রীরাসবিহারি-গোস্বামিকৃত-বঙ্গভাষানুবাদসহিত অষ্টম অধ্যায় সমাপ্ত।

নবমঃ অধ্যায়ঃ

[বরলাভানন্তরং ধ্রুবস্য প্রত্যাগমনং পিতৃদত্ত-রাজ্যপালনঞ্চ ।]

মৈত্রেয় উবাচ ।

ত এবমুৎসন্নভয়া উরুক্রমে
কৃতাবনামাঃ প্রযযুস্ত্রিপিষ্টপম্ ।
সহস্রশীর্ষাপি ততো গরুত্মতা
মধোর্বনং ভৃত্যদিদৃক্ষয়া গতঃ ॥১

স বৈ ধিয়া যোগবিপাকতীব্রয়া
হৃৎপদ্মকোষে স্ফুরিতং তড়িৎপ্রভম্ ।
তিরোহিতং সহসৈবোপলক্ষ্য
বহিঃস্থিতং তদবস্থং দদর্শ ॥২

তদ্দর্শনেনাগতসাধ্বসঃ ক্ষিতা-
ববন্দতাঙ্গং বিনময্য দণ্ডবৎ ।
দৃগ্ভ্যাং প্রপশ্যন্ প্রপিবন্নিবার্ভক-
শ্চুম্বন্নিবাস্যেন ভুজৈরিবাশ্লিষন্ ॥৩

স তং বিবক্ষন্তমতদ্বিদং হরি-
র্জ্ঞাত্বাস্য সর্ব্বস্য চ হৃদ্যবস্থিতঃ ।
কৃতাঞ্জলিং ব্রহ্মময়েন কম্বুনা
পস্পর্শ বালং কৃপয়া কপোলে ॥৪

মৈত্রেয়ঃ উবাচ । তে ইন্দ্রাদয়ঃ লোকপালাঃ এবং ভগবদ্বাক্যশ্রবণেন উৎসন্নভয়াঃ (উৎসন্নং গতং ভয়ং যেষাং তে) তস্মিন্ উরুক্রমে কৃতাবনামাঃ কৃতপ্রণামাঃ সন্তঃ ত্রিপিষ্টপং স্বর্গং যযুঃ ; সহস্রশীর্ষাঃ ভগবান্ অপি ভৃত্যাদিদৃক্ষয়া (ভৃত্যস্য ধ্রুবস্য দিদৃক্ষয়া) গরুত্মতা গরুড়েন মধোঃ বনং গতঃ ॥১

সঃ বৈ ধ্রুবঃ যোগবিপাকতীব্রয়া (যোগবিপাকেন প্রাণায়ামাদিদার্ঢ্যেন তীব্রয়া নিশ্চলয়া) ধিয়া হৃৎপদ্মকোষে স্ফুরিতং তড়িৎপ্রভং ভগবন্তং সহসৈব তিরোহিতম্ উপলক্ষ্য ততঃ বহিঃ তদবস্থং গরুড়াধিরূঢ়ং স্থিতং তং দদর্শ ॥২

তদ্দর্শনেনাগতসাধ্বসঃ (তস্য ভগবতঃ দর্শনেন আগতঃ প্রাপ্তঃ সাধ্বসঃ সম্ভ্রমঃ যস্য সঃ) অর্ভকঃ বালঃ অঙ্গং শরীরং ক্ষিতৌ দণ্ডবৎ বিনময্য আনতং কৃত্বা প্রপশ্যন্ দৃগ্ভ্যাং প্রপিবন্ ইব আস্যেন মুখেন চুম্বন্ ইব ভুজৈঃ আশ্লিষন্ ইব অবন্দত ॥৩

তং কৃতাঞ্জলিং বিবক্ষন্তং স্বগুণান্ বক্তুমিচ্ছন্তম্ অতদ্বিদং (ন তান্ গুণান্ জানন্তং) বালং জ্ঞাত্বা

নবম অধ্যায়

[বরলাভান্তে ধ্রুবের প্রত্যাগমন এবং
পিতৃদত্ত রাজ্যপালন ।]

মৈত্রেয় বলিলেন,—ভগবানের এই প্রকার বাক্য শ্রবণ করিয়া দেবগণের ভয় দূর হইল, তাঁহারা তাঁহাকে প্রণাম করিয়া স্বর্গে চলিয়া গেলেন। অনন্তর সহস্রশীর্ষ ভগবান্ও নিজ সেবক ধ্রুবকে দর্শন করিবার জন্য গরুড়পৃষ্ঠে আরোহণ পূর্ব্বক মধুবনে গমন করিলেন ।১

এদিকে ধ্রুব নিরন্তর ধ্যানযোগের ফলে হৃৎপদ্মকোষে স্ফুরিত বিদ্যুৎপ্রভ দৃশ ভগবানের যে রূপ দর্শন করিতেছিলেন, তাহা সহসা তিরোহিত অবলোকন করিয়া নয়ন উন্মীলন করিলেন এবং অন্তরে যে রূপ দেখিতে ছিলেন, ঠিক সেই রূপেই ভগবান্কে বাহিরেও দেখিতে পাইলেন ।২

ভগবান্কে দর্শন করিয়া ধ্রুবের আনন্দজনিত সম্ভ্রম জন্মিল, তিনি অঙ্গ অবনত করিয়া ভূমিষ্ঠ প্রণাম করিলেন ; তিনি ভগবান্কে যেন চক্ষু দ্বারা পান, মুখ দ্বারা চুম্বন এবং বাহু দ্বারা আলিঙ্গন করিতে লাগিলেন ।৩

ধ্রুবের এবং সকল জীবের অন্তর্যামী শ্রীহরি বুঝিতে

স বৈ তদৈব প্রতিপাদিতাং গিরং
দৈবীং পরিজ্ঞাতপরাত্মনির্ণয়ঃ।
তং ভক্তিভাবোঽভ্যগৃণাদসত্বরং
পরিশ্রুতোরুশ্রবসং ধ্রুবক্ষিতিঃ ॥৫

ধ্রুব উবাচ।

যোঽন্তঃ প্রবিশ্য মম বাচমিমাং প্রসুপ্তাং
সঞ্জীবয়ত্যখিলশক্তিধরঃ স্বধাম্না।
অন্যাংশ্চ হস্তচরণশ্রবণত্বগাদীন্
প্রাণান্ নমো ভগবতে পুরুষায় তুভ্যম্ ॥৬

একস্ত্বমেব ভগবন্নিদমাত্মশক্ত্যা
মায়াখ্যয়োরুগুণয়া মহদাদ্যশেষম্।
সৃষ্ট্বানুবিশ্য পুরুষস্তদসদ্গুণেষু
নানেব দারুষু বিভাবসুবদ্ বিভাসি ॥৭

ত্বদ্দত্তয়া বয়ুনয়েদমচষ্ট বিশ্বং
সুপ্তপ্রবুদ্ধ ইব নাথ ভবৎপ্রপন্নঃ।
তস্যাপবর্গ্যশরণং তব পাদমূলং
বিস্মর্য্যতে কৃতবিদা কথমার্তবন্ধো ॥৮

অস্য সর্ব্বস্য তথা ধ্রুবস্য চ হৃদি অবস্থিতঃ সঃ হরিঃ ব্রহ্মময়েন বেদাত্মকেন কম্বুনা শঙ্খেন প্রাণিজাতস্য কৃপয়া ধ্রুবস্য কপোলে পস্পর্শ ॥৪

তদৈব (ভগবতা) প্রতিপাদিতাং দৈবীং গিরং (প্রতিপন্ন) পরিজ্ঞাত-পরাত্মনির্ণয়ঃ (পরিজ্ঞাতঃ পরাত্মনোঃ জীব-ব্রহ্মণোঃ নির্ণয়ঃ যেন সঃ অতএব) ভক্তিভাবঃ (ভক্ত্যা প্রেম্না ভাবঃ যস্য সঃ) ধ্রুবক্ষিতিঃ (ধ্রুবা প্রলয়েঽপি অনশ্বরা ক্ষিতিঃ স্থানং যস্য সঃ) সঃ বৈ ধ্রুবঃ অসত্বরং পরিশ্রুতোরুশ্রবসং (পরিতঃ শ্রুতং ব্যাপ্তম্ উরু বৃহৎ শ্রবঃ যশঃ যস্য তং) ভগবন্তম্ অভ্যগৃণাৎ তুষ্টাব ॥৫

ধ্রুবঃ উবাচ। অখিলশক্তিধরঃ যঃ ভগবান্ স্বধাম্না স্বতেজসা মম অন্তঃ প্রবিশ্য ইমাং প্রসুপ্তাং লীনাং বাচম্ অন্যান্ হস্তচরণশ্রবণত্বগাদীন্ প্রাণান্ চ সংজীবয়তি (পূর্ব্বসংস্কারোদ্বোধনেন স্ব স্ব-ব্যাপারে প্রবর্ত্তয়তি) তুভ্যং ভগবতে পুরুষায় নমঃ ॥৬

হে ভগবন্! উরুগুণয়া ত্রিগুণয়া মায়াখ্যয়া আত্মশক্ত্যা ইদং মহদাদ্যশেষং জগৎ সৃষ্ট্বা তৎ অনুবিশ্য পুরুষঃ অন্তর্য্যামী দারুষু বিভাবসুবৎ অগ্নিঃ ইব একঃ এব ত্বং নানেব অসদ্গুণেষু বিভাসি ॥৭

হে নাথ! ত্বদ্দত্তয়া বয়ুনয়া জ্ঞানেন ভবৎপ্রপন্নঃ (ভবন্তং প্রপন্নঃ ব্রহ্মা) সুপ্তপ্রবুদ্ধঃ (নিদ্রিতঃ জনঃ পুনঃ জাগরিতঃ সন্) ইব ইদং বিশ্বম্ অচষ্ট অপশ্যৎ। হে আর্ত্তবন্ধো! (আর্ত্তানাং জন্ম-মৃত্যু-জরাব্যাধ্যাদিভিঃ

পারিলেন যে, ধ্রুব তাঁহার গুণ-বর্ণন করিতে ইচ্ছুক কিন্তু কিরূপে স্তব করিতে হয় জানে না, কেবল যোড়-হাতে সম্মুখে দণ্ডায়মান, তাই শ্রীহরি কৃপা করিয়া বেদময় শঙ্খ দ্বারা তাহার কপোলদেশ স্পর্শ করিলেন ॥৪

ভগবৎশঙ্খ দ্বারা স্পৃষ্ট হওয়া মাত্রেই ধ্রুবের ভগবৎবিষয়িণী বাক্‌শক্তি সমুৎপন্না হইল, তিনি পরমাত্মা ও জীবের স্বরূপ নির্ণয়ে সমর্থ হইলেন এবং ধীরভাবে বিশ্ববিখ্যাত কীর্ত্তিসম্পন্ন সেই ভগবানের স্তব আরম্ভ করিলেন—বৎস বিদুর! ইহাতেই ধ্রুবের ধ্রুবলোক প্রাপ্তি হয় ॥৫

ধ্রুব বলিলেন,—সর্ব্বশক্তিমান্ যিনি আমার অন্তরে প্রবেশ করিয়া স্বীয় অন্তর্য্যামিরূপা চিচ্ছক্তির দ্বারা আমার এই প্রসুপ্ত বাক্‌শক্তিকে এবং অপরাপর হস্ত, চরণ, শ্রবণ, ত্বক্ প্রভৃতি ইন্দ্রিয় ও প্রাণকে সঞ্জীবিত করিতেছেন, সেই পরমপুরুষ ভগবান্ আপনাকে নমস্কার করি ॥৬

হে ভগবন্! একমাত্র পরমপুরুষ আপনিই ত্রিগুণ-বিশিষ্টা মায়া নাম্নী স্বীয় শক্তি দ্বারা এই মহদাদি অশেষ বিশ্ব সৃষ্টি করিয়া উহার অভ্যন্তরে অন্তর্য্যামীরূপে প্রবেশ করিয়াছেন এবং যেমন অগ্নি এক হইলেও কাষ্ঠের বিভিন্নতাবশতঃ নানারূপে প্রকাশ পায়, তদ্রূপ আপনি এক হইলেও বিবিধরূপে প্রকাশ পাইয়া থাকেন ॥৭

হে নাথ! ব্রহ্মা আপনার শরণাপন্ন হইয়া আপনার প্রদত্ত জ্ঞান দ্বারা যেমন সুপ্ত পুরুষ জাগ্রত হইয়া দর্শন

নূনং বিমুষ্টমতয়স্তব মায়য়া তে
যে ত্বাং ভবাপ্যয়বিমোক্ষণমন্যহেতোঃ।
অর্চ্চন্তি কল্পকতরুং কুণপোপভোগ্য-
মিচ্ছন্তি যৎ স্পর্শজং নরকেঽপি নৃণাম্ ॥৯
যা নির্ব্বৃতিস্তনুভৃতাং তব পাদপদ্ম-
ধ্যানাদ্ভবজ্জনকথাশ্রবণেন বা স্যাৎ।
সা ব্রহ্মণি স্বমহিমন্যপি নাথ মা ভূৎ
কিংবান্তকাসিলুলিতাৎ পততাং বিমানাৎ ॥১০
ভক্তিং মুহুঃ প্রবহতাং ত্বয়ি মে প্রসঙ্গো
ভূয়াদনন্ত মহতামমলাশয়ানাম্।
যেনাঞ্জসোল্বণমুরুব্যসনং ভবাব্ধিং
নেষ্যে ভবদ্গুণকথামৃতপানমত্তঃ ॥১১

পীড়িতানাং বন্ধো হিতকারিন্) তস্য তব আপবর্গ্যস্বরূপং আপবর্গ্যাণাং মুক্তানাম্ অপি শরণম্ আশ্রয়ং পাদমূলং চরণকমলং কৃতবিদা (ত্বৎকৃতমুপকারং জানতা জনেন) কথং বিস্মর্য্যতে ন কথমপি ইতি ॥৮

ভবাপ্যয়বিমোক্ষণং (ভবাপ্যয়ৌ জন্ম-মরণে ততো বিমোক্ষণং যস্মাৎ তৎ) ত্বাং যে অন্যহেতোঃ অর্থ-কামাদিপ্রাপ্ত্যর্থং কল্পতরুং ত্বাম্ অর্চ্চন্তি ভজন্তি, তে নূনং নিশ্চিতং তব মায়য়া বিমুষ্টমতয়ঃ মোহিতচিত্তাঃ এব ; যতঃ তে কুণপোপভোগ্যং (কুণপেন মৃততুল্যেন দেহেন উপভোগ্যং) সুখম্ ইচ্ছন্তি, যৎ স্পর্শজং সুখং তৎ নৃণাং নরকে অপি ভবতি ॥৯

হে নাথ সর্ব্বস্বামিন্! তনুভৃতাং দেহিনাং তব পাদপদ্মধ্যানাৎ ভবজ্জনকথাশ্রবণেন (ভবজ্জনৈঃ ভক্তৈঃ সহ ভবৎকথাশ্রবণেন বা) যা নির্ব্বৃতিঃ আনন্দঃ স্যাৎ ভবতি, সা নির্ব্বৃতিঃ স্বমহিমনি তব মহিমাত্মকে ব্রহ্মণি (স্থিতস্যাপি) মা ভূৎ ন ভবতি। তর্হি অন্তকাসিলুলিতাৎ অন্তকস্য কালস্য অসিনা লবনিমেষাদিনা লুলিতাৎ খণ্ডিতাৎ) বিমানাৎ পততাং স্বর্গিণাং সা নির্ব্বৃতিঃ নাস্তি ইতি কিমু বক্তব্যম্ ॥১০

হে অনন্ত! ত্বয়ি ভগবতি বাসুদেবে মুহুঃ নিরন্তরং ভক্তিং প্রেমলক্ষণং প্রবহতাং কুর্ব্বতাম্ অমলাশয়ানাং (অমলঃ বিষয়বাসনামলরহিতঃ আশয়ঃ অন্তঃকরণং যেষাং তেষাং) মহতাং প্রসঙ্গঃ প্রকৃষ্টঃ সঙ্গঃ যে মম ভূয়াৎ। যেন এবম্ভূতমহৎপ্রসঙ্গেন ভবদ্গুণকথামৃতপানমত্তঃ (ভবৎগুণকথা এব অমৃতং তস্য পানেন মত্তঃ পরমানন্দনিমগ্নঃ) সন্ উরু ব্যসনম্ (উরূণি বহূনি ব্যসনানি দুঃখানি যস্মিন্ তম্)

করে, সেইরূপ এই বিশ্ব অবলোকন করিয়াছিলেন। হে আর্ত্তবন্ধো! আপনার পাদমূল মুক্ত পুরুষদিগেরও আশ্রয়, সুতরাং যাঁহারা আপনার দাস সর্ব্বতোভাবে উপকৃত, সেইসকল মুক্তপুরুষ কি প্রকারেই বা আপনার পাদপদ্ম বিস্মৃত হইবেন? ৮

জন্ম-মৃত্যু-নিবারক, বাঞ্ছাকল্পতরুস্বরূপ আপনাকে যাঁহারা কামাদি অন্য ফলের জন্য (নিত্যসেবালাভ ব্যতীত) আরাধনা করিয়া থাকেন, তাহারা নিশ্চয় মায়াবক্ষিপ্ত-চিত্ত ; কেননা, তাহারা শবতুল্য জড়দেহের ভোগ্য সুখ যাহা কামনা করে, সেই বিষয়-সম্বন্ধজন্য সুখ প্রাণিগণের নরকেও লাভ হইয়া থাকে ।৯

হে নাথ! ভবদীয় শ্রীচরণকমল ধ্যান ও আপনার ভক্তজনের কথাশ্রবণে দেহধারী ব্যক্তিদিগের যে আনন্দ লাভ হয়, ব্রহ্মানন্দেও সেইরূপ সুখ অনুভূত হয় না, সুতরাং অন্তকের কালরূপ অসি দ্বারা কর্ত্তিত হইয়া বিমান হইতে যে সকল লোক পতিত হইতেছে তাহাদের কথা আর কি বলিব? (ঐ সকল লোকের ঐ জাতীয় সুখলাভের সম্ভাবনা নাই, ইহা বলা বাহুল্যমাত্র) ।১০

[অনন্তর কথাশ্রবণের জন্য সৎসঙ্গপ্রার্থনা করিতেছেন] হে অনন্তদেব! যে সকল নির্ম্মল-চিত্ত মহাপুরুষগণ আপনার প্রতি সতত ভক্তি-পরায়ণ, সেই সকল সাধু মহাত্মার সহিত আমার প্রকৃষ্ট সঙ্গলাভ হউক। এবম্ভূত মহৎ-সঙ্গবলে আপনার গুণকথারূপ

তে ন স্মরন্ত্যতিতরাং প্রিয়মীশ মর্ত্ত্যং
যে চান্বদঃ সুতসুহৃদ্‌গৃহবিত্তদারাঃ।
যে ত্বজনাভ ভবদীয়পদারবিন্দ-
সৌগন্ধ্যলুব্ধহৃদয়েষু কৃতপ্রসঙ্গাঃ ॥১২
তির্য্যঙ্‌নগদ্বিজসরীসৃপদেবদৈত্য-
মর্ত্ত্যাদিভিঃ পরিচিতং সদসদ্‌বিশেষম্।
রূপং স্থবিষ্ঠমজ তে মহদাদ্যনেকং
নাতঃ পরং পরম বেদ্মি ন যত্র বাদঃ ॥১৩
কল্পান্ত এতদখিলং জঠরেণ গৃহ্ণন্
শেতে পুমান্ স্বদৃগনন্তসখস্তদঙ্কে।
যন্নাভিসিন্ধুরুহকাঞ্চনলোকপদ্ম-
গর্ভে দ্যুমান্ ভগবতে প্রণতোঽস্মি তস্মৈ ॥১৪

উল্বণং ভয়ঙ্করং ভবাব্ধিং সংসারসমুদ্রম্ অঞ্জসা অনায়াসেন নেষ্যে তরিষ্যামি ॥১১

হে ঈশ! হে অজনাভ! যে তু ভবদীয়পদারবিন্দসৌগন্ধ্যলুব্ধহৃদয়েষু (ভবদীয়পদারবিন্দয়োঃ সৌগন্ধ্যে লুব্ধং হৃদয়ং যেষাং তেষু) ভক্তেষু কৃতপ্রসঙ্গাঃ (কৃতঃ প্রকৃষ্টঃ সঙ্গঃ যৈঃ তে) অতিতরাং প্রিয়ং মর্ত্ত্যং দেহং চ অদঃ সুতসুহৃদ্‌গৃহবিত্তদারাঃ তান্ চ ন স্মরন্তি ॥১২

তির্য্যঙ্‌নগদ্বিজসরীসৃপদেবদৈত্যমর্ত্ত্যাদিভিঃ (তির্য্যঙ্‌নগাঃ বৃক্ষাঃ দ্বিজাঃ পক্ষিণঃ সরীসৃপাঃ সর্পাদয়ঃ দেবাঃ ইন্দ্রাদয়ঃ দৈত্যাঃ প্রহ্লাদাদয়ঃ মর্ত্ত্যাঃ মনুষ্যাদয়ঃ তৈঃ) পরিচিতিং ব্যাপ্তং সদসদ্‌বিশেষং (সন্তি স্থূলানি ক্ষিত্যাদিপঞ্চমহাভূতানি অসন্তি সূক্ষ্মাণি শব্দাদীনি বিশেষাঃ যস্য তৎ) মহদাদ্যনেকং (মহদাদীনি অনেকানি কারণানি যস্য তৎ) তে তব স্থবিষ্ঠং বিরাড়্‌রূপং কেবলম্ অহং বেদ্মি; অতঃপরং যত্র বাদঃ লৌকিকশব্দব্যাপারঃ ন অস্তি, হে অজ পরম! তদ্ ব্রহ্ম স্বরূপং ন বেদ্মি ॥১৩

কল্পস্য সৃষ্টিময়স্য অন্তে প্রলয়সময়ে এতৎ অখিলং সর্ব্বং ত্রৈলোক্যং জঠরেণ উদরেণ গৃহ্ণন্ (উদরে সংনিবেশ্য) অনন্তসখঃ (অনন্তঃ শেষঃ সখা সহায়ঃ যস্য সঃ) তদঙ্কে (তস্য শেষস্য অঙ্কে উৎসঙ্গে) যঃ স্বদৃক্ (স্বস্মিন্ এব ন বহিঃ দৃক্ যস্য সঃ) পুমান্ নারায়ণঃ শেতে, যন্নাভিসিন্ধুরুহকাঞ্চনলোকপদ্মগর্ভে (যস্য নাভিরেব সিন্ধুঃ সমুদ্রঃ তস্মিন্ রোহতি যৎ তদেব কাঞ্চনং সুবর্ণং ত্রিলোকাত্মকং পদ্মং তস্য গর্ভে কর্ণিকায়াং) দ্যুমান্ তেজস্বী ব্রহ্মা জাতঃ, তস্মৈ ভগবতে তুভ্যম্ অহং প্রণতঃ অস্মি ॥১৪

অমৃতপানে মত্ত হইয়া অতিশয় দুঃখপূর্ণ এই ভীষণ ভবসাগর অনায়াসেই উত্তীর্ণ হইতে পারিব ।১১

হে ঈশ! হে পদ্মনাভ! আপনার চরণকমলের সুগন্ধে যাঁহাদের হৃদয় প্রলুব্ধ, সেই সজ্জনগণের সহিত যাঁহারা সঙ্গ করিয়া থাকেন, তাঁহারা এই নশ্বর দেহ এবং তদনুবর্ত্তী যে পুত্র, মিত্র, গৃহ, বিত্ত ও পত্নী প্রভৃতি ইহার কোনটিই আর চিন্তা করেন না ।১২

হে অজ! হে পরমপুরুষ! আপনার এই বিরাট্‌রূপ—যাহা পশু, পক্ষী, নগ, সরীসৃপ, দেবতা, দৈত্য, দানব প্রভৃতি অনেক বস্তু যাহার কারণ, আমি কেবলমাত্র এবম্ভূত রূপই জানি, কিন্তু এতদ্ভিন্ন আপনার যে ঈশ্বর-স্বরূপ ও শব্দাদি-বিষয়শূন্য ব্রহ্ম-স্বরূপ আছে, তাহা আমি অবগত নহি (অতএব আমার অভিমান নিবৃত্ত হয় নাই) ।১৩

[তখনই ঈশ্বরের অনুকম্পায় অজ্ঞাত রূপ দুইটি জানিতে পারিয়া প্রণাম করিতেছেন] যে পরমপুরুষ প্রলয়কালে এই নিখিল জগৎ আত্মজঠরে ধারণ করত যোগ-নিদ্রা অবলম্বন পূর্ব্বক অনন্তনামকে সহায় করিয়া তাঁহারই ক্রোড়ে শয়ন করিয়া থাকেন এবং যাঁহার নাভিরূপ সমুদ্রে উৎপন্ন কাঞ্চনময় লোকপদ্মের কর্ণিকায় তেজস্বী ব্রহ্মা উৎপন্ন হন, আমি সেই পরমপুরুষ ভগবান্‌কে প্রণাম করি ।১৪

ত্বং নিত্যমুক্তপরিশুদ্ধবিবুদ্ধ আত্মা
কূটস্থ আদিপুরুষো ভগবাংস্ত্র্যধীশঃ।
যদ্বুদ্ধ্যবস্থিতিমখণ্ডিতয়া স্বদৃষ্ট্যা
দ্রষ্টা স্থিতাবধিমখো ব্যতিরিক্ত আৎসে ॥১৫
যস্মিন্ বিরুদ্ধগতয়ো হ্যনিশং পতন্তি
বিদ্যাদয়ো বিবিধশক্তয় আনুপূর্ব্যাৎ।
তদ্ব্রহ্ম বিশ্বভবমেকমনন্তমাদ্য-
মানন্দমাত্রমবিকারমহং প্রপদ্যে ॥১৬

ত্বং নিত্যমুক্তঃ অবিদ্যাবন্ধরহিতঃ, পরিশুদ্ধঃ রাগ-দ্বেষাদিমলরহিতঃ, বিশুদ্ধঃ, বিবুদ্ধঃ সর্ব্বজ্ঞঃ, আত্মা ব্যাপকঃ, কূটস্থঃ নির্বিকারঃ, আদিপুরুষঃ, ভগবান্ ঐশ্বর্য্যাদিগুণপূর্ণঃ, ত্র্যধীশঃ (ত্রয়াণাং সত্ত্বরজস্তমসাং মায়াগুণানাং বা ত্রয়াণাং লোকানাং যদ্বা ভূত-ভবিষ্যদ্ বর্ত্তমানানাং কালানাম্ অধীশঃ নিয়ন্তা), যৎ যতঃ বুদ্ধ্যবস্থিতিঃ (বুদ্ধেঃ অবস্থিতিং তাং তাং অবস্থাম্) অখণ্ডিতয়া স্বদৃষ্ট্যা চিচ্ছক্ত্যা দ্রষ্টা পশ্যসি, তথাভূত-স্ত্বং স্থিতৌ পালনে অধিমখঃ যজ্ঞাধিষ্ঠাতা বিষ্ণুঃ (জীবাৎ) ব্যতিরিক্তঃ আৎসে তিষ্ঠসি ॥১৫

বিরুদ্ধগতয়ঃ (বিরুদ্ধা গতিঃ স্বভাবঃ যেষাং তে বিভিন্নাশ্রয়াঃ ধর্ম্মাঃ) যস্মিন্ অনিশং নিরন্তরং পতন্তি বর্ত্তন্তে, তথা বিদ্যাদয়ঃ বিবিধশক্তয়ঃ যস্য সেবায়াং আনুপূর্ব্যাৎ পর্য্যায়েণ স্বস্বাধিকারানুসারেণ পতন্তি

হে প্রভো! আপনি নিত্যমুক্ত, জীব তদ্রূপ নহে, (আপনার প্রসন্নতা ভিন্ন মুক্ত হইতে পারে না) ; আপনি পরিশুদ্ধ, জীব মলিন ; আপনি সর্ব্বজ্ঞ, জীব অজ্ঞ ; আপনি আত্মা, জীব জড় ; আপনি নির্ব্বিকার, জীব বিকারী ; আপনি আদিপুরুষ (জন্মরহিত), জীব আদিমান্ (জন্মযুক্ত) ; আপনি পূর্ণ ঐশ্বর্য্যশালী, জীব ঐশ্বর্য্যহীন ; আপনি ত্রিগুণের অধীশ্বর, জীব গুণত্রয়ের অধীন। আপনি স্বীয় অখণ্ডিত চিন্ময় দৃষ্টি দ্বারা বুদ্ধির সমস্ত অবস্থাকেই দর্শন করিয়া থাকেন। (ঐরূপ হইয়াও) আপনি বিশ্বের পালনের নিমিত্ত যজ্ঞাধিষ্ঠাতা

সত্যাশিষো হি ভগবংস্তব পাদপদ্ম-
মাশীস্তথানুভজতঃ পুরুষার্থমূর্ত্তেঃ।
অপ্যেবমার্য্য ভগবান্ পরিপাতি দীনান্
বাশ্রেব বৎসকমনুগ্রহকাতরোঽস্মান্ ॥১৭

মৈত্রেয় উবাচ।

অথাভিষ্টূত এবং বৈ সংসঙ্কল্পেন ধীমতা।
ভৃত্যানুরক্তো ভগবান্ প্রতিনন্দ্যেদমব্রবীৎ ॥১৮

উপতিষ্ঠন্তে, যৎ ব্রহ্ম ব্যাপকং বিশ্বভবং (বিশ্বস্য ভবঃ জন্ম যস্মাৎ তৎ), আদ্যম্, অনন্তম্, একম্, অবিকারং বৃদ্ধিক্ষয়াদিবিকারশূন্যম্ আনন্দমাত্রং তম্ অহং প্রপদ্যে শরণং ব্রজামি ॥১৬

হে ভগবন্! যদ্যপি পুরুষার্থমূর্ত্তেঃ (পুরুষার্থঃ পুরুষ-প্রার্থনাবিষয়ঃ পরমানন্দঃ এব মূর্ত্তিঃ যস্য তস্য) এব সর্ব্বতাপনিবর্ত্তকং পাদপদ্মং চরণারবিন্দম্ এব অনুভজতঃ অনু নিরন্তরং ভজতঃ পুরুষস্য আশিষঃ রাজ্যাদেঃ সকাশাৎ হি নিশ্চিতং সত্যা আশীঃ পরমার্থফলং, হে আর্য্য পূজ্য! দীনান্ সকামান্ অস্মান্ বৎসকং বাশ্রা নবপ্রসূতা ধেনুঃ ইব অনুগ্রহকাতরঃ স্নেহপরবশঃ ভগবান্ ভবান্ পরিপাতি তত্তন্মনোরথ-পূরণেন পালয়তি ॥১৭

মৈত্রেয়ঃ উবাচ। এবম্ উক্তপ্রকারেণ সংসঙ্কল্পেন

শ্রীবিষ্ণুরূপে বর্ত্তমান আছেন, [সুতরাং আপনি জীব হইতে সর্ব্বপ্রকারে বিভিন্ন] ।১৫

পরস্পর বিরুদ্ধভাবাপন্ন বিদ্যা ও অবিদ্যা প্রভৃতি নানাবিধ শক্তিসমূহ যাঁহা হইতে নিরন্তর উদ্ভূত হইতেছে, যিনি বিশ্বের কারণ, অখণ্ড, অনন্ত, অনাদি, আনন্দমাত্র ও অবিকার, সেই পরব্রহ্ম শ্রীভগবচ্চরণে শরণ গ্রহণ করিলাম ।১৬

হে ভগবন্! আপনার মূর্ত্তি পরমানন্দস্বরূপ, যে সকল পুরুষ নিষ্কাম হইয়া আপনাকেই পুরুষার্থ জানিয়া ভজনা করে, তাঁহাদের পক্ষে যদিও আপনার

শ্রীভগবানুবাচ।

বেদাহং তে ব্যবসিতং হৃদি রাজন্যবালক।
তৎ প্রযচ্ছামি ভদ্রং তে দুরাপমপি সুব্রত ॥১৯
নান্যৈরধিষ্ঠিতং ভদ্র যদ্‌ব্রাজিষ্ণু ধ্রুবক্ষিতি।
যত্র গ্রহর্ক্ষতারাণাং জ্যোতিষাং চক্রমাহিতম্।
মেধ্যাং গোচক্রবৎ স্থাস্নু পরস্তাৎ কল্পবাসিনাম্ ॥২০
ধর্ম্মোঽগ্নিঃ কশ্যপ শক্রো মুনয়ো যে বনৌকসঃ।
চরন্তি দক্ষিণীকৃত্যভ্রমন্তো যৎ সতারকাঃ ॥২১
প্রস্থিতে তু বনং পিত্রা দত্ত্বা গাং ধর্ম্মসংশ্রয়ঃ।
ষট্‌ত্রিংশদ্‌বর্ষসাহস্রং রক্ষিতাঽব্যাহতেন্দ্রিয়ঃ ॥২২

(সতি ভগবতি সঙ্কল্পঃ মনোরথঃ যস্য তেন) ধীমতা বৈ ধ্রুবেণ অভিষ্টুতঃ কৃত্যানুরক্তঃ ভগবান্ অথ তস্য প্রার্থনাং প্রতিনন্দ্য ইদম্ অব্রবীৎ ॥১৮

শ্রীভগবান্ উবাচ। হে রাজন্যবালক! তে ভদ্রং কল্যাণং ভবতু। যৎ তে হৃদি ব্যবসিতং সর্ব্বোৎকৃষ্টং স্থানম্ আকাঙ্ক্ষিতং, তৎ অহং বেদ জানামি। তৎ অন্যৈঃ দুরাপম্ অপি হে সুব্রত! তুভ্যং প্রযচ্ছামি ॥১৯

হে ভদ্র! যৎ ব্রাজিষ্ণু প্রকাশমানং স্থানম্ অন্যৈঃ মদাদিভিঃ অপি ন অধিষ্ঠিতং প্রাগুং, যত্র গ্রহর্ক্ষতারাণাং জ্যোতিষাং চক্রম্ আহিতং নিবদ্ধং মেধ্যাং (ধান্যাক্রমণায় ভ্রাম্যমাণানাং পশূনাং বন্ধন-স্তম্ভঃ মেধী তস্যাং) গোচক্রবৎ বলীবর্দ্দসমূহবৎ কল্পবাসিনাং পরস্তাৎ স্থাস্নু (লোকত্রয়নাশেঽপি স্থিতি-শীলং) ধ্রুবক্ষিতি (ধ্রুবা ক্ষিতিঃ নিবাসো যস্মিন্ তৎ) ॥২০

ধর্ম্মঃ অগ্নিঃ কশ্যপঃ শক্রঃ বনৌকসঃ বানপ্রস্থাঃ মুনয়ঃ সতারকাঃ সপ্তর্ষয়ঃ যৎস্থানং দক্ষিণীকৃত্য ভ্রমন্তঃ চরন্তি, তৎ তে প্রযচ্ছামি ইতি পূর্ব্বেণান্বয়ঃ ॥২১

গাং পৃথ্বীং তুভ্যং দত্ত্বা পিত্রা বনং প্রস্থিতে সতি ত্বম্ অব্যাহতেন্দ্রিয়ঃ (ন ব্যাহতানি শ্রান্তানি ইন্দ্রিয়াণি যস্য সঃ) ধর্ম্মসংশ্রয়ঃ (ধর্ম্মঃ সংশ্রয়ঃ আশ্রয়ঃ যস্য তথাবিধঃ সন্) ষট্‌ত্রিংশদ্‌বর্ষসাহস্রং পৃথিবীং রক্ষিতা রক্ষিষ্যসি ॥২২

পাদপদ্ম রাজ্যাদি অপেক্ষাও পরম অর্থ ইহা সত্য, তথাপি হে নাথ! ধেনু যেমন ক্ষুদ্র বৎসকে রক্ষা করে, আপনিও তদ্রূপ অনুগ্রহ পূর্ব্বক আমার মত আর্ত্ত সকাম ব্যক্তিদিগকে রক্ষা করিয়া থাকেন। মৈত্রেয় বলিলেন,—হে বিদুর! সাধুসঙ্কল্পসম্পন্ন ধীমান্ ধ্রুব এইরূপ স্তব করিলে পর ভক্তবৎসল ভগবান্ আনন্দিত হইয়া এইরূপ বলিলেন ।১৭-১৮

শ্রীভগবান্ বলিলেন,—হে ক্ষত্রিয়কুমার! তোমার হৃদয়ের সঙ্কল্প অবগত হইলাম। হে সুব্রত! তোমার মঙ্গল হউক, আমি তোমাকে দুষ্প্রাপ্য স্থান প্রদান করিতেছি ।১৯

হে ভদ্র! সে স্থানে অন্য কেহ কখনও অধিষ্ঠান করিতে পারে নাই, তাহা সততই দীপ্তিশালী, নিত্যস্থায়ী এবং উহাতে গ্রহ, নক্ষত্র এবং তারকাসমন্বিত শিশুমার-নামক জ্যোতিশ্চক্র সংযুক্ত রহিয়াছে। মেধি-স্তম্ভে (ধান্য মাড়িবার জন্য গো-মহিষ-বন্ধনার্থ স্তম্ভবিশেষ) নিবদ্ধ বলীবর্দ্দসমূহের ন্যায় কল্পের শেষ পর্য্যন্ত যাঁহারা বাস করিবেন, তাঁহাদের বিনাশ হইলেও ঐ স্থান কখনও বিনষ্ট হইবে না ।২০

ধর্ম্ম, অগ্নি, কশ্যপ, ইন্দ্র ও সপ্তর্ষি ইঁহারা তারকাগণের সহিত নিরন্তর ঐ স্থানকে প্রদক্ষিণ করিয়া ভ্রমণ করিতেছেন ।২১

[এইরূপ স্থান তোমাকে প্রদান করিলাম ঐ স্থান তুমি রাজ্য-ভোগান্তর প্রাপ্ত হইবে]। সম্প্রতি তোমার পিতা তোমার হস্তে পৃথিবীর ভার অর্পণ করিয়া বনে গমন করিলে, তুমি ধর্ম্মসমাশ্রয়পূর্ব্বক অব্যাকুলিতচিত্তে ষট্‌ত্রিংশৎ বর্ষসহস্র সেই রাজ্য পালন করিবে ।২২

ত্বদ্ভ্রাতর্য্যুত্তমে নষ্টে মৃগয়ায়াস্তু তন্মনাঃ।
অন্বেষন্তী বনং মাতা দাবাগ্নিং সা প্রবেক্ষ্যতি ॥২৩
ইষ্ট্বা মাং যজ্ঞহৃদয়ং যজ্ঞৈঃ পুষ্কলদক্ষিণৈঃ।
ভুক্ত্বা চেহাশিষঃ সত্যা অন্তে মাং সংস্মরিষ্যসি ॥২৪
ততো গন্তাসি মৎস্থানং সর্ব্বলোকনমস্কৃতম্।
উপরিষ্টাদৃষিভ্যস্ত্বং যতো নাবর্ত্ততে যতিঃ ॥২৫

মৈত্রেয় উবাচ।

ইত্যর্চ্চিতঃ স ভগবানতিদিশ্যাত্মনঃ পদম্।
বালস্য পশ্যতো ধাম স্বমগাদ্ গরুড়ধ্বজঃ ॥২৬
সোঽপি সঙ্কল্পজং বিষ্ণোঃ পাদসেবোপসাদিতম্।
প্রাপ্য সঙ্কল্পনির্ব্বাণং নাতিপ্রীতোঽভ্যগাৎ পুরম্ ॥২৭

বিদুর উবাচ

দুরন্বয়ং বৎ পরমং পদং হরে-
র্মায়াবিনস্তচ্চরণার্চ্চনার্জ্জিতম্।
লব্ধ্বাপ্যসিদ্ধার্থমিবৈকচেতসা
কথং স্বমাত্মানমমন্যতার্থবিৎ ॥২৮

ত্বদ্ভ্রাতরি উত্তমে মৃগয়ায়াং নষ্টে সতি তন্মনাঃ (তস্মিন্ এব মনঃ যস্যাঃ সা) উত্তমমাতা বনম্ অন্বেষন্তী (বনে উত্তমান্বেষণং কুর্ব্বতী) তত্রোত্থিতং দাবাগ্নিং সা প্রবেক্ষ্যতি ॥২৩

পুষ্কলদক্ষিণৈঃ উত্তমোপস্করৈঃ যজ্ঞৈঃ যজ্ঞহৃদয়ং (যজ্ঞঃ হৃদয়ং প্রিয়া মূর্ত্তিঃ যস্য তং) মাম্ ইষ্ট্বা সত্যাঃ আশিষঃ উত্তমান্ ভোগান্ চ ইহ ভুক্ত্বা অন্তে ভোগাবসানে মাং সংস্মরিষ্যসি ॥২৪

ততঃ অনন্তরম্ ঋষিভ্যঃ উপরিষ্টাৎ বর্ত্তমানং সর্ব্বলোকনমস্কৃতং মৎস্থানং ধ্রুবং গন্তাসি গমিষ্যসি। যতঃ স্থানাৎ (তত্র গতঃ) যতিঃ ন আবর্ত্ততে প্রচ্যুতঃ ন ভবতি ॥২৫

তোমার ভ্রাতা উত্তম মৃগয়া করিতে গিয়া বিনষ্ট হইলে, তোমার বিমাতা সুরুচি তন্মনা হইয়া বনে বনে অন্বেষণ করিতে করিতে দাবাগ্নিতে প্রবেশ করিবে ।২৩

[তোমার ইচ্ছা না থাকিলেও আমার ভক্তের হোহাচরণে এইরূপ হইবে]। হে বৎস! যজ্ঞ আমার অতি প্রিয়, তুমি প্রচুর দক্ষিণাসম্পন্ন বহুপ্রকার যজ্ঞ দ্বারা আমার আরাধনা পূর্ব্বক ইহলোকেই সমস্ত কাম-ভোগ করিয়া অন্তে আমাকে স্মরণ করিবে ।২৪

অনন্তর আমার ধামে গমন করিবে; আমার ধাম সর্ব্বলোক-নমস্কৃত এবং ঋষিগণের স্থানের উপরেও বর্ত্তমান, যতিগণ ঐ স্থানে গমন করিয়া থাকেন, তথা হইতে পুনরাবৃত্তি হয় না ।২৫

মৈত্রেয় বলিলেন,—'হে বিদুর! ভগবান্ এইরূপে অর্চ্চিত হইয়া বালক ধ্রুবকে আপনার পরম পদ প্রদান পূর্ব্বক তাহার সমক্ষেই গরুড়ে আরোহণ করিয়া আপনার ধামে গমন করিলেন ।২৬

ধ্রুবও শ্রীহরির পাদসেবন দ্বারা সকল সঙ্কল্পের সমাপ্তিরূপ মনোরথ লাভ করিয়া পিতৃভবনাভিমুখে প্রত্যাগমন করিলেন বটে, কিন্তু তাঁহার চিত্ত তত প্রীত হয় নাই। বিদুর বলিলেন,—হে মৈত্রেয়! যে সকল বিষয়াবিষ্টচিত্ত ব্যক্তি জনসমাজে সম্মানলাভ ও ঐশ্বর্য্যপ্রাপ্তির জন্যই ধার্ম্মিকরূপে শ্রীভগবানের ভজনা করে, তাহারা বহু জন্মেও তাঁহার চরণসেবার বিশেষ ফলভাগী হয় না। কিন্তু ধ্রুব ভগবান্ হরির সুদুর্লভ পরমপদ এক জন্মে লাভ করিয়াও নিজেকে কেন অপূর্ণ মনোরথ মনে করিয়াছিলেন? ২৭-২৮

মৈত্রেয়ঃ উবাচ। গরুড়ধ্বজঃ সঃ ভগবান্ ইতি এবম্ অর্চ্চিতঃ আরাধিতঃ সন্ আত্মনঃ পদং স্থানং ধ্রুবায় অতিদিশ্য দত্ত্বা বালস্য তস্য পশ্যতঃ এব স্বং ধাম অগাৎ গতঃ ॥২৬

সঃ ধ্রুবঃ অপি সঙ্কল্পনির্বাণং (সঙ্কল্পস্য নির্ব্বাণং সমাপ্তিঃ যস্মাৎ তং পূর্ণমনোরথং) বিষ্ণোঃ পাদসেবোপসাদিতং (পাদসেবয়া উপসাদিতং) সঙ্কল্পজং মনোরথং প্রাপ্য ন অতিপ্রীতঃ এব পুরং অভ্যগাৎ আগতঃ ॥২৭

বিদুরঃ উবাচ। মায়াবিনঃ (মায়য়া মোহিনরূপেন বিষয়াবিষ্টচিত্তস্য লাভপূজার্থদম্ভেন ভক্তত্বং প্রকটয়তঃ পুংসঃ) দুরন্বয়ং যৎ তৎ চরণার্চ্চনার্জ্জিতং (হরেঃ চরণার্চ্চনেন অর্জ্জিতং) হরেঃ পরমং পদং একচেতসা

মৈত্রেয় উবাচ।

মাতুঃ সপত্ন্যা বাষাগৈর্হৃদি বিদ্ধস্তু তান্ স্মরন্।
নৈচ্ছন্মুক্তিপতের্মুক্তিং পশ্চাত্তাপমুপেয়িবান্ ॥২৯

ধ্রুব উবাচ।

সমাধিনা নৈকভবেন যৎপদং
বিদুঃ সনন্দাদয় ঊর্দ্ধরেতসঃ।
মাসৈরহং ষড়্ভিরমুষ্য পাদয়ো-
শ্ছায়ামুপেত্যাপগতঃ পৃথন্মতিঃ ॥৩০

লব্ধ্বা অপি অর্থবিৎ বিদ্ধঃ ধ্রুবঃ কথং স্বম্ আত্মানম্ অসিদ্ধার্থম্ অপ্রাপ্তমনোরথম্ ইব অমন্যত ॥২৮

মৈত্রেয়ঃ উবাচ। মাতুঃ সপত্ন্যাঃ সুরুচ্যাঃ বাষাগৈঃ (বাচঃ এব বাণাঃ তৈঃ) হৃদি বিদ্ধঃ মর্ম্মাহতঃ ধ্রুবঃ তান্ বিষয়ান্ স্মরন্ মুক্তিপতেঃ সকাশাৎ মুক্তিং ন ঐচ্ছৎ, অতঃ পশ্চাৎ-তাপম্ অনুতাপম্ উপেয়িবান্ প্রাপ ॥২৯

ধ্রুবঃ উবাচ। নৈকভবেন (ন একে অনেকে ভবাঃ জন্মানি যস্মিন্ তেন বহুজন্মাভ্যস্তেন) সমাধিনা ঊর্দ্ধরেতসঃ (জন্মারভ্য নিরুদ্ধেন্দ্রিয়ান্তঃকরণাঃ) সনন্দাদয়ঃ যৎপদং (যস্য ভগবতঃ পদং স্বরূপং কেবলং) বিদুঃ জ্ঞাতবন্তঃ, ষড়্ভিঃ এব মাসৈঃ অহং অমুষ্য ভগবতঃ পাদয়োঃ ছায়াম্ উপেত্য প্রাপ্যাপি, পৃথন্মতিঃ ভেদদর্শী অহম্ অপগতঃ ততঃ নিবৃত্তঃ দুঃখার্ণবে পতিতঃ ॥৩০

মৈত্রেয় বলিলেন,—বিমাতার বাক্যরূপ বাণ ধ্রুবের হৃদয়ে বিদ্ধ হইয়া রহিয়াছিল, তাহা স্মরণ হওয়াতে তিনি মুক্তিপ্রদ ভগবানের সন্নিধানে মুক্তি প্রার্থনা করেন নাই, কিন্তু পরে মনস্তাপ উপস্থিত হইয়াছিল।২৯

অনুতপ্ত হইয়া ধ্রুব বলিতে লাগিলেন—অহো! কি কষ্ট! সনন্দ প্রভৃতি ঊর্দ্ধরেতা মহর্ষিগণ বহু জন্মের অভ্যস্ত সমাধির ফলে যে পদ জানিতে পারেন, আমি ছয় মাসের মধ্যেই সেই পাদপদ্মের ছায়া প্রাপ্ত হইয়াও ভেদদৃষ্টিবশতঃ অধঃপতিতই রহিলাম।৩০

অহোবত মমানাত্ম্যং মন্দভাগ্যস্য পশ্যত।
ভবচ্ছিদঃ পাদমূলং গত্বাঽযাচে যদন্তবৎ ॥৩১

মতির্বিদূষিতা দেবৈঃ পতদ্ভিরসহিষ্ণুভিঃ।
যো নারদবচস্তথ্যং নাগ্রাহীষমসত্তমঃ ॥৩২

দৈবীং মায়ামুপাশ্রিত্য প্রসুপ্ত ইব ভিন্নদৃক্।
তপ্যে দ্বিতীয়েঽপ্যসতি ভ্রাতৃ-ভ্রাতৃব্যহৃদ্রুজা ॥৩৩

অহো আশ্চর্য্যং! বত কষ্টং খেদে! মন্দভাগ্যস্য মম অনাত্ম্যং হৃদয়রাহিত্যং পশ্যত! যতঃ ভবচ্ছিদঃ সংসারোচ্ছেদকস্য পাদমূলং গত্বা প্রাপ্য অপি যৎ অন্তবৎ বিনাশি এব তৎ রাজ্যাদিকম্ অহম্ অযাচে যাচিতবান্ অস্মি ॥৩১

(ভোগেষু) পতদ্ভিঃ (অতএব জীবন্ত্য বৈরাগ্যম্) অসহিষ্ণুভিঃ অসহনশীলৈঃ দেবৈঃ ইন্দ্রিয়াদ্যধিষ্ঠাতৃভিঃ মম মতিঃ বিদূষিতা। অসত্তমঃ (বিদূষিতান্তঃকরণঃ) যঃ অহং তথ্যং সত্যম্ অপি নারদবচঃ ন অগ্রাহীষং ন গৃহীতবান্ ॥৩২

দৈবীং জগন্মোহিনীং দেবশক্তিং মায়াম্ উপাশ্রিত্য প্রসুপ্তঃ পুরুষঃ ভিন্নদিক্ স্বপ্নান্ পশ্যন্ (স্বব্যতিরিক্তে অসতি ব্যাঘ্রাদৌ যথা তপ্যতে, তথা অহং) দ্বিতীয়ে অসতি অপি বিষয়ে ভ্রাতৃভ্রাতৃব্যহৃদ্রুজা (ভ্রাতা এব

হায়! আমি বড়ই মন্দভাগ্য। আমার অজ্ঞতা দর্শন কর। আমি সংসারবিনাশক শ্রীহরির পাদমূলে উপস্থিত হইয়াও বিনশ্বর বস্তু প্রার্থনা করিয়াছি।৩১

[সম্ভাব্য অজ্ঞতার কারণ অনুমান করিতেছেন] বোধ হয়, দেবতাগণ আমা অপেক্ষা নিম্নলোকে তাহাদের অবস্থান হইতে পারে এইরূপ মনে করিয়া অসহিষ্ণু বশতঃ আমার বুদ্ধি বিকৃত করিয়া দিয়া থাকিবেন, তাহা না হইলে আমার ন্যায় অসত্তম ব্যক্তি দেবর্ষি নারদের হিতকরবাক্য অগ্রাহ্য করিবে কেন? ৩২

নিদ্রিত ব্যক্তি যেমন স্বপ্ন দর্শন করে, সেইরূপ

ময়ৈতৎ প্রার্থিতং ব্যর্থং চিকিৎসেব গতায়ুষি।
প্রসাদ্য জগদাত্মানং তপসা দুষ্প্রসাদনম্।
ভবচ্ছিদমযাচেঽহং ভবং ভাগ্যবিবর্জিতঃ ॥৩৪
স্বারাজ্যং যচ্ছতো মৌঢ্যান্মানো মে ভিক্ষিতো বত।
ঈশ্বরাৎ ক্ষীণপুণ্যেন ফল্গুকারানিবাধনঃ ॥৩৫

মৈত্রেয় উবাচ।

ন বৈ মুকুন্দস্য পদারবিন্দয়ো
রজোজুষস্তাত ভবাদৃশা জনাঃ।
বাঞ্ছন্তি তদ্দাস্যমৃতেঽর্থমাত্মনো
যদৃচ্ছয়া লব্ধমনঃসমৃদ্ধয়ঃ ॥৩৬
আকর্ণ্যাত্মজমায়ান্তং সম্পরেত্য যথাগতম্।
রাজা ন শ্রদ্দধে ভদ্রমভদ্রস্য কুতো মম ॥৩৭
শ্রদ্ধায় বাক্যং দেবর্ষের্হর্ষবেগেন ধর্ষিতঃ।
বার্তাহর্তুরতিপ্রীতো হারং প্রাদান্মহাধনম্ ॥৩৮
সদশ্বং রথমারুহ্য কার্তস্বরপরিষ্কৃতম্।
ব্রাহ্মণৈঃ কুলবৃদ্ধৈশ্চ পর্য্যস্তোঽমাত্যবন্ধুভিঃ ॥৩৯

দুঃপদত্বাৎ ভ্রাতৃব্যঃ শত্রুঃ ইতি ভেদদৃষ্ট্যা) হৃদয়-রোগেণ তপ্যে তাপম্ অনুভবামি ॥৩৩

দুষ্প্রসাদনম্ অন্যৈঃ প্রসাদয়িতুমশক্যং ভবচ্ছিদং সংসারোদ্ধারকং জগদাত্মানং পরমপুরুষং তপসা প্রসাদ্য ময়া এতৎ রাজ্যাদিকং যৎ প্রার্থিতং, তৎ গতায়ুষি (গতং সমাপ্তম্ আয়ুর্যস্য তস্মিন্ জনে) চিকিৎসা ইব ব্যর্থং মিথ্যা এব ; যতঃ ভাগ্যবিবর্জিতঃ অহং ভবং সংসারম্ অযাচে ॥৩৪

যথা অধনঃ জনঃ ঈশ্বরাৎ ধনবতঃ ফল্গুকারান্ লঙ্ঘতণ্ডুলকণান্ যাচতে, তথা স্বারাজ্যং নিজানন্দং যচ্ছতঃ ভগবতঃ সকাশাৎ ক্ষীণপুণ্যেন মে ময়া বত খেদে মৌঢ্যাৎ মানঃ অভিমানহেতুঃ রাজ্যাদিঃ ভিক্ষিতঃ যাচিতঃ ॥৩৫

মৈত্রেয়ঃ উবাচ। হে তাত বিদুর! ভবাদৃশঃ নিরুপাধিকভক্তাঃ মুকুন্দস্য (মুকং দদাতীতি তস্য মুক্তিদাতুঃ) ভগবতঃ পদারবিন্দয়োঃ রজোজুষঃ সেবা-তৎপরাঃ যদৃচ্ছয়া লব্ধমনঃ সমৃদ্ধয়ঃ (যাচ্ঞাদিপ্রযত্নং বিনৈব লব্ধেন মনসঃ সমৃদ্ধিঃ মনোরথপূর্তির্যেষাং তে) জনাঃ তস্য দাস্যম্ ঋতে সেবাং বিনা অন্যম্ আত্মনঃ অর্থং বৈ ন বাঞ্ছন্তি ॥৩৬

সম্পরেত্য মৃত্বা পুনঃ আগতং জীবিতম্ ইব আত্মজং ধ্রুবম্ আয়ান্তম্ আকর্ণ্য অপি অভদ্রস্য ভাগ্য-হীনস্য মম ইদং পুত্রাগমনরূপং ভদ্রং মঙ্গলং কুতঃ স্যাৎ ইতি মত্বা রাজা উত্তানপাদঃ পুত্রাগমনসংবাদং ন শ্রদ্দধে ॥৩৭

ততশ্চ দেবর্ষেঃ নারদস্য বাক্যং শ্রদ্ধায় হর্ষবেগেন

আমি দৈবীমায়া আশ্রয় পূর্ব্বক ভিন্নদৃষ্টি হইয়া—বস্তুতঃ দ্বিতীয় বস্তু না থাকিলেও ভ্রাতাকে শত্রু বোধ করিয়া—মনস্তাপে তাপিত হইতেছি ।৩৩

তপস্যা দ্বারা যাঁহার প্রসন্নতা লাভ করা দুঃসাধ্য, ভববন্ধন-মোচনকারী সেই জগদাত্মা পরমেশ্বরকে প্রসন্ন করিয়া ভাগ্যহীন আমি তাঁহার নিকট সংসার প্রার্থনা করিয়াছি ; গতায়ু ব্যক্তির চিকিৎসা যেমন নিষ্ফল হয়, তদ্রূপ আমার প্রার্থিত বিষয়ও নিরর্থক হইল ।৩৪

যেমন নির্ধন ব্যক্তি রাজচক্রবর্ত্তীর নিকট তুষযুক্ত তণ্ডুলকণাই প্রার্থনা করিয়া থাকে, তদ্রূপ আমি এমন ক্ষীণপুণ্য আত্মানন্দ (দেবানন্দ) প্রদানে উদ্যত শ্রীভগবানের নিকট মূঢ়তাবশতঃ (উচ্চপদরূপ) অভিমান প্রার্থনা করিয়াছি ।৩৫

মৈত্রেয় বলিলেন,—বৎস বিদুর। তোমার ন্যায় যে সকল ব্যক্তি মুকুন্দের পাদপদ্ম-পরাগরেণুর ভজনা করেন, তাঁহারা সেই ভগবানের দাস্য ভিন্ন অন্য কিছুই প্রার্থনা করেন না, যদৃচ্ছাক্রমে যাহা উপস্থিত হয় তাহাতেই তাঁহারা (শ্রীহরির প্রসাদজ্ঞানে) আত্মসন্তোষ লাভ করিয়া থাকেন ।৩৬

এদিকে রাজা উত্তানপাদ পুত্র ধ্রুব প্রত্যাগমন করিতেছে শুনিয়া (বার্ত্তাবহমুখে) যেরূপ মৃত ব্যক্তি ফিরিয়া আসিতেছে শ্রবণ করিলে কেহ বিশ্বাস করে না,

শঙ্খদুন্দুভিনাদেন ব্রহ্মঘোষেণ বেণুভিঃ।
নিশ্চক্রাম পুরাৎ তূর্ণমাত্মজাবেক্ষণোৎসুকঃ ॥৪০
সুনীতিঃ সুরুচিশ্চাস্য মহিষ্যৌ রুক্মভূষিতে।
আরুহ্য শিবিকাং সার্দ্ধমুত্তমেনাভিজগ্মতুঃ ॥৪১
তং দৃষ্ট্বোপবনাভ্যাসে আয়ান্তং তরসা রথাৎ।
অবরুহ্য নৃপস্তূর্ণমাসাদ্য প্রেমবিহ্বলঃ ॥৪২
পরিরেভেঽঙ্গজং দোর্ভ্যাং দীর্ঘোৎকণ্ঠমনাঃ শ্বসন্।
বিষ্বক্সেনাঙ্ঘ্রিসংস্পর্শহতাশেষাঘবন্ধনম্ ॥৪৩
তথাঘ্রিয়ন্ মুহুর্মূর্দ্ধি শান্তৈর্নয়নবারিভিঃ।
স্নাপয়ামাস তনয়ং জাতোদ্দামমনোরথঃ ॥৪৪

ধর্ষিতঃ তিরস্কৃতঃ অতিপ্রীতঃ সন্ বার্ত্তাহর্তুঃ (সংবাদদাত্রে) মহাধনং হারং প্রাদাৎ ॥৩৮

সদশ্বং (সন্তঃ শ্রেষ্ঠাঃ অশ্বাঃ যস্মিন্ তং) কার্ত্তস্বরপরিষ্কৃতং (কার্ত্তস্বরং সুবর্ণং তেন পরিষ্কৃতং ভূষিতং) রথম্ আরুহ্য ব্রাহ্মণৈঃ কুলবৃদ্ধৈঃ অমাত্যবন্ধুভিঃ চ পর্য্যস্তঃ পরিবৃতঃ তথা শঙ্খদুন্দুভিনাদেন ব্রহ্মঘোষেণ বেদপাঠশব্দেন বেণুভিঃ বেণুশব্দৈশ্চ সহ আত্মজাবেক্ষণোৎসুকঃ (আত্মজস্য অবেক্ষণে দর্শনে উৎসুকঃ উৎসাহঃ যস্য সঃ রাজা) তূর্ণং শীঘ্রং পুরাৎ নিশ্চক্রাম ॥৩৯-৪০

রুক্মভূষিতে সুবর্ণালঙ্কৃতে অস্য উত্তানপাদস্য মহিষ্যৌ সুনীতিঃ সুরুচিশ্চ উত্তমেন সার্দ্ধং শিবিকাং নরযানম্ আরুহ্য অভিমুখং জগ্মতুঃ ॥৪১

আয়ান্তং তং ধ্রুবম্ উপবনাভ্যাসে দৃষ্ট্বা প্রেমবিহ্বলঃ নৃপঃ তূর্ণং শীঘ্রং রথাৎ অবরুহ্য তরসা বেগেন আসাদ্য সমীপং গত্বা ॥৪২

দীর্ঘোৎকণ্ঠমনাঃ (দীর্ঘকালপর্য্যন্তম্ উৎকণ্ঠাযুক্তং মনো যস্য সঃ) শ্বসন্ দীর্ঘশ্বাসান্ মুঞ্চন্ বিষ্বক্সেনাঙ্ঘ্রিসংস্পর্শহতাশেষাঘবন্ধনং (বিষ্বক্ সর্ব্বতঃ সেনা আজ্ঞা যস্য তস্য ভগবতঃ অঙ্ঘ্রিসংস্পর্শেন হতম্ অশেষম্ অঘবন্ধনং সংসারকারণং যস্য তম্) অঙ্গজং পুত্রং দোর্ভ্যাং হস্তাভ্যাং পরিরেভে আলিঙ্গিতবান্ ॥৪৩

অথ জাতোদ্দামমনোরথং (জাতঃ সংসিদ্ধঃ উদ্দামঃ মহান্ পুত্রপ্রাপ্তিলক্ষণঃ মনোরথঃ যস্য সঃ রাজা) মুহুঃ তনয়ং মূর্দ্ধি ঘ্রিয়ন্ শান্তৈঃ প্রেমোদ্ভবৈঃ নয়নবারিভিঃ স্নাপয়ামাস ॥৪৪

তদ্রূপ সেই কথায় বিশ্বাস করিলেন না, তাঁহার মনে হইল—আমি নিতান্ত অভদ্র, আমার মঙ্গল হইবার সম্ভাবনা কোথায় ? ৩৭

অনন্তর দেবর্ষি নারদের বাক্যে ('অচিরেই তোমার পুত্র প্রত্যাগমন করিবে') উপর বিশ্বাস করিয়া রাজা আনন্দবেগে অধীর হইলেন এবং প্রীত হইয়া বার্ত্তাহারিকে মহামূল্য হার পারিতোষিক প্রদান করিলেন ।৩৮

রাজা পুত্রকে দেখিবার জন্য অত্যন্ত উৎসুক হইয়া ব্রাহ্মণ, কুলবৃদ্ধ ও অমাত্যবন্ধুগণে পরিবৃত হইয়া উত্তম অশ্বযুক্ত স্বর্ণখচিত রথে আরোহণ করিয়া মাঙ্গলিক শঙ্খ, দুন্দুভি, বংশী ও ব্রাহ্মণগণের বেদপাঠধ্বনির সঙ্গে সঙ্গে অতি সত্বর পুর হইতে বহির্গত হইলেন ।৩৯-৪০

সুনীতি ও সুরুচি রাজমহিষীদ্বয় স্বর্ণালঙ্কারে ভূষিত হইয়া উত্তমকে সঙ্গে লইয়া শিবিকারোহণে ধ্রুবের অভিমুখে গমন করিলেন ।৪১

অনন্তর যখন দৃষ্ট হইল যে, ধ্রুব উপবনসমীপে আগতপ্রায়, তখন রাজা রথ হইতে শীঘ্র অবতরণ পূর্ব্বক অতিবেগে তাঁহার নিকটে গমন করিলেন এবং প্রেমে বিহ্বল হইয়া দীর্ঘশ্বাস পরিত্যাগ করিতে করিতে শ্রীভগবানের শ্রীচরণস্পর্শে যাহার সমুদয় পাপবন্ধন বিনষ্ট হইয়াছে, সেই স্বীয় পুত্র ধ্রুবকে বাহুযুগলের দ্বারা আলিঙ্গন করিলেন ।৪২-৪৩

অনন্তর উত্তানপাদ পূর্ণমনোরথ পুত্রের মস্তক বারংবার আঘ্রাণ করিতে লাগিলেন এবং আনন্দাশ্রু দ্বারা তাঁহাকে অভিষিক্ত করিলেন ।৪৪

অভিবন্দ্য পিতুঃ পাদাবাশীভিশ্চাভিমন্ত্রিতঃ।
ননাম মাতরৌ শীর্ষ্ণা সংকৃতঃ সজ্জনাগ্রণীঃ ॥৪৫
সুরুচিস্তং সমুত্থাপ্য পাদাবনতমর্ভকম্।
পরিষ্বজ্যাহ জীবেতি বাষ্পগদ্গদয়া গিরা ॥৪৬
যস্য প্রসন্নো ভগবান্ গুণৈর্মৈত্র্যাদিভির্হরিঃ।
তস্মৈ নমন্তি ভূতানি নিম্নমাপ ইব স্বয়ম্ ॥৪৭
উত্তমশ্চ ধ্রুবশ্চেতাবন্যোন্যং প্রেমবিহ্বলৌ।
অঙ্গসঙ্গাদুৎপুলকাবস্রৌঘং মুহুরূহতুঃ ॥৪৮
সুনীতিরস্য জননী প্রাণেভ্যোঽপি প্রিয়ং সুতম্।
উপগুহ্য ভুজাবাধিং তদঙ্গস্পর্শনির্বৃতা ॥৪৯
পয়ঃ স্তনাভ্যাং সুস্রাব নেত্রজৈঃ সলিলৈঃ শিবৈঃ।
তদাভিষিচ্যমানাভ্যাং বীর বীরসবো মুহুঃ ॥৫০
তাং শশংসুর্জনা রাজ্ঞীং দিষ্ট্যা তে পুত্র আর্তিহা।
প্রতিলব্ধশ্চিরং নষ্টো রক্ষিতা মণ্ডলং ভুবঃ ॥৫১

প্রথমতঃ পিতুঃ পাদৌ অভিবন্দ্য তেন আশীভিঃ অভিমন্ত্রিতঃ সংকৃতঃ চ সজ্জনাগ্রণীঃ (সজ্জনানাং নিরহঙ্কারিণাম্ অগ্রণীঃ মুখ্যঃ ধ্রুবঃ) মাতরৌ শীর্ষ্ণা ননাম ॥৪৫

সুরুচিঃ পাদৌ পাদয়োঃ অবনতম্ অর্ভকং বালকং সমুত্থাপ্য পরিষ্বজ্য আলিঙ্গ্য বাষ্পগদ্গদয়া গিরা জীব ইতি আশীর্ব্বচনং তং ধ্রুবম্ আহ ॥৪৬

যস্য মৈত্র্যাদিভিঃ গুণৈঃ ভগবান্ হরিঃ প্রসন্নঃ ভবতি, তস্মৈ আপঃ স্বয়ং নিম্নং প্রদেশম্ ইব সর্ব্বাণি ভূতানি স্বয়ম্ এব নমন্তি (তম্ অনুসরন্তি) ॥৪৭

উত্তমঃ ধ্রুবঃ চ অন্যোন্যম্ অঙ্গসঙ্গাৎ উৎপুলকৌ রোমাঞ্চিতৌ প্রেমবিহ্বলৌ অস্রৌঘং বাষ্পপ্রবাহং মুহুঃ ঊহতুঃ মুমুচতুঃ ॥৪৮

অস্য জননী সুনীতিঃ প্রাণেভ্যঃ অপি প্রিয়ং সুতং ধ্রুবম্ উপগুহ্য তদঙ্গস্পর্শনির্বৃতা (তস্য অঙ্গস্পর্শেন নির্বৃতা আনন্দিতা সতী) আধিং তদ্বিয়োগজাং মনঃপীড়াং জহৌ ॥৪৯

হে বীর বিদুর! তদা বীরসূঃ ধ্রুবমাতুঃ শিবৈঃ আনন্দোদ্ভবৈঃ নেত্রজৈঃ সলিলৈঃ অভিষিচ্যমানাভ্যাং স্তনাভ্যাং পয়ঃ মুহুঃ সুস্রাব ॥৫০

চিরং নষ্টঃ বহুকালম্ অদর্শনং গতঃ তে তব পুত্রঃ দিষ্ট্যা এব প্রতিলব্ধঃ পুনঃ দর্শনং গতঃ সন্ আর্তিহা দুঃখনাশকঃ আস্তে, সঃ ভুবঃ মণ্ডলং রক্ষিতা রক্ষিষ্যতি ইতি উক্ত্বা জনাঃ রাজ্ঞীং তাং প্রশশংসুঃ ॥৫১

সজ্জনাগ্রগণ্য ধ্রুবও পিতার চরণযুগল বন্দনা করিলেন. পিতার আশীর্ব্বাদ ও সম্ভাষণ প্রাপ্ত হইলেন। তৎপরে ধ্রুব মাতা ও বিমাতাকে ভূমিষ্ঠ হইয়া প্রণাম করিলেন। সুরুচি নিজ চরণে প্রণত সেই বালক ধ্রুবকে (হস্তধারণ পূর্ব্বক) উঠাইয়া আলিঙ্গন পূর্ব্বক বাষ্পগদ্গদবাক্যে বলিলেন,—বৎস! দীর্ঘজীবী হও ।৪৫-৪৬

(সুরুচির এই প্রকার প্রীতির আচরণ করার কারণ) শ্রীহরি যাহার মৈত্র্যাদিগুণে প্রসন্ন হন, নিখিলজীব নিম্নদেশগামিনী সলিলধারার স্বভাব-গতির ন্যায় তাহার নিকট অবনত হইয়া থাকে ।৪৭

অনন্তর উত্তম ও ধ্রুব উভয়েই প্রেমে বিহ্বল হইয়া পরস্পরকে আলিঙ্গন করিলেন। উভয়ের অঙ্গস্পর্শে উভয়েরই গাত্র পুলকভরে কণ্টকিত হইল এবং উভয়েই পুনঃ পুনঃ আনন্দাশ্রু বিসর্জ্জন করিতে লাগিলেন। ধ্রুবের জননী সুনীতি প্রাণ অপেক্ষা প্রিয় পুত্রকে ক্রোড়ে লইলেন এবং আত্মজের অঙ্গস্পর্শজনিত সুখানুভবে মনঃপীড়া পরিত্যাগ করিলেন ।৪৮-৪৯

হে বীর বিদুর! তৎকালে বীরপ্রসবিনী সুনীতির আনন্দাশ্রুজলে স্তনদ্বয় সিক্ত হইল এবং তাহা হইতে পুনঃ পুনঃ দুগ্ধ ক্ষরিত হইতে লাগিল ।৫০

তত্রস্থ জনগণ সুনীতিকে প্রশংসা করিয়া বলিতে লাগিলেন,—হে রাজ্ঞি! আপনার এই পুত্র বহুদিন অদর্শনে থাকিবার পর সৌভাগ্যক্রমে পুনর্ব্বার লব্ধ হইলেন, ইনি আপনার ক্লেশনিবারক, ইনি ভূমণ্ডলের

অভ্যর্চ্চিতস্ত্বয়া নূনং ভগবান্ প্রণতার্ত্তিহা।
যদমুধ্যায়িনো ধীরা মৃত্যুং জিগ্যুঃ সুদুর্জ্জয়ম্ ॥৫২
লাল্যমানং জনৈরেবং ধ্রুবং সভ্রাতরং নৃপঃ।
আরোপ্য করিণীং হৃষ্টঃ স্তূয়মানোঽবিশৎ পুরম্ ॥৫৩
তত্র তত্রোপসংকল্পৈর্লসন্মকরতোরণৈঃ।
সবৃন্তৈঃ কদলীস্তম্ভৈঃ পুগপোতৈশ্চ তদ্বিধৈঃ ॥৫৪
চূতপল্লববাসঃস্রগ্ভির্মুক্তাদামবিলম্বিভিঃ।
উপস্কৃতং প্রতিদ্বারমপাং কুম্ভৈঃ সদীপকৈঃ ॥৫৫
প্রাকারৈর্গোপুরাগারৈঃ শাতকুম্ভপরিচ্ছদৈঃ।
সর্ব্বতোঽলঙ্কৃতং শ্রীমদ্বিমানশিখরদ্যুভিঃ ॥৫৬
মৃষ্টচত্বররথ্যাট্টমার্গং চন্দনচর্চ্চিতম্।
লাজাক্ষতৈঃ পুষ্পফলৈস্তণ্ডুলৈর্বলিভির্যুতম্ ॥৫৭
ধ্রুবায় পথি দৃষ্টায় তত্র তত্র পুরস্ত্রিয়ঃ।
সিদ্ধার্থাক্ষতদধ্যম্বুদূর্ব্বাপুষ্পফলানি চ ॥৫৮

যদমুধ্যায়িনঃ যস্য ধ্যানপরাঃ ধীরাঃ সুদুর্জ্জয়ং মৃত্যুং জিগ্যুঃ জিতবন্তঃ, সঃ প্রণতার্ত্তিহা শরণাগতদুঃখহারী ভগবান্ নূনং নিশ্চিতং ত্বয়া অভ্যর্চ্চিতঃ ॥৫২

এবং জনৈঃ লাল্যমানং সভ্রাতরং ধ্রুবং করিণীম্ আরোপ্য বন্দিভিঃ স্তূয়মানঃ নৃপঃ হৃষ্টঃ সন্ পুরম্ অবিশৎ ॥৫৩

তত্র তত্র উপসংকল্পৈঃ রচিতৈঃ লসন্মকরতোরণৈঃ (লসদ্ভিঃ মকরতোরণৈঃ) সবৃন্তৈঃ ফলপুষ্পাদি-সহিতৈঃ কদলীস্তম্ভৈঃ তথা তদ্বিধৈঃ সবৃন্তৈঃ পুগপোতৈঃ পূগানাং পোতৈঃ বালবৃক্ষৈঃ ॥৫৪

চূতপল্লববাসঃস্রগ্ভির্মুক্তাদামবিলম্বিভিঃ (চূতাঃ আম্রাঃ তেষাং পল্লবাঃ বাসাংসি স্রজশ্চ মুক্তাদামানি চ তেষাং বিলম্বনম্ অস্তি যেষু তৈঃ) সদীপকৈঃ অপাং কুম্ভৈঃ চ প্রতিদ্বারম্ উপস্কৃতম্ অলঙ্কৃতম্ ॥৫৫

প্রাকারৈঃ গোপুরাগারৈঃ (গোপুরৈঃ পুরদ্বারৈঃ আগারৈঃ গৃহৈঃ) শাতকুম্ভপরিচ্ছদৈঃ (শাতকুম্ভাঃ স্বর্ণ-ময়াঃ পরিচ্ছদাঃ পরিকরাঃ যেষু তৈঃ) শ্রীমদ্বিমান-শিখরদ্যুভিঃ (শ্রীমতাং বিমানানামিব শিখরৈর্দ্যুতির্যেষাং তৈঃ) সর্ব্বতঃ অলঙ্কৃতম্ ॥৫৬

মৃষ্টচত্বররথ্যাট্টমার্গং (চত্বরঃ চতুষ্পথঃ, রথ্যাঃ রাজমার্গঃ, অট্টঃ হর্ম্মস্য উচ্চস্য উপরি নির্ম্মিতা ভূমিকা, মার্গঃ মৃষ্টাঃ সম্মার্জ্জিতাঃ যস্মিন্) চন্দনমিশ্রিতজলৈঃ সিক্তং লাজাঃ ভৃষ্টধানাঃ, অক্ষতাঃ যবাঃ, বলয়ঃ মৃষ্টান্নানি, তৈঃ যুতম্ ॥৫৭

তত্র তত্র পথি মার্গে দৃষ্টায় ধ্রুবায় পুরস্ত্রিয়ঃ বাৎসল্যাৎ স্নেহাৎ সতীঃ শ্রেষ্ঠাঃ আশিষঃ প্রাযুঞ্জানাঃ

রক্ষক হইবেন। হে রাজ্ঞি! যাঁহার ধ্যান করিয়া ধীর ব্যক্তিরা সুদুর্জ্জয় মৃত্যুকেও জয় করিয়া থাকেন, আপনি নিশ্চয় সেই প্রণতজনের ক্লেশহারী ভগবান্ শ্রীহরির আরাধনা করিয়াছেন ।৫১-৫২

এই প্রকারে সকল পুরবাসিগণ ধ্রুবের গুণকীর্ত্তন করিতে থাকিলে রাজা উত্তানপাদ ভ্রাতার সহিত ধ্রুবকে একটি হস্তিনীর পৃষ্ঠে আরোহণ করাইয়া পুরীতে প্রবেশ করিলেন, তখন সকল লোক তাঁহার প্রশংসা করিতে লাগিল ।৫৩

পুরের প্রত্যেক দ্বারে ফল-মঞ্জরীযুক্ত কদলীস্তম্ভ ও তদ্বিধ নবীন তরুকে শোভিত গুবাকবৃক্ষ স্থাপিত ছিল, মকরাকৃতি তোরণের উপরিভাগে ফুলমালা সুশোভিত ছিল এবং আম্রপল্লব, মনোবস্ত্র, মাল্য এবং লম্বিত মুক্তাদাম-শোভিত প্রদীপ সহ জলপূর্ণ কুম্ভ দ্বারা প্রত্যেক দ্বার সুশোভিত ।৫৪-৫৫

সেই পুরীর প্রাচীর, গোপুর (ফটক) ও আগার (পুরদ্বার) সকল স্বর্ণময় পরিচ্ছদে বিভূষিত হইয়া সুন্দর বিমানশিখরতুল্য শোভাবিশিষ্ট হইয়াছিল ।৫৬

সেই পুরের সম্মার্জ্জিত অঙ্গন, রাজপথ, উচ্চ হর্ম্মোপরি নির্ম্মিত রম্যভূমিকাসকল (ভ্রমণ স্থান) এবং ক্ষুদ্র মার্গসমূহ চন্দনজলে সিক্ত ছিল এবং তাহাতে লাজ (খৈ), যব, পুষ্প, ফল ও তণ্ডুল এবং অন্যান্য পূজোপহারে সুশোভিত ছিল ।৫৭

উপজহ্রুঃ প্রযুক্তানা বাৎসল্যাদাশিসঃ সতীঃ।
শৃণ্বংস্তদ্বল্গুগীতানি প্রাবিশদ্ভবনং পিতুঃ ॥৫৯
মহামণিব্রাতময়ে স তস্মিন্ ভবনোত্তমে।
লালিতো নিতরাং পিত্রা স্ববসদ্দিবি দেববৎ ॥৬০
পয়ঃফেননিভাঃ শয্যা দান্তা রুক্মপরিচ্ছদাঃ।
আসনানি মহার্হাণি যত্র রৌক্মা উপস্করাঃ ॥৬১
যত্র স্ফটিককুড্যেষু মহামারকতেষু চ।
মণিপ্রদীপা আভান্তি ললনারত্নসংযুতাঃ ॥৬২
উদ্যানানি চ রম্যাণি বিচিত্রৈরমরদ্রুমৈঃ।
কূজদ্বিহঙ্গমিথুনৈর্গায়ন্মত্তমধুব্রতৈঃ ॥৬৩
বাপ্যো বৈদূর্য্যসোপানাঃ পদ্মোৎপলকুমুদ্বতীঃ।
হংসকারণ্ডবকুলৈর্জুষ্টাশ্চক্রাহ্বসারসৈঃ ॥৬৪
উত্তানপাদো রাজর্ষিঃ প্রভাবং তনয়স্য তম্।
শ্রুত্বা দৃষ্ট্বাদ্ভুততমং প্রপেদে বিস্ময়ং পরম্ ॥৬৫

সত্যঃ সিদ্ধার্থঃ শ্বেতসর্ষপঃ, অক্ষতাঃ যবাঃ, দধি, অম্বু, দূর্ব্বা পুষ্পফলানি উপজহ্রুঃ সমর্পিতবত্যঃ। ধ্রুবশ্চ তদ্বল্গুগীতানি (তাসাং বল্গূনি মনোহরাণি গীতানি) শৃণ্বন্ পিতুঃ ভবনং প্রাবিশৎ ইতি উত্তরেণান্বয়ঃ। সঃ ধ্রুবঃ তস্মিন্ মহামণিব্রাতময়ে মহামণিসমূহখচিতে ভবনোত্তমে নিতরাং পিত্রা লালিতঃ সৎকৃতঃ সন্ দিবি দেববৎ ন্যবসৎ ॥৫৮-৬০

যত্র পয়ঃফেননিভাঃ কোমলাঃ শুভ্রাঃ রুক্মপরিচ্ছদাঃ সুবর্ণখচিতাঃ দান্তাঃ গজদন্তনির্ম্মিতাঃ শয্যাঃ, মহার্হাণি অতিশ্রেষ্ঠানি আসনানি, রৌক্মাঃ সুবর্ণনির্ম্মিতাঃ উপস্করাঃ পাত্রাদয়ঃ আভান্তি ॥৬১

যত্র মহামারকতেষু স্ফটিককুড্যেষু ললনারত্ন-সংযুতাঃ মণিপ্রদীপাঃ আভান্তি ॥৬২

তথা কূজদ্বিহঙ্গমিথুনৈঃ কূজন্তি বিহঙ্গমিথুনানি যেষু তৈঃ) গায়ন্মত্তমধুব্রতৈঃ (গায়ন্তঃ মত্তাঃ মধুব্রতাঃ ভ্রমরাঃ যেষু তৈঃ) অমরদ্রুমৈঃ রম্যাণি মনোহরাণি উদ্যানানি আভান্তি ॥৬৩

বৈদূর্য্যসোপানাঃ পদ্মোৎপলকুমুদ্বতীঃ হংসকারণ্ডবকুলৈঃ চক্রাহ্বসারসৈঃ জুষ্টাঃ সেবিতাঃ বাপ্যঃ যত্র আভান্তি ॥৬৪

রাজর্ষিঃ উত্তানপাদঃ তনয়স্য তং ভগবদারাধনা-রূপং ধ্রুবস্থিতিপ্রাপ্তিরূপং চ অদ্ভুততমং প্রভাবং শ্রুত্বা তল্লক্ষণং চ দৃষ্ট্বা পরং বিস্ময়ং প্রপেদে ॥৬৫

সাধ্বী পুরন্ধ্রীগণ সেই সেই পথে ধ্রুবকে আসিতে দেখিয়া বাৎসল্য-বশতঃ তাহাকে আশীর্ব্বাদ করিতে করিতে শ্বেতসর্ষপ, যব, দধি, দূর্ব্বা, পুষ্প, ফল প্রভৃতি উপহার প্রদান করিতে লাগিলেন। ধ্রুব তাহাদের মনোহর গুণগান শ্রবণ করিতে করিতে রাজভবনে প্রবেশ করিলেন। দেবতারা স্বর্গে যেমন সুখে বাস করেন, সেইরূপ ধ্রুব সেই রাজপুরে মহামূল্য মণি-সমূহ দ্বারা খচিত উত্তম গৃহে পিতা কর্ত্তৃক অত্যন্ত সমাদৃত হইয়া পরম সুখে বাস করিতে লাগিলেন ॥৫৮-৬০

সেই ভবনে হস্তিদন্ত-নির্ম্মিত পালঙ্কে স্বর্ণময় পরিচ্ছদে শোভিত দুগ্ধফেননিভশয্যা, মহামূল্য আসন ও কাঞ্চনময় গৃহোপকরণ-সমূহ বিদ্যমান ছিল। ঐ ভবনে উত্তম মরকতমণিখচিত স্ফটিকময় ভিত্তিতে রত্ন-নির্ম্মিত স্ত্রীমূর্ত্তির উপর সংস্থাপিত মণিময় প্রদীপসমূহ দীপ্তি পাইতেছিল। ভবন-সন্নিকটস্থ মনোহর উদ্যানসমূহ বিরাজিত ছিল। সেই সকল বৃক্ষের উপর বিহঙ্গ-মিথুন সুমধুর স্বরে কূজন এবং মধুকর-নিকর গুণ গুণ রবে গান করিতে লাগিল ॥৬১-৬৩

উদ্যানস্থ বাপীতটে বৈদূর্য্যমণিখচিত সোপানাবলী শোভিত ছিল এবং জলমধ্যে পদ্ম উৎপল ও কুমুদরাজি প্রস্ফুটিত ছিল, তাহাতে হংস, কারণ্ডব, চক্রবাক ও সারসাদি জলচর পক্ষিসকল পরিশোভিত ছিল। রাজা উত্তানপাদ স্বীয় পুত্রের অত্যাশ্চর্য্য প্রভাব দর্শন ও শ্রবণ করিয়া সাতিশয় বিস্ময়াপন্ন হইলেন ॥৬৪-৬৫

বীক্ষ্যোঢ়বয়সং পুত্রং প্রকৃতীনাঞ্চ সম্মতম্ ।
অনুরক্তপ্রজং রাজা ধ্রুবং চক্রে ভুবঃ পতিম্ ॥৬৬

আত্মানঞ্চ প্রবয়সমাকলয্য বিশাংপতিঃ ।
বনং বিরক্তঃ প্রাতিষ্ঠদ্ বিমৃশন্নাত্মনো গতিম্ ॥৬৭

ইতি শ্রীমদ্ভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং চতুর্থস্কন্ধে নবমঃ অধ্যায়ঃ ॥

ঊঢ়বয়সং প্রাপ্তযৌবনং পুত্রং বীক্ষ্য তথা প্রকৃতীনাম্ অমাত্যাদীনাং সম্মতম্ অভিমতং জ্ঞাত্বা রাজা অনুরক্তপ্রজম্ (অনুরক্তাঃ প্রজাঃ যস্মিন্ তং) ধ্রুবং ভুবঃ পতিং চক্রে (রাজ্যে অভিষিক্তবান্) ॥৬৬

আত্মানঞ্চ প্রবয়সং বৃদ্ধম্ আকলয্য দৃষ্ট্বা

বিশাংপতিঃ রাজা (বিষয়াৎ) বিরক্তঃ সন্ আত্মনঃ পরমাত্মনঃ গতিং তত্ত্বং বিমৃশন্ বিচারয়ন্ বনং প্রাতিষ্ঠৎ ॥৬৭

ইতি চতুর্থে স্কন্ধে শ্রীখগেন্দ্রনাথশাস্ত্রিকৃতান্বয়ে নবমঃ অধ্যায়ঃ ॥

অনন্তর উত্তানপাদ যখন দেখিলেন পুত্র ধ্রুব যৌবন প্রাপ্ত হইয়াছে, প্রজাগণ তাঁহার প্রতি অনুরক্ত, অমাত্যগণও সম্মত আছেন, তখন তিনি ধ্রুবকে পৃথিবীর অধীশ্বর করিলেন। (রাজপদে অভিষিক্ত করিলেন)।

পরে প্রজাপালক উত্তানপাদ নিজে বৃদ্ধ হইয়াছেন বুঝিয়া শ্রীহরি-লাভের উপায় চিন্তা করিতে করিতে বিষয়ভোগে বিরক্ত হইয়া বনে প্রস্থান করিলেন ।৬৬-৬৭

শ্রীমন্মহর্ষিবেদব্যাসপ্রণীত পারমহংসী সংহিতা শ্রীমদ্ভাগবতমহাপুরাণের চতুর্থ স্কন্ধে প্রভুপাদ শ্রীরাসবিহারি-গোস্বামিকৃত বঙ্গভাষানুবাদসহিত নবম অধ্যায় সমাপ্ত ।

দশমঃ অধ্যায়ঃ

[স্বভ্রাতুরুত্তমস্য যক্ষঘাতাৎ বধং শ্রুত্বা ক্রুদ্ধস্য ধ্রুবস্য যুদ্ধম্, যক্ষাণাং সংহারারম্ভশ্চ ।]

মৈত্রেয় উবাচ ।
প্রজাপতেদুহিতরং শিশুমারস্য বৈ ধ্রুবঃ ।
উপযেমে ভ্রমিং নাম তৎসুতৌ কল্প-বৎসরৌ ॥১

ইলায়ামপি ভার্য্যায়াং বায়োঃ পুত্র্যাং মহাবলঃ ।
পুত্রমুৎকলনামানং যোষিদ্রত্নমজীজনৎ ॥২
উত্তমস্ত্বকৃতোদ্বাহো মৃগয়ায়াং বলীয়সা ।

মৈত্রেয়ঃ উবাচ । প্রজাপতেঃ শিশুমারস্য দুহিতরং বৈ প্রসিদ্ধাং ভ্রমিং ধ্রুবঃ উপযেমে বিবাহিতবান্, তৎসুতৌতস্যাঃ ভ্রমেঃ সুতৌ কল্প-বৎসরৌ আস্তাম্ ॥১

তথা বায়োঃ পুত্র্যান্ ইলায়াং ভার্য্যায়াম্ অপি মহাবলঃ ধ্রুবঃ উৎকলনামানং পুত্রং যোষিদ্রত্নং (যোষিতাং রত্নমিব মনোহরাং) পুত্রীং চ অজীজনৎ

দশম অধ্যায়

[যক্ষ কর্ত্তৃক স্বভ্রাতা উত্তমের বধ শুনিয়া ধ্রুবের যুদ্ধ এবং যক্ষগণের সংহারারম্ভ ।]

মৈত্রেয় বলিলেন,—হে বিদুর। ধ্রুব প্রজাপতি শিশুমার-তনয়া ভ্রমিকে বিবাহ করিয়াছিলেন। তাঁহার গর্ভে কল্প ও বৎসর নামে দুইটী পুত্র জন্মিয়াছিল ।১

মহাবলসম্পন্ন ধ্রুব বায়ুকন্যা ইলাকেও বিবাহ করিয়াছিলেন। সেই পত্নীর গর্ভে উৎকল নামে একটী

হতঃ পুণ্যজনেনাদ্রৌ তস্মাতাস্য গতিং গতা ॥৩

ধ্রুবো ভ্রাতৃবধং শ্রুত্বা কোপামর্ষশুচার্পিতঃ।
জৈত্রং স্যন্দনমাস্থায় গতঃ পুণ্যজনালয়ম্ ॥৪

গত্বোদীচীং দিশং রাজা রুদ্রানুচরসেবিতাম্।
দদর্শ হিমবদ্দ্রোণ্যাং পুরীং গুহ্যকসঙ্কুলাম্ ॥৫

দধ্মৌ শঙ্খং বৃহদ্বাহুঃ খং দিশশ্চানুনাদয়ন্।
যেনোদ্বিগ্নদৃশঃ ক্ষত্তরুপদেব্যোঽত্রসন্ ভৃশম্ ॥৬

ততো নিষ্ক্রম্য বলিন উপদেবমহাভটাঃ।
অসহন্তস্তন্নিনাদমভিপেতুরুদায়ুধাঃ ॥৭

স তানাপততো ধীরানুগ্রধন্বা মহারথঃ।
একৈকং যুগপৎ সর্ব্বানহন্ বাণৈস্ত্রিভিস্ত্রিভিঃ ॥৮

তে বৈ ললাটলগ্নৈস্তৈরিষুভিঃ সর্ব্ব এব হি।
মত্বা নিরস্তমাত্মানমাশংসন্ কর্ম্ম তস্য তৎ ॥৯

উৎপাদয়ামাস ॥২

উত্তমঃ তু অকৃতোদ্বাহঃ এব মৃগয়ায়াং বলীয়সা পুণ্যজনেন যক্ষেণ অদ্রৌ হিমবতি হতঃ। তস্য মাতা সুরুচিশ্চ অস্য উত্তমস্য গতিং মৃত্যুং গতা ॥৩

ভ্রাতৃবধম্ (ভ্রাতুরুত্তমস্য বধং) শ্রুত্বা কোপামর্ষ-শুচার্পিতঃ (কোপেন অমর্ষেণ শুচা শোকেন চ অর্পিতঃ যুক্তঃ সন্) জৈত্রং জয়শীলং স্যন্দনং রথম্ আস্থায় আরুহ্য ধ্রুবঃ পুণ্যজনালয়ং পুণ্যজনস্য যক্ষস্য আলয়ং অগচ্ছৎ ॥৪

উদীচীম্ উত্তরাং দিশং গত্বা রাজা ধ্রুবঃ রুদ্রানু-চরসেবিতাং (রুদ্রানুচরৈঃ ভূতপ্রেতপিশাচাদিভিঃ সেবিতাং) গুহ্যকসঙ্কুলাং (গুহ্যকৈঃ যক্ষৈঃ সঙ্কুলাং ব্যাপ্তাং) হিমবদ্দ্রোণ্যাং পুরীম্ অলকাং দদর্শ ॥৫

তত্র গত্বা বৃহদ্বাহুঃ ধ্রুবঃ খম্ আকাশং দিশশ্চ অনুনাদয়ন্ ঘোষয়ন্ শঙ্খং দধ্মৌ বাদিতবান্। হে ক্ষত্তঃ! তেন শব্দেন উদ্বিগ্নদৃশঃ উপদেব্যঃ যক্ষস্ত্রিয়ঃ ভৃশম্ অত্যন্তম্ অত্রসন্ ভীতাঃ বভূবুঃ ॥৬

তং নিনাদম্ অহসন্তঃ বলিনঃ উপদেবস্য কুবেরস্য মহাভটাঃ যোদ্ধারঃ, ততঃ পুরাৎ নিষ্ক্রম্য উদায়ুধাঃ উদ্যতাস্ত্রাঃ অভিপেতুঃ (যুদ্ধার্থম্ সম্মুখম্ আজগ্মুঃ) ॥৭

সঃ উগ্রধন্বা (উগ্রম্ অপ্রধৃষ্যং ধনুঃ যস্য সঃ) মহারথঃ (মহান্ রথঃ যস্য সঃ) বীরঃ ধ্রুবঃ আপততঃ তান্ সর্ব্বান্ একৈকং ত্রিভিঃ ত্রিভিঃ বাণৈঃ যুগপৎ একদৈব অহন্ ॥৮

তে বৈ সর্ব্বে এব হি যক্ষাঃ তৈঃ ললাটলগ্নৈঃ (ললাটে লগ্নৈঃ) ইষুভিঃ বাণৈঃ আত্মানং নিরস্তং তিরস্কৃতং মত্বা তস্য ধ্রুবস্য তৎ কর্ম্ম আশংসন্ শ্লাঘিতবন্তঃ ॥৯

পুত্র ও একটী কন্যা-রত্ন উৎপাদন করিয়াছিলেন ।২

অকৃতদার উত্তম একদা মৃগয়ার্থ হিমাচলে গমন করিয়া তথায় এক বলবান্ যক্ষ কর্তৃক নিহত হইয়াছিলেন, তাঁহার মাতাও (পুত্রকে অনুসন্ধান করিতে যাইয়া সেই পর্ব্বতের নিকট দাবানলে দগ্ধ হইয়া) পুত্রের দশা প্রাপ্ত হন ।৩

ধ্রুব ভ্রাতা উত্তমের নিধনবার্ত্তা শ্রবণ করিয়া ক্রোধে, ক্ষোভে ও শোকে অভিভূত হইয়া জয়শীল রথে আরোহণ পূর্ব্বক যক্ষালয় (অলকাপুরী) অভিমুখে যাত্রা করিলেন ।৪

রাজা ধ্রুব উত্তর দিকে গমন করিয়া রুদ্রানুচরগণ কর্তৃক অধিষ্ঠিত হিমালয়ের উপত্যকায় যক্ষগণে পরিব্যাপ্ত অলকাপুরী দেখিতে পাইলেন ।৫

বৎস বিদুর! মহাবাহু ধ্রুব আকাশ ও দিঙ্মণ্ডল প্রতিধ্বনিত করিয়া শঙ্খধ্বনি করিলেন, তাহাতে যক্ষ-পত্নীগণ শঙ্কাকুলমনে অত্যন্ত ভীত হইয়া পড়িলেন ।৬

অনন্তর মহাবলশালী যক্ষবীরগণ সেই শঙ্খনাদ সহ্য করিতে না পারিয়া অস্ত্রধারণ করত পুরী হইতে বহির্গত হইয়া ধ্রুবের অভিমুখে ধাবিত হইল ।৭

মহাধনুর্দ্ধারী মহারথ ধ্রুব সেই সকল বীরগণকে আসিতে দেখিয়া এক এক জনের প্রতি তিন তিনটী বাণ নিক্ষেপ পূর্ব্বক এককালে সকলকে আহত করিলেন ।৮

ধ্রুব-নিক্ষিপ্ত-বাণ-সমূহে তাহাদের ললাট বিদ্ধ হওয়ায় তাহারা সকলেই নিজেকে পরাজিত মনে করিলেন এবং ধ্রুবের যুদ্ধ-নৈপুণ্যের প্রশংসা করিতে লাগিলেন ।৯

তেঽপি চামুমমুষ্যন্তঃ পাদস্পর্শমিবোরগাঃ।
শরৈরবিধ্যন্ যুগপদ্ দ্বিগুণং প্রচিকীর্ষবঃ ॥১০
ততঃ পরিঘনিস্ত্রিংশৈঃ প্রাসশূলপরশ্বধৈঃ।
শক্ত্যৃষ্টিভির্ভুশুণ্ডীভিশ্চিত্রবাজৈঃ শরৈরপি ॥১১
অভ্যবর্ষন্ প্রকুপিতাঃ সরথং সহসারথিম্।
ইচ্ছন্তস্তৎ প্রতীকর্তুমযুতানাং ত্রয়োদশ ॥১২
ঔত্তানপাদিঃ স তদা শস্ত্রবর্ষেণ ভূরিণা।
ন এবাদৃশ্যতাচ্ছন্ন আসারেণ যথা গিরিঃ ॥১৩
হাহাকারস্তদৈবাসীৎ সিদ্ধানাং দিবি পশ্যতাম্।
হতোঽয়ং মানবঃ সূর্য্যো মগ্নঃ পুণ্যজনার্ণবে ॥১৪
নদৎসু যাতুধানেষু জয়কাশিষ্বথো মৃধে।
উদতিষ্ঠদ্ রথস্তস্য নীহারাদিব ভাস্করঃ ॥১৫
ধনুর্বিস্ফূর্জ্জয়ন্ ঘোরং দ্বিষতাং খেদমুদ্বহন্।
অস্ত্রৌঘং ব্যধমদ্ বাণৈর্ঘনানীকমিবানিলঃ ॥১৬

ততঃ তে চ যক্ষাঃ উরগাঃ পাদস্পর্শম্ ইব তৎকর্ম্ম অনুসন্তঃ অসহমানাঃ প্রচিকীর্ষবঃ প্রতিকর্ত্তুমিচ্ছবঃ সন্তঃ দ্বিগুণং যথা ভবতি, তথা ষড়্ভিঃ শরৈঃ বাণৈঃ যুগপৎ অমুং ধ্রুবম্ অবিধ্যন্ ॥১০

ততঃ চ তৎকর্ম্ম প্রতীকর্ত্তুম্ ইচ্ছন্তঃ প্রকুপিতাঃ অযুতানাং ত্রয়োদশ যক্ষাঃ পরিঘনিস্ত্রিংশৈঃ প্রাসশূলপরশ্বধৈঃ শক্ত্যৃষ্টিভিঃ ভুষণ্ডীভিঃ চিত্রবাজৈঃ (চিত্রাঃ বাজাঃ পক্ষাঃ যেষাং তৈঃ শরৈঃ) সরথং সহ সারথিং ধ্রুবম্ অভ্যবর্ষন্ আচ্ছাদয়ামাসুরিতি দ্বয়োরন্বয়ঃ ॥১১-১২

তদা আসারেণ ধারাসম্পাতেন চ্ছন্নঃ গিরিঃ যথা, তথা ভূরিণা শস্ত্রবর্ষেণাচ্ছন্নঃ সঃ ঔত্তানপাদিঃ ধ্রুবঃ ন এবাদৃশ্যত ॥১৩

অয়ং সূর্য্যঃ সূর্য্যতুল্যঃ মানবঃ মনুপৌত্রঃ পুণ্যজনার্ণবে (পুণ্যজনাঃ যক্ষাঃ এব অর্ণবঃ অপারসমুদ্রসদৃশঃ তস্মিন্) মগ্নঃ প্রবিষ্টঃ সন্ হতঃ ইতি দিবি পশ্যতাং সিদ্ধানাং মধ্যে তদৈব হাহাকারঃ আসীৎ ॥১৪

অথ মৃধে রণভূমৌ যাতুধানেষু রাক্ষসেষু নদৎসু জয়কাশিষু স্বজয়প্রকাশেষু সৎসু নীহারাৎ ভাস্করঃ সূর্য্যঃ ইব তস্য ধ্রুবস্য রথম্ উদতিষ্ঠৎ ॥১৫

উগ্রং (শত্রূণাং ভয়জনকং) ধনুঃ বিস্ফূর্জ্জয়ন্ টঙ্কারঘোষযুক্তং কুর্ব্বন্ দ্বিষতাং শত্রূণাং খেদম্ উদ্বহন্ অনিলঃ বায়ুঃ যথা ঘনানীকং দূরীকরোতি, তথা বাণৈঃ তেষাম্ অস্ত্রৌঘং ব্যধমৎ নিরস্তং কৃতবান্ ॥১৬

পরাস্ত সর্পগণ যেমন কাহারও পাদস্পর্শ সহ করিতে পারে না, সেইরূপ সেই যক্ষ বীরগণও ধ্রুবের বীরত্ব সহ করিতে পারিল না। তখন তাহার দ্বিগুণ প্রতিশোধের ইচ্ছায় এক সঙ্গে সকলে (ছয় ছয়টি) বাণ দ্বারা ধ্রুবকে বিদ্ধ করিল ।১০

অনন্তর ত্রয়োদশ অযুত সংখ্যক যক্ষবীর কুপিত হইয়া ধ্রুবের সেই অদ্ভুত কর্ম্মের প্রতিবিধান করিবার ইচ্ছায় পরিঘ, নিস্ত্রিংশ, প্রাস, শূল, কুঠার, শক্তি, ঋষ্টি, ভুষণ্ডী ও বিচিত্র পক্ষবিশিষ্ট বাণসকল রথ ও সারথি সহ ধ্রুবের উপর বর্ষণ করিতে লাগিল ।১১-১২

উত্তানপাদ-নন্দন ধ্রুব ঐরূপ ভূরি ভূরি অস্ত্রশস্ত্র বর্ষণে এমন আচ্ছন্ন হইলেন যে, বৃষ্টিপাতে আচ্ছন্ন পর্ব্বত যেমন দৃষ্টিগোচর হয় না, সেইরূপ তাঁহাকে দেখিতে পাওয়া গেল না ।১৩

আকাশমার্গে সিদ্ধগণ এই যুদ্ধ দর্শন করিতে ছিলেন, তাঁহারা (এই ব্যাপার দর্শনে) হাহাকার করিয়া বলিতে লাগিলেন,—হায়! সূর্য্যের ন্যায় অতি তেজস্বী এই মনুবংশধর ধ্রুব যক্ষসৈন্য-সাগরে পতিত হইয়া বিনষ্ট হইল ।১৪

অনন্তর যুদ্ধস্থলে রাক্ষসগণ "জয় হইয়াছে, জয় হইয়াছে" বলিয়া চিৎকার করিতে থাকিলে নীহাররাশি ভেদ করিয়া সূর্য্যদেব যেমন উদিত হন, সেইরূপ ধ্রুবের রথ অস্ত্রজাল ভেদ করিয়া উদিত হইল ।১৫

ধ্রুব স্বীয় উগ্র ধনুকে টঙ্কার দিয়া শত্রুগণের খেদ

তস্য তে চাপনির্ম্মুক্তা ভিত্ত্বা বর্ম্মাণি রক্ষসাম্।
কায়ানাবিবিশুস্তিগ্মা গিরীনশনয়ো যথা ॥১৭

ভল্লৈঃ সংচ্ছিদ্যমানানাং শিরোভিশ্চারুকুণ্ডলৈঃ।
উরুভির্হেমতালাভৈর্দোর্ভির্বলয়বল্গুভিঃ ॥১৮

হারকেয়ূরমুকুটৈরুষ্ণীষৈশ্চ মহাধনৈঃ।
আস্তৃতাস্তা রণভুবো রেজুর্বীর-মনোহরাঃ ॥১৯

হতাবশিষ্টা ইতরে রণাজিরাদ্-
রক্ষোগণাঃ ক্ষত্রিয়বর্য্যসায়কৈঃ।
প্রায়োবিরুগ্ণাবয়বা বিদুদ্রুবু-
র্মৃগেন্দ্রবিদ্রাবিতযূথপা ইব ॥২০

অপশ্যমানঃ স তদাততায়িনং
মহামৃধে কঞ্চন মানবোত্তমঃ।
পুরীং বিদৃক্ষন্নপি নাবিশদ্দ্বিষাং
ন মায়িনাং বেদ চিকীর্ষিতং জনঃ ॥২১

তস্য ধ্রুবস্য চাপনির্ম্মুক্তাঃ তিগ্মাঃ বাণাঃ অশনয়ঃ ইন্দ্রমুক্তবজ্রাণি যথা গিরীন্ প্রবিশন্তি, তথা রক্ষসাং বর্ম্মাণি ভিত্ত্বা কায়ান্ শরীরাণি আবিবিশুঃ ॥১৭

ভল্লৈঃ অর্দ্ধচন্দ্রাকারবাণবিশেষৈঃ সংচ্ছিদ্যমানানাং যক্ষাণাং চারুকুণ্ডলৈঃ (চারূণি কুণ্ডলানি যেষু তৈঃ) শিরোভিঃ হেমতালাভৈঃ সুবর্ণতালসদৃশৈঃ উরুভিঃ উৎসঙ্গৈঃ বলয়বল্গুভিঃ বলয়শোভিতৈঃ দোর্ভিঃ ভুজৈঃ হারকেয়ূর-মুকুটৈঃ মহাধনৈঃ (মহান্তি ধনানি যেষু তৈঃ) উষ্ণীষৈঃ আস্তৃতাঃ প্রকীর্ণাঃ তাঃ রণভুবঃ বীর-মনোহরাঃ (বীরাণাং মনোহরাঃ সত্যঃ) রেজুঃ শুশুভিরে ইতি ষড়ন্বয়ঃ ॥১৮-১৯

হতাবশিষ্টাঃ (হতেভ্যঃ অবশিষ্টাঃ) ক্ষত্রিয়বর্য্য-সায়কৈঃ (ক্ষত্রিয়বর্য্যস্য ধ্রুবস্য সায়কৈঃ) প্রায়ঃ বাহুল্যেন বিরুগ্ণাবয়বাঃ (বিরুগ্ণাঃ সংচ্ছিন্নাঃ অবয়বাঃ যেষাং তে) ইতরে রক্ষোগণাঃ মৃগেন্দ্রবিদ্রাবিতযূথপাঃ (মৃগেন্দ্রেণ সিংহেন বিদ্রাবিতাঃ বিতাড়িতাঃ যূথপাঃ গজাঃ) ইব রণাজিরাৎ যুদ্ধক্ষেত্রাৎ বিদুদ্রুবুঃ পলায়িতবন্তঃ ॥২০

চিত্ররথঃ (চিত্রঃ বিচিত্রঃ রথঃ যস্য সঃ) মানবোত্তমঃ মনুবংশ্যেষু উত্তমঃ সঃ ধ্রুবঃ তদা মহামৃধে যুদ্ধভূমৌ কঞ্চন অপি আততায়িনং শস্ত্রপাণিম্ অপশ্যমানঃ অপি পরেষাং শত্রূণাং

উৎপাদন করিলেন এবং বায়ু যেমন মেঘসমূহকে ছিন্ন-ভিন্ন করিয়া দেয়, সেইরূপ তিনি শত্রুগণের অস্ত্রসমূহ নিজবাণ সকল দ্বারা চূর্ণ-বিচূর্ণ করিয়া দিলেন ।১৬

ধ্রুবের ধনু হইতে নির্গত সুতীক্ষ্ণ শর-সমূহ বজ্র যেমন পর্ব্বতকে বিদীর্ণ করিয়া প্রবিষ্ট হয়, তদ্রূপ রাক্ষসগণের বর্ম্ম ভেদ করিয়া তাহাদের দেহে প্রবেশ করিল ।১৭

ধ্রুবের ভল্লের (অস্ত্রবিশেষ) দ্বারা ছিন্ন-ভিন্ন যক্ষগণের মনোহর কুণ্ডলভূষিত মস্তক, সুবর্ণময় তালবৃক্ষ সদৃশ উরু, বলয়শোভিত বাহু এবং মহামূল্য হার, কেয়ূর, মুকুট ও উষ্ণীষসমূহ চারিদিকে বিক্ষিপ্ত হওয়ায় সেই রণভূমি বীরগণের মনোজ্ঞ হইয়া অপূর্ব্ব শোভা ধারণ করিয়াছিল ।১৮-১৯

ক্ষত্রিয়শ্রেষ্ঠ ধ্রুবের বাণে প্রায় সকলেরই অঙ্গ-প্রত্যঙ্গ ছিন্ন-ভিন্ন হইয়াছিল, হতাবশিষ্ট রক্ষবীরগণ সিংহ কর্ত্তৃক তাড়িত হস্তীর ন্যায় যুদ্ধক্ষেত্র হইতে পলায়ন করিল ।২০

অনন্তর মনুবংশাবতংস ধ্রুব সেই রণক্ষেত্রে অস্ত্রপাণি কাহাকেও দেখিতে না পাইয়া শত্রুগণের পুরী দর্শন করিবার অভিলাষ থাকিলেও পুরীমধ্যে প্রবেশ করিলেন না, কারণ মায়াবিদিগের অভিপ্রায় মনুষ্যের বোধগম্য হয় না ।২১

চিত্ররথ ধ্রুব নিজের সারথির নিকট "মায়াবিদিগের কার্য্য মনুষ্যের বোধগম্য নহে" এই প্রকার বলিয়া শত্রুদিগের পুনরাক্রমণ যখন আশঙ্কা করিতেছিলেন, সেই সময়ে সমুদ্রগর্জ্জনের ন্যায় এক ভয়ঙ্কর শব্দ শুনিতে

ইতি ব্রুবংশ্চিত্ররথঃ স্বসারথিং
যতঃ পরেষাং প্রতিযোগশঙ্কিতঃ।
শুশ্রাব শব্দং জলধেরিবেরিতং
নভস্বতো দিক্ষু রজোঽন্বদৃশ্যত ॥২২
ক্ষণেনাচ্ছাদিতং ব্যোম ঘনানীকেন সর্ব্বতঃ।
বিস্ফূরদ্ভির্তা দিক্ষু ত্রাসয়ৎ-স্তনয়িত্নুনা ॥২৩
বরূষূ রুধিরৌঘাসৃক্-পূয়বিণ্মূত্রমেদসঃ।
নিপেতুর্গগনাদস্য কবন্ধান্যগ্রতোঽনঘ ॥২৪

প্রতিযোগশঙ্কিতঃ (প্রতিযোগাৎ পুনরুক্তমাৎ শঙ্কিতঃ অতএব) যতঃ সাবধানঃ এব মায়িনাং বিষাং চিকীর্ষিতং জনঃ ন বেদ (অতঃ সাবধানমেব অবস্থাতব্যমিতি), ইতি স্বসারথিং প্রতি ব্রুবন্ পুরীং দিদৃক্ষন্, দ্রষ্টুমিচ্ছন্ ন আবিশৎ ইতি ন্বয়োরন্বয়ঃ। ততশ্চ জলধেঃ ঈরিতম্ উৎপ্রম্ ইব শব্দং শুশ্রাব, নভস্বতঃ বায়োঃ হেতোঃ দিক্ষু রজঃ অনু অদৃশ্যত ॥২১-২২

বিস্ফূরদ্ভির্তা (বিস্ফূরত্যঃ প্রকাশমানাঃ তড়িতঃ যস্মিন্ তেন) ত্রাসয়ৎস্তনয়িত্নুনা (ত্রাসয়ন্তঃ স্তনয়িত্নবঃ অশনয়ঃ যস্মিন্ তেন) ঘনানীকেন সর্ব্বতঃ দিক্ষু ক্ষণেন ব্যোম আচ্ছাদিতং জাতম্ ॥২৩

(মেঘাঃ) রুধিরৌঘাসৃক্পূয়বিণ্মূত্রমেদসঃ বরূষূঃ, হে অনঘ! বিদুর! গগনাৎ অস্য ধ্রুবস্য অগ্রতঃ কবন্ধানি মস্তকহীনশরীরাণি নিপেতুঃ ॥২৪

পাইলেন এবং প্রবল বায়ুবেগবশতঃ চতুর্দিকে ধূলিরাশি সমুত্থিত হইল ।২২

ক্ষণকালের মধ্যেই গগনমণ্ডল মেঘাচ্ছন্ন হইল এবং ঐ মেঘসমূহে বিদ্যুৎ চমকিত হইতে লাগিল ও সকলের ত্রাসজনক বজ্রধ্বনি উত্থিত হইতে লাগিল ।২৩

হে নিষ্পাপ বিদুর! তাহার পরেই ধ্রুবের সম্মুখে আকাশ হইতে রুধির, শ্লেষ্মা, পূয, বিষ্ঠা, মূত্র ও মেদ বর্ষণ এবং মস্তকবিহীন দেহ-সমূহ নিপতিত হইতে লাগিল ।২৪

ততঃ খেঽদৃশ্যত গিরির্নিপেতুঃ সর্ব্বতো দিশম্।
গদাপরিঘনির্ত্রিংশ-মুষলাঃ সাশ্মবর্ষিণঃ ॥২৫
অহয়োঽশনিনিঃশ্বাসা বমন্তোঽগ্নিং রুষাক্ষিভিঃ।
অভ্যধাবন্ গজা মত্তাঃ সিংহব্যাঘ্রাশ্চ যূথশঃ ॥২৬
সমুদ্র উর্ম্মিভির্ভীমঃ প্লাবয়ন্ সর্ব্বতো ভুবম্।
আসসাদ মহাহ্রাদঃ কল্পান্ত ইব ভীষণঃ ॥২৭
এবং বিধান্যনেকানি ত্রাসনান্যমনস্বিনাম্।
সসৃজুস্তিগ্মগতয় আসুর্য্যা মায়য়াসুরাঃ ॥২৮

ততঃ চ খে আকাশে গিরিঃ অদৃশ্যত, ততঃ সাশ্মবর্ষিণঃ (অশ্মসহিতং বর্ষম্ অস্য তস্মাৎ গিরেঃ সকাশাৎ) সর্ব্বতো দিশং গদাপরিঘনির্ত্রিংশমুষলাঃ নিপেতুঃ ॥২৫

অশনিনিঃশ্বাসাঃ (অশনিবৎ বহ্নিজ্বালাবৎ নিঃশ্বাসঃ যেষাং তে) অহয়ঃ সর্পাঃ রুষা ক্রোধেন অক্ষিভিঃ অগ্নিং বমন্তঃ তথা মত্তাঃ গজাঃ সিংহব্যাঘ্রাশ্চ যূথশঃ অভ্যধাবন্ ॥২৬

উর্ম্মিভিঃ সর্ব্বতো ভুবং প্লাবয়ন্ মহাহ্রাদঃ প্রচণ্ডশব্দবান্ ভীমঃ সমুদ্রঃ কল্পান্তে প্রলয়সময়ে ভীষণঃ ভয়ঙ্করঃ ইব আসসাদ সমীপম্ আজগাম ॥২৭

তিগ্মগতয়ঃ (তিগ্মা ক্রূরা গতিঃ যেষাং তে) অসুরাঃ আসুর্য্যাঃ অসুরসম্বন্ধিন্যা মায়য়া এবংবিধানি অমনস্বিনাম্ অধীরাণাম্ অনেকানি ত্রাসনানি ভয়ঙ্করাণি সসৃজুঃ ॥২৮

তদনন্তর গগনমণ্ডলে একটা বৃহৎ পর্ব্বত দৃষ্ট হইল এবং তাহা হইতে চতুর্দ্দিকে শিলা, গদা, পরিঘ, নির্ত্রিংশ এবং মুষল বৃষ্টি হইতে লাগিল ।২৫

বহু বহু সর্প অশনিতুল্য ভয়ঙ্কর নিঃশ্বাস ফেলিতে ফেলিতে ক্রোধে চক্ষু হইতে অগ্নি উদিগরণ করিতে লাগিল এবং মত্ত হস্তী, সিংহ, ব্যাঘ্র, প্রভৃতি জন্তু দলে দলে ধ্রুবের দিকে ধাবিত হইল ।২৬

ভীষণ সমুদ্রতরঙ্গসমূহের দ্বারা চতুর্দ্দিকে পৃথিবীকে প্লাবিত করিয়া প্রলয়কালের ন্যায় ভয়ঙ্কর গর্জ্জন করিতে

ধ্রুবে প্রযুক্তামসুরৈস্তাং মায়ামতিদুস্তরাম্।
নিশম্য তস্য মুনয়ঃ শমাশংসন্ সমাগতাঃ ॥২৯

মুনয় ঊচুঃ।

ঔত্তানপাদ তনয়স্তব শার্ঙ্গধন্বা
দেবঃ ক্ষিণোত্বরনতার্তিহরো বিপক্ষান্।

অসুরৈঃ ধ্রুবে প্রযুক্তাম্ অতিদুস্তরাং তাং মায়াং নিশম্য দৃষ্ট্বা মুনয়ঃ সমাগতাঃ সন্তঃ তস্য ধ্রুবস্য শং কল্যাণম্ আশংসন্ উক্তবন্তঃ ॥২৯

হে ঔত্তানপাদ! যস্য নামধেয়ম্ অভিধায় উচ্চার্য্য নিশম্য শ্রুত্বা লোকঃ অদ্ধা সাক্ষাৎ অঞ্জসা

করিতে ধ্রুবের নিকটবর্ত্তী হইতে লাগিল।২৭

কূরপ্রকৃতি যক্ষগণ আসুরী মায়ার দ্বারা মূঢ়জনের ভীতিজনক এই প্রকার অনেক উৎপাত সৃষ্টি করিতে লাগিল।২৮

এদিকে মুনিগণ অনুচরগণ কর্তৃক ধ্রুবের প্রতি অতি দুস্তরণীয় মায়া প্রযুক্ত হইয়াছে শ্রবণ করিয়া ধ্রুবের

যন্নামধেয়মভিধায় নিশম্য মর্ত্ত্যো
লোকোঽঞ্জসা তরতি দুস্তরমঙ্গ মৃত্যুম্ ॥৩০

ইতি শ্রীমদ্ভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং চতুর্থস্কন্ধে দশমঃ অধ্যায়ঃ ॥

অনায়াসেন দুস্তরং মৃত্যুং তরতি, হে অঙ্গ! অবনতার্তিহরঃ সঃ শার্ঙ্গধন্বা দেবঃ ভগবান্ তব বিপক্ষান্ ক্ষিণোতু নাশয়তু ॥৩০

ইতি চতুর্থস্কন্ধে শ্রীখগেন্দ্রনাথশাস্ত্রিকৃতান্বয়ে
দশমঃ অধ্যায়ঃ ॥

কল্যাণ কামনা করিতে করিতে তথায় সমাগত হইলেন।২৯

মুনিগণ বলিলেন,—হে উত্তানপাদনন্দন ধ্রুব! যাঁহার নাম উচ্চারণ অথবা শ্রবণ করিলেই সাক্ষাৎ দুস্তর মৃত্যু হইতে নিস্তার পাওয়া যায়, সেই প্রণতজনের বিপদভঞ্জন তোমার শত্রুগণকে বিনাশ করুন।৩০

শ্রীমন্মহর্ষিবেদব্যাসপ্রণীত পারমহংসীসংহিতা শ্রীমদ্ভাগবতমহাপুরাণে চতুর্থ স্কন্ধে
প্রভুপাদ শ্রীরাসবিহারি-গোস্বামিকৃত বঙ্গভাষানুবাদসহিত
দশম অধ্যায় সমাপ্ত।

একাদশঃ অধ্যায়ঃ

[যক্ষাণাং ক্ষয়শ্রবণাৎ স্বায়ম্ভুবমনুনা তত্ত্বোপদেশৈঃ ধ্রুবস্য রণান্নিবৃত্তীকরণম্।]

মৈত্রেয় উবাচ।

নিশম্য গদতামেবমৃষীণাং ধনুষি ধ্রুবঃ।
সন্দধেঽস্ত্রমুপস্পৃশ্য যন্নারায়ণনির্ম্মিতম্ ॥১
সন্ধীয়মান এতস্মিন্ মায়া গুহ্যকনির্ম্মিতাঃ।
ক্ষিপ্রং বিনেশুর্বিদুর ক্লেশা জ্ঞানোদয়ে যথা ॥২
তস্যার্ষাস্ত্রং ধনুষি প্রযুঞ্জতঃ
সুবর্ণপুঙ্খাঃ কলহংসবাসসঃ।
বিনিঃসৃতা আবিবিশুদ্বিষদ্বলং
যথা বনং ভীমরবাঃ শিখণ্ডিনঃ ॥৩
তৈস্তিগ্মধারৈঃ প্রধনে শিলীমুখৈ-
রিতস্ততঃ পুণ্যজনা উপদ্রুতাঃ।
তমভ্যধাবন্ কুপিতা উদায়ুধাঃ
সুপর্ণমুন্নদ্ধফণা ইবাহয়ঃ ॥৪

মৈত্রেয়ঃ উবাচ। এবং গদতাং বদতাম্ ঋষীণাং বচনং নিশম্য শ্রুত্বা ধ্রুবঃ উপস্পৃশ্য আচম্য নারায়ণনির্ম্মিতং যৎ নারায়ণাস্ত্রং তৎ ধনুষি সন্দধে যোজিতবান্ ॥১

হে বিদুর! এতস্মিন্ অস্ত্রে সন্ধীয়মানে সতি জ্ঞানোদয়ে (জ্ঞানস্য উদয়ে ক্লেশাঃ (অবিদ্যাস্মিতা-রাগদ্বেষাভিনিবেশাঃ) যথা বিনশ্যন্তি, তথা গুহ্যক-নির্ম্মিতাঃ মায়াঃ মেঘাদিরূপাঃ ক্ষিপ্রং শীঘ্রং বিনেশুঃ ॥২

আর্ষাস্ত্রম্ (ঋষেঃ নারায়ণাৎ উদ্ভূতম্ আর্ষম্ অস্ত্রং) ধনুষি প্রযুঞ্জতঃ সন্দধতঃ তস্য ধ্রুবস্য কলহংসবাসসঃ (কলহংসানাম্ ইব বাসাংসি পক্ষাঃ যেষাং তে) সুবর্ণপুঙ্খাঃ (সুবর্ণময়াঃ পুঙ্খাঃ মূলপ্রান্তাঃ যেষাং তে) শরাঃ ভীমরবাঃ (ভীমঃ ভয়ঙ্করঃ রবঃ শব্দঃ যেষাং তে) শিখণ্ডিনঃ ময়ূরা যথা বনং বিশন্তি, তথা বিনিঃসৃতাঃ সন্তঃ দ্বিষদ্বলং (দ্বিষতাং শত্রূণাং বলং সেনাম্) আবিবিশুঃ ॥৩

তদা তৈঃ তিগ্মধারৈঃ তীক্ষ্ণাগ্রভাগৈঃ শিলীমুখৈঃ শরৈঃ উপদ্রুতাঃ উদ্বেজিতাঃ অতএব কুপিতাঃ উদায়ুধাঃ (উদ্যতানি আয়ুধানি যৈঃ তে) পুণ্যজনাঃ যক্ষাঃ উন্নদ্ধফণা উত্থিতফণাঃ অহয়ঃ সুপর্ণং গরুড়ম্

একাদশ অধ্যায়

[যক্ষগণের ক্ষয় শ্রবণে স্বায়ম্ভুব মনুর তত্ত্বোপদেশ দ্বারা ধ্রুবকে রণ হইতে নিবৃত্তীকরণ।]

মৈত্রেয় বলিলেন,—হে বিদুর! ধ্রুব ঋষিগণের পূর্ব্বোক্ত প্রকারে কথিত বাক্য শ্রবণ করিয়া আচমনপূর্ব্বক আপনার ধনুকে নারায়ণাস্ত্র সন্ধান করিলেন।১

হে বিদুর। জ্ঞান উদয় হইলে রাগাদি ক্লেশ-সমূহ যেমন বিনষ্ট হইয়া যায়, সেইরূপ নারায়ণাস্ত্র সন্ধান করিবামাত্র গুহ্যক-নির্ম্মিত মায়াসকল তৎক্ষণাৎ বিনষ্ট হইয়া গেল।২

ধ্রুব শরাসনে নারায়ণাস্ত্র সন্ধান করিলে, তাহা হইতে বহুসংখ্যক শর নিঃসৃত হইয়া ভীষণ রবে ময়ূর-সকলের বনমধ্যে প্রবেশের ন্যায় শত্রুপক্ষের সৈন্যদলের মধ্যে প্রবেশ করিতে লাগিল। ঐ সকল শর দেখিতে চমৎকার, তাহাদের মুখের দুই প্রান্তভাগ স্বর্ণময় এবং কলহংসদের পক্ষের তুল্য মনোহর পক্ষযুক্ত।৩

যুদ্ধক্ষেত্রে ধ্রুবের তীক্ষ্ণধার ঐ সকল শর দ্বারা নিপীড়িত হইয়া মহাকোপে স্ব-স্ব অস্ত্র উত্তোলনপূর্ব্বক

স তান্ পৃষৎকৈরভিধাবতো মৃধে
নিকৃত্তবাহূরুশিরোধরোদরান্।
নিনায় লোকং পরমর্কমণ্ডলং
ব্রজন্তি নির্ভিদ্য যমূর্দ্ধরেতসঃ ॥৫

তান্ হন্যমানানভিবীক্ষ্য গুহ্যকা-
নমাগসশ্চিত্ররথেন ভূরিশঃ।
ঔত্তানপাদিং কৃপয়া পিতামহো
মনুর্জগাদোপগতঃ সহর্ষিভিঃ ॥৬

মনুরুবাচ।

অলং বৎসাতিরোষেণ তমোদ্বারেণ পাপ্মনা।
যেন পুণ্যজনানেতানবধীস্ত্বমনাগসঃ ॥৭

নাস্মৎকুলোচিতং তাত কর্ম্মৈতৎ সদ্বিগর্হিতম্।
বধো যদুপদেবানামারব্ধস্তেঽকৃতৈনসাম্ ॥৮

নন্বেকস্যাপরাধেন তৎসঙ্গাদ্ বহবো হতাঃ।
ভ্রাতুর্বধাভিতপ্তেন স্বয়াঙ্গ ভ্রাতৃবৎসল ॥৯

ইব প্রধানে যুদ্ধভূমৌ তং ধ্রুবম্ ইতস্ততঃ অভ্যধাবন্ সম্মুখম্ আগতাঃ ॥৪

সঃ ধ্রুব অভিধাবতঃ অপি মৃধে যুদ্ধে পৃষৎকৈঃ নিকৃত্তবাহূরুশিরোধরোদরান্ (নিকৃত্তাঃ বাহ্বাদয়ো যেষাং তান্) তান্ যক্ষান্ পরমর্কমণ্ডলং যৎ অর্কমণ্ডলং নির্ভিদ্য ঊর্দ্ধরেতসঃ ব্রজন্তি, তং লোকং নিনায় প্রাপিতবান্ ॥৫

চিত্ররথেন ধ্রুবেণ ভূরিশঃ বহুসংখ্যকান্ অনাগসঃ নিরপরাধান্ গুহ্যকান্ হন্যমানান্ অভিবীক্ষ্য কৃপয়া করুণয়া মহর্ষিভিঃ সহ উপগতঃ সমীপম্ আগতঃ পিতামহঃ মনুঃ ঔত্তানপাদিং ধ্রুবং জগাদ উবাচ ॥৬

মনুঃ উবাচ। হে বৎস! যেন ত্বম্ অনাগসঃ নিরপরাধান্ অপি এতান্ পুণ্যজনান্ অবধীঃ, তেন তমোদ্বারেণ (তমসঃ নরকস্য দ্বারভূতেন) অতএব পাপ্মনা পাপজনকেন রোষেণ অলম্ পুনঃ সঃ রোষঃ ন কার্য্যঃ ॥৭

হে ত্বয়া অকৃতৈনসাম্ ন কৃতম্ এনঃ পাপম্ অপরাধঃ যৈঃ তেষাম্) উপদেবানাং যক্ষাণাং যৎ বধঃ আরব্ধঃ, তৎ এতৎ সদ্বিগর্হিতং (সদ্ভিঃ বিগর্হিতং নিন্দিতং কর্ম্ম) হে তাত! অস্মৎকুলোচিতং ন ॥৮

হে অঙ্গ ভ্রাতৃবৎসল! ভ্রাতুঃ বধাভিতপ্তেন ত্বয়া একস্য তদ্ভ্রাতৃহন্তুঃ যক্ষস্য অপরাধেন তৎ সঙ্গাৎ বহবঃ নিরপরাধিনঃ যক্ষাঃ এব হতাঃ ॥৯

সর্পগণ যেমন ফণা বিস্তার করিয়া গরুড়ের অভিমুখে ধাবিত হয়, সেইরূপ ধ্রুবের দিকে ধাবিত হইল ।৪

ধ্রুব সেই যক্ষগণকে যুদ্ধক্ষেত্রে আসিতে দেখিয়া বাণ দ্বারা তাহাদের বাহু, উরু, গ্রীবা, উদর প্রভৃতি ছেদন করিয়া, ঊর্দ্ধরেতা সন্ন্যাসিগণ সূর্য্যমণ্ডল ভেদ করিয়া যে লোকে গমন করিয়া থাকেন, সেই লোকে (সত্যলোকে) তাহাদিগকে প্রেরণ করিলেন ।৫

মহাবীর ধ্রুব বহু নিরপরাধ যক্ষকে বধ করিতেছেন দেখিয়া পিতামহ মনু (স্বায়ম্ভুব) কৃপা করিয়া ঋষিগণের সহিত তথায় উপস্থিত হইলেন এবং ধ্রুবকে বলিতে লাগিলেন ।৬

মনু বলিলেন,—বৎস ধ্রুব! তুমি যে ক্রোধের বশবর্ত্তী হইয়া এই নিরপরাধ যক্ষগণকে বিনাশ করিতেছ, সেই ক্রোধ নরকের দ্বার স্বরূপ এবং পাপপূর্ণ, এই প্রকার ক্রোধাভিশয্যের প্রয়োজন নাই অর্থাৎ এই নিন্দিত কর্ম্ম হইতে নিবৃত্ত হও ।৭

হে বৎস! তুমি যে এই নিরপরাধ যক্ষদিগকে বধ করিতে আরম্ভ করিয়াছ, ইহা সজ্জননিন্দিত এবং আমাদের কুলোচিত নহে ।৮

হে ভ্রাতৃবৎসল ধ্রুব! তুমি ভ্রাতার বধে পরিতপ্ত হইয়া একজন যক্ষের অপরাধে তৎসম্পর্কীয় বহু যক্ষকে বিনাশ করিয়াছ ।৯

নায়ং মার্গো হি সাধূনাং হৃষীকেশানুবর্ত্তিনাম্।
যদাত্মানং পরাগ্‌গৃহ্য পশুবদ্ভূতবৈশসম্ ॥১০
সর্ব্বভূতাত্মভাবেন ভূতাবাসং হরিং ভবান্।
আরাধ্যাপ দুরারাধ্যং বিষ্ণোস্তৎ পরমং পদম্ ॥১১
স ত্বং হরেরনুধ্যাতস্তৎপুংসামপি সম্মতঃ।
কথন্ত্ববদ্যং কৃতবাননুশিক্ষন্ সতাং ব্রতম্ ॥১২
তিতিক্ষয়া করুণয়া মৈত্র্যা চাখিলজন্তুষু।
সমত্বেন চ সর্ব্বাত্মা ভগবান্ সম্প্রসীদতি ॥১৩
সম্প্রসন্নে ভগবতি পুরুষঃ প্রাকৃতৈর্গুণৈঃ।
বিমুক্তো জীবনির্ম্মুক্তো ব্রহ্ম নির্ব্বাণমৃচ্ছতি ॥১৪
ভূতৈঃ পঞ্চভিরারব্ধৈর্যোষিৎ পুরুষ এব হি।
তয়োর্ব্যবায়াৎ সম্ভূতির্যোষিৎপুরুষয়োরিহ ॥১৫
এবং প্রবর্ত্ততে সর্গঃ স্থিতিঃ সংযম এব চ।
গুণব্যতিকরাদ্ রাজন্ মায়য়া পরমাত্মনঃ ॥১৬

যৎ পরাগ্ বহির্ভূতম্ আত্মানং দেহং (প্রত্যগ্‌ভূতং) গৃহ্য মত্বা পশুবৎ ভূতবৈশসং (ভূতানাং প্রাণিনাং বৈশসং হিংসনং), সোঽয়ং হৃষীকেশানুবর্ত্তিনাং (হৃষীকাণি ইন্দ্রিয়াণি তেষাং ঈশঃ নিয়ন্তা তদনুবর্ত্তিনাং) সাধূনাং হি মার্গঃ ন ভবতি ॥১০

সর্ব্বভূতাত্মভাবেন (সর্ব্বেষাং ভূতানাং স্থাবর-জঙ্গমানাম্ আত্মত্বেন) ভূতাবাসং (ভূতেষু আবসতীতি তং) দুরারাধ্যং হরিম্ আরাধ্য যঃ ভবান্ বিষ্ণোঃ তৎ পরমং পদম্ আপ প্রাপ্তবান্ ॥১১

সঃ হরেঃ অনুধ্যাতঃ (স্বকীয়ত্বেন চিন্তিতঃ) তৎপুংসাং ভগবদ্ভক্তানাম্ অপি সম্মতঃ ত্বং সতাং নারদাদীনাং ব্রতম্ আচরণম্ অনুশিক্ষন্ কথং তু অবদ্যং নিন্দ্যং কর্ম্ম কৃতবান্ ॥১২

(বিদুষঃ) তিতিক্ষয়া তৎকৃততিরস্কারসহনেন, (হীনেষু) করুণয়া, (সমেষু) মৈত্র্যা, অখিল জন্তুষু (অখিলেষু জন্তুষু) সমত্বেন চ সর্ব্বাত্মা ভগবান্ সম্প্রসীদতি ॥১৩

ভগবতি সম্প্রসন্নে সতি পুরুষঃ প্রাকৃতৈঃ রজঃসত্ত্ব-তমোভিঃ গুণৈঃ বিমুক্তঃ অতএব জীবনির্ম্মুক্তঃ (জীবেন লিঙ্গদেহেন নির্ম্মুক্তঃ সন্) নির্ব্বাণং সংসারাতীতং ব্রহ্ম ভগবত্তত্ত্বং ঋচ্ছতি প্রাপ্নোতি ॥১৪

পঞ্চভিঃ ক্ষিত্যাদিভিঃ ভূতৈঃ আরব্ধৈঃ দেহাত্মা-কারেণ পরিণতৈঃ যোষিৎ পুরুষশ্চ ব্যবায়তে, তয়োঃ ব্যবায় মৈথুনাৎ এব পুনঃ হি স্ত্রিপুংসয়োঃ সম্ভূতিঃ জন্ম ভবতি ॥১৫

হে রাজন্! এবং পূর্ব্বোক্তপ্রকারেণ পরমাত্মনঃ মায়য়া গুণব্যতিকরাৎ (গুণানাং ন্যূনাধিকভাবাৎ, রজসঃ ঔৎকট্যে) সর্গঃ (সত্ত্বস্য ঔৎকট্যে) স্থিতিঃ,

বৎস! এই প্রত্যক্ষ পরিদৃশ্যমান দেহকে আত্মা বোধ করিয়া পশুগণ যেমন পরস্পরের বধ সাধন করে, সেইরূপ এই যে প্রাণিহিংসা করিয়াছ, ইহা ভগবান্ হৃষীকেশের অনুবৃত্তিকারী সাধুপুরুষগণের পথ নহে।১০

তুমি সর্ব্বভূতে আত্মজ্ঞান করত সর্ব্বভূতময় শ্রীহরির আরাধনা করিয়া দুরারাধ্য পরম বিষ্ণুপদ লাভ করিয়াছ। তুমি নিরন্তর হরিকে ধ্যান করিয়া থাক এবং তাঁহার ভক্তগণের আদরের পাত্র, তুমি সাধুগণের আচরণ শিক্ষা করিয়াছ, তথাপি কিরূপে তুমি এইরূপ গর্হিত কার্য্য অনুষ্ঠান করিলে? ১১-১২

বৎস! শত্রুর প্রতি তিতিক্ষা (অর্থাৎ তাহার উদ্ধত আচরণ সহ্য করা), নীচজনের প্রতি করুণা, সমান ব্যক্তির সহিত মিত্রতা ও সর্ব্বভূতে সমদর্শন, এই সকল আচরণ দ্বারা সর্ব্বাত্মা ভগবান্ প্রসন্ন হইয়া থাকেন।১৩

ভগবান্ প্রসন্ন হইলে জীব প্রাকৃত গুণসকল হইতে বিমুক্ত হয়; সুতরাং গুণের কার্য্য-স্বরূপ লিঙ্গ-শরীর হইতে নির্ম্মুক্ত হইয়া সুখাত্মক ব্রহ্ম প্রাপ্ত হইয়া থাকেন।১৪

[বস্তুতঃ বিচার দ্বারা কে কাহার হন্তা বা বধ্য তাহা পরবর্ত্তী দশটী শ্লোকে বুঝাইতেছেন।]

পঞ্চভূত দেহাকারে পরিণত হইয়া স্ত্রী ও পুরুষ

নিমিত্তমাত্রং তত্রাসীন্নির্গুণঃ পুরুষর্ষভঃ।
ব্যক্তাব্যক্তমিদং বিশ্বং যত্র ভ্রমতি লোহবৎ ॥১৭
স বৈ ত্রিগুণমেধিদং ভগবান্ কালশক্ত্যা
গুণপ্রবাহেণ বিভক্তবীর্য্যঃ।
করোত্যকর্ত্তৈব নিহন্ত্যহন্তা
চেষ্টা বিভূম্নঃ খলু দুর্ব্বিভাব্যা ॥১৮

(তমসঃ উৎকর্ষে) সংযমঃ এব চ প্রবর্ত্ততে ॥১৬

লোহবৎ (অয়স্কান্তসন্নিধানমাত্রেণ অচেতনমপি লোহং যথা প্রবর্ত্ততে, তদ্বৎ) যত্র যস্মিন্ পরমাত্মনি নিমিত্তে সতি ইদং ব্যক্তাব্যক্তং স্থূলসূক্ষ্মাত্মকং কার্য্যকারণাত্মকং বিশ্বং ভ্রমতি কার্য্যাদৌ পরিবর্ত্ততে, সঃ পুরুষর্ষভঃ পুরুষোত্তমঃ তত্র সর্গাদৌ নিমিত্তমাত্রম্ আসীৎ (তত্র তস্য আসক্তিং প্রয়াসো বা ন) ॥১৭

কালশক্ত্যা গুণপ্রবাহেণ সৃষ্ট্যাদিনিমিত্তেন কালাখ্যয়া স্বশক্ত্যা বিভক্তবীর্য্যঃ (বিভক্তং বীর্য্যং রজ আদি শক্তির্যস্য সঃ) ভগবান্ খলু ইদং বিশ্বম্ অকর্ত্তা এব করোতি অহন্তা এব নিহন্তি। বিভূম্নঃ মহত্তমস্য ভগবতঃ চেষ্টা লীলা খলু দুর্বিভাব্যা

হয়, আবার ঐ স্ত্রী-পুরুষের সহযোগে এ সংসারে অন্য স্ত্রী-পুরুষ হইয়া থাকে।১৫

হে রাজন্! এইরূপে ভগবানের মায়া দ্বারা গুণসমূহের বৈষম্যবশতঃ সৃষ্টি, স্থিতি ও সংহার কার্য্য প্রবর্ত্তিত হইয়া থাকে।১৬

এই সৃষ্টি প্রভৃতি ব্যাপারে নির্গুণ পুরুষশ্রেষ্ঠ ঈশ্বর নিমিত্তরূপে অধিষ্ঠিত থাকায় হেতু অয়স্কান্ত মণির সন্নিধানে লৌহের ভ্রমণের ন্যায় এই কার্য্যকারণস্বরূপ বিশ্ব পরিবর্ত্তিত হইতেছে।১৭

সেই পরমেশ্বর কালশক্তি দ্বারা গুণত্রয়ের ক্ষোভ সাধন করিয়া সৃষ্ট্যাদিবিধায়িনী শক্তিকে বিভক্ত করেন এবং তিনি অকর্ত্তা হইয়াও এই জগৎ সৃষ্টি করেন এবং সংহারক না হইয়াও সংহার করিয়া থাকেন; ভগবানের কালশক্তি অচিন্ত্যমহিমা (কালশক্তি কি কারণে গুণসমূহকে একসঙ্গে ক্ষোভিত করেন না, তাহা বলা যায় না) ॥১৮

সোঽনন্তোঽন্তকরঃ কালোঽনাদিরাদিকৃদব্যয়ঃ।
জনং জনেন জনয়ন্ মারয়ন্ মৃত্যুনান্তকম্ ॥১৯
ন বৈ স্বপক্ষোঽস্য বিপক্ষ এব বা
পরস্য মৃত্যোর্বিশতঃ সমং প্রজাঃ।
তং ধাবমানমনু ধাবন্ত্যনীশা
যথা রজাংস্যনিলং ভূতসঙ্ঘাঃ ॥২০

অচিন্ত্যা এব ॥১৮

কালঃ অপি সঃ অনাদিঃ জন্মরহিতঃ, অব্যয়ঃ ক্ষয়াদিরহিতঃ অনন্তঃ এব। জনেন পিত্রাদিনা জনং পুত্রাদিং জনয়ন্ আদিকৃৎ সৃষ্টিকর্ত্তা অন্তকং ব্যাঘ্রাদিকং মৃত্যুনা মারয়ন্ অন্তকরঃ সংহারকঃ চ ভবতি ॥১৯

অতঃ সমং যথা ভবতি, তথা প্রজাঃ বিশতঃ পরস্য অস্য মৃত্যোঃ মরণাদিহেতোঃ কালরূপস্য স্বপক্ষঃ বন্ধুঃ, বিপক্ষঃ শত্রুঃ এব বা ন অস্তি; রজাংসি যথা ধাবমানম্ অনিলং ধাবন্তি, তথা অনীশাঃ কর্ম্মাধীনাঃ ভূতসঙ্ঘাঃ প্রাণিসমূহাঃ ধাবমানং তং পরমাত্মানম্ এব অনুধাবন্তি ॥২০

কাল-রূপী ভগবান্ অনাদি, অনন্ত, অব্যয়; তিনি পিত্রাদি দ্বারা পুত্রাদিকে জন্মাইয়া সৃষ্টিকর্ত্তা এবং চৌরাদিকেও রাজা প্রভৃতি দ্বারা বিনাশ করাইয়া বিনাশক হইয়া থাকেন। (পিত্রাদি আবার অন্য হইতে জন্মলাভ করে, পুত্র-উৎপাদন বিষয়ে তাহাদের স্বাতন্ত্র্য নাই, ঈশ্বরাধীন হইয়া সকল সৃষ্টি) ।১৯

এই ভগবান্ মৃত্যুরূপে সমভাবে সকল প্রাণীর অভ্যন্তরে প্রবিষ্ট হয়; তাঁহার স্বপক্ষ বা বিপক্ষ কেহ নাই। ধূলিসমূহ যেমন প্রবহমান বায়ুর অনুগামী হইয়া থাকে, তদ্রূপ কর্ম্মাধীন প্রাণিসমূহ ঈশ্বরের অনুগামী হইয়া থাকে।২০

আয়ুষোঽপচয়ং জন্তোস্তথৈবোপচয়ং বিভুঃ।
উভাভ্যাং রহিতঃ স্বস্থো দুঃস্থস্য বিদধাত্যসৌ ॥২১
কেচিৎ কর্ম্ম বদন্ত্যেনং স্বভাবমপরে নৃপ।
একে কালং পরে দৈবং পুংসঃ কামমুতাপরে ॥২২
অব্যক্তস্যাপ্রমেয়স্য নানাশক্ত্যুদয়স্য চ।
ন বৈ চিকীর্ষিতং তাত কো বেদাথ স্বসম্ভবম্ ॥২৩
ন চৈতে পুত্রক ভ্রাতুর্হন্তারো ধনদানুগাঃ।
বিসর্গাদানয়োস্তাত পুংসো দৈবং হি কারণম্ ॥২৪
স এব বিশ্বং সৃজতি স এবাবতি হন্তি চ।
তথাপি হ্যনহঙ্কারো ন জজ্যতে গুণকর্ম্মভিঃ ॥২৫

উভাভ্যাম্ উপচয়াপচয়াভ্যাং রহিতঃ অসৌ বিভুঃ পরমাত্মা দুঃস্থস্য (কর্ম্মবশাৎ হেয়োপাদেয়গতিং গতস্য) জন্তোঃ (কর্ম্মানুসারেণ দেবাদিযোনৌ আয়ুষঃ) উপচয়ং বৃদ্ধিং, তথা (পিপীলিকাদিযোনৌ আয়ুষঃ) অপচয়ং বিদধাতি ॥২১

কেচিৎ মীমাংসকাঃ এনম্ এব কর্ম্ম বদন্তি, অপরে চার্ব্বাকাঃ এনং স্বভাবং বদন্তি, হে নৃপ! একে পৌরাণিকাঃ এনম্ এব কালং বদন্তি, পরে জ্যোতির্ব্বিদঃ এনম্ এব দৈবং গ্রহাদিরূপং বদন্তি, অপরে বাৎস্যায়নাদয়ঃ এনম্ এব পুংসঃ কামং বদন্তি ॥২২

হে তাত! অব্যক্তস্য (কেনাপি প্রমাণেন ন বাজ্যতে অসৌ তস্য) বুদ্ধ্যগোচরস্য অপ্রমেয়স্য অবাঙ্মনসগোচরস্য নানাশক্ত্যুদয়স্য (নানাশক্তীনাং মহদাদীনাম্ উদয়ঃ যস্মাৎ তস্য) ভগবতঃ চিকীর্ষিতং বৈ কোঽপি ন বেদ। স্বসম্ভবং (স্বস্য সম্ভবঃ প্রাদুর্ভাবঃ যস্মাৎ তং) ভগবন্তং কোঽপি ন বেদ ॥২৩

হে পুত্রক! এতে ধনদানুগাঃ কুবেরানুচরাঃ তব ভ্রাতুঃ উত্তমস্য হন্তারঃ ন ভবন্তি। হে তাত! পুংসঃ বিসর্গাদানয়োঃ (বিসর্গঃ সৃষ্টিঃ, আদানং সংহারঃ তয়োঃ) মৃত্যুজন্মনোঃ কারণং হি দৈবং ভগবান্ এব ॥২৪

সঃ এব ভগবান্ বিশ্বং সৃজতি, সঃ এব অবতি পালয়তি হন্তি চ, তথাপি অনহঙ্কারাৎ অভিমানরাহিত্যাৎ গুণকর্ম্মভিঃ ন অজ্যতে সম্বদ্ধঃ ন ভবতি ॥২৫

শ্রীভগবানের হ্রাসবৃদ্ধি নাই, তিনি নির্ব্বিকার, তিনি কর্ম্মাধীন জীবসমূহের পরমায়ুর বৃদ্ধি ও হ্রাস বিধান করিতেছেন ।২১

[এইরূপ সর্ব্বনিয়ন্তা ভগবান্ সর্ব্ববাদিসম্মত, তাঁহার বিষয়ে কেবল নামমাত্রে বিবাদ আছে] তাঁহাকে কেহ কর্ম্ম (মীমাংসকগণ), কেহ স্বভাব (চার্ব্বাক প্রভৃতি), কেহ কাল (ব্যবহারিক সম্প্রদায়), কেহ গ্রহাদি দেবতা (জ্যোতিষিকগণ) এবং কেহ বা কাম (বাৎস্যায়নাদি) বলিয়া থাকেন ।২২

হে বৎস! ঈশ্বর অব্যক্ত (বল-বুদ্ধি দ্বারা ব্যক্ত করা যায় না), তিনি অপ্রমেয় (প্রত্যক্ষাদি প্রমাণের অগোচর), তাঁহা হইতে (মহত্তত্ত্বাদি) নানা শক্তির উদয় হইতেছে, তাঁহার কি ইচ্ছা কেহই জানিতে পারে না, * সুতরাং স্বয়ম্ভু সেই ভগবানের ইয়ত্তা কে করিতে পারে? ২৩

হে বৎস ধ্রুব! এই কুবেরের অনুচরগণ তোমার ভ্রাতৃহন্তা নহে, হে বৎস। কর্ম্মফলদাতা পরমেশ্বরই জীবের সৃষ্টি ও সংহারের কারণ ।২৪

সেই পরমেশ্বরই বিশ্বের সৃষ্টি করেন, পালন করেন এবং সংহার করিয়া থাকেন, কিন্তু তিনি নিরহঙ্কার বলিয়া গুণ ও কর্ম্মের সহিত লিপ্ত নহেন ।২৫

---

* যদুক্তং ভীষ্মেণ—"ন হ্যস্য কশ্চিচ্চিরাজন্ পুমান্ বেদ বিধিৎসিতম্।
বিধিজিজ্ঞাসয়া যুক্তা মুহ্যন্তি কবয়োঽপি হি ॥"
ভাগবত - ১।৯।১৩

"এই কৃষ্ণ যে কি করিতে ইচ্ছা করেন, কোন ব্যক্তির তাহা জানিবার শক্তি নাই, পণ্ডিতেরাও তাহা জানিতে ইচ্ছা করিয়া মুগ্ধ হন।"

এষ ভূতানি ভূতাত্মা ভূতেশো ভূতভাবনঃ।
স্বশক্ত্যা মায়য়া যুক্তঃ সৃজত্যত্তি চ পাতি চ ॥২৬

তমেব মৃত্যুমমৃতং তাত দৈবং
সর্ব্বাত্মনোপেহি জগৎপরায়ণম্।
যস্মৈ বলিং বিশ্বসৃজো হরন্তি
গাবো যথা বৈ নসি দামযন্ত্রিতাঃ ॥২৭

যঃ পঞ্চবর্ষো জননীং ত্বং বিহায়
মাতুঃ সপত্ন্যা বচসা ভিন্নমর্ম্মা।
বনং গতস্তপসা প্রত্যগক্ষ-
মারাধ্য লেভে মূর্দ্ধ্নি পদং ত্রিলোক্যাঃ ॥২৮

তমেনমঙ্গাত্মনি মুক্তবিগ্রহে
ব্যপাশ্রিতং নির্গুণমেকমক্ষরম্।
আত্মানমন্বিচ্ছ বিমুক্তমাত্মদৃগ্
যস্মিন্নিদং ভেদমসৎ প্রতীয়তে ॥২৯

ত্বং প্রত্যগাত্মনি তদা ভগবত্যনন্ত
আনন্দমাত্র উপপন্নসমস্তশক্তৌ।

ভূতেশঃ সর্ব্বনিয়ন্তা ভূতভাবনঃ সর্ব্বপালকঃ ভূতাত্মা সর্ব্বব্যাপী এষঃ ভগবান্ স্বশক্ত্যা মায়য়া যুক্তঃ সন্ ভূতানি স্থাবরজঙ্গমাত্মকানি সৃজতি পাতি অত্তি সংহরতে চ ॥২৬

হে তাত! নসি নাসিকায়াং দামযন্ত্রিতাঃ রজ্জুবদ্ধাঃ গাবঃ বলীবর্দ্দাঃ যথা (স্বামিকার্য্যং কুর্ব্বন্তি, তথা) বিশ্বসৃজঃ ব্রহ্মাদয়ঃ অপি (দামভিঃ তদুচিতকর্ম্মানুরূপনামভিঃ বদ্ধাঃ সন্তঃ) যস্মৈ ভগবতে বলিং হরন্তি তং (বহির্ম্মুখানাং সম্বন্ধে) মৃত্যুং (স্বভক্তানাং সম্বন্ধে) অমৃতং সংসারবারকং জগৎপরায়ণং (জগতঃ পরায়ণং শ্রেষ্ঠাশ্রয়ং) দৈবং ভগবন্তম্ এব সর্ব্বাত্মনা উপেহি শরণং ব্রজ ॥২৭

যঃ পঞ্চবর্ষঃ ত্বং সপত্ন্যাঃ সুরুচ্যাঃ বচসা ভিন্নমর্ম্মা (ভিন্নং মর্ম্ম হৃদয়ং যস্য সঃ) জননীং সুনীতিং (গৃহে) বিহায় বনং গতঃ সন্ প্রত্যগক্ষং (প্রত্যঞ্চি অন্তর্মুখানি অক্ষাণি যস্মিন্ যদ্বিষয়কাণি) তপসা আরাধ্য ত্রিলোক্যাঃ মূর্দ্ধ্নি পদং স্থানং লেভে প্রাপ্তবান্ অসি ॥২৮

হে অঙ্গ! আত্মনি স্বান্তঃকরণে ব্যপাশ্রিতম্ অবস্থিতং নির্গুণং প্রাকৃতগুণাতীতম্ একং স্বজাতীয়বিজাতীয়গতভেদশূন্যম্ অদ্বয়ং ক্ষয়াদিদোষবর্জ্জিতং বিমুক্তম্ অবিদ্যাদোষরহিতং যস্মিন্ পরমাত্মনি ইদম্ অসৎ ভেদং প্রতীয়তে, তম্ আত্মানং বিমুক্তবিগ্রহে অন্তঃকরণে আত্মদৃক্ প্রত্যগ্দৃষ্টিঃ সন্ অন্বিচ্ছ ॥২৯

ত্বং প্রত্যগাত্মনি স্বরূপভূতে অনন্তে দেশকালপরিচ্ছেদরহিতে আনন্দমাত্রে উপপন্নসমস্তশক্তৌ (উপপন্নাঃ সম্যক্স্থিতিং প্রাপ্তাঃ বিদ্যাবিদ্যাদয়ঃ সমস্তাঃ শক্তয়ঃ যস্মিন্) তস্মিন্ ভগবতি জ্ঞানৈশ্বর্য্যাদিপূর্ণে তদা

এই ভগবান্ সর্ব্বভূতের অন্তর্যামী; সর্ব্বভূতের নিয়ন্তা ও সর্ব্বভূতপালক। তিনি স্বীয় মায়াশক্তির দ্বারা প্রাণিগণের সৃষ্টি, পালন ও সংহার করিয়া থাকেন ।২৬

হে তাত! নাসিকাতে রজ্জুবদ্ধ বলীবর্দ্দসকলের ন্যায় বিশ্বস্রষ্টারাও যাঁহার নিমিত্ত পূজোপকরণ বহন করিয়া থাকেন, সেই ভগবান্ অভক্তগণের মৃত্যুস্বরূপ এবং ভক্তগণের অমৃতস্বরূপ। তিনি পরমেশ্বর ও বিশ্ববাসীর সর্ব্বশ্রেষ্ঠ আশ্রয়। তুমি সর্ব্বান্তঃকরণে সেই ভগবানের আশ্রয় গ্রহণ কর ।২৭

তুমি পঞ্চবর্ষ বয়সেই বিমাতার বাক্যবাণে মর্ম্মাহত হইয়া স্বীয় জননী সুনীতিকে পরিত্যাগপূর্ব্বক বনে গমন করিয়া ছিলে এবং তপস্যাদ্বারা ইন্দ্রিয়বৃত্তি অন্তর্মুখ করতঃ ভগবানের আরাধনা করিয়া ত্রিলোকের উপরিস্থিত স্থানলাভ করিয়াছ (সেই তুমি আবার শ্রীভগবান্‌কে আশ্রয় কর) ।২৮

হে বৎস ধ্রুব! এক্ষণেও তুমি আত্মদর্শী হইয়া সেই নির্গুণ অদ্বিতীয় এক আত্মাকেই অন্বেষণ কর। তিনি নির্ব্বিরোধ অন্তঃকরণে সর্ব্বদাই অবস্থিত আছেন এবং সকল সময়েই বিমুক্তস্বরূপ। ভেদজ্ঞানহেতু তাঁহাতেই এই অসৎ বিশ্ব প্রতীয়মান হইতেছে (অর্থাৎ ভগবান্ হইতে পৃথক কিছুই নাই) ।২৯

হে বৎস! এইরূপে ভগবান্‌কে দর্শন করিলে তুমি সর্ব্বশক্তিমান্, সর্ব্বান্তর্যামী, আনন্দস্বরূপ ও

ভক্তিং বিধায় পরমাং শনকৈরবিদ্যা-
গ্রন্থিং বিভেৎস্যসি মমাহমিতি প্ররূঢ়ম্ ॥৩০
সংযচ্ছ রোষং ভদ্রং তে প্রতীপং শ্রেয়সাং পরম্।
শ্রুতেন ভূয়সা রাজন্নয়েন যদমীময়ম্ ॥৩১
যেনোপসৃষ্টাৎ পুরুষাল্লোক উদ্বিজতে ভৃশম্।
ন বুধস্তদ্বশং গচ্ছেদ্দিশ্বভয়মাত্মনঃ ॥৩২
হেলনং গিরিশভ্রাতুর্ধনদস্য ত্বয়া কৃতম্।
যদ্ভ্রষ্টবান্ পুণ্যজনান্ ভ্রাতৃঘ্নানিত্যমর্ষিতঃ ॥৩৩
তং প্রসাদয় বৎসাশু সন্নত্যা প্রণয়োক্তিভিঃ।
ন যাবন্মহতাং তেজঃ কুলং নোঽভিভবিষ্যতি ॥৩৪
এবং স্বায়ম্ভুবঃ পৌত্রমনুশাস্য মনুর্ধ্রুবম্।
তেনাভিবন্দিতঃ সাকমৃষিভিঃ স্বপুরং যযৌ ॥৩৫

ইতি শ্রীমদ্ভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং চতুর্থস্কন্ধে একাদশঃ অধ্যায়ঃ ॥

পরমাম্ উৎকৃষ্টাং ভক্তিং বিধায় (তৎকৃপয়া) মম অহম্ ইতি প্ররূঢ়ম্ অতিদৃঢ়ম্ অবিদ্যাগ্রন্থিম্ অবিদ্যাকৃতং স্ববন্ধনং শনকৈঃ ক্রমেণ বিভেৎস্যসি ছেৎস্যসি ॥৩০

হে রাজন্! অগদেন ঔষধেন জনো যথা আময়ং রোগং নিযচ্ছতি, তথা ভূয়সা বহুধা শ্রুতেন শ্রেয়সাং ধর্ম্মার্থকামমোক্ষাণাং পরম্ অত্যন্তং প্রতীপং বিঘাতকং রোষং সংযচ্ছ উপসংহর। তে তব ভদ্রং ভবিষ্যতি ॥৩১

যেন রোষেণ উপসৃষ্টাৎ ব্যাপ্তাৎ পুরুষাৎ লোকঃ ভৃশম্ উদ্বিজতে উদ্বেগং প্রাপ্নোতি, আত্মনঃ অভয়ম্ ইচ্ছন্ সন্ বুধঃ তদ্বশং (তস্য রোষস্য বশম্ অধীনতাং) ন গচ্ছেৎ ॥৩২

ভ্রাতৃঘ্নান্ ইতি বিবিচ্য অমর্ষিতঃ ক্রুদ্ধঃ ত্বং যৎ যস্মাৎ পুণ্যজনান্ অভ্রিষান্, এতেন গিরিশভ্রাতুঃ (গিরিশেন ভ্রাতৃত্বেন স্বীকৃতস্য) ধনদস্য কুবেরস্য হেলনম্ অবজ্ঞানং ত্বয়া কৃতম্। অতঃ হে বৎস! যাবৎ মহতাং তেজঃ ক্রোধাগ্নিঃ নঃ অস্মাকং কুলং ন অভিভবিষ্যতি, তাবৎ সন্নত্যা নমস্কারাদিনা প্রণয়োক্তিভিঃ চ তং ধনদম্ আশু শীঘ্রং প্রসাদয় ॥৩৩-৩৪

স্বায়ম্ভুবঃ মনুঃ পৌত্রং ধ্রুবম্ এবম্ অনুশাস্য উপদিশ্য তথা তেন ধ্রুবেণ অভিবন্দিতঃ সম্মানিতঃ সন্ ঋষিভিঃ সাকং সহ স্বপুরং যযৌ ॥৩৫

ইতি চতুর্থস্কন্ধে শ্রীখগেন্দ্রনাথশাস্ত্রিকৃতায়ে একাদশঃ অধ্যায়ঃ ॥

অনন্ত ভগবানে পরমভক্তিভাব অনুশীলন করিয়া ক্রমশঃ "আমি, আমার" ইত্যাদি সুদৃঢ় অহঙ্কার-গ্রন্থি ভেদ করিতে পারিবে।৩০

হে ধ্রুব! ক্রোধ সম্বরণ কর, তোমার মঙ্গল হউক। আর, হে রাজন্! লোকে ঔষধ দ্বারা যেমন রোগ নিবারণ করিয়া থাকে, সেইরূপ তুমিও ভূরি ভূরি উপদেশ বাক্য শ্রবণ দ্বারা কল্যাণের একান্ত প্রতিকূল বিষয় শান্ত কর।৩১

লোকে ক্রোধে অভিভূত ব্যক্তি দ্বারা অত্যন্ত উদ্বেগ প্রাপ্ত হয়; নিজের মঙ্গলকামী জ্ঞানী ব্যক্তি সেই ক্রোধের বশীভূত হইবে না।৩২

হে ধ্রুব! শিবভ্রাতা ধনপতি কুবেরের অনুচর যক্ষগণকে তোমার ভ্রাতৃহন্তা মনে করিয়া ক্রোধবশতঃ তাহাদিগকে বিনাশ করিয়া তুমি তাঁহার অবমাননা করিয়াছ। হে বৎস! লোকপালগণের তেজ দ্বারা আমাদের বংশ অভিভূত হইবার পূর্ব্বেই তুমি শীঘ্র ধনপতি কুবেরকে প্রণতি ও প্রণয়বাক্য দ্বারা প্রসন্ন কর। স্বায়ম্ভুব মনু এই প্রকারে স্বীয় পৌত্র ধ্রুবকে উপদেশ প্রদান করিয়া ধ্রুব কর্ত্তৃক অভিনন্দিত হইয়া ঋষিগণের সহিত নিজ ভবনে প্রস্থান করিলেন।৩৩-৩৫

শ্রীমন্মহর্ষিবেদব্যাসপ্রণীত পারমহংসী সংহিতা শ্রীমদ্ভাগবত মহাপুরাণের চতুর্থ স্কন্ধে
প্রভুপাদ শ্রীরাসবিহারি-গোস্বামিকৃতবঙ্গভাষানুবাদসহিত
একাদশ অধ্যায় সমাপ্ত।

দ্বাদশঃ অধ্যায়ঃ

[ধ্রুবস্য স্বপুরাগমনম্, যজ্ঞানুষ্ঠানম্, ততশ্চ সশরীরং হরিধামারোহণম্।]

মৈত্রেয় উবাচ।

ধ্রুবং নিবৃত্তং প্রতিবুধ্য বৈশসা-
দপেতমন্যুং ভগবান্ ধনেশ্বরঃ।
তত্রাগতশ্চারণযক্ষকিন্নরৈঃ
সংস্তূয়মানোঽভ্যবদৎ কৃতাঞ্জলিম্ ॥১

ধনদ উবাচ।

ভো ভোঃ ক্ষত্রিয়দায়াদ পরিতুষ্টোঽস্মি তেঽনঘ।
যৎ ত্বং পিতামহাদেশাদ্ বৈরং দুস্ত্যজমত্যজঃ ॥২
ন ভবানবধীদ্ যক্ষান্ ন যক্ষা ভ্রাতরং তব।
কাল এব হি ভূতানাং প্রভুরপ্যয়ভাবয়োঃ ॥৩
অহং ত্বমিত্যপার্থা ধীরজ্ঞানাৎ পুরুষস্য হি।
স্বাপ্নীবাভাত্যতজ্জ্ঞানাদ্ যয়া বন্ধবিপর্য্যয়ৌ ॥৪
তদ্গচ্ছ ধ্রুব ভদ্রং তে ভগবন্তমধোক্ষজম্।

মৈত্রেয়ঃ উবাচ। (এবং মনূপদেশাৎ) অপেত-মন্যুং শান্তক্রোধম্, অতএব বৈশসাৎ যক্ষহিংসনাৎ নিবৃত্তং ধ্রুবং প্রতিবুধ্য জ্ঞাত্বা ভগবান্ ধনেশ্বরঃ চারণ-যক্ষকিন্নরৈঃ সংস্তূয়মানঃ এব তত্র ধ্রুবসন্নিধানে আগতঃ তথা কৃতাঞ্জলিং ধ্রুবম্ অভ্যবদৎ প্রীতিপূর্ব্বকম্ উবাচ ॥১

ধনদঃ উবাচ। ভোঃ ভোঃ ক্ষত্রিয়দায়াদ রাজপুত্র! অনঘ! অহং তে পরিতুষ্টঃ অস্মি। যৎ যস্মাৎ ত্বং পিতামহাদেশাৎ দুস্ত্যজং বৈরং অত্যজঃ ত্যক্তবানসি ॥২

ভবান্ যক্ষান্ ন অবধীৎ ন হতবান্, ন চ তব ভ্রাতরং যক্ষাঃ হতবন্তঃ, হি যতঃ ভূতানাং অপ্যয়-ভাবয়োঃ মৃত্যুজন্মনোঃ প্রভুঃ সমর্থঃ কালঃ এব ॥৩

হি যতঃ পুরুষস্য অজ্ঞানাৎ আত্মস্বরূপাজ্ঞানাৎ অতজ্জ্ঞানাৎ (অতস্মিন্ আত্মব্যতিরিক্তে দেহে যৎ ধ্যানং আত্মত্বেনাবধারণং তস্মাৎ) অহং ত্বম্ ইতি স্বাপ্নী ইব অপার্থা মিথ্যা ধীঃ আভাতি, যথা ভ্রান্তি-রূপয়া ধিয়া বন্ধবিপর্য্যয়ৌ ভবতঃ ॥৪

তৎ তস্মাৎ হে ধ্রুব! রাজ্যপালনার্থং গৃহং গচ্ছ। তথা সর্ব্বভূতাত্মভাবেন সর্ব্বভূতাত্মবিগ্রহম্

দ্বাদশ অধ্যায়

[ধ্রুবের স্ব-পুরে প্রত্যাগমন, যজ্ঞানুষ্ঠান ও তৎপরে সশরীরে হরিধামে আরোহণ।]

মৈত্রেয় ঋষি বলিলেন,—ধনাধিপ কুবের শুনিতে পাইলেন যে, ধ্রুব (পিতামহের বাক্যে) ক্রোধ ত্যাগ করিয়া বধকার্য্য হইতে নিবৃত্ত হইয়াছেন। তখন তিনি চারণ, যক্ষ, কিন্নরগণ কর্ত্তৃক স্তূয়মান হইয়া ধ্রুবের নিকট আগমন করিলেন এবং কৃতাঞ্জলিপুটে দণ্ডায়মান ধ্রুবকে সম্বোধনপূর্ব্বক বলিলেন ।১

কুবের বলিলেন,—হে নিষ্পাপ ক্ষত্রিয়কুমার। তুমি পিতামহ মনুর আদেশে দুস্ত্যজ বৈরভাব পরিত্যাগ করায় তোমার প্রতি আমি অতিশয় সন্তুষ্ট হইলাম ।২

তুমি যক্ষকে বিনাশ কর নাই, যক্ষেরাও তোমার ভ্রাতাকে (উত্তমকে) বিনাশ করে নাই, কালই প্রাণিগণের জন্ম-মরণের বিধানকর্ত্তা ।৩

পুরুষের অজ্ঞানবশতঃ স্বপ্নকালীন জ্ঞানের ন্যায় "আমি" "তুমি" এইরূপ মিথ্যাবুদ্ধি হইয়া থাকে, ঐ বুদ্ধি দ্বারা দেহানুসন্ধান করাতেই বন্ধ ও দুঃখাদি হয় ।৪

হে ধ্রুব। তোমার মঙ্গল হউক, তুমি গৃহে গমন কর, তুমি সর্ব্বভূতে পরমাত্মভাব দর্শন করিয়া সর্ব্বভূতের

সর্ব্বভূতাত্মভাবেন সর্ব্বভূতাত্মবিগ্রহম্ ॥৫

ভজস্ব ভজনীয়াঙ্ঘ্রিমভবায় ভবচ্ছিদম্।
যুক্তং বিরহিতং শক্ত্যা গুণময্যাত্মমায়য়া ॥৬

বৃণীহি কামং নৃপ যন্মনোগতং
মত্তস্ত্বমৌত্তানপদেঽবিশঙ্কিতঃ।
বরং বরার্হোঽম্বুজনাভপাদয়ো-
রনন্তরং ত্বাং বয়মঙ্গ শুশ্রুম ॥৭

(সর্ব্বেষাং ভূতানাং আত্মা এব বিগ্রহো স্বরূপং যস্য তম্) অভবায় সংসারনিবৃত্তয়ে ভজনীয়াঙ্ঘ্রিং ভবচ্ছিদং সংসারতাপহারকং, গুণময্যা ত্রিগুণময়া আত্মমায়য়া যোগমায়য়া শক্ত্যা যুক্তং সগুণং তথা তয়া বিরহিতং নির্গুণম্ অধোক্ষজং (অধঃ অক্ষজং জ্ঞানং যস্মাৎ তং) ভজস্ব, তে তব ভদ্রং ভবিষ্যতি ॥৫-৬

হে ঔত্তানপাদে! হে নৃপ! ত্বম্ অবিশঙ্কিতঃ এব মত্তঃ মনোগতং যৎ বরং কামং তৎ বৃণীহি; যতঃ বরার্হঃ অসি; হে অঙ্গ! অম্বুজনাভপাদয়োঃ (অম্বুজং বিশ্বাত্মকং কমলং নাভৌ যস্য তস্য পাদয়োঃ) অনন্তরং নিকটং সমীপবর্ত্তিনং ত্বাং বয়ং শুশ্রুম ॥৭

মৈত্রেয়ঃ উবাচ। এবং সঃ মহাভাগবতঃ ভক্তশ্রেষ্ঠঃ মহামতিঃ (মহতী উদারা মতিঃ যস্য সঃ)

আশ্রয়স্বরূপ সংসারহারী ভগবানের ভজনা কর, তাঁহার পাদপদ্ম জীবের একমাত্র ভজনীয় বস্তু ও সংসার নিবর্ত্তক। তিনি কখন শক্তিরূপা গুণময়ী আত্মমায়াতে যুক্ত হন, কখন-বা বিরহিত হইয়া থাকেন, (সগুণ-নির্গুণ ভেদে) তিনি ইন্দ্রিয়ের অগোচর ॥৫-৬

হে উত্তানপাদনন্দন মহারাজ ধ্রুব। যদি তোমার অন্তরে কোন বাসনা থাকে, তবে নিঃসঙ্কোচে আমার নিকট তদ্বিষয়ে বর প্রার্থনা কর; তুমি বর পাইবার সুযোগ্য পাত্র, যেহেতু আমরা শুনিয়াছি তুমি ভগবান্ শ্রীহরির চরণযুগলের অতি নিকটে স্থান পাইয়াছ ॥৭

মৈত্রেয় উবাচ।

স রাজরাজেন বরায় চোদিতো
ধ্রুবো মহাভাগবতো মহামতিঃ।
হরৌ স বব্রেঽচলিতাং স্মৃতিং যয়া
তরত্যগন্ত্রেন দুরত্যয়ং তমঃ ॥৮

তস্য প্রীতেন মনসা তাং দত্ত্বৈড়বিড়স্ততঃ।
পশ্যতোঽন্তর্দ্দধে সোঽপি স্বপুরং প্রত্যপদ্যত ॥৯

অথাযজত যজ্ঞেশং ক্রতুভির্ভূরিদক্ষিণৈঃ।
দ্রব্যক্রিয়াদেবতানাং কর্ম্ম কর্ম্মফলপ্রদম্ ॥১০

ধ্রুবঃ রাজরাজেন ধনদেন যদা বরায় (বরং যাচিতুং) চোদিতঃ প্রেরিতঃ, তদা সঃ হরৌ অচলিতাম্ অচলাং স্মৃতিং বব্রে; যয়া স্মৃত্যা জনঃ অঞ্জসা অনায়াসেন দুরত্যয়ং নিবর্ত্তয়িতুমশক্যং তমঃ অজ্ঞানং তরতি অতিক্রমতি ॥৮

ততঃ ঐড়বিড়ঃ ইড়বিড়ায়াঃ পুত্রঃ ধনদঃ প্রীতেন মনসা তস্য ধ্রুবস্য তাম্ অচলাং ভগবৎস্মৃতিং দত্ত্বা ধ্রুবস্য পশ্যতঃ এব অন্তর্দ্দধে অন্তর্হিতবান্। সঃ ধ্রুবঃ অপি স্বপুরং প্রত্যপদ্যত ॥৯

অথ গৃহাগমনানন্তরং ভূরিদক্ষিণৈঃ প্রচুরদক্ষিণা-যুক্তৈঃ ক্রতুভিঃ যজ্ঞৈঃ দ্রব্যক্রিয়াদেবতানাং (দ্রব্যাণি উপকরণাদীনি, ক্রিয়াঃ তত্তদনুষ্ঠানানি দেবতাঃ তত্তদ্‌যজ্ঞাধিষ্ঠাত্র্যঃ তেষাং) কর্ম্ম কর্ম্মফলরূপং কর্ম্মফল-

মৈত্রেয় বলিলেন,—সেই পরমভাগবত মহামতি ধ্রুবকে রাজরাজ কুবের বর-গ্রহণের জন্য অনুরোধ করিলে, ধ্রুব প্রার্থনা করিলেন যে, শ্রীহরির প্রতি আমার যেন অচলা স্মৃতি থাকে, কারণ তাঁহার স্মৃতি দ্বারা অনায়াসে দুস্তর সংসার-সমুদ্র পার হওয়া যায়। অনন্তর কুবের প্রীতিযুক্ত হৃদয়ে ধ্রুবকে সেই বর প্রদান করিয়া ধ্রুবের সমক্ষেই অন্তর্হিত হইলেন, ধ্রুবও নিজ পুরীতে প্রত্যাগমন করিলেন ॥৮-৯

অনন্তর ধ্রুব প্রচুর দক্ষিণাযুক্ত বহু যজ্ঞানুষ্ঠানের দ্বারা দ্রব্য, ক্রিয়া ও দেবতার কর্ম্মসাধ্য ফলস্বরূপ ও কর্ম্মফলপ্রদাতা যজ্ঞেশ্বর শ্রীহরির অর্চ্চনা করিলেন ॥১০

সর্ব্বাত্মন্যচ্যুতেঽসর্ব্বে ভাবৈকান্ত্যমুদ্বহন্।
দদর্শাত্মনি ভূতেষু তমেবাবস্থিতং বিভুম্ ॥১১
তমেব শীলসম্পন্নং ব্রহ্মণ্যং দীনবৎসলম্।
গোপ্তারং ধর্ম্মসেতূনাং মেনিরে পিতরং প্রজাঃ ॥১২
ষট্‌ত্রিংশদ্বর্ষসাহস্রং শশাস ক্ষিতিমণ্ডলম্।
ভোগৈঃ পুণ্যক্ষয়ং কুর্ব্বন্নভোগৈরশুভক্ষয়ম্ ॥১৩
এবং বহুসবং কালং মহাত্মাবিচলেন্দ্রিয়ঃ।
ত্রিবর্গৌপয়িকং নীত্বা পুত্রায়াদান্নৃপাসনম্ ॥১৪

প্রদং চ যজ্ঞেশং যজ্ঞেশ্বরং নারায়ণম্ অযজত ॥১০

সর্ব্বাত্মনি (সর্ব্বস্য স্থাবরজঙ্গমাত্মকস্য আত্মনি) অসর্ব্বে সর্ব্বোপাধিবর্জিতে অচ্যুতে ভাবৈকান্ত্যম্ অখণ্ডিত-প্রবাহাং ভক্তিং চিত্তবৃত্তিম্ উদ্বহন্ স্বাত্মনি ভূতেষু চ তম্ এব বিভুং ব্যাপকং ভগবন্তম্ অবস্থিতং দদর্শ ॥১১

এবং শীলসম্পন্নং ব্রহ্মণ্যং ব্রাহ্মণভক্তং, দীনবৎসলং দীনেষু দয়াযুক্তং, ধর্ম্মসেতূনাং বর্ণাশ্রমধর্ম্মমর্য্যাদানাং গোপ্তারং রক্ষকং তং ধ্রুবং প্রজাঃ পিতরং মেনিরে ॥১২

তথ ভোগৈঃ (ধর্ম্মাস্তবিরোধেন বিষয়াণাং ভোগৈঃ) পুণ্যক্ষয়ং (প্রারব্ধস্য পুণ্যস্য ক্ষয়ং তথা) অভোগৈঃ (ব্রতোপবাসাদিভিঃ অশুভস্য ক্ষয়ং) কুর্ব্বন্ ষট্‌ত্রিংশদ্বর্ষসাহস্রং কালং ক্ষিতিমণ্ডলং শশাস পালিতবান্ ॥১৩

অবিচলেন্দ্রিয়ঃ (ন বিচলানি নিষিদ্ধভোগোন্মুখানি ইন্দ্রিয়াণি যস্য সঃ) মহাত্মা উদারচিত্তঃ

ধ্রুব সকলের আত্মস্বরূপ, সর্ব্বোপাধিবিবর্জ্জিত ভগবানে একান্ত ভক্তিযোগ অবলম্বনপূর্ব্বক তাঁহাকে নিজের মধ্যে ও সর্ব্বভূতে অবস্থিত দেখিতে পাইলেন। বৎস বিদুর! ধ্রুবকে এইপ্রকার শীলসম্পন্ন, ব্রহ্মণ্য, দীনবৎসল ও ধর্ম্মমর্য্যাদারক্ষক দেখিয়া সকল প্রজাই তাঁহাকে পিতা বলিয়া মান্য করিত।১১-১২

এইপ্রকারে ধ্রুব ভোগের দ্বারা পুণ্যক্ষয় এবং অভোগ অর্থাৎ যজ্ঞানুষ্ঠান ও ব্রতনিয়মপালনাদির দ্বারা পাপসকল বিনষ্ট করিয়া ছত্রিশ হাজার বৎসর পৃথিবী শাসন করিলেন।১৩

জিতেন্দ্রিয় ধ্রুব বহুবৎসর কাল ত্রিবর্গ (ধর্ম্ম, অর্থ ও

মন্যমান ইদং বিশ্বং মায়ারচিতমাত্মনি।
অবিদ্যারচিতস্বপ্নগন্ধর্ব্বনগরোপমম্ ॥১৫
আত্মন্ত্যপত্যসুহৃদো বলমৃদ্ধকোশ-
মন্তঃপুরং পরিবিহারভুবশ্চ রম্যাঃ।
ভূমণ্ডলং জলধিমেখলমাকলয্য
কালোপসৃষ্টমিতি স প্রযযৌ বিশালাম্ ॥১৬
তস্যাং বিশুদ্ধকরণঃ শিববায়ুবায়্য
বন্ধ্যাসনং জিতমরুন্মনসাহৃতাক্ষঃ।

ধ্রুবঃ এবং ত্রিবর্গৌপয়িকং (ত্রিবর্গাণাং ধর্ম্মার্থকামানাম্ ঔপয়িকম্ উপভোগসাধনং) বহুসবং (বহবঃ সবাঃ সংবৎসরাঃ যস্মিন্ তং) কালং নীত্বা অতীত্য পুত্রায় নৃপাসনম্ অদাৎ ॥১৪

আত্মনি পরমাত্মনি মায়য়া রচিতম্ ইদং বিশ্বম্ অবিদ্যারচিতস্বপ্নগন্ধর্ব্বনগরোপমং মন্যমানঃ (পুত্রায় অদাৎ ইতি পূর্ব্বেণান্বয়ঃ) ॥১৫

আত্মন্ত্যপত্যসুহৃদঃ (আত্মা দেহঃ) বলমৃদ্ধকোশং (বলং সেনাম্, ঋদ্ধং বৃদ্ধং কোষম্) অন্তঃপুরং রম্যাঃ পরিবিহারভুবঃ উদ্যানাদি, জলধিমেখলং (জলধিঃ মেখলা পরিখা যস্য তং) ভূমণ্ডলং সর্ব্বং কালোপসৃষ্টম্ (কালেন উপসৃষ্টং নশ্বরম্) আকলয্য বিচার্য্য সঃ ধ্রুবঃ বিশালাং বদরিকাম্ আশ্রমং প্রযযৌ ॥১৬

তস্যাং বিশালায়াং শিববায়ুঃ (শিবং পবিত্রং বায়ুবলং)

কাম) সাধন করিয়া পুত্রকে রাজ-সিংহাসন প্রদান করিলেন।১৪

তাঁহার মনে হইল, স্বপ্নে গন্ধর্ব্বনগর যেমন স্বীয় অবিদ্যাবলেই রচিত হইয়া থাকে, তদ্রূপ এই বিশ্বও মায়া দ্বারা রচিত।১৫

অতএব তিনি দেহ, পুত্র, কলত্র, মিত্র, সামর্থ্য (হস্তী, অশ্ব প্রভৃতি), সমৃদ্ধ ধনাগার, অন্তঃপুর, রমণীয় বিহারভূমি ও সসাগরা পৃথিবী এই সকলকে কালগ্রস্ত অর্থাৎ অনিত্য বিবেচনা করিয়া বদরিকাশ্রমে গমন করিলেন।১৬

স্থূলে দধার ভগবৎপ্রতিরূপ এতদ্
ধ্যায়ংস্তদব্যবহিতো ব্যসৃজৎ সমাধৌ ॥১৭
ভক্তিং হরৌ ভগবতি প্রবহন্নজস্র-
মানন্দবাষ্পকলয়া মুহুরর্দ্যমানঃ।
বিক্লিন্যমানহৃদয়ঃ পুলকাচিতাঙ্গো
নাত্মানমস্মরদসাবিতি মুক্তলিঙ্গঃ ॥১৮
স দদর্শ বিমানাগ্র্যং নভসোঽবতরদ্ ধ্রুবঃ।
বিভ্রাজয়দ্দশ দিশো রাকাপতিমিবোদিতম্ ॥১৯
তত্রাসু দেবপ্রবরৌ চতুর্ভুজৌ
শ্যামৌ কিশোরাবরুণাম্বুজেক্ষণৌ।
স্থিতাববষ্টভ্য গদাং সুবাসসৌ
কিরীটহারাঙ্গদচারুকুণ্ডলৌ ॥২০
বিজ্ঞায় তাবুত্তমগায়কিঙ্করা-
বভ্যুত্থিতঃ সাধ্বসবিস্মৃতক্রমঃ।

বিগাহ্য প্রবিশ্য বিশুদ্ধকরণঃ (বিশুদ্ধানি করণানি অন্তঃকরণম্ ইন্দ্রিয়াণি চ যস্য তথা সন্) আসনং স্বস্তিকাদি বদ্ধা স্থিরীকৃত্য জিতমরুৎ (জিতঃ মরুৎ প্রাণবায়ুঃ যেন সঃ) তথা মনসা হৃতাক্ষঃ (হৃতানি অক্ষাণি যেন সঃ) সন্ ভগবৎপ্রতিরূপে (ভগবতঃ প্রতিরূপে প্রতিনিধিভূতে) স্থূলে বিরাট্‌রূপে এতৎ মনঃ দধার ধ্যায়ন্ অব্যবহিতঃ ধ্যাতৃধ্যানধ্যেয়ভেদ-স্ফূরণরহিতঃ সমাধৌ স্থিতঃ সন্ তৎ স্থূলং রূপম্ অপি ব্যসৃজৎ বিস্মৃতবান্ ॥১৭

হরৌ সর্ব্বদুঃখহর্ত্তরি ভগবতি পরমপুরুষার্থভূতে অজস্রং নিরন্তরং ভক্তিং প্রবহন্ মুক্তলিঙ্গঃ ত্যক্তদেহাদি-কার্য্যকারণসঙ্ঘাতাভিমানঃ আনন্দবাষ্পকলয়া (আনন্দেন জাতয়া বাষ্পকলয়া অশ্রুবিন্দুপ্রবাহেণ) মুহুঃ অর্দ্যমানঃ অভিভূয়মানঃ বিক্লিন্যমানহৃদয়ঃ (বিক্লিন্যমানং হৃদয়ং যস্য সঃ) পুলকাচিতাঙ্গঃ (পুলকৈঃ আচিতানি ব্যাপ্তানি অঙ্গানি যস্য সঃ) অসৌ ধ্রুবঃ অহমিতি আত্মানং ন অস্মরৎ ন সস্মার, অথ সঃ ধ্রুবঃ উদিতং রাকাপতিং চন্দ্রম্ ইব দশ দিশঃ বিভ্রাজয়ৎ প্রকাশয়ৎ নভসঃ আকাশাৎ অবতরৎ বিমানাগ্র্যং শ্রেষ্ঠবিমানং দদর্শ ॥১৮-১৯

অথ বিমানদর্শনানন্তরং তত্র বিমানে চতুর্ভুজৌ শ্যামৌ কিশোরৌ নূতনবয়স্কৌ অরুণাম্বুজেক্ষণৌ কিরীট-হারাঙ্গদচারুকুণ্ডলৌ সুবাসসৌ দেবপ্রবরৌ গদাম্ অবষ্টভ্য অবলম্ব্য স্থিতৌ (পার্শ্বপ্রধানৌ ননাম ইতি পরেণান্বয়ঃ ॥২০

তৌ উত্তমগায়স্য পুণ্যযশসঃ ভগবতঃ কিঙ্করৌ

ধ্রুব যমুনিকাশ্রমের বিশুদ্ধ জলে স্নান করিয়া (শম-দমাদি দ্বারা) বিশুদ্ধেন্দ্রিয় হইলেন, পরে আসন রচনাপূর্ব্বক প্রাণায়াম দ্বারা প্রাণবায়ুকে বশীভূত করিলেন এবং মনের দ্বারা ইন্দ্রিয়সকলকে বিষয় হইতে প্রত্যাহরণ করিয়া বিরাট্‌মূর্ত্তি ভগবানের স্থূলরূপে ঐ মনের ধারণা করিলেন; অনন্তর ধ্যান করিতে করিতে ধাতৃধ্যেয়ভেদশূন্য হইয়া সমাধিস্থ হইলেন, তখন তাঁহার সেই স্থূলরূপের ধ্যান পরিত্যাগ হইল।১৭

এইপ্রকারে ধ্রুব ভগবান্ শ্রীহরির প্রতি অবিচ্ছিন্ন ভক্তিভাব বহন করিতে করিতে পুনঃ পুনঃ আনন্দাশ্রু-প্রবাহে অভিভূত হইতে লাগিলেন, হৃদয় আনন্দে প্রায় গলিয়া যাইল, সর্ব্বাঙ্গ রোমাঞ্চিত হইল; তিনি নিজেকে বিস্মৃত হইলেন, কারণ তিনি অহঙ্কারাদিরূপ দেহাত্মিক অভিমান হইতে মুক্ত হইয়াছেন; অনন্তর ধ্রুব দেখিতে পাইলেন পূর্ণিমার চন্দ্রের ন্যায় দশদিক আলোকিত করিয়া গগনমণ্ডল হইতে একটী রথ নীচে অবতীর্ণ হইতেছে।১৮-১৯

অনন্তর সেই রথমধ্যে দুইটী শ্রেষ্ঠ দেবতা দেখিতে পাইলেন। তাঁহারা দুইজনেই শ্যামবর্ণ, চতুর্ভুজ এবং তরুণবয়স্ক; দুইজনেরই নয়ন অরুণবর্ণ কমলের তুল্য, বদন অতি সুশোভন, উভয়েই মনোহর কিরীট, হার, অঙ্গদ এবং কুণ্ডলে অলঙ্কৃত হইয়া গদা অবলম্বনে দণ্ডায়মান ছিলেন।২০

ধ্রুব তাঁহাদিগকে পুণ্যশ্লোক ভগবানের কিঙ্কর

ননাম নামানি গৃণন্ মধুদ্বিষঃ
পার্ষৎপ্রধানাবিতি সংহতাঞ্জলিঃ ॥২১
তং কৃষ্ণপাদাভিনিবিষ্টচেতসং
বদ্ধাঞ্জলিং প্রশ্রয়নম্রকন্ধরম্।
সুনন্দ-নন্দাবুপসৃত্য সস্মিতং
প্রীত্যোচতুঃ পুষ্করনাভসম্মতৌ ॥২২
সুনন্দ-নন্দাবূচতুঃ।
ভো ভো রাজন্ সুভদ্রং তে বাচো নোঽবহিতঃ শৃণু।
যং পঞ্চবর্ষস্তপসা ভবান্ দেবমতীতৃপৎ ॥২৩

তস্যাখিলজগদ্ধাতুরাবাং দেবস্য শার্ঙ্গিণঃ।
পার্ষদাবিহ সম্প্রাপ্তৌ নেতুং ত্বাং ভগবৎপদম্ ॥২৪
সুদুর্জ্জয়ং বিষ্ণুপদং জিতং ত্বয়া
যৎ সূরয়োঽপ্রাপ্য বিচক্ষতে পরম্।
আতিষ্ঠ তচ্চন্দ্র-দিবাকরাদয়ো
গ্রহর্ক্ষতারাঃ পরিযন্তি দক্ষিণম্ ॥২৫
অনাস্থিতং তে পিতৃভিরন্যৈরপ্যঙ্গ কর্হিচিৎ।
আতিষ্ঠ জগতাং বন্দ্যং তদ্বিষ্ণোঃ পরমং পদম্ ॥২৬

বিজ্ঞায় অভ্যুত্থিতং সাধ্বসবিস্মৃতক্রমঃ (সাধ্বসেন সম্ভ্রমেণ বিস্মৃতঃ পূজায়াঃ ক্রমঃ যেন সঃ) দন্ মধুদ্বিষঃ মধুসূদনস্য পার্ষৎপ্রধানৌ "সুনন্দ-নন্দৌ যুবাম্ ইতি" তয়োঃ নামানি গৃণন্ উচ্চারয়ন্ সংহতাঞ্জলিঃ এব ধ্রুবঃ ননাম ॥২১

কৃষ্ণপাদাভিনিবিষ্টচেতসং (কৃষ্ণপাদয়োঃ অভিনিবিষ্টং চেতঃ যস্য তং) বদ্ধাঞ্জলিং প্রশ্রয়নম্রকন্ধরং (প্রশ্রয়েণ বিনয়েন নম্রা আনতা কন্ধরা গ্রীবা যস্য তং) ধ্রুবং প্রতি পুষ্করনাভসম্মতৌ (পুষ্করনাভস্য ভগবতঃ সম্মতৌ প্রিয়ৌ) সুনন্দ-নন্দৌ উপসৃত্য সমীপং গত্বা সস্মিতং যথা স্যাৎ তথা ঊচতুঃ ॥২২

সুনন্দ-নন্দৌ ঊচতুঃ। ভোঃ ভোঃ রাজন্ তে তব সুভদ্রং কল্যাণং ভবতু, অবহিতঃ সাবধানঃ সন্ নঃ অস্মাকং বাচঃ শৃণু! পঞ্চবর্ষঃ ভবান্ তপসা যং দেবম্ অতীতৃপৎ তৃপ্তম্ অকার্ষীৎ ॥২৩

তস্য অখিলজগদ্ধাতুঃ সর্ব্বজগৎপালকস্য দেবদেবস্য শার্ঙ্গিণঃ নারায়ণস্য পার্ষদৌ আবাং ভগবৎপদং ত্বাং নেতুম্ ইহ সম্প্রাপ্তৌ ইতি বিদ্ধি ॥২৪

সুদুর্জ্জয়ং বিষ্ণুপদং যৎ সূরয়ঃ সপ্তর্ষয়ঃ অপি অপ্রাপ্য পরং কেবলং বিচক্ষতে পশ্যন্তি, যৎ চন্দ্রদিবাকরাদয়ঃ গ্রহর্ক্ষতারাঃ দক্ষিণং পরিযন্তি পরিক্রামন্তি, তৎ ত্বয়া জিতং তৎপ্রসাদাৎ প্রাপ্তং; তৎ আতিষ্ঠ অধিতিষ্ঠ ॥২৫

হে অঙ্গ! তে তব পিতৃভিঃ অন্যৈঃ অপি তৎ স্থানং কর্হিচিৎ অনাস্থিতম্ অনধিষ্ঠিতম্, অতঃ জগতাং বন্দ্যং বিষ্ণোঃ তৎ পরমং পদম্ আতিষ্ঠ ॥২৬

বুঝিতে পারিয়া গাত্রোত্থান করিলেন এবং ব্যস্ততাহেতু যথাবিধি পূজা করিতে ভুলিয়া গিয়া কৃতাঞ্জলিপুটে ভগবানের নামসকল উচ্চারণ করিতে করিতে সেই ভগবানের প্রধান পার্ষদদ্বয়কে প্রণাম করিলেন। পদ্মনাভের প্রিয় পার্ষদদ্বয় সুনন্দ ও নন্দ নিকটে আগমন করিয়া শ্রীকৃষ্ণের পাদপদ্মে নিবিষ্টচিত্ত, কৃতাঞ্জলি ও বিনয়াবনত সেই ধ্রুবকে প্রীতিসহকারে সহাস্যবদনে বলিতে লাগিলেন ।২১-২২

সুনন্দ ও নন্দ বলিলেন,—হে রাজন্! তোমার মঙ্গল হউক (যেহেতু সশরীরে বিষ্ণুপদে আরোহণ করিবে); এখন অবহিত হইয়া আমাদের বাক্য শ্রবণ কর; তুমি পঞ্চমবর্ষ বয়ঃক্রমকালে তপস্যা দ্বারা যে দেবকে সন্তুষ্ট করিয়াছিলে, আমরা সেই অখিল জগতের বিধাতা শার্ঙ্গধন্বা ভগবান্ শ্রীহরির কিঙ্কর; তোমাকে ভগবদ্ধামে লইয়া যাইবার নিমিত্ত সম্প্রতি এখানে আগমন করিয়াছি ।২৩-২৪

হে ধ্রুব! তুমি দুর্জ্জয় বিষ্ণুপদ জয় করিয়াছ, সপ্তর্ষিরাও যেখানে যাইতে না পারিয়া অধঃস্থলে অবস্থান করিয়া কেবল দর্শন করিতে থাকেন এবং চন্দ্র, সূর্য্য, গ্রহ, নক্ষত্র ও তারামণ্ডল যে ধামকে

এতদ্‌বিমানপ্রবরমুত্তমঃশ্লোকমৌলিনা।
উপস্থাপিতমায়ুষ্মন্নধিরোঢ়ুং ত্বমর্হসি ॥২৭

মৈত্রেয় উবাচ।

নিশম্য বৈকুণ্ঠনিযোজ্যমুখ্যয়ো-
র্মধুচ্যুতং বাচমুরুক্রমপ্রিয়ঃ।
কৃতাভিষেকঃ কৃতনিত্যমঙ্গলো
মুনীন্ প্রণম্যাশিষমভ্যবাদয়ৎ ॥২৮

পরীত্যাভ্যর্চ্চ্য ধিষ্ণ্যাগ্র্যং পার্ষদাবভিবন্দ্য চ।
ইয়েষ তদধিষ্ঠাতুং বিভ্রদ্ রূপং হিরণ্ময়ম্ ॥২৯

তদা দুন্দুভয়ো নেদুর্মৃদঙ্গপণবাদয়ঃ।
গন্ধর্ব্বমুখ্যাঃ প্রজগুঃ পেতুঃ কুসুমবৃষ্টয়ঃ ॥৩০

স চ স্বর্লোকমারোক্ষ্যন্ সুনীতিং জননীং ধ্রুবঃ।
অগস্মরদগং হিত্বা দীনাং যাস্যে ত্রিপিষ্টপম্ ॥৩১

উত্তমঃশ্লোকমৌলিনা (উত্তমাঃ শ্লোকাঃ যশাংসি যেষাং তেষাং মৌলিনা শিরোমণিনা) এতৎ বিমানপ্রবরং বিমানশ্রেষ্ঠম্ উপস্থাপিতং প্রেষিতং। হে আয়ুষ্মন্! এতৎ ত্বম্ অধিরোঢ়ুম্ অর্হসি ॥২৭

মৈত্রেয়ঃ উবাচ। বৈকুণ্ঠনিযোজ্যমুখ্যয়োঃ (বৈকুণ্ঠস্য ভগবতঃ নিযোজ্যানাং পার্ষদানাং মুখ্যয়োঃ তয়োঃ) মধুচ্যুতাং মধু চ্যবতে স্রবতীতি মধুচ্যুৎ তাং মধুচ্যুতমিতি পাঠে মধু চ্যুতং যস্যাং অমৃতস্রাবিণীং) বাচং নিশম্য শ্রুত্বা, উরুক্রমপ্রিয়ঃ (উরবঃ বহবঃ ক্রমাঃ লীলাঃ যস্য তস্য ভগবতঃ প্রিয়ঃ ধ্রুবঃ) কৃতাভিষেকঃ কৃতস্নানঃ কৃতনিত্যমঙ্গলঃ (কৃতং নিত্যকর্ম্ম সন্ধ্যাবন্দনাদিকং মঙ্গলং তিলকাদি-

---

প্রদক্ষিণ করিয়া ভ্রমণ করে, সেই স্থানে অধিষ্ঠান করিবে চল। হে ধ্রুব! তোমার পিতৃপিতামহগণ অথবা অন্য কোন লোক এ পর্য্যন্ত কখনও ঐ স্থানে অবস্থান করিতে সমর্থ হন নাই এবং যাহা জগতের পরম বন্দনীয়, তুমি সেই বিষ্ণুর পরমপদে অবস্থান কর ।২৫-২৬

হে দীর্ঘজীবিন্ ধ্রুব! পুণ্যশ্লোক-শিরোমণি ভগবান্ এই শ্রেষ্ঠ বিমান পাঠাইয়া দিয়াছেন, ইহাতে (সশরীরে) আরোহণ কর ।২৭

মৈত্রেয় বলিলেন,—হে বিদুর! শ্রীভগবানের প্রিয়পাত্র ধ্রুব বৈকুণ্ঠনাথের সেই সেই প্রধান ভৃত্যদ্বয়ের মধুবর্ষিণী কথা শ্রবণ করিয়া স্নান, নিত্যকর্ম্ম ও মাঙ্গলিক কার্য্যসকল সমাপন করিয়া মুনিগণকে প্রণাম করিলেন

এবং তাঁহাদের নিকট হইতে আশীর্ব্বাদ গ্রহণ করিলেন ।২৮

অনন্তর ধ্রুব ঐ বিমানশ্রেষ্ঠকে প্রদক্ষিণ ও বন্দনা করিয়া উক্ত পার্ষদদ্বয়কে অভিবাদন করিলেন এবং হিরণ্ময় অর্থাৎ তেজোময় রূপ ধারণ পূর্ব্বক বিমানে আরোহণ করিতে ইচ্ছা করিলেন। ঐ সময়ে দুন্দুভি, মৃদঙ্গ, পণব প্রভৃতি বাদ্যসমূহ বাজিতে লাগিল, প্রধান প্রধান গন্ধর্ব্বগণ গান করিতে আরম্ভ করিল এবং আকাশ হইতে পুষ্প বৃষ্টি হইতে লাগিল ।২৯-৩০

ধ্রুব যখন বিষ্ণুলোকে আরোহণ করিতে উদ্যত, তখন জননী সুনীতিকে স্মরণ হইল—আমি দুঃখিনী জননী সুনীতিকে পরিত্যাগ করিয়া কিরূপে সাধারণের অগম্য বিষ্ণুপদে গমন করিব ? ৩১

ইতি ব্যবসিতং তস্য ব্যবসায় সুরোত্তমৌ।
দর্শয়ামাসতুর্দেবীং পুরো যানেন গচ্ছতীম্ ॥৩২
তত্র তত্র প্রশংসদ্ভিঃ পথি বৈমানিকৈঃ সুরৈঃ।
অবকীর্য্যমাণো দদৃশে কুসুমৈঃ ক্রমশো গ্রহান্ ॥৩৩
ত্রিলোকীং দেবযানেন সোঽতিব্রজ্য মুনীনপি।
পরস্তাদ্ যদ্ ধ্রুবগতির্বিষ্ণোঃ পদমবাভ্যগাৎ ॥৩৪
যদ্ ভ্রাজমানং স্বরুচৈব সর্ব্বতো
লোকাত্রয়ো হ্যনু বিভ্রাজতে এতে।
যন্নাব্রজন্ জন্তুষু নেঘনুগ্রহা
ব্রজন্তি ভদ্রাণি চরন্তি যেঽনিশম্ ॥৩৫
শান্তাঃ সমদৃশঃ শুদ্ধাঃ সর্ব্বভূতানুরঞ্জনাঃ।
যান্ত্যঞ্জসাচ্যুতপদমচ্যুতপ্রিয়বান্ধবাঃ ॥৩৬
ইত্যুত্তানপদঃ পুত্রো ধ্রুবঃ কৃষ্ণপরায়ণঃ।
অভূৎ ত্রয়াণাং লোকানাং চূড়ামণিরিবামলঃ ॥৩৭
গম্ভীরবেগোঽনিমিষং জ্যোতিষাং চক্রমাহিতম্।
যস্মিন্ ভ্রমতি কৌরব্য মেধ্যামিব গবাং গণঃ ॥৩৮

ইতি এবং ধ্রুবস্য তস্য ব্যবসিতম্ অভিপ্রায়ং ব্যবসায় নিশ্চিত্য সুরোত্তমৌ পার্ষদৌ যানেন বিমানেন পুরঃ পুরতঃ গচ্ছন্তীং দেবীং সুনীতিং দর্শয়ামাসতুঃ ॥৩২

পথি মার্গে তত্র তত্র প্রশংসদ্ভিঃ বৈমানিকৈঃ সুরৈঃ কুসুমৈঃ অবকীর্য্যমাণঃ ধ্রুবঃ ক্রমশঃ গ্রহান্ আদিত্যাদীন্ দদৃশে দদর্শ ॥৩৩

অথ ধ্রুবগতিঃ (ধ্রুবা নিশ্চলা গতিঃ স্থানং যস্য সঃ ধ্রুবঃ) দেবযানেন স্বর্গবিমানেন ত্রিলোকীং মুনীন্ অপি অতিব্রজ্য উল্লঙ্ঘ্য, ততঃ পরস্তাৎ উপরিষ্টাৎ বর্ত্তমানং যৎ বিষ্ণোঃ পদং তৎ অভ্যগাৎ ॥৩৪

যৎ বিষ্ণোঃ পদং স্বরুচা এব সর্ব্বতঃ ভ্রাজমানম্ এতে ত্রয়ো লোকাঃ হি নিশ্চিতঃ অনুবিভ্রাজন্তঃ তদ্রুচা এব বিভ্রাজন্তঃ যে জনাঃ জনেষু অননুগ্রহাঃ কৃপারহিতাঃ তে যৎ ন অব্রজন্ ন গতবন্তঃ। যে জনাঃ তু অনিশং নিরন্তরং জন্তুষু ভদ্রাণি চরন্তি, তে যৎ ব্রজন্তি, ধ্রুবঃ তল্লোকম্ অভ্যগাৎ ইতি পূর্ব্বেণান্বয়ঃ ॥৩৫

শান্তাঃ ভোগবাসনারহিতাঃ শুদ্ধাঃ পবিত্রহৃদয়াঃ যতঃ সমদৃশঃ সর্ব্বভূতানুরঞ্জনাঃ (সর্ব্বাণি ভূতানি হিতাচরণেন অনুরঞ্জয়ন্তি যে তে) অচ্যুতপ্রিয়বান্ধবাঃ (অচ্যুতঃ ভগবান্ এব প্রিয়ঃ বান্ধবঃ যেষাং তে জনাঃ) অঞ্জসা অনায়াসেন অচ্যুতপদং বৈষ্ণবং ধাম যান্তি ॥৩৬

ইতি এবং প্রকারেণ উত্তানপদঃ পুত্রঃ কৃষ্ণপরায়ণঃ ধ্রুবঃ ত্রয়াণাং লোকানাম্ অমলঃ বিশুদ্ধঃ চূড়ামণিঃ ইব অভূৎ। (লোকত্রয়মূর্দ্ধ্নি স্থানং প্রাপ) ॥৩৭

হে কৌরব্য! গম্ভীরবেগঃ অব্যবচ্ছিন্নবেগঃ গবাং গণঃ মেধ্যম্ ইব অনিমিষম্ শ্রমরহিতং জ্যোতিষাম্

ভগবানের পার্ষদদ্বয় ধ্রুবের সেইরূপ মনোভাব বুঝিতে পারিয়া তাঁহার মাতা যে অগ্রেই বিমান-আরোহণে গমন করিতেছেন, তাহা দেখাইয়াছিলেন। আকাশপথে গমনকালে বিমানবিহারী দেবতাগণ ধ্রুবের প্রশংসা করিতেছিলেন এবং পুষ্পবর্ষণ করিতেছিলেন। তিনি ক্রমশঃ গ্রহসকল দর্শন করিলেন ।৩২-৩৩

ধ্রুবগতি ধ্রুব এইরূপে বিমানযোগে ত্রিলোক ও সপ্তর্ষিমণ্ডল অতিক্রম করিয়া তাহাদেরও ঊর্দ্ধবর্ত্তী যে বিষ্ণুলোক, তথায় গিয়া উপস্থিত হইলেন ।৩৪

ঐস্থান নিজজ্যোতি দ্বারা সর্ব্বদা দীপ্তিমান্ এবং তাহার প্রভাব দ্বারাই এই ত্রিভুবন প্রকাশিত রহিয়াছে। যাহারা জীবের প্রতি দয়াহীন, তাহারা যে লোকে গমন করিতে পারে না; যাঁহারা নিয়ত শুভকর্ম্ম আচরণ করেন, তাঁহারাই সেই লোকে গমন করিয়া থাকেন ।৩৫

যাঁহারা শান্ত, সর্ব্বত্র সমদর্শী, নির্ম্মল স্বভাব, সর্ব্বজীবের মনোরঞ্জনকারী এবং শ্রীভগবানের ভক্তগণের প্রিয়, তাঁহারা অনায়াসে বিষ্ণুপদ প্রাপ্ত হইয়া থাকেন।

মহিমানং বিলোক্যাস্য নারদো ভগবানৃষিঃ।
আতোদ্যং বিমুদন্ শ্লোকান্ সত্রেঽগায়ৎ প্রচেতসাম্ ॥৩৯

নারদ উবাচ।

নূনং সুনীতেঃ পতিদেবতায়া-
স্তপঃপ্রভাবস্য সুতস্য তাং গতিম্।
দৃষ্ট্বাভ্যুপায়ানপি বেদবাদিনো
নৈবাধিগন্তুং প্রভবন্তি কিং নৃপাঃ ॥৪০

যঃ পঞ্চবর্ষো গুরুদারবাক্‌শরৈ-
র্ভিন্নেন যাতো হৃদয়েন দূয়তা।
বনং মদাদেশকরোঽজিতং প্রভুং
জিগায় তদ্ভক্তগুণৈঃ পরাজিতম্ ॥৪১

যঃ ক্ষত্রবন্ধুর্ভুবি তস্যাধিরূঢ়-
মন্বারুরুক্ষেদপি বর্ষপূগৈঃ।

আদিত্যাদীনাং চক্রং যস্মিন্ স্থানে আহিতং সমর্পিতং সৎ ভ্রমতি ॥৩৮

অস্য ধ্রুবস্য মহিমানং বিলোক্য ঋষিঃ ভগবান্ নারদঃ আতোদ্যং বীণাং বিমুদন্ প্রচেতসাং সত্রে যজ্ঞক্ষেত্রে বক্ষ্যমাণান্ ত্রীন্ শ্লোকান্ অগায়ৎ ॥৩৯

নারদঃ উবাচ। নূনং নিশ্চিতং পতিদেবতায়াঃ (পতিঃ এব দেবতা যস্যাঃ তস্যাঃ) সুনীতেঃ সুতস্য ধ্রুবস্য তপঃপ্রভাবস্য (তপসঃ প্রভাবস্য) তাম্ উৎকৃষ্টাং গতিম্ অধিগন্তুং প্রাপ্তুং বেদবাদিনঃ বেদোপদেষ্টারঃ অপি অভ্যুপায়ান্ তৎপ্রাপ্ত্যুপায়ান্ দৃষ্ট্বা অপি ন প্রভবন্তি, অত্র নৃপাঃ পুনঃ ন প্রভবন্তি ইতি কিং বক্তব্যম্ ॥৪০

যঃ ধ্রুবঃ পঞ্চবর্ষঃ অতিবালঃ এব গুরুদারবাক্‌শরৈঃ (গুরুদারাঃ পিতৃপত্নী সুরুচিঃ তস্যাঃ বাচঃ এব শরাঃ তৈঃ) ভিন্নেন দূয়তা কম্পমানেন হৃদয়েন যুক্তঃ বনং যাতঃ, তত্র মদাদেশকরং মদুপদিষ্ট-তপশ্চর্য্যাদি কুর্ব্বন্ তদ্ভক্তগুণৈঃ (তস্য এব ভক্তাঃ তেষাং মৈত্রীকরুণাদিগুণৈঃ) পরাজিতং বশীকৃতং প্রভুম্ অজিতং ভগবন্তং জিগায় প্রত্যক্ষীকৃতবান্ ॥৪১

যঃ কোঽপি ভুবি ক্ষত্রবন্ধুঃ ক্ষত্রিয়ঃ ভবেৎ, সঃ তস্য ধ্রুবস্য অধিরূঢ়ং ধ্রুবেণ প্রাপ্তং পদম্ অনু তৎ-পশ্চাৎ বর্ষপূগৈঃ বর্ষসমূহৈঃ অপি আরুরুক্ষেৎ আরোঢ়ুমিচ্ছেদপি ন শক্নোতি। ধ্রুবস্তু ষট্‌পঞ্চবর্ষঃ

কৃষ্ণপরায়ণ উত্তানপাদপুত্র ধ্রুব এইরূপে যেমন ত্রিভুবনের নির্ম্মল চূড়ামণিস্বরূপ হইয়াছিলেন* ।৩৬-৩৭

হে কুরুশ্রেষ্ঠ বিদুর। ধ্রুব যে স্থান প্রাপ্ত হইলেন, তথায় জ্যোতিশ্চক্র অর্পিত হইয়া গো-সকল যেমন মেথিতে (ধান্যমর্দ্দনের বক্রদণ্ড কাষ্ঠ) ভ্রমণ করে, তাহার ন্যায় নিরন্তর ভ্রমণ করিতেছে ।৩৮

ভগবান্ নারদ ঋষি ধ্রুবের মহিমা অবলোকন করিয়া প্রচেতাদিগের ব্রহ্মসত্রে বীণা বাদন করিতে করিতে ধ্রুবের মহিমা-প্রতিপাদক নিম্নলিখিত তিনটি শ্লোক গান করিয়াছিলেন ।৩৯

নারদ ঋষি বলিলেন,—পতিপরায়ণা সুনীতির পুত্র ধ্রুব তপস্যাপ্রভাবে যে ফল লাভ করিয়াছেন, তাদৃশ ফল বেদবিৎ ব্রহ্মর্ষিগণও নিশ্চয় লাভ করিতে পারেন না; রাজগণের কথা আর কি বলিব? ৪০

পঞ্চমবর্ষের বালক ধ্রুব বিমাতার বাক্যবাণে বিদ্ধ হইয়া দুঃখিতহৃদয়ে বনগমনপূর্ব্বক আমার আদেশ প্রতিপালন করিয়া অজিত হরিকে ভক্তি দ্বারা বশীভূত করিয়াছিলেন, কারণ শ্রীহরি (অজিত হইলেও) স্বভক্তগণের গুণের দ্বারা বশীভূত হইয়া থাকেন ।৪১

ষষ্ঠ বা পঞ্চম বর্ষীয় বালক ধ্রুব কতিপয় দিবস মধ্যেই বৈকুণ্ঠনাথ শ্রীভগবান্‌কে প্রসন্ন করিয়া যে পদ লাভ করিয়াছেন, পৃথিবীর অন্য কোন্ ক্ষত্রিয় বহু বৎসর চেষ্টা করিয়াও কি সেই পদে আরোহণ করিবার ইচ্ছা

---

* কোন কোন গ্রন্থে ইহার পর নিম্নলিখিত শ্লোকটি দেখিতে পাওয়া যায়,—

তমোদ্যানদ্বারঃ পুত্রো ধর্ম্মস্যাকলয়াগতম্।
মৃত্যোর্মূর্দ্ধি পাদং কৃত্বা আরুরোহাদ্ভুতং গৃহম্।

যখন ধ্রুব বিমানে উঠিতে যাইবেন, তখন দেখিলেন মৃত্যু উপস্থিত হইয়াছে, তিনি মৃত্যুর মস্তকে পদার্পণ করিয়া অর্থাৎ মৃত্যুকে জয় করিয়া বিমানে উঠিলেন।

ষট্পঞ্চবর্ষো যদহোভিরল্পৈঃ
প্রসাদ্য বৈকুণ্ঠমবাপ তৎপদম্ ॥৪২

মৈত্রেয় উবাচ।

এতৎ তেঽভিহিতং সর্ব্বং যৎ পৃষ্টোঽহমিহ ত্বয়া।
ধ্রুবস্যোদ্দামযশসশ্চরিতং সম্মতং সতাম্ ॥৪৩

ধন্যং যশস্যমায়ুষ্যং পুণ্যং স্বস্ত্যয়নং মহৎ।
স্বর্গ্যং ধ্রৌব্যং সৌমনস্যং প্রশস্যমঘমর্ষণম্ ॥৪৪

শ্রুত্বৈতচ্ছ্রদ্ধয়াভীক্ষ্ণমনুশ্রুতপ্রিয়চেষ্টিতম্।
ভক্তির্ভবেদ্ভগবতি যয়া স্যাৎ ক্লেশসংক্ষয়ঃ ॥৪৫

মহত্ত্বমিচ্ছতস্তীর্থং শ্রোতুঃ শীলাদয়ো গুণাঃ।
যত্র তেজস্তদিচ্ছূনাং মানো যত্র মনস্বিনাম্ ॥৪৬

প্রযতঃ কীর্ত্তয়েৎ প্রাতঃ সমবায়ে দ্বিজন্মনাম্।
সায়ঞ্চ পুণ্যশ্লোকস্য ধ্রুবস্য চরিতং মহৎ ॥৪৭

বালঃ অপি অল্পৈঃ এব সপ্তাদপরিমিতৈঃ অহোভিঃ দিবসৈঃ বৈকুণ্ঠং বিষ্ণুং প্রসাদ্য তৎ দুর্লভং পদম্ অবাপ ॥৪২

মৈত্রেয়ঃ উবাচ। সতাং বিদুষাং ভক্তানাং সম্মতম্ অভিপ্রেতম্ উদ্দামযশসঃ (উদ্দামম্ উৎকৃষ্টং যশো যস্য তস্য, ধ্রুবস্য চরিতং যৎ ত্বয়া অহম্ ইহ পৃষ্টঃ, এতৎ সর্বং তে তুভ্যম্ ইহ প্রকরণে ময়া অভিহিতং কথিতম্ ॥৪৩

এতৎ ধন্যং ধনসাধকং, যশস্যং যশোবর্দ্ধকম্, আয়ুষ্যম্ আয়ুর্বর্দ্ধনং, পুণ্যং পুণ্যসাধকং, স্বস্ত্যয়নং মঙ্গলকরং, স্বর্গ্যং স্বর্গপ্রদং, সৌমনস্যং মনঃশোধকম্, অঘমর্ষণং পাপনাশকং, প্রশস্যং প্রশংসাযোগ্যং, মহৎ বিস্তৃতম্

করিতে পারে? (ঐ পদের নিমিত্ত সঙ্কল্প করাও তাহাদের অসাধ্য, তাহাতে আরোহণের কথা দূরে থাকুক।) ॥৪২

মৈত্রেয় ঋষি বলিলেন,– হে বিদুর! সম্প্রতি তুমি আমাকে যাহা জিজ্ঞাসা করিয়াছিলে, তৎসমুদায় তোমার নিকট বর্ণনা করিলাম, ধ্রুব অতিশয় যশস্বী, তাঁহার এই চরিত্র সাধুজনসম্মত ॥৪৩

এই ধ্রুব-চরিত্র ধনাদি প্রাপ্তির হেতু, কীর্ত্তিবর্দ্ধক, আয়ুর্বর্দ্ধক, পবিত্রতা-সম্পাদক, অতিশয় কল্যাণপ্রদ, স্বর্গপ্রাপক, ধ্রুবপদপ্রাপক, প্রীতিপ্রদ, প্রশংসনীয় ও পাপনাশক ॥৪৪

অচ্যুতপ্রিয় ধ্রুবের এই চরিত্র যে ব্যক্তি শ্রদ্ধান্বিত হইয়া পুনঃপুনঃ শ্রবণ করে, ভগবানের প্রতি তাহার সেই ভক্তি উৎপন্ন হয়, যাহাতে সকল ক্লেশের সম্যক্ বিনাশ হয় (অর্থাৎ জন্মমরণ-প্রবাহরূপ সংসার-নিবৃত্তি-পূর্ব্বক ভগবৎ প্রাপ্তি হয়) ॥৪৫

এই ধ্রুবচরিত্র মহত্ত্বকামীর মহত্ত্বপ্রাপক, ইহা শ্রবণ করিলে শ্রোতার শীলাদি গুণ জন্মে, তেজস্কামী ব্যক্তির তেজ এবং মনস্বী ব্যক্তিগণের চিত্ত উদার হইয়া থাকে ॥৪৬

অতএব পবিত্র হইয়া প্রাতঃকালে এবং সন্ধ্যাকালে দ্বিজগণের সভায় পুণ্যশ্লোক ধ্রুবের এই মহৎ চরিত্র

পৌর্ণমাস্যাং সিনীবাল্যাং দ্বাদশ্যাং শ্রবণেঽথবা।
দিনক্ষয়ে ব্যতীপাতে সংক্রমেঽর্কদিনেঽপি বা ॥৪৮

শ্রাবয়েৎ শ্রদ্দধানানাং তীর্থপাদপ্রিয়াশ্রয়ঃ।
নেচ্ছংস্তত্রাত্মনাত্মানং সন্তুষ্ট ইতি সিধ্যতি ॥৪৯

জ্ঞানমজ্ঞাততত্ত্বায় যো দদ্যাৎ সৎপথেঽমৃতম্।
কৃপালোর্দ্দীননাথস্য দেবাস্তস্যানুগৃহ্ণতে ॥৫০

ইদং ময়া তেঽভিহিতং কুরুদ্বহ
ধ্রুবস্য বিখ্যাতবিশুদ্ধকর্ম্মণঃ।
হিত্বার্ভকক্রীড়নকানি মাতু-
র্গৃহঞ্চ বিষ্ণুং শরণং জগাম ॥৫১

ইতি শ্রীমদ্ভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং চতুর্থস্কন্ধে দ্বাদশ অধ্যায়ঃ ॥

পৌর্ণমাস্যাং সিনীবাল্যাং কৃষ্ণচতুর্দ্দশ্যাং দ্বাদশ্যাং দিনক্ষয়ে তিথিক্ষয়ে দিনে ত্র্যহস্পর্শে অথ ব্যতীপাতে শ্রবণে শ্রবণানক্ষত্রে, সংক্রমণে সংক্রান্তিদিনে, অর্কদিনে আদিত্যবারে বা (প্রায়তঃ কীর্ত্তয়েৎ ইতি পূর্ব্বেণান্বয়ঃ) ॥৪৮

তথাপি ন ইচ্ছন্ নিকামঃ এব তীর্থপাদপ্রিয়াশ্রয়ঃ ভগবদেকশরণঃ সন্ শ্রদ্দধানানাং (শ্রবণে শ্রদ্ধাবতঃ জনান্) শ্রাবয়েৎ, সঃ তত্র চরিতে আত্মনা ধৈর্য্যমুক্ত্বা বুদ্ধ্যা আত্মানং মনঃ প্রতি সন্তুষ্টঃ বর্ত্ততে ইতি সিধ্যতি সিদ্ধিং প্রাপ্নোতি ॥৪৯

সৎপথে ভগবন্মার্গে অজ্ঞাততত্ত্বায় দীনায় যঃ অমৃতং জ্ঞানং দদ্যাৎ, তস্য কৃপালোঃ দীননাথস্য দীনোদ্ধারকস্য দেবাঃ অনুগৃহ্ণতে অনুগ্রহং কুর্ব্বন্তি ॥৫০

হে কুরুদ্বহ বিদুর! (যঃ ধ্রুবঃ বালঃ এব) মাতুর্গৃহম্ অর্ভকক্রীড়নকানি চ হিত্বা পরিত্যজ্য বিষ্ণুং শরণং জগাম। বিখ্যাতবিশুদ্ধকর্ম্মণঃ (বিখ্যাতং বিশুদ্ধং কর্ম্ম যস্য তস্য) ধ্রুবস্য ইদং চরিতং তে তুভ্যং ময়া অভিহিতং কথিতম্ ॥৫১

ইতি চতুর্থস্কন্ধে খগেন্দ্রনাথপাত্রিকৃতান্বয়ে দ্বাদশঃ অধ্যায়ঃ ॥

কীর্ত্তন করিবে, আর অমাবস্যা, পূর্ণিমা, দ্বাদশী, শ্রবণা নক্ষত্র, ত্র্যহস্পর্শ, ব্যতীপাত যোগ, সংক্রান্তি ও রবিবারে ইহা পাঠ করিবে।৪৭-৪৮

শ্রীভগবানের চরণে শরণাপন্ন হইয়াও নিষ্কাম হইয়া শ্রদ্ধাবান্ ব্যক্তিগণকে ইহা শ্রবণ করাইবে, তাহাতে আত্মাই আত্মার প্রতি সন্তুষ্ট হইবেন, সুতরাং অনায়াসে সিদ্ধিলাভ করিতে পারিবে।৪৯

যাহার তত্ত্বজ্ঞান লাভ হয় নাই, ঈদৃশ ব্যক্তিকে যিনি ভগবন্মার্গের অমৃতরূপ জ্ঞান দান করেন, সেই দয়াশীল দীননাথের প্রতি দেবতাসকল অনুগ্রহ প্রকাশ করিয়া থাকেন।৫০

হে কুরুকুল-তিলক বিদুর। যিনি বাল্যকালে মাতৃভবন ও বালকোচিত খেলার সামগ্রী পরিত্যাগ করিয়া বিষ্ণুর শরণাপন্ন হইয়াছিলেন, আমি তোমার নিকট সেই বিখ্যাত ও বিশুদ্ধকর্ম্মা ধ্রুবের চরিত্রাবলী বর্ণনা করিলাম।৫১

শ্রীমন্মহর্ষিবেদব্যাসপ্রণীত পারমহংসী সংহিতা শ্রীমদ্ভাগবতমহাপুরাণে চতুর্থ স্কন্ধে
প্রভুপাদ শ্রীরাসবিহারি-গোস্বামিকৃত বঙ্গভাষানুবাদসহিত
দ্বাদশ অধ্যায় সমাপ্ত।

ত্রয়োদশঃ অধ্যায়ঃ

[ধ্রুববংশোৎপন্নস্যাঙ্গস্য স্বতনয়-বেণকৃতদুরাচারেণ নির্বেদাধিক্যাদ্ গৃহত্যাগঃ।]

সূত উবাচ।
নিশম্য কৌশারবিণোপবর্ণিতং
ধ্রুবস্য বৈকুণ্ঠপদাধিরোহণম্।
প্ররূঢ়ভাবো ভগবত্যধোক্ষজে
প্রষ্টুং পুনস্তং বিদুরঃ প্রচক্রমে ॥১

বিদুর উবাচ।
কে তে প্রচেতসো নাম কস্যাপত্যানি সুব্রত।
কস্যান্বয়ে প্রখ্যাতাঃ কুত্র বা সত্রমাসত ॥২
মন্যে মহাভাগবতং নারদং দেবদর্শনম্।
যেন প্রোক্তঃ ক্রিয়াযোগঃ পরিচর্য্যাবিধির্হরেঃ ॥৩
স্বধর্ম্মশীলৈঃ পুরুষৈর্ভগবান্ যজ্ঞপূরুষঃ।
ইজ্যমানো ভগবতা নারদেনেড়িতঃ কিল ॥৪
যাস্তা দেবর্ষিণা তত্র বর্ণিতা ভগবৎকথাঃ।
মহ্যং শুশ্রূষবে ব্রহ্মন্ কার্ৎস্ন্যেনাচষ্টুমর্হসি ॥৫

মৈত্রেয় উবাচ।
ধ্রুবস্য চোৎকলঃ পুত্রঃ পিতরি প্রস্থিতে বনম্।
সার্ব্বভৌমশ্রিয়ং নৈচ্ছদধিরাজাসনং পিতুঃ ॥৬

সূতঃ উবাচ ; কৌশারবিণা মৈত্রেয়েণ উপবর্ণিতং ধ্রুবস্য বৈকুণ্ঠপদাধিরোহণং ভগবৎস্থানপ্রাপ্তিং নিশম্য শ্রুত্বা অধোক্ষজে ভগবতি নারায়ণে প্ররূঢ়ভাবঃ লব্ধভক্তিঃ বিদুরঃ পুনঃ তং মৈত্রেয়ং প্রষ্টুং প্রচক্রমে জিজ্ঞাসয়ামাস ॥১

বিদুরঃ উবাচ। হে সুব্রত! প্রচেতসঃ নাম তে কে? কস্য অন্বয়ে বংশে প্রখ্যাতাঃ? কুত্র বা সত্রম্ আসত অকুর্ব্বত ॥২

দেবদর্শনং (দেবস্য ভগবতঃ ইব দর্শনং যস্য তং) নারদম্ অহং মহাভাগবতম্ একান্তভক্তং মন্যে, যেন নারদেন হরেঃ পরিচর্য্যাবিধিঃ ক্রিয়াযোগঃ (পঞ্চরাত্রে) প্রোক্তঃ ॥৩

(তত্র সত্রে) স্বধর্ম্মশীলৈঃ পুরুষৈঃ প্রচেতোভিঃ ইজ্যমানঃ ভগবান্ যজ্ঞপুরুষঃ ভগবতা নারদেন কিল ঈড়িতঃ সংস্তুতঃ ॥৪

অতঃ হে ব্রহ্মন্! তত্র প্রচেতসাং সত্রে দেবর্ষিণা নারদেন যাঃ ভগবৎকথাঃ বর্ণিতাঃ, তাঃ মহ্যং শুশ্রূষবে কার্ৎস্ন্যেন সাকল্যেন আচষ্টুং কথিতুম্ অর্হসি ॥৫

ত্রয়োদশ অধ্যায়

[ধ্রুববংশোৎপন্ন অঙ্গের নিজপুত্র বেণকৃত দুরাচারে অত্যন্ত মনোব্যথা পাইয়া গৃহত্যাগ।]

সূত বলিলেন,—কুশারুমন্দন মৈত্রেয়! ঋষিকথিত ধ্রুবের বৈকুণ্ঠগমন বৃত্তান্ত অবগত হইয়া বিদুর ভগবান্ অধোক্ষজের প্রতি অতিশয় ভক্তিযুক্ত হইয়া পুনরায় তাঁহাকে জিজ্ঞাসা করিতে লাগিলেন।১

বিদুর বলিলেন,—হে ঋষিপ্রবর! সেই প্রচেতাগণ কে? তাঁহারা কাহার পুত্র? কাহার বংশধর হইয়া তাঁহারা বিখ্যাত হইয়াছেন?২

ভগবদ্দর্শনে কৃতকৃতার্থ নারদ ঋষি যিনি ভগবল্লাভের পথস্বরূপ ক্রিয়াযোগ উপদেশ করিয়াছেন, আমি তাঁহাকে পরম ভাগবত মনে করি।৩

প্রচেতাগণ যখন স্বীয় যজ্ঞস্থলে স্বধর্ম্ম পালন করিয়া ভগবান্ যজ্ঞেশ্বরের অর্চ্চনা করিয়াছিলেন, সেই সময় তথায় ভক্তশ্রেষ্ঠ নারদ কর্ত্তৃক ধ্রুবের গুণগান কীর্ত্তিত হয়।৪

হে ব্রহ্মন্! দেবর্ষি নারদবর্ণিত সমস্ত লীলাকথাই আমাকে বলুন, আমি সেই সকল লীলাকাহিনী শ্রবণ করিতে ইচ্ছুক।৫

স জন্মনোপশান্তাত্মা নিঃসঙ্গঃ সমদর্শনঃ।
দদর্শ লোকে বিততমাত্মানং লোকমাত্মনি ॥৭
আত্মানং ব্রহ্ম নির্ব্বাণং প্রত্যস্তমিতবিগ্রহম্।
অববোধরসৈকাত্ম্যমানন্দমনুসন্ততম্ ॥৮
অব্যবচ্ছিন্নযোগাগ্নি-দগ্ধকর্ম্মমলাশয়ঃ।
স্বরূপমবরুদ্ধানো নাত্মনোঽন্যং তদৈক্ষত ॥৯

জড়ান্ধবধিরোন্মত্ত-মূকাকৃতিরতন্মতিঃ।
লক্ষিতঃ পথি বালানাং প্রশান্তার্চ্চিরিবানলঃ ॥১০
মত্বা তং জড়মুন্মত্তং কুলবৃদ্ধাঃ সমন্ত্রিণঃ।
বৎসরং ভূপতিং চক্রুর্যবীয়াংসং ভ্রমেঃ সুতম্ ॥১১
সুবীথী বৎসরস্যেষ্টা ভার্য্যাসূত ষড়াত্মজান্।
পুষ্পার্ণং তিগ্মকেতুঞ্চ ইষমূর্জ্জং বসুং জয়ম্ ॥১২

মৈত্রেয়ঃ উবাচ। ধ্রুবস্য পুত্রঃ উৎকলঃ চ পিতরি ধ্রুবে বনং প্রস্থিতে প্রত্যাদাতুম্ উদ্যতে সতি, পিতুঃ সার্ব্বভৌমশ্রিয়ম্ অধিরাজাসনং ন ঐচ্ছৎ ॥৬

জন্মনা জন্মতঃ এব উপশান্তাত্মা (উপশান্তঃ আত্মা অন্তঃকরণং যস্য সঃ) নিঃসঙ্গঃ সঙ্গবর্জ্জিতঃ সমদর্শনঃ সঃ উৎকলঃ লোকম্ আত্মানং ভগবন্তম্ আত্মনি ভগবতি চ লোকে বিততম্ অবস্থিতং দদর্শ ॥৭

অব্যবচ্ছিন্নযোগাগ্নিদগ্ধকর্ম্মমলাশয়ঃ (নিরন্তর-যোগাগ্নিনা) দগ্ধাঃ কর্ম্মমলাশয়াঃ যস্য সঃ উৎকলঃ নির্ব্বাণং সর্ব্বাধারভূতং প্রত্যস্তমিতবিগ্রহম্ (প্রত্যস্তমিতঃ নিবৃত্তঃ বিগ্রহঃ ভেদঃ যস্মাৎ তম্) অববোধরসৈকাত্ম্যং (অববোধঃ জ্ঞানং তদেকরসেন ঐকাত্ম্যং যস্য তং) জ্ঞানৈকরসং অনুসন্ততং সর্ব্ব-ব্যাপকম্ আনন্দং ব্রহ্মএব আত্মানং স্বরূপং স্বরূপভূতং জীবম্ অবরুদ্ধানং ভগবৎস্বরূপং জানন্ আত্মনঃ সকাশাৎ অন্যৎ তদজ্ঞানদশায়াং ন ঐক্ষত ন অপশ্যৎ ইতি ষষ্ঠেরন্বয়ঃ ॥৮-৯

এবম্ভূতঃ পথি মার্গে বালানাম্ অজ্ঞানামিব জড়ান্ধবধিরোন্মত্তমূকাকৃতিঃ (জড়ান্ধবধিরোন্মত্ত-মূকানাম্ ইব আকৃতিঃ যস্য সঃ) তথাপি অতন্মতিঃ (ন তেষামিব মতিঃ যস্য যতোহি সর্ব্বজ্ঞঃ) প্রশান্তার্চ্চিঃ (প্রশান্তানি আর্চ্চীংষি জ্বালাঃ যস্য সঃ) অনলঃ ইব লক্ষিতঃ ॥১০

অতঃ তম্ উৎকলম্ উন্মত্তম্ (অনধিকারিণং) মত্বা সমন্ত্রিণঃ মন্ত্রিসহিতাঃ কুলবৃদ্ধাঃ যবীয়াংসম্ উৎকলাৎ কনিষ্ঠম্ অপি ভ্রমেঃ সুতং বৎসরং ভূপতিং চক্রুঃ ॥১১

সুবীথী ইতি বৎসরস্য ইষ্টা প্রিয়া ভার্য্যা পুষ্পার্ণং তিগ্মকেতুম্ ইষম্ ঊর্জ্জং বসুং জয়ম্ ইতি ষড়াত্মজান্ অসূত ॥১২

মৈত্রেয় ঋষি বলিলেন,—হে বিদুর! ধ্রুব বনে গমন করিলে পর তাঁহার পুত্র উৎকলও রাজসিংহাসন এবং রাজৈশ্বর্য্যভোগে বীতস্পৃহ হইলেন।৬

উৎকল জন্মাবধি শান্তচিত্ত, বিষয়ে অনাসক্ত এবং সর্ব্বত্র সমদর্শী। তিনি সমস্ত লোককে স্বীয় আত্মায় এবং স্বীয় আত্মাকে সমস্ত লোকে অবলোকন করিতেন।৭

তিনি নিজেকে ব্রহ্মস্বরূপ, নির্ব্বিকার, দেহাত্মবোধ রহিত, পরমাত্মার সহিত অভিন্ন এবং নিত্য বলিয়া মনে করিতেন।৮

অথও যোগাগ্নি দ্বারা তাঁহার সর্ব্বপ্রকার বাসনারূপ কর্ম্মফল দগ্ধীভূত হইলে তিনি তখন নিজকে ভগবানের সহিত অভিন্ন বোধ করেন এবং ভগবান্ ভিন্ন অন্য বস্তু (দ্বিতীয় বস্তু) তাঁহার দর্শন হইত না।৯

ভস্মাচ্ছাদিত অগ্নির ন্যায়, তিনি অজ্ঞ ব্যক্তিগণের নিকট জড়, অন্ধ, বধির, উন্মত্ত ও মূকের ন্যায় প্রতীয়মান হইতেন; যদিও তিনি তদ্রূপ ছিলেন না।১০

রাজ্যের অমাত্যগণ এবং কুলবৃদ্ধরা তাঁহাকে জড় ও উন্মত্ত মনে করিয়া ভ্রমির পুত্র তাঁহার কনিষ্ঠ ভ্রাতা বৎসরকে রাজসিংহাসনে বসাইয়াছিলেন।১১

পুষ্পার্ণস্য প্রভা ভার্য্যা দোষা চ দ্বে বভূবতুঃ।
প্রাতর্মধ্যন্দিনং সায়মিতি হ্যাসন্ প্রভাসুতাঃ ॥১৩
প্রদোষো নিশিথো ব্যুষ্ট ইতি দোষাসুতাস্ত্রয়ঃ।
ব্যুষ্টঃ সুতং পুষ্করিণ্যাং সর্ব্বতেজসমাদধে ॥১৪
স চক্ষুঃ সুতমাকূত্যাং পত্ন্যাং মনুমবাপ হ।
মনোরসূত মহিষী বিরজান্ নড্বলা সুতান্ ॥১৫
পুরুং কুৎসমৃতং দ্যুম্নং সত্যবন্তং ধৃতব্রতম্।
অগ্নিষ্টোমমতীরাত্রং প্রদ্যুম্নং শিবিমুল্মুকম্ ॥১৬

পুষ্পার্ণস্য ভার্য্যা প্রভা দোষা চ অপরা ইতি দ্বে ভার্য্যে বভূবতুঃ, প্রাতঃ মধ্যন্দীনং তথা সায়ম্ ইতি প্রভাসুতাঃ হি আসন্ ॥১৩

প্রদোষঃ নিশীথঃ ব্যুষ্টঃ চ ইতি ত্রয়ঃ দোষাসুতাঃ আসন্। ব্যুষ্টঃ পুষ্করিণ্যাং সর্ব্বতেজসং নামানং সুতম্ আদধে ॥১৪

চক্ষুঃসংজ্ঞকঃ সঃ সর্ব্বতেজাঃ আকূত্যাং পত্ন্যাং মনুং সুতম্ অবাপ হ মনোঃ মহিষী নড্বলা বিরজান্ শুদ্ধান্ পুরুং কুৎসম্ ঋতং দ্যুম্নং সত্যবন্তং ধৃতব্রতম্ অগ্নিষ্টোমম্ অতিরাত্রং প্রদ্যুম্নং শিবিম্ উল্মুকং (ইতি দ্বাদশ) সুতান্ অসূত ॥১৫-১৬

উল্মুকোঽজনয়ৎ পুত্রান্ পুষ্করিণ্যাং ষড়ুত্তমান্।
অঙ্গং সুমনসং স্বাতিং ক্রতুমঙ্গিরসং গয়ম্ ॥১৭
সুনীথাঙ্গস্য যা পত্নী সুষুবে বেণমুল্বণম্।
যদ্দৌঃশীল্যাৎ স রাজর্ষিনির্ব্বিণ্ণো নিরগাৎ পুরাৎ ॥১৮
যমঙ্গ শেপুঃ কুপিতা বাগ্বজ্রা মুনয়ঃ কিল।
গতাসোস্তস্য ভূয়স্তে মমন্থুর্দক্ষিণং করম্ ॥১৯
অরাজকে তদা লোকে দস্যুভিঃ পীড়িতাঃ প্রজাঃ।
জাতো নারায়ণাংশেন পৃথুরাদ্যঃ ক্ষিতীশ্বরঃ ॥২০

উল্মুকঃ পুষ্করিণ্যাং ভার্য্যায়াম্ অঙ্গং সুমনসং স্বাতিং ক্রতুম্ অঙ্গিরসং তথা গয়ম্ ইতি উত্তমান্ ষট্ পুত্রান্ অজনয়ৎ ॥১৭

অজ্ঞানাবৃত জীব এই প্রকারে এই দেহে বহুবিধ আধিদৈবিক, আধিভৌতিক ও আধ্যাত্মিক দুঃখ দ্বারা নিপীড়িত হইয়া শত বৎসর যাবৎ বর্ত্তমান থাকে; নিজে নির্গুণ হইয়াও জীব প্রাণের ধর্ম্ম ক্ষুৎপিপাসাদি, ইন্দ্রিয়ের ধর্ম্ম অন্ধত্বাদি এবং মনের ধর্ম্ম কামাদি আত্মাতে আরোপ করিয়া সামান্য বিষয় সুখ চিন্তা করিতে 'আমি, আমার' এই বোধে কর্ম্মের অনুষ্ঠান করে ।২৪-২৫

জীব স্বরূপত: স্বপ্রকাশ-স্বভাব হইলেও, পরম গুরু ভগবান্‌কে জানিতে না পারিয়া প্রকৃতির গুণসকলে আসক্ত হইয়া পড়ে ।২৬

তখন প্রকৃতির গুণে অভিমানহেতু সেই পুরুষ অবশ হইয়া কর্ম্ম করে এবং সাত্ত্বিক, রাজসিক ও তামসিক

তস্মাৎ প্রকাশভূয়িষ্ঠাল্লোকানাপ্নোতি কর্হিচিৎ।
দুঃখোদর্কান্ ক্রিয়াযাসাংস্তমঃশোকোৎকটান্ কচিৎ ॥২৮
কচিৎ পুমান্ কচিচ্চ স্ত্রী কচিন্নোভয়মন্ধধীঃ।
দেবো মনুষ্যস্তির্য্যগ্ বা যথাকর্ম্মগুণং ভবঃ ॥২৯
ক্ষুৎপরীতো যথা দীনঃ সারমেয়ো গৃহং গৃহম্।
চরন্ বিন্দতি যদ্দিষ্টং দণ্ডমোদনমেব বা ॥৩০

তথা কামাশয়ো জীব উচ্চাবচপথা ভ্রমন্।
উপর্য্যধো বা মধ্যে বা যাতি দিষ্টং প্রিয়াপ্রিয়ম্ ॥৩১
দুঃখেষেকতরেণাপি দৈবভূতাত্মহেতুষু।
জীবস্য ন ব্যবচ্ছেদঃ স্যাচ্চেৎ তত্তৎপ্রতিক্রিয়া ॥৩২
যথা হি পুরুষো ভারং শিরসা গুরুমুদ্বহন্।
তং স্কন্ধেন স আধত্তে তথা সর্ব্বাঃ প্রতিক্রিয়াঃ ॥৩৩

তস্মাৎ কর্ম্মণঃ প্রকাশভূয়িষ্ঠান্ (প্রকাশঃ ভূয়িষ্ঠং যেষু তান্) তথা ক্রিয়াযাসান্ (ক্রিয়য়া আয়াসঃ ক্লেশঃ যেষু তান্ মনুষ্যাদিলোকান্) তথা কৃষ্ণাৎ কর্ম্মণঃ তমঃ শোকোৎকটান্ (তমঃ অজ্ঞানং শোকঃ চ উৎকটঃ যেষু তান্ তির্য্যগাদিলোকান্) কচিৎ কর্হিচিৎ আপ্নোতি ॥২৮

এবম্ অন্ধধীঃ (অন্ধা অজ্ঞানাবৃতা ধীঃ যস্য সঃ এক এব জীবঃ) কচিৎ পুমান্ ভবতি, কচিৎ স্ত্রী, কচিৎ নোভয়ং নপুংসকং ভবতি তথা কচিৎ দেবঃ মনুষ্যঃ তির্য্যক্ বা ভবতি। এবং তস্য যথাকর্ম্মগুণং (কর্ম্মগুণৌ অনতিক্রম্য) ভবঃ জন্ম ভবতি ॥২৯

ক্ষুৎপরীতঃ (ক্ষুধা পরীতঃ ব্যাপ্তঃ) অতএব দীনঃ সারমেয়ঃ শ্বা যথা গৃহং গৃহং চরন্ দণ্ডং তাড়নং মোদনং বা যদ্দিষ্টং স্বপ্রারব্ধানুসারেণ নিষ্পিতং, তদেব বিন্দতে লভতে ॥৩০

তথা কামাশয়ঃ কামঃ আশয়ে অন্তঃকরণে যস্য সঃ) জীবঃ উচ্চাবচপথা বিহিতপ্রতিষেধলক্ষণেন উচ্চনীচমার্গেণ উপরি দেবলোকে অধঃ নরকাদিযোনৌ মধ্যে মনুষ্যাদিলোকে ভ্রমন্ গচ্ছন্ দিষ্টং প্রিয়াপ্রিয়ং সুখদুঃখে যাতি প্রাপ্নোতি ॥৩১

দৈবভূতাত্মহেতুষু আধিদৈবিকাদিষু দুঃখেষু মধ্যে একতমেন দুঃখেন অপি জীবস্য ব্যবচ্ছেদঃ বিয়োগঃ ন অস্তি, স্যাৎ চেৎ তত্তৎ প্রতিক্রিয়া এব দুঃখরূপা ॥৩২

যথা পুরুষঃ গুরুং ভারং শিরসা উদ্বহন্ হি (যদা শ্রান্তঃ ভবতি, তদা) তং ভারং স্কন্ধেন আধত্তে, তথা সর্ব্বাঃ প্রতিক্রিয়াঃ সর্ব্বদুঃখনিবৃত্ত্যুপায়াঃ ক্লেশমূলাঃ এব ॥৩৩

যেরূপ কর্ম্ম করে, তদনুসারে সেইরূপ হইয়া পুনর্ব্বার জন্মগ্রহণ করে ।২৭

অর্থাৎ তাহার কর্ম্ম যদি সাত্ত্বিক হয়, তবে প্রকাশবহুল দেবাদি লোক প্রাপ্ত হয়; যদি রাজসিক হয় তবে দুঃখবহুল শোক প্রাপ্ত হয়; আর যদি তামসিক হয়, তবে উৎকট শোক ও মোহ প্রাপ্ত হইয়া থাকে ।২৮

অজ্ঞ ঐ জীব কখন পুরুষ, কখন স্ত্রী, কখন ক্লীব হইয়া দেব অথবা মনুষ্য অথবা তির্য্যগ্‌যোনিতে জন্মগ্রহণ করে; কর্ম্ম ও গুণ অনুসারেই জীবের জন্ম হয় ।২৯

যেমন দীন কুকুর ক্ষুধার্ত্ত হইয়া গৃহে গৃহে ভ্রমণ করিতে করিতে অদৃষ্টবশতঃ কোথাও দণ্ড দ্বারা তাড়িত হয়, কোথাও বা অন্ন পাইয়া থাকে, তদ্রূপ কামাচ্ছন্ন জীব উচ্চ বা নীচ যোনিতে ভ্রমণ করিতে করিতে দেবদেহ, মনুষ্যদেহ, অথবা তির্য্যগ্‌দেহ লাভ করিয়া অদৃষ্টানুরূপ সুখ ও দুঃখ ভোগ করে ।৩০-৩১

যদিও উক্ত আধিদৈবিক, আধিভৌতিক ও আধ্যাত্মিক দুঃখসকলের (মনে হয়) প্রতিক্রিয়া আছে, তথাপি উক্ত ত্রিবিধ দুঃখের মধ্যে যে কোনও একটির সহিত জীবের একান্ত বিচ্ছেদ ঘটে না, কারণ ঐ প্রতীকারও দুঃখরূপ ।৩২

পুরুষ মস্তক দ্বারা গুরুতর ভার বহন করিতে করিতে যখন অত্যন্ত ক্লেশ বোধ করে এবং ঐ ক্লেশ লাঘবার্থ স্কন্ধে

নৈকান্ততঃ প্রতীকারঃ কর্ম্মণাং কর্ম্ম কেবলম্।
স্বয়ং হ্যবিদ্যোপসৃতং স্বপ্নে সুপ্ত ইবানঘ ॥৩৪
অর্থে হ্যবিদ্যমানেঽপি সংসৃতির্ন নিবর্ত্ততে।
মনসা লিঙ্গরূপেণ স্বপ্নে বিচরতো যথা ॥৩৫
অথাত্মনোঽর্থভূতস্য যতোঽনর্থপরম্পরা।
সংসৃতিস্তদ্ব্যবচ্ছেদো ভক্ত্যা পরময়া গুরৌ ॥৩৬

বাসুদেবে ভগবতি ভক্তিযোগঃ সমাহিতঃ।
সদ্ব্রীচীনেন বৈরাগ্যং জ্ঞানঞ্চ জনয়িষ্যতি ॥৩৭
সোঽচিরাদেব রাজর্ষে স্যাদচ্যুতকথাশ্রয়ঃ।
শৃণ্বতঃ শ্রদ্দধানস্য নিত্যদা স্যাদধীয়তঃ ॥৩৮
যত্র ভাগবতা রাজন্ সাধবো বিশদাশয়াঃ।
ভগবদ্‌গুণানুকথন-শ্রবণব্যগ্রচেতসঃ ॥৩৯

কেবলং জ্ঞানরহিতং কর্ম্ম কর্ম্মণাং দুঃখহেতু দুরিতানাম্ একান্ততঃ অত্যন্তং প্রতীকারঃ নিবর্ত্তকং ন ভবতি। যতঃ স্বয়ং দুরিতলক্ষণং তন্নিবর্ত্তকং চ উভয়ং হে অনঘ! নিষ্পাপ! স্বপ্নে দৃষ্টঃ সুপ্তঃ ইব অবিদ্যোপসৃতম্ (অবিদ্যয়া অধ্যাসলক্ষণয়া উপসৃতং ব্যাপ্তম্) এব ॥৩৪

মনসা লিঙ্গরূপেণ আত্মনেন অধ্যস্তেন সহ স্বপ্নে বিচরতঃ পুরুষস্য যথা অসত্যব্যাঘ্রাদিজনিতং দুঃখং ন নিবর্ত্ততে, তথা জাগরণে অর্থে দুঃখাদৌ অবিদ্যমানে অপি অহন্তামমতাজনিতা সংসৃতিঃ সংসারদুঃখং ন নিবর্ত্ততে ॥৩৫

যতঃ যস্মাৎ অর্থভূতস্য সর্ব্বপুরুষার্থস্বরূপস্য আত্মনঃ জীবস্য যতঃ অজ্ঞানাৎ অনর্থপরম্পরা জন্মমরণাদিদুঃখ-

সন্ততিলক্ষণা সংসৃতিঃ ভবতি, অতঃ গুরৌ ভগবতি জ্ঞানপ্রকাশকে পরময়া ভক্ত্যা এব তৎকৃতস্য অজ্ঞানস্য ব্যবচ্ছেদঃ বিনাশঃ ভবতি ॥৩৬

ভগবতি বাসুদেবে সমাহিতঃ সমর্পিতঃ ভক্তিযোগঃ সদ্ব্রীচীনেন প্রকারেণ বৈরাগ্যং জ্ঞানং চ জনয়িষ্যতি ॥৩৭

নিত্যদা নিরন্তরং শ্রদ্দধানস্য শ্রদ্ধাবতঃ শ্রদ্ধয়া) ভগবৎকথাঃ শৃণ্বতঃ) অধীয়তঃ অধীয়ানস্য জনস্য হে রাজর্ষে! সঃ অচ্যুতকথাশ্রয়ঃ ভক্তিযোগঃ অচিরাৎ এব স্যাৎ। স্যাৎ ইতি পুনরুক্তিঃ নিশ্চয়ার্থে ॥৩৮

হে রাজন্! ভগবদ্‌গুণানুকথনশ্রবণব্যগ্রচেতসঃ (ভগবতঃ গুণানাম্ অনুকথনে শ্রবণে চ ব্যগ্রং

স্থাপন করে, (কিন্তু তাহাতে যেমন তাহার ক্লেশের ঐকান্তিক প্রতীকার হয় না) তদ্রূপ সর্ব্ববিধ দুঃখের প্রতীকারকে তদ্রূপ মনে করিবে (কারণ প্রতীকারও দুঃখময়) ।৩৩

হে অনঘ! জ্ঞানরহিত কর্ম্ম একান্তরূপে সর্ব্বাদন কর্ম্মের নিবর্ত্তক নহে, কারণ উভয় কর্ম্মই অবিদ্যাজাত। স্বপ্নাবস্থায় যাহা দৃষ্ট হয়, জাগরণ ব্যতিরেকে কি তাহার সম্পূর্ণ প্রতিকার হইতে পারে? (কর্ম্মের দ্বারা কর্ম্মের নিবৃত্তি ভ্রমাত্মক, বাসনাত্মক মূল উৎপাটিত হয় না) ।৩৪

আত্মতত্ত্ব উপদেশ দ্বারা দেহাত্মাভিমান নিবৃত্ত হইলেও, নানাবিধ বাসনার মূল ও সংসারের কারণ মনের অধীন হইয়া ভ্রমণ করিতে থাকিলে জীবের সংসার-নিবৃত্তি হয় না, যেমন স্বপ্নকালীন দুঃখ জাগরণ বিনা নিবৃত্ত হয় না। (বস্তু বর্ত্তমান না থাকিলেও মন বিষয় সংগ্রহের জন্য চেষ্টা করিয়া থাকে) ।৩৫

অতএব যে মন হইতে পুরুষার্থ-স্বরূপ জীবাত্মার অনর্থস্বরূপ সংসারপরম্পরা চলিতেছে, একমাত্র পরম গুরু বাসুদেবে ভক্তি দ্বারা সেই মনকে উচ্ছেদ করা যাইতে পারে ।৩৬

ভগবান্ বাসুদেবের প্রতি ভক্তিযোগ প্রযোজিত হইলে তাহা সম্যক্ প্রকারে বৈরাগ্য ও জ্ঞান জন্মাইয়া দেয় ।৩৭

হে রাজর্ষে! যে ব্যক্তি শ্রদ্ধান্বিত হইয়া নিত্য হরি-কথা শ্রবণ ও অধ্যয়ন করে, তাহাতে ঐ হরিলীলাকথা আশ্রয় করিয়া অচিরে ভক্তিযোগ উৎপন্ন হয় ।৩৮

হে রাজন্! যে স্থানে নির্ম্মলান্তঃকরণ ভগবদ্ভক্ত

তস্মিন্ মহন্মুখরিতা মধুভিচ্চরিত্র-
পীযূষশেষসরিতঃ পরিতঃ স্রবন্তি।
তা যে পিবন্ত্যবিতৃষো নৃপ গাঢ়কর্ণৈ-
স্তান্ ন স্পৃশন্ত্যশনতৃড্ভয়শোকমোহাঃ ॥৪০
এতৈরুপদ্রুতো নিত্যং জীবলোকঃ স্বভাবজৈঃ।
ন করোতি হরের্নূনং কথামৃতনিধৌ রতিম্ ॥৪১
প্রজাপতিপতিঃ সাক্ষাদ্ভগবান্ গিরিশো মনুঃ।
দক্ষাদয়ঃ প্রজাধ্যক্ষা নৈষ্ঠিকাঃ সনকাদয়ঃ ॥৪২
মরীচিরত্র্যঙ্গিরসৌ পুলস্ত্যঃ পুলহঃ ক্রতুঃ।
ভৃগুর্বশিষ্ঠ ইত্যেতে মদন্তা ব্রহ্মবাদিনঃ ॥৪৩
অদ্যাপি বাচস্পতয়স্তপোবিদ্যাসমাধিভিঃ।
পশ্যন্তোঽপি ন পশ্যন্তি পশ্যন্তং পরমেশ্বরম্ ॥৪৪
শব্দব্রহ্মণি দুষ্পারে চরন্ত উরুবিস্তরে।
মন্ত্রলিঙ্গৈর্ব্যবচ্ছিন্নং ভজন্তো ন বিদুঃ পরম্ ॥৪৫

চেতঃ যেষাং তে) যতঃ বিশদাশয়াঃ বিশুদ্ধান্তঃ-করণাঃ ভাগবতাঃ সাধবঃ তিষ্ঠন্তি তত্র শ্রবণাদিকং স্যাৎ ॥৩৯

তস্মিন্ ভাগবতসমাজে তৈঃ মহদ্ভিঃ মুখরিতাঃ কীর্তিতাঃ মধুভিদঃ ভগবতঃ চরিত্রম্ এব পীযূষম্ অমৃতং তদেব শিষ্যতে ইতি শেষঃ যাসু তাঃ কথালক্ষণা সরিতঃ নদ্যঃ পরিতঃ সর্ব্বতঃ স্রবন্তি বহন্তি, তাঃ সরিতঃ যে অবিতৃষঃ অলং-বুদ্ধিরহিতাঃ সন্তঃ গাঢ়কর্ণৈঃ (গাঢ়ৈঃ সাবধানৈঃ শ্রোত্রৈঃ) পিবন্তি শৃণ্বন্তি, হে নৃপ! তান্ অশনতৃড্ভয়শোকমোহাঃ ন স্পৃশন্তি ॥৪০

এতৈঃ অশনাদিভিঃ স্বভাবজৈঃ স্বতঃ-সিদ্ধৈঃ নিত্যম্ উপদ্রুতঃ অভিভূতঃ জীবলোকঃ নূনং নিশ্চিতম্ এব হরেঃ কথামৃতনিধৌ (কথা এব অমৃতস্য নিধিঃ সমুদ্রঃ তস্মিন্) রতিং ন করোতি ॥৪১

প্রজাপতীনাম্ অপি পতিঃ ব্রহ্মাদিঃ সাক্ষাৎ ভগবান্ গিরিশঃ মহাদেবঃ প্রজাধ্যক্ষাঃ প্রজাপতয়ঃ নৈষ্ঠিকাঃ জন্মারভ্য ঊর্দ্ধরেতসঃ সনকাদয়ঃ ॥৪২

মদন্তাঃ (অহং নারদঃ অন্তে পশ্চাৎ যেষাং তে) এতে মরীচ্যাদিব্রহ্মবাদিনঃ ॥৪৩

বাচস্পতয়ঃ তপোবিদ্যাসমাধিভিঃ পশ্যন্তং সাক্ষিণং পরমেশ্বরং পশ্যন্তঃ অপি অদ্যাপি সৃষ্টিমারভ্য ন পশ্যন্তি ॥৪৪

দুষ্পারে অর্থতঃ পারশূন্যে উরুবিস্তরে গ্রন্থতঃ অতিবিস্তৃতে শব্দব্রহ্মণি বেদাখ্যে চরন্তঃ অপি (শ্রমেণ তদর্থং বিচারয়ন্তঃ অপি) মন্ত্রপ্রতিপাদিতৈঃ ইন্দ্রাদি-স্বরূপৈঃ ব্যবচ্ছিন্নং পরিচ্ছন্নং পরং পরমাত্মানং ভজন্তঃ (অপি তত্ত্বতঃ) ন বিদুঃ ॥৪৫

সাধুগণ ভগবানের গুণসকলের কথন ও শ্রবণ নিমিত্ত ব্যগ্রচিত্ত হইয়া অবস্থান করেন; সেই স্থানে মহতের মুখ-বিগলিত মধুসূদনের চরিত্র-গাথা-রূপ পরিশুদ্ধ অমৃত-নদী চতুর্দ্দিকে প্রবাহিত হইয়া থাকে। যাঁহারা অলং-বুদ্ধি-শূন্য হইয়া সমুৎসুক কর্ণ-পুটে ঐ নদীর সেবা করেন অর্থাৎ শ্রবণ করেন, তাঁহাদিগকে ক্ষুধা, পিপাসা, ভয়, শোক, মোহ স্পর্শ করিতে পারে না ।৩৯-৪০

(যদি সৎসঙ্গ লাভ না হয় এবং স্বয়ং হরিকথা চিন্তনাদিতে যত্ন না করে, তাহা হইলে) জীবসমূহ এই সকল স্বাভাবিক ক্ষুধা-তৃষ্ণাদি দ্বারা সর্ব্বদা উৎপীড়িত হইয়াই শ্রীহরির কথামৃত সিন্ধুতে অনুরাগ স্থাপন করিতে পারে না ।৪১

প্রজাপতিগণের পতি ব্রহ্মা, সাক্ষাৎ ভগবান্ মহাদেব, স্বায়ম্ভুব মনু, দক্ষাদি প্রজাপতিগণ, সনকাদি নৈষ্ঠিক ব্রহ্মচারিগণ, মরীচি, অত্রি, অঙ্গিরা, পুলস্ত্য, পুলহ, ক্রতু, ভৃগু, বশিষ্ঠ এবং আমি পর্য্যন্ত সমস্ত ব্রহ্মবাদিগণ, ইহারা বাচস্পতি হইয়াও তপস্যা, বিদ্যা ও সমাধি প্রভৃতি উপায় দ্বারা সতত অনুসন্ধান করিয়াও আজ পর্য্যন্ত সর্ব্বসাক্ষী পরমেশ্বরকে জানিতে পারে নাই ।৪২-৪৪

কর্ম্মিগণ অতি বিশাল ও দুষ্পার বেদভাগে অবস্থান

যদা যমনুগৃহ্ণাতি ভগবানাত্মভাবিতঃ।
স জহাতি মতিং লোকে বেদে চ পরিনিষ্ঠিতাম্ ॥৪৬

তস্মাৎ কর্ম্মসু বর্হিষ্মন্নজ্ঞানাদর্থকাশিষু।
মার্থদৃষ্টিং কৃথাঃ শ্রোত্রস্পর্শিষস্পৃষ্টবস্তুষু ॥৪৭

স্বং লোকং ন বিদুস্তে বৈ যত্র দেবো জনার্দ্দনঃ।
আহুর্ধূম্রধিয়ো বেদং সকর্ম্মকমতদ্বিদঃ ॥৪৮

আস্তীর্য্য দর্ভৈঃ প্রাগগ্রৈঃ কার্ৎস্ন্যেন ক্ষিতিমণ্ডলম্।
স্তব্ধো বৃহদ্বধান্মানী কর্ম্ম নাবৈষি যৎ পরম্।
তৎ কর্ম্ম হরিতোষং যৎ সা বিদ্যা তন্মতির্যয়া ॥৪৯
হরির্দেহভৃতামাত্মা স্বয়ং প্রকৃতিরীশ্বরঃ।
তৎপাদমূলং শরণং যতঃ ক্ষেমো নৃণামিহ ॥৫০
স বৈ প্রিয়তমশ্চাত্মা যতো ন ভয়মণ্বপি।
ইতি বেদ স বৈ বিদ্বান্ যো বিদ্বান্ স গুরুর্হরিঃ ॥৫১

আত্মভাবিতঃ (আত্মনি অন্তঃকরণে ভাবিতঃ চিন্তিতঃ) ভগবান্ যদা যস্য যম্ অনুগৃহ্ণাতি, সঃ লোকে লোকমর্য্যাদায়াং বেদে বেদমর্য্যাদায়াং পরিনিষ্ঠিতাং মতিং জহাতি ॥৪৬

হে বর্হিষ্মন্! তস্মাৎ অজ্ঞানাৎ অর্থকাশিষু পরমফলহেতুত্বেন প্রকাশমানেষু স্বর্গাদিসাধনত্বেন শ্রোত্রপ্রিয়েষু শ্রোত্রস্পর্শিষু বস্তুতস্তু অস্পৃষ্টবস্তুষু (ন স্পৃষ্টং বস্তু পরমতত্ত্বং যৈঃ তেষু কর্ম্মসু) অর্থদৃষ্টিং পরমার্থসাধনবুদ্ধিং মা কৃথাঃ ॥৪৭

যে তু বেদং সকর্ম্মকং স্বর্গাদিসাধনকর্ম্মবোধকম্ এব আহুঃ, তে অতত্ত্ববিদঃ বেদার্থানভিজ্ঞাঃ, ধূম্রধিয়ঃ (ধূম্রা রাগাদিনা আচ্ছন্না ধীঃ যেষাং তে এব ভবন্তি); যতঃ যত্র আত্মতত্ত্বে বিদিতে দেবঃ জনার্দ্দনঃ বৈ বিদিতঃ ভবতি, তং স্বং লোকং তে ন বিদুঃ জানন্তি ॥৪৮

করিয়া এবং বেদের মন্ত্রানুযায়ী বস্তুহস্ত ইন্দ্রাদি পরিচ্ছিন্ন দেবতাসকলের ভজনা করিয়া পরমেশ্বরের তত্ত্ব জানিতে পারে না ॥৪৫

ভগবান্ বাসুদেব আত্মাতে ভাবিত হইয়া যখন যাহার প্রতি অনুগ্রহ করেন, তখন তাহার লোক-ব্যবহারে ও কর্ম্মমার্গে পরিনিষ্ঠিতা বুদ্ধি পরিত্যক্ত হয় ॥৪৬

অতএব হে বর্হিষ্মন্! অজ্ঞানহেতু পরমার্থরূপে প্রতীয়মান, শ্রোত্রপ্রিয় এবং বাস্তবিকপক্ষে যথার্থ বস্তুর সম্পর্ক-শূন্য কর্ম্মসমূহে পরমার্থ বুদ্ধি করিও না ॥৪৭

প্রাগগ্রৈঃ দর্ভৈঃ কুশৈঃ কার্ৎস্ন্যেন সাকল্যেন ক্ষিতিমণ্ডলম্ আস্তীর্য্য আচ্ছাদ্য বৃহদ্বধাৎ বহুপশু-বধাৎ মানী মহাশয়া অহম্ ইতি স্তব্ধঃ অবিনীতঃ ত্বং কর্ম্ম তথা যৎ পরং বিদ্যাস্বরূপং চ তৎ ন অবৈষি ন বেৎসি। যতঃ হরিতোষং (হরিং তোষয়তি ইতি) যৎ, তৎ কর্ম্ম; যয়া তন্মতিঃ (তস্মিন্ হরৌ মতিঃ) ভবতি, সা বিদ্যা ॥৪৯

হরিঃ দেহভৃতাং প্রাণিনাম্ আত্মা স্বরূপম্ ঈশ্বরঃ শুভাশুভনিয়ন্তা স্বয়ং প্রকৃতিঃ (তস্য অন্যঃ নিয়ন্তা নাস্তি), অতঃ তৎপাদমূলং তস্য পাদমূলম্ ইহ সংসারে নৃণাং শরণম্ আশ্রয়ঃ, যতঃ ক্ষেমং কালাদিভয়নিবৃত্তিঃ ভবেৎ ॥৫০

যতঃ ভগবতঃ সকাশাৎ অণু অপি ভয়ং ন ভবতি, সঃ আত্মা বৈ এব প্রিয়তমঃ ইতি যঃ বেদ, সঃ এব

মলিনবুদ্ধি লোকেরা বেদকে কর্ম্মপর বলে, তাহারা বেদের যথার্থ তাৎপর্য্য জানে না; যেহেতু তাহারা ভগবান্ যে স্থানে বিরাজ করেন, সেই বৈকুণ্ঠ লোককে স্ব-স্ব-রূপের প্রাপ্য লোক বলিয়া জানিতে পারে না ॥৪৮

হে রাজন্! তুমি বড় বড় পশু বধ করিয়া যজ্ঞানুষ্ঠান পূর্ব্বক অভিমানী হইয়াও মূর্খতাপ্রযুক্ত প্রাগগ্র কুশসমূহ দ্বারা ক্ষিতিমণ্ডল আচ্ছাদন করিয়া যাহা পরম ধর্ম্ম তাহা বুঝিতে পারিতেছ না। যাহা দ্বারা হরিতোষণ হয়, তাহাই একমাত্র কর্ত্তব্য

নারদ উবাচ।

প্রশ্ন এবং হি সচ্ছিন্নো ভবতঃ পুরুষর্ষভ।
অত্র মে বদতো গুহ্যং নিশাময় সুনিশ্চিতম্ ॥৫২

ক্ষুদ্রঞ্চরং সুমনসাং শবলে মিথিত্বা
রক্তং ষড়ঙ্ঘ্রিগণসাময় লুব্ধকর্ণম্।
অগ্রে বৃকান্ সুতৃপোঽবিগণয্য যান্তং
পৃষ্ঠে মৃগং মৃগয় লুব্ধকবাণভিন্নম্ ॥৫৩

সুমনঃসমধর্ম্মাণাং স্ত্রীণাং শবল আশ্রমে পুষ্পমধুগন্ধ-

বিদ্বান্, সঃ এব গুরুঃ, সঃ এব হরিঃ ॥৫১

নারদঃ উবাচ। এবম্ উক্তপ্রকারেণ হি ভবতঃ প্রশ্নঃ সংছিন্নঃ দত্তোত্তরঃ, হে পুরুষর্ষভ পুরুষশ্রেষ্ঠ! অত্র ভবোদ্ধারার্থং কর্ত্তব্যনির্দ্ধারেণ বিষয়ে সুনিশ্চিতং মদ্বুদ্ধিনির্দ্ধারিতং গুহ্যম্ অপ্রসিদ্ধম্ উপায়ং বদতঃ মে বচনং নিশাময় শৃণু ॥৫২

ক্ষুদ্রঞ্চরং (ক্ষুদ্রম্ অল্পং চরতীতি তৎ) সুমনসাং পুষ্পাণাং শবলে আশ্রমে বাটিকায়াং মিথিত্বা মিথঃ পরস্পরং স্ত্রিয়া সহ মিলিত্বা রক্তম্ আসক্তং ষড়ঙ্ঘ্রি-গণসাময় (ষড়ঙ্ঘ্রিগণানাং ভ্রমরসমূহানাং সাময় গীতেন) লুব্ধকর্ণম্ (লুব্ধঃ কর্ণঃ যস্য তম্) অসুতৃপঃ (পরেষাং

এবং যাহা দ্বারা শ্রীহরির প্রতি মতি হয়, তাহাই বিদ্যা ॥৪৯

শ্রীহরি দেহধারী জীবগণের আত্মা ও নিয়ন্তা, তিনিই নিরপেক্ষভাবে সকল জগতের কারণ। তাঁহার পাদমূলই দেহিদিগের আশ্রয়। শ্রীহরিচরণাশ্রয় হইতেই জীবের সকল মঙ্গল সাধিত হয় ॥৫০

শ্রীহরিই প্রিয়তম এবং তিনিই আত্মা, তাঁহা হইতে বিন্দুমাত্রও ভয়ের সম্ভাবনা নাই। যে ব্যক্তি এইরূপ জানেন—তিনিই বিদ্বান্। যিনি বিদ্বান্, তিনিই গুরু, আর যিনি গুরু, তিনিই শ্রীহরি হইতে অভিন্ন ॥৫১

দেবর্ষি নারদ বলিলেন,—হে পুরুষশ্রেষ্ঠ! তুমি যে

মাংসাদিভিঃ স্বকীয়ান্ অসূন্ তর্পয়ন্তি যে তান্) বৃকান্ অগ্রে অবিগণয্য অগণয়িত্বা যান্তং বিচরন্তং পৃষ্ঠে পৃষ্ঠতঃ লুব্ধকবাণেন ভিন্নং বিদীর্ণং মৃগং মৃগয় ত্বম্ অন্বেষয় ॥৫৩

সুমনঃসমধর্ম্মাণাং সুমনোভিঃ সমানঃ পরিণাম-বিরসত্বাদিধর্ম্মঃ যাসাং তাসাং) স্ত্রীণাং শবলে গৃহে ক্ষুদ্রতমম্ অতিতুচ্ছম্ অভিনিবেশিতমনসং (তাসু স্ত্রীষু অভিনিবেশিতং মনো যেন তং) লুব্ধকঃ যমঃ অন্তঃ অন্তঃকরণে হৃদয়ে শবলে অলক্ষিতমরণব্যাপারেণ অহোরাত্রাদি কালঃ এব অগ্রতঃ আয়ুঃ হরতঃ বৃকান্ ॥৫৪

প্রশ্ন করিয়াছিলে তৎসমুদয়ের উত্তর প্রদানপূর্ব্বক এই সন্দেহ ভঞ্জন করিলাম। এক্ষণে একটি গুহ্য বিষয় বলিতেছি, শ্রবণ কর ॥৫২

একটি মৃদু পুষ্প বাটিকায় মৃগীর সহিত মিলিত থাকিয়া ক্ষুদ্র সুখভোগ করিতেছে, ভ্রমরগণের সুমধুর গীতে তাহার কর্ণদ্বয় আসক্ত, তাহার অগ্রে পর প্রাণ দ্বারা নিজ প্রাণের তৃপ্তিসাধক বৃকসমূহ আছে, সে তাহাদিগকে তুচ্ছ করিয়া যাইতেছে। আর উহার পৃষ্ঠদেশ ব্যাধের বাণে বিদ্ধ হইতেও অধিক বিলম্ব নাই—তুমি উহার বিষয় চিন্তা কর ॥৫৩

হে রাজন্! যিনি অগ্রে সুখদায়ক কিন্তু পরিণামে

স ত্বং বিচক্ষ্য মৃগচেষ্টিতমাত্মনোঽন্তঃ-
চিত্তং নিযচ্ছ হৃদি কর্ণধুনীঞ্চ চিত্তে।
জহ্যঙ্গনাশ্রমমসত্তমযূথগাথং
প্রীণীহি হংসশরণং বিরম ক্রমেণ ॥৫৫

রাজোবাচ।
শ্রুতমন্বীক্ষিতং ব্রহ্মন্ ভগবান্ যদভাষত।

সঃ ত্বং মৃগচেষ্টিতং বিচক্ষ্য (তথা তেন মৃগ-বৃত্তান্তেন) আত্মনঃ অন্তঃ হৃদি চিত্তং নিযচ্ছ (বহি-র্বিষয়াৎ নিবৃত্তং কৃত্বা স্থাপয়)। কর্ণধুনীং (কর্ণয়োঃ ধুনীং বহির্বৃত্তিং) চিত্তে নিযচ্ছ। অসত্তমযূথগাথম্ (অসতমানাং ভগবদ্বিমুখানাং যানি যূথানি তেষাং গাথা বার্ত্তা যস্মিন্ তম্) অঙ্গনাশ্রমং স্ত্রীপ্রধানং গৃহং জহি পরিত্যজ। হংসানাং শুদ্ধানাং শরণম্ আশ্রয়ং ভগবন্তং প্রীণীহি প্রসাদয়। এবং ক্রমেণ (সংসারদুঃখাৎ) বিরম নিবৃত্তঃ ভব ॥৫৫

রাজা উবাচ। হে ব্রহ্মন্! ভগবান্ সর্ব্বজ্ঞঃ

নৈতজ্জানন্ত্যুপাধ্যায়াঃ কিং ন ব্রূয়ুর্বিদুর্যদি ॥৫৬

সংশয়োঽত্র তু মে বিপ্র সঞ্ছিন্নস্তৎকৃতো মহান্।
ঋষয়োঽপি হি মুহ্যন্তি যত্র নেন্দ্রিয়বৃত্তয়ঃ ॥৫৭

কর্ম্মণ্যারভতে যেন পুমানিহ বিহায় তম্।
অমুত্রান্যেন দেহেন জুষ্টানি স যদশ্নুতে ॥৫৮

ভবান্ যৎ আত্মতত্ত্বং অভাষত, তৎ ময়া শ্রুতম্ অন্বীক্ষিতং বিচারিতং চ। এতৎ যদুক্তম্ আত্মতত্ত্বং মম উপাধ্যায়াঃ কর্ম্মোপদেষ্টারঃ যে আচার্য্যাঃ, তে ন জানন্তি; যদি তে জানন্তি বিদুঃ, তর্হি কিংন ব্রূয়ুঃ ॥৫৬

হে বিপ্র! অত্র আত্মতত্ত্বে তৎকৃতঃ তৈঃ উপাধ্যায়ৈঃ বাক্যবিরোধেন কৃতঃ অসম্ভাবনাদিরূপঃ মহান্ মে মম সংশয়ঃ তু ত্বয়া সংচ্ছিন্নঃ নিরস্তঃ যত্র আত্মতত্ত্বে ঋষয়ঃ অপি মুহ্যন্তি যত্র চ ইন্দ্রিয়বৃত্তয়ঃ ন প্রভবন্তি ॥৫৭

যেন দেহেন ইহ অস্মিন লোকে পুমান্ কর্ম্মাণি আরভতে করোতি, তং দেহম্ অত্রৈব বিহায় অমুত্র

দুঃখপ্রদ পুষ্পের ন্যায় সমান ধর্ম্মশালি যোষিৎগণের সঙ্গে গৃহে কাম্য-কর্ম্মজাত পুষ্প-মধুসদৃশ অতিশয় সামান্য কামজ সুখ জিহ্বা ও উপস্থ দ্বারা সতত খুঁজিতেছেন, যিনি স্ত্রীর সহিত মিথুন হইয়া তাহারই প্রতি মনোনিবেশ করিতেছেন, যাঁহার কর্ণ ভ্রমরের সঙ্গীতের ন্যায় মধুর, পুত্র-কলত্রাদির আলাপে লুব্ধ, মৃগের অগ্রে বৃকযূথের ন্যায় দিবারাত্র কাল যাহার আয়ু হরণ করিতেছে, তথাপি যিনি উহাদিগকে গণ্য না করিয়া গৃহের মধ্যেই বিহার করিতেছেন এবং ব্যাধতুল্য কৃতান্ত যাহার পশ্চাদ্ভাগে থাকিয়া অর্থাৎ পরোক্ষে থাকিয়া দূর হইতে শরসন্ধান পূর্ব্বক বিদ্ধ করিতে বিলম্ব করিতেছে না—সেই মৃগের ন্যায় মহদ্ভোমুখ আত্মার বিষয় বিচার করুন ॥৫৪

অতএব হে রাজন্! তুমি আপন হৃদয়ে আত্মার মৃগতুল্য চেষ্টার বিষয় বিচার করিয়া হৃদয়ের মধ্যে চিত্তকে নিরুদ্ধ কর এবং কর্ণধুনী অর্থাৎ বহির্বিন্দ্রিয়ের বৃত্তিগুলিকে অন্তর্মুখী করিয়া চিত্তমধ্যে নিরুদ্ধ কর। আর কামুকগণের অসদ্বার্ত্তা-পরিপূর্ণ গৃহাশ্রম পরিত্যাগ করিয়া সকল জীবের আশ্রয় ঈশ্বরের প্রীতি সম্পাদন কর এবং ক্রমে ক্রমে সকল হইতে বিরত হও ॥৫৫

মহারাজ প্রাচীনবর্হি বলিলেন,—হে ব্রহ্মন্! আপনি যাহা বলিলেন, তাহা আমি শ্রবণ করিলাম এবং বিচার করিয়াও দেখিলাম। আপনি যাহা বলিলেন, আমার উপদেশক আচার্য্যগণ এসকল জানিতেন না। যদি জানিতেন, তবে কি আমাকে বলিতেন না? ৫৬

হে ব্রহ্মন্! এই আত্ম-তত্ত্ববিষয়ে উপাধ্যায়গণের বাক্যের সহিত আমার বিরোধ হওয়ায় যে অসম্ভাবনারূপ মহাসংশয় জন্মিতেছিল, তাহা বিদূরিত হইয়াছে; কিন্তু উহাতে আরও সংশয় আছে, তদ্বিষয়ে ইন্দ্রিয় বৃত্তিসকলের অপ্রবৃত্তিহেতু ঋষিগণ মুগ্ধ হইয়া থাকেন ॥৫৭

[সন্দেহ কি তাহাই বলিতেছেন।] হে ব্রহ্মন্। "জীব যে দেহের দ্বারা ইহলোকে কর্ম্ম করে, সেই দেহ

ইতি বেদবিদাং বাদঃ শ্রূয়তে তত্র তত্র হ।
কর্ম্ম যৎ ক্রিয়তে প্রোক্তং পরোক্ষং ন প্রকাশতে ॥৫৯

নারদ উবাচ।

যেনৈবারভতে কর্ম্ম তেনৈবামুত্র তৎ পুমান্।
ভুঙ্‌ক্তে হ্যব্যবধানেন লিঙ্গেন মনসা স্বয়ম্ ॥৬০

স্বর্গনরকাদৌ লোকান্তরে অন্যেন কর্ম্মোপস্থাপিতেন দেহেন জুষ্টানি কর্ম্মফলানি সুখদুঃখাদীনি যঃ জীবঃ অশ্নুতে ইতি যৎ ॥৫৮

বেদবিদাম্ ইতি বাদঃ যৎ শ্রূয়তে, তত্র তত্র চ প্রোক্তং বেদোক্তং কর্ম্ম যৎ ক্রিয়তে, তৎ (ফলান্তরে) পরোক্ষম্ অদৃশ্যং সৎ ন প্রকাশতে। (সূক্ষ্মরূপত্বেন অন্যত্র লক্ষ্যাভাবাৎ কথমন্যেন দেহেন তদ্ভোগঃ সম্ভবতি) ॥৫৯

নারদঃ উবাচ। হি যস্মাৎ যেন এব মনসা মনঃপ্রধানেন লিঙ্গেন লিঙ্গদেহেন বিশিষ্টঃ পুমান্ জীবঃ ইহ কর্ম্ম আরভতে করোতি, অব্যবধানেন বিচ্ছেদশূন্যেন তেন এব লিঙ্গদেহেন বিশিষ্টঃ স্বয়ং কর্ত্তা অমুত্র স্বর্গ-

এইখানেই পরিত্যাগ করিয়া যায় এবং অপর লোকে গমন করিয়া অপর দেহ দ্বারা পূর্ব্বকৃত কর্ম্মসকলের ফলভোগ করে"—বেদবাদিগণের এই প্রকার উক্তি তত্তৎ প্রসঙ্গে শুনা যায়। এক দেহের কৃতকর্ম্ম অন্য দেহে ফলভোগ-বিষয়ে সংশয় হয় [কৃত-নাশ ও অকৃতের অভ্যাগম-রূপ দোষ আসিয়া পড়ে]। আরও সংশয় এই যে জনগণ কর্ত্তৃক অনুষ্ঠিত বেদোক্ত কর্ম্ম অনুষ্ঠান মাত্রেই অদৃশ্য হয় ও ফলান্তরে তাহা আর দেখা যায় না। বিনষ্ট কর্ম্মের ফল কিরূপে ভোগ করা সম্ভবপর হয় ? ॥৫৮-৫৯

নারদ বলিলেন,—রাজন্! জীব ইহলোকে যে মনঃপ্রধান লিঙ্গশরীর দ্বারা কার্য্য করিয়া থাকে, পরলোকেও ব্যবধান শূন্য সেই লিঙ্গশরীর দ্বারাই স্বর্গ-নরকাদি ফলভোগ করিয়া থাকে ॥৬০

শয়ানমিমমুৎসৃজ্য স্বপন্তং পুরুষো যথা।
কর্ম্মাত্মন্যাহিতং ভুঙ্‌ক্তে তাদৃশেনেতরেণ বা ॥৬১
মমৈতে মনসা যদ্‌যদসাবহমিতি ব্রুবন্।
গৃহ্ণীয়াৎ তৎ পুমান্ রাদ্ধং কর্ম্ম যেন পুনর্ভবঃ ॥৬২
যথানুমীয়তে চিত্তমুভয়ৈরিন্দ্রিয়েহিতৈঃ।
এবং প্রাগ্দেহজং কর্ম্ম লক্ষ্যতে চিত্তবৃত্তিভিঃ ॥৬৩

নরকাদৌ পরলোকাদৌ তৎকর্ম্মফলং ভুঙ্‌ক্তে ॥৬০

যথা পুরুষঃ প্রাণী শয়ানম্ অপি স্বপন্তং জীবন্তম্ ইমং দেহম্ উৎসৃজ্য তদনুসন্ধানং ত্যক্ত্বা তাদৃশেন ইতরেণ অন্যপ্রকারকর্ম্মোপস্থাপিতেন পশ্বাদিদেহেন আত্মনি মনসি আহিতং স্থাপিতং কর্ম্মফলং সুখদুঃখাদিকং ভুঙ্‌ক্তে ॥৬১

মম এতে পুত্রগৃহাদয়ঃ অসৌ অহম্ অমুকনামা ইতি ব্রুবন্ মনসা যৎ যৎ দেহং আত্মত্বেন গৃহ্ণীয়াৎ গৃহ্ণাতি, তৎ ততঃ দেহাৎ রাদ্ধং সিদ্ধং কর্ম্ম অপি পুমান্ গৃহ্ণাতি স্বীকরোতি, যেন এবমহঙ্কারগৃহীতেন কর্ম্মণা অস্য পুনর্ভবঃ দেহান্তরসম্বন্ধঃ ভবতি ॥৬২

যথা উভয়ৈঃ জ্ঞানকর্ম্মলক্ষণৈঃ ইন্দ্রিয়েহিতৈঃ

[লিঙ্গদেহে কিরূপে ভোগ হইতে পারে, তাহার দৃষ্টান্ত দিতেছেন।] জাগ্রদ্দেহাভিমানী জীব শয়ান হইলে যেমন স্বপ্নে জাগ্রৎ দেহ পরিত্যাগ করিয়া মনোমধ্যে সংস্কাররূপে স্থিত কর্ম্মফলকে পশ্বাদি অন্য দেহ দ্বারা ভোগ করে, তদ্রূপ লোকান্তরে স্বপ্নসদৃশ দেহ দ্বারা কর্ম্মফল ভোগ করে ॥৬১

আমার এই সকল পুত্র', 'আমি ব্রাহ্মণ' 'আমি ক্ষত্রিয়'—এইরূপ অভিমান করিয়া জীব মনঃপ্রধান লিঙ্গ দেহ দ্বারা যে যে দেহাদি প্রাপ্ত হয়, সেই সেই দেহ হইতে সিদ্ধ কর্ম্ম পুনর্ব্বার প্রাপ্ত হয়, সেই সমস্ত কর্ম্ম অহঙ্কার দ্বারা পরিগৃহীত হওয়াতে তদ্দ্বারাই পুনর্জ্জন্ম হইয়া থাকে। (মনোবিশিষ্ট অভিমানকারীই কর্ত্তা, অভিমানের বিষয় যে দেহ, তাহা যায় মাত্র) ॥৬২

যেমন ইন্দ্রিয়সকলের জ্ঞান ও কর্ম্মরূপ বিবিধ

নানুভূতং ক চানেন দেহেনাদৃষ্টমশ্রুতম্।
কদাচিদুপলভ্যেত যদ্রূপং যাদৃগাত্মনি ॥৬৪
তেনাস্য তাদৃশং রাজন্ লিঙ্গিনো দেহসম্ভবম্।
শ্রদ্ধৎস্বানুভূতোঽর্থো ন মনঃ স্প্রষ্টুমর্হতি ॥৬৫
মন এব মনুষ্যস্য পূর্ব্বরূপাণি শংসতি।
ভবিষ্যতশ্চ ভদ্রং তে তথৈব ন ভবিষ্যতঃ ॥৬৬
অদৃষ্টমশ্রুতঞ্চাত্র ক্বচিন্মনসি দৃশ্যতে।
যথা তথানুমন্তব্যং দেশকালক্রিয়াশ্রয়ম্ ॥৬৭
সর্ব্বে ক্রমানুরোধেন মনসীন্দ্রিয়গোচরাঃ।
আয়ান্তি বহুশো যান্তি সর্ব্বে সমনসো জনাঃ ॥৬৮

(ইন্দ্রিয়াণাম্ ঈহিতৈঃ) যুগপৎ অপ্রবৃত্তৈঃ চিত্তম্ অনুমীয়তে, এবং চিত্তবৃত্তিভিঃ (বিচিত্রৈঃ) প্রাগ্‌দেহজং কর্ম্ম পুণ্যপাপাত্মকং লক্ষ্যতে অনুমীয়তে ॥৬৩

অনেন বর্ত্তমানেন দেহেন ক চ কুত্রচিৎ যৎ ন অনুভূতম্ অননুভূতম্ অনুপভুক্তম্ অদৃষ্টং বা অশ্রুতং যদ্রূপং যদাত্মকং যাদৃক্ যৎপ্রকারকং চ তৎ কদাচিৎ স্বপ্নমনোরথাদিষু আত্মনি মনসি উপলভ্যেত স্ফুরতি ॥৬৪

তেন উপলম্ভেন হেতুনা অস্য লিঙ্গিনঃ লিঙ্গ-বিশিষ্টস্য পূর্ব্বসংস্কারাশ্রয়স্য তাদৃশং স্ফুরণজনকং দেহসম্ভবম্ অনুভবাদিকং শ্রদ্ধৎস্ব নিশ্চয়েন মন্যস্ব। যতঃ অননুভূতঃ অর্থঃ মনঃ স্প্রষ্টুং মনসি স্ফুরিতুং ন অর্হতি ॥৬৫

মনুষ্যস্য মনঃ এব পূর্ব্বরূপাণি পূর্ব্বপূর্ব্বশরীরাণি শংসতি কথয়তি, ভবিষ্যতঃ তস্য ভাবীনি শরীরাণি তথা ন ভবিষ্যতঃ পুনর্ জনিষ্যমাণস্য মুক্তিঃ ভবিষ্যতি ইতি মনঃ এব জ্ঞাপয়তি। এবং জানতঃ তে তব ভদ্রং ভবিষ্যতি ॥৬৬

অত্র লোকে ক্বচিৎ স্বপ্নাদ্যবস্থাবিশেষে দেশকাল-ক্রিয়াশ্রয়ং (অন্যদেশাশ্রয়ং সমুদ্রাদিকম্ অন্যকালাশ্রয়ং নক্ষত্রাদিকম্ অন্যক্রিয়াশ্রয়ং স্বশিরশ্ছেদনাদিকম্) অশ্রুতম্ অদৃষ্টং চ ব্যাপারং মনসি স্ফুরিতং দৃশ্যতে (তদাপি সুখদুঃখহেতু-প্রাচীন-কর্ম্মণৈব ইতি মন্তব্যম্ অন্যথা নিদ্রাদিদোষাৎ সর্ব্বদা সর্ব্বজনসাধারণত্বাৎ সর্ব্বদৈব সর্ব্বস্যৈব তৎ স্যাৎ)। যথা স্বস্যৈব দর্শনং তথান্যেষামপি প্রাচীনকর্ম্মবশাৎ তথা অনুমন্তব্যম্ ॥৬৭

যতঃ সর্ব্বে জনাঃ সমনসঃ অনেকজন্মসঞ্চিতা-দৃষ্টসংস্কৃতমনোবন্তঃ, অতঃ ইন্দ্রিয়গোচরাঃ ইন্দ্রিয়বিষয়াঃ

প্রবৃত্তি দ্বারা চিত্তের অনুমান করা যায়, সেইরূপ চিত্ত বৃত্তি দ্বারা পূর্ব্বদেহ জন্য কর্ম্ম সকলের অনুমান হইয়া থাকে ।৬৩

বর্ত্তমান দেহ দ্বারা জীব কোথাও, কখনও যে বস্তুর উপভোগ, দর্শন বা শ্রবণ করে নাই স্বপ্ন অথবা মনোরথ ইত্যাদিতে কদাচিৎ সেই প্রকার বস্তুর সেইরূপ উপলব্ধি হইতে দেখা যায় ।৬৪

অতএব হে রাজন্! বাসনাময় লিঙ্গদেহাশ্রিত জীবের সেই সেই অনুভবাদিযুক্ত পূর্ব্ব দেহের উৎপত্তি-বিষয়ে বিশ্বাস স্থাপন কর; কারণ, যে বিষয় কদাচিৎ অনুভূত হয় নাই, তাহা কখনও চিত্তে স্ফুরিত হইতে পারে না ।৬৫

মনই জীবের পূর্ব্বরূপ প্রকাশ করিয়া দেয় এবং ভবিষ্যতে কিরূপ হইবে বা হইবে না, তাহাও প্রকাশ করে। হে রাজন্! তোমার মঙ্গল হউক ।৬৬

অদৃষ্ট ও অশ্রুত বিষয় যে কখনও কখনও স্বপ্নাবস্থায় মনে দেখা যায়। (যেমন পর্ব্বতোপরি সমুদ্র, অগ্নিশিখার উপরে যবাঙ্কুর, দিবসে নক্ষত্র দর্শন, নিজের শিরশ্ছেদন) উহা দেশ, কাল ও ক্রিয়াকে আশ্রয় করিয়া নিদ্রাদি-দোষবশতঃ দৃষ্ট হইয়া থাকে ।৬৭

সকল মনুষ্যই মনোযুক্ত এবং সকল বস্তুই ক্রমে ক্রমে মন ও ইন্দ্রিয়ের গোচর হইয়া ভোগ্যস্বরূপে উপস্থিত হয় ও ভোগসমস্ত গত হইয়া থাকে। (এই মনের সাহায্যে যে কোন অবস্থায় যে কোন বস্তুর অনুভব হইতে পারে, অতএব স্বপ্নযোগে রাজার আপনাকে

সত্ত্বৈকনিষ্ঠে মনসি ভগবৎপার্শ্ববর্তিনি।
তমশ্চন্দ্রমসীবেদমুপরজ্যাবভাসতে ॥৬৯
নাহং মমেতি ভাবোঽয়ং পুরুষে ব্যবধীয়তে।
যাবদ্বুদ্ধিমনোঽক্ষার্থ-গুণব্যূহো হ্যনাদিমান্ ॥৭০
সুপ্তিমূর্চ্ছোপতাপেষু প্রাণায়নবিঘাততঃ।
নেহতেঽহমিতি জ্ঞানং মৃত্যুপ্রজ্বারয়োরপি ॥৭১
গর্ভে বাল্যেঽপ্যপৌষ্কল্যাদেকাদশবিধং তদা।
লিঙ্গং ন দৃশ্যতে যূনঃ কুহ্বাং চন্দ্রমসো যথা ॥৭২
অর্থে হ্যবিদ্যমানেঽপি সংসৃতির্ন নিবর্ত্ততে।
ধ্যায়তো বিষয়ানস্য স্বপ্নেঽনর্থাগমো যথা ॥৭৩

সুখদুঃখপ্রদকর্ম্মানুরোধেন পুণ্যপাপানুসারেণ বহুশঃ (বর্ণশঃ যূথশঃ ইত্যপি পাঠঃ) সর্ব্বে এব মনসি আয়ান্তি স্ফুরন্তি যান্তি বিস্মৃতাশ্চ ভবন্তি ॥৬৮

সত্ত্বৈকনিষ্ঠে ভগবৎপার্শ্ববর্তিনি ভগবদ্ধ্যানপরে মনসি চন্দ্রমসি তমঃ রাহুঃ ইব ইদং বিশ্বম্ উপরজ্য সংযোগম্ ইব প্রাপ্য অবভাসতে ॥৬৯

হি যতঃ অনাদিমান্ অবিদ্যাতাদিকালঃ বুদ্ধি-মনোঽহঙ্কার্থগুণব্যূহঃ (বুদ্ধিঃ মনঃ অক্ষাঃ ইন্দ্রিয়াণি চ অর্থাঃ পঞ্চতন্মাত্রাণি ইতি গুণানাং ব্যূহঃ কার্য্যরূপঃ লিঙ্গদেহঃ) যাবৎ অস্তি, তাবৎ অহং মম ইতি অয়ম্ অধ্যাসলক্ষণঃ ভাবঃ স্থূলদেহসম্বন্ধঃ পুরুষে জীবে ন ব্যবধীয়তে ন বিচ্ছিন্নঃ ভবতি ॥৭০

সুপ্তিমূর্চ্ছোপতাপেষু (সুষুপ্তৌ মূর্চ্ছায়াম্ উপতাপে ইষ্টবিয়োগাদিজনিতে অত্যন্তদুঃখেষু) মৃত্যুপ্রজ্বারয়োঃ (মৃত্যৌ মরণসময়ে প্রজ্বারে অত্যন্তজ্বরাবেশদশায়াং) প্রাণায়নবিঘাততঃ (প্রাণায়নানাম্ ইন্দ্রিয়াণাং বিঘাততঃ ব্যাকুলত্বাৎ) অহম্ ইতি জ্ঞানং ন ঈহতে ন প্রকাশতে। ন তু অধ্যাসাভাব এব তৎ ইতি ॥৭১

কুহ্বাম্ অমাবস্যায়াং সতঃ এব চন্দ্রমসঃ লিঙ্গং রূপং যথা ন দৃশ্যতে, তথা যূনঃ তরুণস্য তৎ একাদশ-বিধং (একাদশেন্দ্রিয়ৈঃ স্ফুটং) লিঙ্গম্ অহঙ্করণং বাল্যে গর্ভে অপৌষ্কল্যাম্ অসম্পূর্ণত্বাৎ এব তথা ন দৃশ্যতে, অপি তদা অধ্যাসোঽস্ত্যেব ইতি ॥৭২

যথা স্বপ্নকালে অর্থে স্বশিরশ্ছেদাদিলক্ষণে ব্যাপারে অবিদ্যমানে অপি অনর্থাগমঃ (অনর্থস্য সুখদুঃখভাবস্য আগমঃ উপস্থিতিঃ ভবতি, তথা জাগরণং বিনা ন সঃ নিবর্ত্ততে) তথা বিষয়ান্ ধ্যায়তঃ অস্য পুরুষস্য অর্থে অবিদ্যমানে অপি আত্মজ্ঞানসাধনং বিনা সংসৃতিঃ সংসারঃ ন নিবর্ত্ততে ॥৭৩

দরিদ্র দর্শন ও দরিদ্রের আপনাকে রাজারূপে দর্শন অসম্ভব নহে) ।৬৮

রাহু যেমন চন্দ্রের সহিত সংযুক্ত হইয়াই দৃষ্ট হয় (অন্য সময়ে অদৃশ্য), সেইরূপ যোগিগণের সত্ত্বৈকনিষ্ঠ ভগবদ্-ধ্যানপরায়ণ মনে এই জগৎ যেন সংযুক্ত হইয়াই প্রকাশিত হয় ।৬৯

বুদ্ধি, মন, ইন্দ্রিয়, বিষয় (পঞ্চতন্মাত্র) ও গুণসকলের পরিণাম লিঙ্গদেহ যে পর্য্যন্ত বর্ত্তমান থাকে, সে পর্য্যন্ত জীবের 'আমি, আমার' এইরূপ অভিমান-সম্ভূত স্থূল-দেহের সহিত লিঙ্গ দেহের সম্বন্ধ বিচ্ছিন্ন হয় না ।৭০

সুষুপ্তি, মূর্চ্ছা, ইষ্ট-বিয়োগজনিত দুঃখ, মৃত্যু ও উৎকট জ্বরাদির অবস্থায় 'আমি মরা, আমি ভ্রোতা' ইত্যাদি অভিমান-জ্ঞান, ইন্দ্রিয়-ব্যাপার একান্ত সঙ্কুচিত হওয়ায় উহা প্রকাশিত হয় না। (মনের বৃত্তি সূক্ষ্মরূপে থাকে) ।৭১

যুবা পুরুষের একাদশ ইন্দ্রিয় দ্বারা লিঙ্গ-দেহ বা অহঙ্করণ যেরূপ সুব্যক্ত হয়, গর্ভ ও বাল্যাবস্থায় সেই ইন্দ্রিয়বর্গ অমাবস্যার চন্দ্রকলার ন্যায় (অমাবস্যায় চন্দ্রমা বিদ্যমান থাকিলেও যেমন তাহার আকৃতি দৃষ্ট হয় না) অসম্পূর্ণ থাকে বলিয়া সেরূপভাবে প্রকাশিত হয় না ।৭২

যেমন স্বপ্নাবস্থায় বিষয়াদির অভাব সত্ত্বেও বিষয়-

এবং পঞ্চবিধং লিঙ্গং ত্রিবৃৎ ষোড়শবিস্তৃতম্।
এষ চেতনয়া যুক্তো জীব ইত্যভিধীয়তে ॥৭৪
অনেন পুরুষো দেহানুপাদত্তে বিমুঞ্চতি।
হর্ষং শোকং ভয়ং দুঃখং সুখঞ্চানেন বিন্দতি ॥৭৫
যথা তৃণজলৌকেয়ং নাপযাত্যপযাতি চ।
ন ত্যজেন্মিয়মাণোঽপি প্রাগ্‌দেহাভিমতিং জনঃ ॥৭৬
যাবদন্যং ন বিন্দেত ব্যবধানেন কর্ম্মণাম্।
মন এব মনুষ্যেন্দ্র ভূতানাং ভবভাবনম্ ॥৭৭
যদাঽক্ষৈশ্চরিতান্ ধ্যায়ন্ কর্ম্মণ্যাচিনুতেঽসকৃৎ।
সতি কর্ম্মণ্যবিদ্যায়াং বন্ধঃ কর্ম্মণ্যনাত্মনঃ ॥৭৮
অতস্তদপবাদার্থং ভজ সর্ব্বাত্মনা হরিম্।
পশ্যংস্তদাত্মকং বিশ্বং স্থিত্যুৎপত্ত্যপ্যয়া যতঃ ॥৭৯

এবং পঞ্চবিধং পঞ্চতন্মাত্রাত্মকং ষোড়শবিস্তৃতং (একাদশেন্দ্রিয়ৈঃ সহ ষোড়শাত্মনা বিস্তৃতং) ত্রিবৃৎ ত্রিগুণকার্য্যভূতং যৎ লিঙ্গং লিঙ্গদেহঃ স এষ চেতনয়া যুক্তঃ জীবঃ ইতি অভিধীয়তে ॥৭৪

অনেন লিঙ্গদেহেন যুক্তঃ এব পুরুষঃ দেহী দেহান্ দেবমনুষ্যাদীন্ স্থূলান্ উপাদত্তে গৃহ্লাতি বিমুঞ্চতি চ, তথা হর্ষং শোকং ভয়ং দুঃখং সুখং চ অনেন লিঙ্গেন বিন্দতি প্রাপ্নোতি ॥৭৫

যথা ইয়ং প্রসিদ্ধা তৃণজলৌকা কীটবিশেষঃ (পূর্ব্বধৃততৃণং ত্যক্ত্বা) ন অপযাতি ন গচ্ছতি, (তথা তৃণান্তরস্য ধারণাৎ) অপযাতি গচ্ছতি চ, তথা অয়ং জনঃ জীবঃ কর্ম্মণাং (দেহারম্ভকাণাং) ব্যবধানেন বিশেষতো ধারণেন অন্যং দেহং যাবৎ ন বিন্দতে তাবৎ ম্রিয়মাণঃ অপি আসন্নমৃত্যুকালে অপি প্রাক্‌দেহাভিমতিং ন ত্যজেৎ। হে মনুষ্যেন্দ্র! মনঃ এব ভূতানাং ভবভাবনং (জন্মমরণাদি-সংসারদুঃখস্য কারণম্) ॥৭৬-৭৭

অবিদ্যায়াং সত্যাম্ অনাত্মনঃ আত্মানুসন্ধানশূন্যস্য শুভাশুভকর্ম্ম ভবতি। তস্মিন্ কর্ম্মণি সতি (তন্নিমিত্তকো ভোগো ভবতি) ততশ্চ অক্ষৈঃ ইন্দ্রিয়ৈঃ চরিতান্ বিষয়ান্ মনসা ধ্যায়ন্ যদা কর্ম্মণি আচিনুতে আরভতে, তদা তস্মিন্ কর্ম্মণি সতি অস্য বন্ধঃ সংসারঃ ভবতি ॥৭৮

অতঃ তদপবাদার্থং (তস্য সর্ব্বানর্থমূলস্য অধ্যাসস্য অপবাদার্থং নিবৃত্ত্যর্থং) সর্ব্বাত্মনা একাগ্রেণ মনসা হরিং ভজ! যতঃ বিশ্বস্য স্থিত্যুৎপত্ত্যপ্যয়াঃ (স্থিতিঃ পালনম্ উৎপত্তিঃ চ অপ্যয়ঃ বিনাশশ্চ) ভবন্তি, ততঃ ইদং বিশ্বং তদাত্মকং পশ্যন্ হরিং ভজ ॥৭৯

গ্রহণ-রূপ অনর্থের উদয় হয়, তদ্রূপ জীবের যতক্ষণ দেহাভিমান থাকে, ততক্ষণ সংসার হইতে মুক্তি হয় না।৭৫

লিঙ্গদেহ ত্রিগুণময়, একাদশ ইন্দ্রিয় পঞ্চপ্রাণ এই এই ষোড়শ বিকারে বিস্তৃত এবং পঞ্চতন্মাত্রাত্মক, ইহা চেতনাযুক্ত হইয়া 'জীব' এই নামে কথিত হয়। পুরুষ এই লিঙ্গদেহ দ্বারাই স্থূলদেহসকল গ্রহণ ও পরিত্যাগ করিয়া থাকে এবং এই লিঙ্গদেহ দ্বারাই হর্ষ, শোক, ভয়, দুঃখ ও সুখ অনুভব করিয়া থাকে।৭৪-৭৫

তৃণ-জলৌকা যেমন অন্য তৃণ অবলম্বন করিয়াই পূর্ব্বে ধৃত তৃণ পরিত্যাগ করে (তৎপূর্ব্বে নয়), সেইরূপ পুরুষ ম্রিয়মাণ হইলে পূর্ব্বদেহের আরম্ভক কর্ম্মসকলের সমাপন দ্বারা যাবৎ অন্য দেহ অবলম্বন না হয়, তাবৎ পূর্ব্ব-দেহাভিমান পরিত্যাগ করে না। হে নরনাথ! বস্তুতঃ মনই প্রাণিসকলের সংসারের কারণ।৭৬-৭৭

ইন্দ্রিয়সকলের দ্বারা উপভুক্ত বিষয়সমূহের ধ্যান করিয়াই পুরুষ পুনঃ পুনঃ কর্ম্ম আরম্ভ করিয়া থাকে। কারণ কর্ম্ম থাকিলেই অবিদ্যা আছে বুঝিতে হইবে এবং অবিদ্যা থাকিলেই দেহাদির কর্ম্মেতে বন্ধন হয়।৭৮

অতএব ঐ অবিদ্যার নিবারণার্থ, যাহা হইতে এই বিশ্বের সৃষ্টি, স্থিতি ও লয় হইয়া থাকে। সর্ব্বান্তঃকরণে

মৈত্রেয় উবাচ।

ভাগবতমুখ্যো ভগবান্ নারদো হংসয়োর্গতিম্।
প্রদর্শ্য নৃপমামন্ত্র্য সিদ্ধলোকং ততোঽগমৎ ॥৮০
প্রাচীনবর্হী রাজর্ষিঃ প্রজাসর্গাভিরক্ষণে।
আদিশ্য পুত্রানগমৎ তপসে কপিলাশ্রমম্ ॥৮১
তত্রৈকাগ্রমনা ধীরো গোবিন্দচরণাম্বুজম্।
বিমুক্তসঙ্গোঽনুভজন্ ভক্ত্যা তৎসাম্যতামগাৎ ॥৮২
এতদধ্যাত্মপারোক্ষ্যং গীতং দেবর্ষিণানঘ।
যঃ শ্রাবয়েদ্ যঃ শৃণুয়াৎ স লিঙ্গেন বিমুচ্যতে ॥৮৩
এতন্মুকুন্দযশসা ভুবনং পুনানং
দেবর্ষিবর্য্যমুখনিঃসৃতমাত্মশৌচম্।

মৈত্রেয়ঃ উবাচ। ভাগবতমুখ্যঃ ভক্তশ্রেষ্ঠঃ ভগবান্ নারদঃ (প্রাচীনবর্হিষে) হংসয়োঃ জীবেশ্বরয়োঃ গতিং তত্ত্বং প্রদর্শ্য নিরূপ্য, তং নৃপম্ আমন্ত্র্য ততঃ স্বানাৎ সিদ্ধলোকম্ অগমৎ গতবান্ ॥৮০

প্রাচীনবর্হিঃ রাজর্ষিঃ অপি প্রজাসর্গাভিরক্ষণে (প্রজাসর্গস্য অভিরক্ষণে) পুত্রান্ আদিশ্য তপসে তপস্যার্থং কপিলাশ্রমম্ অগমৎ ॥৮১

তত্র কপিলাশ্রমে ধীরঃ বা ধীরঃ অতিপ্রযত্নবান্ বিমুক্তসঙ্গঃ প্রত্যাহৃতেন্দ্রিয়বর্গঃ একাগ্রমনাঃ রাজা গোবিন্দচরণাম্বুজং ভক্ত্যা অনুভজন্ ধ্যায়ন্ তৎসাম্যতাম্ অগাৎ গতবান্ ॥৮২

হে অনঘ নিষ্পাপ! দেবর্ষিণা নারদেন গীতম্ উক্তম্, এতৎ অধ্যাত্মপারোক্ষ্যং যঃ শ্রাবয়েৎ, যঃ শৃণুয়াৎ সঃ লিঙ্গেন (সংসারহেতুনা) লিঙ্গদেহেন বিমুচ্যতে ॥৮৩

দেবর্ষিবর্য্যমুখনিঃসৃতম্ (দেবর্ষিবর্যস্য নারদস্য মুখাৎ নিঃসৃতম্) এতৎ মুকুন্দযশসা (মুকুন্দস্য মুক্তিদাতুঃ ভগবতঃ যশসা) ভুবনং পুনানং চতুর্দশভুবনস্থজনানাং পবিত্রকরম্ আত্মশৌচং (আত্মনঃ দেহেন্দ্রিয়ান্তঃকরণাদ্যধ্যাসনিবর্তকতয়া শোধকম্)

সেই শ্রীহরির ভজনা কর এবং এই বিশ্বকে তন্ময় দেখ ॥৭৯

মৈত্রেয় বলিলেন,—বৎস বিদুর! মহাভাগবত ভগবান্ নারদ এই প্রকার জীব ও ঈশ্বরের স্বরূপ উপদেশ করিয়া রাজাকে আমন্ত্রণপূর্ব্বক সিদ্ধ লোকে প্রস্থান করিলেন ॥৮০

রাজর্ষি প্রাচীনবর্হিও মন্ত্রিদিগের হস্তে বলিলেন,—'আমার পুত্রদিগকে প্রজা সৃষ্টির রক্ষণাবেক্ষণ করিতে কহিও' এবং এইরূপ বলিয়া তপস্যার্থে কপিলাশ্রমে গমন করিলেন। সেই আশ্রমে সঙ্গ পরিত্যাগপূর্ব্বক একাগ্রমনা হইয়া ভগবান্ গোবিন্দের চরণাম্বুজ আরাধনা করিয়াছিলেন। ঐকান্তিক ভক্তিপ্রভাবে অচিরেই তাঁহার ভগবৎ-সাম্য লাভ হইল। (সারূপ্য মুক্তি লাভ হইল)। হে অনঘ! দেবর্ষি নারদ কর্ত্তৃক কথিত এই প্রকারের পরোক্ষ অধ্যাত্মতত্ত্ব যে ব্যক্তি অপরকে শ্রবণ করায় অথবা স্বয়ং শ্রবণ করে, সেই ব্যক্তি লিঙ্গদেহ হইতে বিমুক্ত হইবে ॥৮১-৮৩

দেবর্ষি নারদের মুখ-নিঃসৃত এই অধ্যাত্মতত্ত্ব ভগবান্ মুকুন্দের যশে ত্রিভুবন পবিত্র করে, ইহা চিত্তশুদ্ধিজনক

যঃ কীর্ত্যমানমধিগচ্ছতি পারমেষ্ঠ্যং
নাস্মিন্ ভবে ভ্রমতি মুক্তসমস্তবন্ধঃ ॥৮৪

অধ্যাত্মপারোক্ষ্যমিদং ময়াধিগতমদ্ভুতম্।

এবং স্ত্রিয়াশ্রমঃ পুংসশ্ছিদ্যতেঽমুত্র চ সংশয়ঃ ॥৮৫

ইতি শ্রীমদ্ভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং
বৈয়াসিক্যাং চতুর্থস্কন্ধে ঊনত্রিংশঃ অধ্যায়ঃ ॥

অতএব পারমেষ্ঠ্যং ব্রহ্মপ্রাপকং মহদ্ভিঃ কীর্ত্তমানম্ আখ্যানং যঃ অধিগচ্ছতি (হৃদি অবধারয়তি) সঃ বিমুক্তসমস্তবন্ধঃ নিবৃত্তদেহাদ্যধ্যাসঃ সন্ অস্মিন্ ভবে সংসারে ন ভ্রমতি, অপি তু মুক্তো ভবতি ॥৮৪

ইদম্ অদ্ভুতম্ অধ্যাত্মপারোক্ষ্যং ময়া (গুরোঃ কৃপয়া) অধিগতং নিঃসন্দিগ্ধং শ্রুতং (তৎ তুভ্যং কথিতং) এবম্ উক্তপ্রকারেণ স্ত্রিয়া সহ পুংসঃ শ্রমঃ দেহাদ্যধ্যাসঃ সংসারে ভ্রমণক্লেশঃ তথা অমুত্র কর্ম্মফলভোগঃ সংশয়ঃ চ ছিদ্যতে নিবর্ত্ততে। সদ্ব্যাশ্রয়ঃ ইতি পাঠে স্ত্রীবুদ্ধিঃ তৎসহিতস্যাত্মনঃ আশ্রয়ঃ অহঙ্কারঃ ছিদ্যতে ॥৮৫

ইতি চতুর্থস্কন্ধে শ্রীখগেন্দ্রনাথশাস্ত্রিকৃতান্বয়ে
ঊনত্রিংশঃ অধ্যায়ঃ ॥

ও পরমাত্মপদ-প্রাপক। কেহ ইহা কীর্ত্তন করিলে যিনি শ্রবণ করিবেন, তাহার সমস্ত বন্ধন মোচন হইবে, সংসারে আর যাতায়াত করিতে হইবে না ॥৮৪

এই পুরঞ্জন রাজার উপাখ্যানে পরোক্ষভাবে বর্ণিত অদ্ভুত অধ্যাত্মতত্ত্ব আমি গুরুকৃপায় প্রাপ্ত হইয়াছিলাম। ইহার দ্বারা বুদ্ধিযুক্ত আত্মার অহঙ্কার ছিন্ন হয় এবং পরকালে কি প্রকার কর্ম্মভোগ হইয়া থাকে, এইরূপ সংশয় দূরীভূত হইয়া যায় ॥৮৫

শ্রীমন্মহর্ষিবেদব্যাসপ্রণীত পারমহংসীসংহিতা শ্রীমদ্ভাগবতমহাপুরাণে চতুর্থ স্কন্ধে
প্রভুপাদ শ্রীরাসবিহারি-গোস্বামিকৃত বঙ্গভাষানুবাদসহিত
ঊনত্রিংশ অধ্যায় সমাপ্ত।

ত্রিংশঃ অধ্যায়ঃ

[প্রাচীনবর্হিষঃ পুত্রেভ্যো বিষ্ণোর্বরদানম্

বিদুর উবাচ।

যে ত্বয়াভিহিতা ব্রহ্মন্ সুতাঃ প্রাচীনবর্হিষঃ।
তে রুদ্রগীতেন হরিং সিদ্ধিমাপুঃ প্রতোষ্য কাম্ ॥১
কিং বার্হস্পত্যোহ পরত্র বাথ
কৈবল্যনাথপ্রিয়পার্শ্ববর্তিনঃ।
আসাদ্য দেবং গিরিশং যদৃচ্ছয়া
প্রাপুঃ পরং নূনমথ প্রচেতসঃ ॥২

মৈত্রেয় উবাচ।

প্রচেতসোঽন্তরুদধৌ পিতুরাদেশকারিণঃ।
জপযজ্ঞেন তপসা পুরঞ্জনমতোষয়ন্ ॥৩
দশবর্ষসহস্রান্তে পুরুষস্তু সনাতনঃ।
তেষামাবিরভূৎ কৃচ্ছ্রং শান্তেন শময়ন্ রুচা ॥৪
সুপর্ণস্কন্ধমারূঢ়ো মেরুশৃঙ্গমিবাম্বুদঃ।
পীতবাসা মণিগ্রীবঃ কুর্বন্ বিদ্যুদ্বিরা দিশঃ ॥৫

বিদুরঃ উবাচ। হে ব্রহ্মন্! যে প্রাচীনবর্হিষঃ সুতাঃ প্রচেতসঃ তে ত্বয়া অভিহিতাঃ কথিতাঃ, তে রুদ্রগীতেন হরিং প্রতোষ্য কাং সিদ্ধিং কিং ফলম্ আপুঃ ॥১

হে বার্হস্পত্য! তে প্রচেতসঃ যদৃচ্ছয়া দেবং গিরিশম্ আসাদ্য প্রাপ্য তদুপদেশেন কৈবল্যনাথ-প্রিয়পার্শ্ববর্তিনঃ (কৈবল্যনাথস্য মুক্তিদাতুঃ ভগবতঃ প্রিয়স্য পার্শ্ববর্তিনঃ ধ্যানপরাঃ জাতাঃ) অথ তস্মাৎ নূনং নিশ্চিতং পরং পরমাত্মানং প্রাপুঃ। পরং তু ততঃ পূর্বম্ ইহ অস্মিন্ লোকে পরত্র লোকান্তরে বা অথবা কিং ফলং প্রাপুঃ তৎ ব্রূহি ॥২

মৈত্রেয়ঃ উবাচ। পিতুঃ আদেশকারিণঃ প্রজাসৃষ্টিকামাঃ সন্তঃ প্রচেতসঃ অন্তরুদধৌ সমুদ্র-মধ্যে স্থিতাঃ জপযজ্ঞেন (রুদ্রগীত-জপরূপেণ যজ্ঞেন) তপসা আহারাদিনিয়মেন চ পুরঞ্জনং ভগবন্তম্ অতোষয়ন্ ॥৩

দশবর্ষসহস্রান্তে সনাতনঃ পুরুষঃ ভগবান্ তু রুচা কান্ত্যা তেষাং কৃচ্ছ্রং তপঃক্লেশং শময়ন্ শান্তেন সত্ত্বেন বপুষা আবিরভূৎ ॥৪

মেরুশৃঙ্গম্ আরূঢ়ঃ অম্বুদঃ মেঘঃ ইব সুপর্ণস্কন্ধম্ আরূঢ়ঃ পীতবাসা (পীতে বাসসী যস্য সঃ) মণি-

---

ত্রিংশ অধ্যায়

[প্রাচীনবর্হির পুত্রগণকে বিষ্ণুর বরদান।]

বিদুর বলিলেন,—হে ব্রহ্মন্। আপনি যে প্রাচীনবর্হির পুত্রগণের কথা বলিলেন, সেই প্রচেতাগণ রুদ্রগীতের দ্বারা ভগবান্ হরিকে পরিতুষ্ট করিয়া কিরূপ সিদ্ধিলাভ করিয়াছিলেন? ১

হে বৃহস্পতি-শিষ্য মৈত্রেয়! সেই প্রচেতাগণ যদৃচ্ছাক্রমে দেবাদিদেব মহাদেবকে প্রাপ্ত হইয়া কৈবল্যনাথপ্রিয় সেই মহাদেবের অনুগ্রহ ভাজন হইয়া নিশ্চয় মোক্ষ প্রাপ্ত হইয়া থাকিবেন, কিন্তু তাহার পূর্বে ইহলোকে ও পরলোকে কি প্রাপ্ত হইয়াছিলেন? ২

মৈত্রেয় বলিলেন,—স্বীয় পিতার আজ্ঞা-পালনকারী প্রচেতাগণ সমুদ্রের জলমধ্যে থাকিয়া রুদ্রগীত জপরূপ যজ্ঞ ও তপস্যা দ্বারা শ্রীহরির তুষ্টি সম্পাদন করিতেছিলেন।৩

দশ সহস্র বৎসর তপস্যান্তে সনাতন পুরুষ ভগবান্ বিষ্ণু স্বীয় কান্তি দ্বারা তাঁহাদের তপঃক্লেশ প্রশমিত করিয়া শান্ত মূর্তিতে তাঁহাদের সমীপে আবির্ভূত হইলেন।৪

কাশিফুনা কনকবর্ণবিভূষণেন
ভ্রাজৎকপোলবদনো বিলসৎকিরীটঃ।
অষ্টায়ুধৈরনুচরৈর্মুনিভিঃ সুরেন্দ্রৈ-
রাসেবিতো গরুড়কিন্নরগীতকীর্তিঃ ॥৬

পীনায়তাষ্টভুজমণ্ডলমধ্যলক্ষ্ম্যা
স্পর্দ্ধচ্ছ্রিয়া পরিবৃতো বনমালয়ান্তঃ।
বহিষ্কৃতঃ পুরুষ আহ সতান্ প্রপন্নান্
পর্জ্জন্যনাদরুতয়া সদৃগাবলোকঃ ॥৭

ভগবানুবাচ।
বরং বৃণীধ্বং ভদ্রং বো যূয়ং মে নৃপনন্দনাঃ।
সৌহার্দেনাপৃথগ্ধর্ম্মাস্তুষ্টোঽহং সৌহৃদেন বঃ ॥৮
যোঽনুস্মরতি সন্ধ্যায়াং যুষ্মানন্যদিনং নরঃ।
তস্য ভ্রাতৃষ্বাত্মসাম্যং তথা ভূতেষু সৌহৃদম্ ॥৯

গ্রীবঃ (মণিঃ কৌস্তুভঃ গ্রীবায়াং যস্য সঃ ভগবান্) দিশঃ বিতিমিরাঃ অন্ধকাররহিতাঃ কুর্ব্বন্ ॥৫

কাশিফুনা প্রকাশমানেন কনকবর্ণবিভূষণেন স্বর্ণময়কুণ্ডলাদিনা ভ্রাজৎকপোলবদনঃ (ভ্রাজৎকপোলং বদনং চ যস্য সঃ) বিলসৎকিরীটঃ (বিলসৎ শোভমানং কিরীটং যস্য সঃ) অষ্টায়ুধৈঃ (অষ্টসু ভুজেষু অষ্টভিঃ আয়ুধৈঃ যুক্তঃ) অনুচরৈঃ পার্ষদৈঃ মুনিভিঃ সুরেন্দ্রৈঃ ইন্দ্রাদিভিঃ আসেবিতঃ গরুড়কিন্নরগীতকীর্তিঃ (গরুড় এব কিন্নরঃ তেন স্বপক্ষস্থেন গীতা কীর্তিঃ যস্য সঃ) ॥৬

পীনায়তাষ্টভুজমণ্ডলমধ্যলক্ষ্ম্যা (পীনাঃ আয়তাঃ যে অষ্টৌ ভুজাঃ তেষাং মণ্ডলং সমূহঃ তন্মধ্যে স্থিতয়া লক্ষ্ম্যা সহ) স্পর্দ্ধচ্ছ্রিয়া (স্পর্দ্ধমানা শ্রীঃ শোভা যস্যাঃ তয়া) বনমালয়া পরিবৃতঃ সদৃগাবলোকঃ (সদৃগঃ অবলোকঃ যস্য সঃ) আন্তঃ অগ্রাদিভূতঃ পুরুষঃ পর্জ্জন্যনাদরুতয়া (পর্জ্জন্যস্য মেঘস্য নাদঃ ইব রুতং নাদঃ যস্য তয়া বাচা) প্রপন্নান্ শরণাগতান্ বহিষ্কৃতঃ পুত্রান্ আহ ॥৭

হে নৃপনন্দনাঃ যূয়ং যতঃ সৌহার্দেন প্রেম্না অপৃথগ্ধর্ম্মাঃ মদারাধনলক্ষণৈকধর্ম্মনিরতাঃ, অতঃ বঃ যুষ্মাকং সৌহৃদেন অহং তুষ্টঃ। বঃ যুষ্মাকং ভদ্রং ভবতু, মে মত্তঃ বরং বৃণীধ্বম্ ॥৮

অনুদিনং প্রতিদিনং সন্ধ্যায়াং নরঃ যুষ্মান্ অনুস্মরতি অনুস্মরিষ্যতি, তস্য ভ্রাতৃষু তথাভূতেষু সর্ব্বপ্রাণিষু আত্মসাম্যং ভগবৎসারূপ্যং সৌহৃদং মৈত্র্যং চ (ভবিষ্যতি) ॥৯

জলপূর্ণ কৃষ্ণমেঘ যেমন সুমেরুশৃঙ্গে আরোহণ করে, সেইরূপ তিনি গরুড়ের স্কন্ধে আরোহণ করিয়াছিলেন; তাঁহার পরিধান পীত বসন, গলদেশে কৌস্তুভমণি এবং তিনি অঙ্গকান্তি দ্বারা দিক্‌সকল উদ্ভাসিত করিয়াছিলেন ॥৫

উজ্জ্বল কনকময় ভূষণ দ্বারা কপোলদেশ ও বদনমণ্ডল পরিশোভিত হইয়াছিল, মস্তকে চমৎকার কিরীট দেদীপ্যমান ছিল, অষ্টভুজে অষ্টপ্রকার আয়ুধ শোভা পাইতেছিল। মুনিগণ ও শ্রেষ্ঠ দেবগণ অনুচররূপে তাঁহার সেবা করিতেছিলেন, গরুড় কিন্নরের ন্যায় তাঁহার কীর্ত্তি গান করিতেছিল ॥৬

তাঁহার গলদেশস্থ বনমালা তাঁহার পীন ও দীর্ঘ অষ্ট বাহুর মধ্যস্থলে অবস্থিত। লক্ষ্মীদেবীর সহিত শোভার স্পর্দ্ধা করিতেছিল; ঈদৃশ আদিপুরুষ শ্রীহরি সদয়াবলোকন পূর্ব্বক জলদগম্ভীর স্বরে শরণাগত প্রাচীনবর্হির পুত্রগণকে সম্বোধন করিয়া বলিলেন ॥৭

ভগবান্ বলিলেন,—হে নৃপনন্দন! তোমরা পরস্পর সৌহার্দ্যহেতু একই ধর্ম্মে অবস্থান করিতেছ, তোমাদের সৌহার্দ্য-দর্শনে আমি পরিতুষ্ট হইয়াছি। তোমাদের মঙ্গল হউক, তোমরা আমার নিকটে বর প্রার্থনা কর ॥৮

যে মানব প্রতিদিন সন্ধ্যাকালে তোমাদিগকে

যে তু মাং রুদ্রগীতেন সায়ং প্রাতঃ সমাহিতাঃ।
স্তবন্ত্যহং কামবরান্ দাস্যে প্রজ্ঞাং চ শোভনাম্ ॥১০
যদ্ যূয়ং পিতুরাদেশমগ্রহীষ্ট মুদান্বিতাঃ।
অথো ব উশতী কীর্তির্লোকানন্তু ভবিষ্যতি ॥১১
ভবিতা বিশ্রুতঃ পুত্রোঽনবমো ব্রহ্মণো গুণৈঃ।
য এতামাত্মবীর্য্যেণ ত্রিলোকীং পূরয়িষ্যতি ॥১২
কণ্ডোঃ প্রম্লোচয়া লব্ধা কন্যা কমললোচনা।
তাক্তাপবিদ্ধাং জগৃহুর্রুরুদা নৃপনন্দনাঃ ॥১৩
ক্ষুৎক্ষামায়া মুখে রাজা সোমঃ পীযূষবর্ষিণীম্।
দেশিনীং রোদমানায়া নিদধে স দয়ান্বিতঃ ॥১৪
প্রজাবিসর্গ আদিষ্টাঃ পিত্রা মামনুবর্ত্ততা।
তত্র কন্যাং বরারোহাং তামুদ্বহত মা চিরম্ ॥১৫
অপৃথগ্ধর্ম্মশীলানাং সর্ব্বেষাং বঃ সুমধ্যমা।
অপৃথগ্ধর্ম্মশীলেয়ং ভূয়াৎ পত্ন্যপিতাশয়া ॥১৬

যে তু সমাহিতাঃ সাবধানাঃ সন্তঃ সায়ং প্রাতঃ রুদ্রগীতেন মাং স্তবন্তি স্তোষ্যন্তি, অহং তুষ্টঃ সন্ তেভ্যঃ কামবরান্ অভিলষিতভোগান্ শোভনাং প্রজ্ঞাং বুদ্ধিং চ দাস্যে ॥১০

যৎ যস্মাৎ যূয়ং মুদান্বিতাঃ হর্ষযুক্তাঃ সন্তঃ পিতুঃ আদেশম্ অগ্রহীষ্ট গৃহীতবন্তঃ, অথ তস্মাৎ বঃ যুষ্মাকম্ উশতী কমনীয়া কীর্ত্তিঃ লোকান্ অনুভবিষ্যতি ব্যাপ্স্যতি ॥১১

তথা গুণৈঃ ব্রহ্মণঃ সকাশাৎ অনবমঃ অন্যূনঃ অতঃ বিশ্রুতঃ প্রখ্যাতঃ যুষ্মাকং পুত্রঃ ভবিতা ভবিষ্যতি, যঃ আত্মবীর্য্যেণ স্বসন্তানেন এতাং ত্রিলোকীং পূরয়িষ্যতি ॥১২

হে নৃপনন্দনাঃ! কণ্ডোঃ ঋষেঃ সকাশাৎ

(প্রচেতাদিগকে) স্মরণ করিবে, তাহার ভ্রাতৃগণের প্রতি আত্মতুল্য স্নেহ এবং সকল প্রাণীর প্রতি সৌহার্দ্য হইবে।৯

যাহারা একাগ্রচিত্ত হইয়া প্রাতঃকালে ও সন্ধ্যাকালে রুদ্রগীত দ্বারা আমার স্তব করিবে, আমি তাহাদিগকে অভীষ্ট বর ও নির্ম্মল প্রজ্ঞা দান করিব।১০

যেহেতু তোমরা হৃষ্টচিত্তে পিতার আদেশ পালন করিয়াছ, সেইহেতু তোমাদের এই কমনীয় কীর্ত্তি সমস্ত ভুবনে পরিব্যাপ্ত হইবে।১১

তোমাদের ব্রহ্মার তুল্য গুণশালী এক পুত্র হইবে, তাহার সন্তানগণ দ্বারা এই ত্রিভুবন পরিপূর্ণ হইবে।১২

হে রাজকুমারগণ! প্রম্লোচানাম্নী ইন্দ্রপ্রেরিতা

প্রম্লোচা অপ্সরসা কমললোচনা কন্যা লব্ধা। স্বর্গং গচ্ছন্ত্যা তয়া প্রম্লোচয়া গর্ভদশায়া এব অপবিদ্ধাং ত্যক্তাং তাং কন্যাং ভূরুহাঃ বৃক্ষাঃ জগৃহুঃ ॥১৩

ক্ষুৎক্ষামায়াঃ ক্ষুধাপীড়িতায়াঃ, অতএব রোদমানায়াঃ কন্যায়াঃ মুখে দয়ান্বিতঃ (বনস্পতীনাং) রাজা সঃ সোমঃ পীযূষবর্ষিণীং অমৃতস্রাবিণীং দেশিনীং স্বতর্জ্জনীং নিদধে ॥১৪

মাম্ অনুবর্ত্ততা মৎপ্রেরিতেন যুষ্মাকং পিত্রা যতঃ প্রজাসর্গে আদিষ্টাঃ নিযুক্তাঃ, অতঃ তত্র প্রজাসর্গে কার্য্যে বরারোহাং সর্ব্বলাবণ্যযুক্তাং তাং কন্যাম্ উদ্বহত পত্নীত্বেন গৃহ্লীত, মা চিরং বিলম্বঃ ন কার্য্যঃ ॥১৫

অপৃথগ্ধর্ম্মশীলানাং প্রজাসৃষ্টৈকধর্ম্মাণাং বঃ

অপ্সরা কণ্ডু নামক ঋষির ঔরসে কমলনয়না একটি কন্যা উৎপাদন করিয়াছিল; তাহাকে সে যখন ত্যাগ করিয়া চলিয়া গেল, তখন বৃক্ষসমূহ তাহাকে গ্রহণ করে।১৩

অনন্তর ঐ বালিকা ক্ষুধায় কাতর হইয়া রোদন করিতেছিল, তখন বনস্পতিগণের অধিপতি চন্দ্র সদয় হইয়া তাহার মুখে অমৃতবর্ষিণী স্বীয় তর্জ্জনী অঙ্গুলি প্রদান করিয়াছিলেন।১৪

তোমাদের পিতা (প্রাচীনবর্হিঃ) আমার অনুবৃত্তি করিয়া তোমাদিগকে প্রজাসৃষ্টি করিবার নিমিত্ত আদেশ করিয়াছিলেন, সেই উদ্দেশ্য-সাধনার্থ তোমরা অবিলম্বে সেই বরাঙ্গনার পাণিগ্রহণ কর।১৫

তোমরা সকলেই সমধর্ম্মা ও সমচরিত্র, অতএব এই

দিব্যবর্ষসহস্রাণাং সহস্রমহতৌজসঃ।
ভৌমান্ ভোক্ষ্যথ ভোগান্ বৈ দিব্যাংশ্চানুগ্রহান্মম ॥১৭
অথ ময্যনপায়িন্যা ভক্ত্যা পক্বগুণাশয়াঃ।
উপযাস্যথ মদ্ধাম নির্ব্বিদ্য নিরয়াদতঃ ॥১৮
গৃহেষাবিশতাঞ্চাপি পুংসাং কুশলকর্ম্মণাম্।
মদ্বার্ত্তাযাতযামানাং ন বন্ধায় গৃহা মতাঃ ॥১৯
নব্যবদ্ধৃদয়ে যজ্ঞো ব্রহ্মৈতদ্ব্রহ্মবাদিভিঃ।
ন মুহ্যন্তি ন শোচন্তি ন হৃষ্যন্তি যতো গতাঃ ॥২০

মৈত্রেয় উবাচ।

এবং ব্রুবাণং পুরুষার্থভাজনং
জনার্দ্দনং প্রাঞ্জলয়ঃ প্রচেতসঃ।

যুষ্মাকং সর্ব্বেষাম্ এব ইয়ম্ অপিতাশয়া অতএব অপৃথগ্ধর্ম্মশীলা সতী সমধর্ম্মা পত্নী ভূয়াৎ ॥১৬

যূয়ং চ মম অনুগ্রহাৎ অহতৌজসঃ অপ্রতিহতবলাঃ সন্তঃ দিব্যবর্ষসহস্রাণাং সহস্রং ভৌমান্ (ভুবি ভবান্) দিব্যান্ (দিবি ভবান্) ভোগান্ চ ভোক্ষ্যথ ॥১৭

অথ অনন্তরং ময়ি অনপায়িন্যা অব্যভিচারিণ্যা ভক্ত্যা পক্বগুণাশয়াঃ (পক্বগুণঃ দগ্ধকামাদিমলঃ আশয়ঃ অন্তঃকরণং যেষাং তে তাদৃশাঃ সন্তঃ) অতঃ নিরয়াৎ নরকতুল্যাৎ নির্ব্বিদ্য বিরজ্য, মদ্ধাম মৎস্বরূপম্ উপযাস্যথ প্রাপ্স্যথ ॥১৮

কুশলকর্ম্মণাম্ (কুশলং ময়ি সমর্পিতং কর্ম্ম যেষাং তেষাং) অতএব মদ্বার্ত্তাযাতযামানাং (মদ্বার্ত্তয়া যাতঃ গতঃ যামঃ কালঃ যেষাং তেষাং) পুংসাং গৃহেষু আবিশতাং প্রবিষ্টানাম্ অপি গৃহাঃ বন্ধায় ন মতাঃ ন ভবন্তি ॥১৯

যৎ যস্মাৎ মৎকথাশ্রবণাৎ জ্ঞঃ সর্ব্বজ্ঞঃ অহং (শ্রোতৃণাং) হৃৎ হৃদয়ং নিত্যং নব্যবৎ নূতনবৎ অয়ে প্রাপ্নোমি, যতঃ যে মাং গতাঃ প্রাপ্তাঃ সন্তঃ জনাঃ পুনঃ ন মুহ্যন্তি ন শোচন্তি ন হৃষ্যন্তি। যতঃ এতৎ মম সন্দর্শনম্ এব ব্রহ্মসাক্ষাৎকারঃ ইতি ব্রহ্মবাদিভিঃ ব্যপদিশ্যতে ॥২০

মৈত্রেয়ঃ উবাচ। তদ্দর্শনধ্বস্ততমোরজোমলাঃ (তস্য ভগবতঃ দর্শনেন ধ্বস্তং নিরস্তং তমোরজোমলং যেষাং তে) প্রচেতসঃ এবং ব্রুবাণং পুরুষার্থভাজনং

কন্যাও তোমাদের সহিত অভিন্ন ধর্ম্ম ও চরিত্র আশ্রয় করিয়া তোমাদের সকলের প্রতি তুল্যরূপে অন্তঃকরণ স্থাপন করিয়া তোমাদের পত্নী হইবে (ধর্ম্ম ও শীলের ঐক্য এবং আমার অনুমতি হেতু তোমাদের সকলের একপত্নী গ্রহণে দোষ হইবে না)।১৬

আমার অনুগ্রহে তোমরা অপ্রতিহত বলশালী হইয়া দেবপরিমাণ সহস্র সহস্র বৎসর পার্থিব ও স্বর্গীয় ভোগ লাভ করিবে।১৭

তদনন্তর আমার প্রতি তোমাদের অচলা ভক্তি হইবে। তাহার দ্বারা অন্তঃকরণের কামাদি মল দগ্ধ হইবে এবং বৈরাগ্য অবলম্বন করিয়া এই নরকস্বরূপ পার্থিব ও দিব্য ভোগে বিরক্ত হইয়া অবশেষে আমার ধামে গমন করিবে।১৮

গৃহস্থাশ্রমে প্রবেশ করিলেই তোমাদের বন্ধন হইবে এরূপ আশঙ্কা করিও না; (তাহা হইলেও ভক্তি ও নির্ব্বেদ হইল না) গৃহস্থাশ্রমে প্রবেশ করিয়াও যাহারা কুশলকর্ম্মা হয় অর্থাৎ কর্ম্মফল আমাতে অর্পণ করিয়া কর্ম্ম করে এবং আমার কথা আলোচনা করিয়া কালযাপন করে, তাহাদের পক্ষে গৃহস্থাশ্রম বন্ধনের কারণ নহে।১৯

[আমার কথা শ্রবণকারীদের গৃহ কেন বন্ধনের কারণ হয় না, তাহার কারণ বলিতেছেন] আমার কথা শ্রবণ করিলে, সর্ব্বজ্ঞ আমি শ্রোতৃগণের হৃদয়ে প্রতিপদে নব-নবায়মানরূপে আবির্ভূত হইয়া থাকি; সুতরাং তাহাদের ব্রহ্ম-সাক্ষাৎকার হয়, (যেহেতু আমি ব্রহ্ম) আমাকে প্রাপ্ত হইলে পুরুষগণ শোক, মোহ বা হর্ষদ্বারা অভিভূত হন না।২০

মৈত্রেয় বলিলেন,—প্রচেতাগণ শ্রীভগবানের রূপ

তদ্দর্শনধ্বস্ততমোরজোমলা
গিরা গৃণন্ গদ্গদয়া সুহৃত্তমম্ ॥২১
প্রচেতস উচুঃ।
নমো নমঃ ক্লেশবিনাশনায়
নিরূপিতোদারগুণাহ্বয়ায়।
মনোবচোবেগপুরোজবায়
সর্ব্বাক্ষমার্গৈরগতাধ্বনে নমঃ ॥২২
শুদ্ধায় শান্তায় নমঃ স্বনিষ্ঠয়া
মনস্তপার্থং বিলসদ্বয়ায়।
নমো জগৎস্থানলয়োদয়েষু
গৃহীতমায়াগুণবিগ্রহায় ॥২৩
নমো বিশুদ্ধসত্ত্বায় হরয়ে হরিমেধসে।
বাসুদেবায় কৃষ্ণায় প্রভবে সর্ব্বসাত্বতাম্ ॥২৪
নমঃ কমলনাভায় নমঃ কমলমালিনে।
নমঃ কমলপাদায় নমস্তে কমলেক্ষণ ॥২৫
নমঃ কমলকিঞ্জল্ক-পিশঙ্গামলবাসসে।

(পুরুষার্থং ভাজয়তি প্রাপয়তীতি তং) সুহৃত্তমং পরমহিতকর্ত্তারং জনার্দ্দনং (জনয়তি সংসারম্ ইতি জনা অবিদ্যা তাম্ অর্দ্দয়তি নাশয়তি ইতি তথা তং) গদ্গদয়া স্খলিতাক্ষরয়া গিরা বাচা অগৃণন্ অস্তুবন্ ॥২১

প্রচেতসঃ উচুঃ। নমঃ নমঃ ক্লেশবিনাশনায় (ভক্তানাং ক্লেশং বিনাশয়তীতি তস্মৈ) নিরূপিতোদারগুণাহ্বয়ায় (শ্রেয়ঃ-সাধনত্বেন নিরূপিতাঃ অতএব উদারাঃ সর্ব্বপুরুষার্থপ্রাপকাঃ গুণাঃ আহ্বয়া নামানি চ যস্য তস্মৈ) মনোবচোবেগপুরোজবায় (মনোবচসোঃ বেগাদপি পুরঃ অগ্রতঃ জবঃ বেগঃ যস্য তস্মৈ) তথা সর্ব্বাক্ষমার্গৈঃ (সর্ব্বেষাম্ অক্ষাণাম্ ইন্দ্রিয়াণাং মার্গৈঃ) অগতাধ্বনে (অগতঃ অনবগতঃ অধ্বা মার্গঃ যস্য তস্মৈ) নমঃ ॥২২

স্বনিষ্ঠয়া স্বরূপস্থিত্যা শুদ্ধায় শান্তায় কামাদি-দোষশূন্যায় মনসি (চুষ্টে) অপার্থং বৃথৈব বিলসদ্বয়ায় (বিলসৎ স্ফূর্ত্তিতং স্বয়ং নিগৃহীতত্বং অনুগৃহীতত্বং যস্মিন্ তস্মৈ) নমঃ। জগৎস্থানলয়োদয়েষু (জগতঃ স্থানং পালনং লয়ঃ প্রলয়ঃ উদয়ঃ উৎপত্তিঃ তেষু নিমিত্তেষু) গৃহীতমায়াগুণবিগ্রহায় (গৃহীতাঃ মায়াগুণৈঃ সত্ত্বাদিভিঃ বিগ্রহাঃ ব্রহ্মবিষ্ণুরুদ্রমূর্ত্তয়ঃ যেন তস্মৈ) নমঃ ॥২৩

বিশুদ্ধসত্ত্বায় বিশুদ্ধসত্ত্বমূর্ত্তয়ে হরিমেধসে (হরতি সংসারং মেধা জ্ঞানং যস্য তস্মৈ) হরয়ে ভক্তদুঃখহারকায় সর্ব্বসাত্বতাং (সর্ব্বেষাং সাত্বতাং) ভক্তানাং প্রভবে পালকায় বাসুদেবায় বসুদেবপুত্রত্বেন প্রসিদ্ধায় কৃষ্ণায় নমঃ ॥২৪

কমলনাভায় (ব্রহ্মাণ্ডাত্মকং কমলং নাভৌ যস্য তস্মৈ) নমঃ, কমলমালিনে (কমলানাং মালা বিদ্যতে

দর্শনে তমোগুণের ও রজোগুণের মালিন্য হইতে মুক্তিলাভ করিয়া উক্ত প্রকারের বাক্য প্রয়োগকারী সুহৃত্তম ও পুরুষার্থ সাধক জনার্দ্দনকে গদ্গদবাক্যে কৃতাঞ্জলিপুটে স্তব করিতে লাগিলেন ।২১

প্রচেতাগণ বলিলেন,—হে ভগবন্! আপনি নিখিল ক্লেশনাশক, আপনার উদার গুণ ও নামসকল কল্যাণসাধক বলিয়া (বেদাদিতে) প্রতিপাদিত হইয়াছে; অতএব আপনাকে নমস্কার। আপনি বাক্য ও মনের অগোচর, ইন্দ্রিয়সকল আপনার গতিপথ অবগত হইতে পারে না। আপনাকে নমস্কার ।২২

আপনি স্বরূপে অবস্থিত, শুদ্ধ ও শান্তভাবাপন্ন; নিমিত্তভূত মন থাকায় এই প্রপঞ্চ জগৎ আপনাতে ব্যর্থ হইয়াছে, আপনি জগতের সৃষ্টি, স্থিতি ও প্রলয়ের নিমিত্ত মায়া-গুণ দ্বারা ব্রহ্মাদি মূর্ত্তি পরিগ্রহ করিয়া থাকেন; আপনাকে নমস্কার ।২৩

আপনি বিশুদ্ধসত্ত্ব-স্বরূপ। আপনাকে জানিতে

সর্ব্বভূতনিবাসায় নমোঽধুক্ষ্মহি সাক্ষিণে ॥২৬
রূপং ভগবতা ত্বেতদশেষক্লেশসংক্ষয়ম্ ।
আবিষ্কৃতং নঃ ক্লিষ্টানাং কিমন্যদনুকম্পিতম্ ॥২৭
এতাবদ্বং হি বিভুভির্ভাব্যং দীনেষু বৎসলৈঃ ।
যদনুস্মর্য্যতে কালে স্বযুদ্ধ্যাভদ্ররন্ধন ॥২৮

দেবোপশান্তির্ভূতানাং ক্ষুল্লকানামপীহতাম্ ।
অন্তর্হিতোঽন্তর্হৃদয়ে কস্মান্নো বেদ নাশিষঃ ॥২৯

অলাবেব বরোঽস্মাকমীপ্সিতো জগতঃ পতে ।
প্রসন্নো ভগবান্ যেষামপবর্গগুরুর্গতিঃ ॥৩০

যস্য তস্মৈ) নমঃ, কমলপাদায় (কমলবৎ কোমলৌ পাদৌ যস্য তস্মৈ) নমঃ । হে কমলেক্ষণ (কমলবৎ ঈক্ষণে নেত্রে যস্য) ! তে তুভ্যং নমঃ ॥২৫

কমলকিঞ্জল্কপিশঙ্গামলবাসসে কমলস্য কিঞ্জল্কাঃ কেসরাঃ তদ্বৎ পিঙ্গে পীতে অমলবাসসী যস্য তস্মৈ) সর্ব্বভূতনিবাসায় (সর্ব্বাণি ভূতানি নিবসন্তি যস্মিন্ তস্মৈ) সর্ব্বেষাং সাক্ষিণে তে তুভ্যং বয়ং নমঃ অধুক্ষ্মহি কৃতবন্তঃ ॥২৬

নঃ অস্মাকং ক্লিষ্টানাম্ (অবিদ্যাদিভিঃ ক্লেশৈঃ ব্যাপ্তানাং) অশেষক্লেশসংক্ষয়ম্ (অশেষাণাং ক্লেশানাং সংক্ষয়ঃ যস্মাৎ তৎ তথাভূতং) এতৎ দৃশ্যমানং রূপং ভগবতা ত্বয়া আবিষ্কৃতং প্রকটিতম্, অতঃ অন্যৎ কিম্ অনুকম্পিতম্ অনুকম্পা ॥২৭

হে অভদ্ররন্ধন ! অমঙ্গলনাশন ! দীনেষু বৎসলৈঃ কৃপালুভিঃ বিভুভিঃ প্রভুভিঃ এতাবৎ হি এব ভাব্যং কার্য্যং যৎ (এতাঃ অস্মদীয়াঃ ইতি) স্বযুদ্ধ্যা কালে সেবাদিকালে অনুস্মর্য্যতে ॥২৮

যেন অনুস্মরণেন ভূতানাম্ উপশান্তিঃ সর্ব্বক্লেশনিবৃত্তিঃ ভবতি । যতঃ ক্ষুল্লকানাম্ অতিতুচ্ছানাং প্রাণিনাম্ অপি অন্তর্হৃদয়ে অন্তর্হিতঃ সাক্ষিতয়া স্থিতঃ ভবান্, অতঃ ঈহিতাম্ ইচ্ছতাং নঃ অস্মাকম্ আশিষঃ মনোরথান্ কস্মাৎ ন বেদ ন জানাতি ॥২৯

হে জগতঃ পতে ! যেষাম্ অপবর্গগুরুঃ (অপবর্গস্য মোক্ষস্য গুরুঃ মার্গপ্রদর্শনেন দাতা) গতিঃ পুরুষার্থস্বরূপঃ ভগবান্ ঐশ্বর্য্যাদিষড়্গুণবান্ প্রসন্নঃ জাতঃ, তেষাম্ অস্মাকম্ অসৌ ভগবৎপ্রসাদঃ এব ঈপ্সিতঃ বরঃ ন অন্যঃ ॥৩০

পারিলে এই সংসার নষ্ট হয়। আপনাকে নমস্কার ; আপনি বাসুদেব, আপনি কৃষ্ণ, আপনি সকল ভাগবতজনের প্রভু ! আপনার নাভিদেশে হইতে ব্রহ্মাণ্ডরূপ কমল উৎপন্ন হইয়াছে, গলদেশে কমলের মালা শোভা পাইতেছে এবং চরণ কমলতুল্য কোমল। হে কমললোচন ! আপনাকে নমস্কার করি ।২৪-২৫

আপনার পরিধান বসন পদ্ম কেশরের ন্যায় পীতবর্ণ, আপনাকে নমস্কার ; আপনি সকল প্রাণির নিবাসভূমি ও সর্ব্বসাক্ষী, আপনাকে নমস্কার ।২৬

আমাদের নিমিত্ত এই অশেষ ক্লেশসঙ্কোচকারী রূপ প্রকটিত করিলেন, ক্লেশক্লিষ্ট আমাদের ইহা হইতে আর অধিক কি প্রার্থনা আছে? (অন্য কোনও বর চাহিবা) ।২৭

হে অমঙ্গলনাশন ! দীনবৎসল প্রভুদের এইমাত্র ভাবা যে যথাসময়ে (অর্থাৎ সেবাকালে) ভৃত্যগণকে "ইহারা আমার লোক" এই বলিয়া স্মরণ করেন ।২৮

কারণ, ঐরূপ স্মরণ দ্বারাই ঐ সকল ব্যক্তির সুখ হয়, আপনি ক্ষুদ্র প্রাণিরও হৃদয়ে অন্তর্যামিরূপে অবস্থিত হইয়া সকলেরই মনোরথ জানিতেছেন ; তবে আমাদের প্রার্থিত বিষয়ও কেন জানিবেন না ? অর্থাৎ অবশ্যই জানেন ।২৯

তথাপি যদি বর প্রার্থনা করিতে হয়, তাহা হইলে হে জগৎপতে ! আপনার প্রসন্নতাই আমাদের প্রার্থনীয় বর। আপনি আমাদের মোক্ষপথ-প্রদর্শক গুরু ও একমাত্র আশ্রয় ।৩০

বরং বৃণীমহেঽথাপি নাথ তৎ পরতঃ পরাৎ।
ন হ্যন্তো যদ্‌বিভূতীনাং সোঽনন্ত ইতি গীয়সে ॥৩১
পারিজাতোঽঙ্গনা লব্ধে সারঙ্গোঽন্যত্র সেবতে।
ত্বদঙ্ঘ্রিমূলমাসাদ্য সাক্ষাৎ কিং কিং বৃণীমহি ॥৩২
যাবৎ তে মায়য়া স্পৃষ্টা ভ্রমাম ইহ কর্ম্মভিঃ।
তাবদ্ভবৎপ্রসঙ্গানাং সঙ্গঃ স্যান্নো ভবে ভবে ॥৩৩
তুলয়াম লবেনাপি ন স্বর্গং নাপুনর্ভবম্।
ভগবৎসঙ্গিসঙ্গস্য মর্ত্যানাং কিমুতাশিষঃ ॥৩৪
যত্রেত্যন্তে কথা মৃষ্টাস্তৃষ্ণায়াঃ প্রশমো যতঃ।
নির্ব্বৈরং যত্র ভূতেষু নোদ্বেগো যত্র কশ্চন ॥৩৫
যত্র নারায়ণঃ সাক্ষাদ্ভগবান্ ন্যাসিনাং গতিঃ
প্রস্তূয়তে সৎকথাসু মুক্তসঙ্গৈঃ পুনঃ পুনঃ ॥৩৬

অথাপি তথাপি হে নাথ! পরতঃ ব্রহ্মাদিভ্যঃ অপি পরাৎ ত্বৎ ত্বত্তঃ একং বরং বৃণীমহে, হি যস্মাৎ ত্বদ্‌বিভূতীনাম্ ঐশ্বর্য্যাণাম্ অন্তং নাস্তি, অতঃ যঃ ত্বম্ অনন্তঃ ইতি গীয়সে ॥৩১

যথা পারিজাতে বৃক্ষে অঙ্গনা অনায়াসেন লব্ধে সতি সারঙ্গঃ ভ্রমরঃ অন্যৎ বৃক্ষান্তরং ন সেবতে, তথা সাক্ষাৎ ত্বদঙ্ঘ্রিমূলম্ আসাদ্য প্রাপ্য বয়ং কিং কিং বরান্তরং বৃণীমহে ন কিঞ্চিদিত্যর্থঃ ॥৩২

তে তব মায়য়া স্পৃষ্টাঃ মোহিতাঃ সন্তঃ স্বকর্ম্মভিঃ ইহ সংসারে যাবৎ বয়ং ভ্রমামঃ, তাবৎ নঃ অস্মাকং ভবে ভবে জন্মনি জন্মনি ভবৎপ্রসঙ্গানাং (ভবতি প্রসঙ্গঃ যেষাং তেষাং ভক্তানাং) সঙ্গঃ স্যাৎ ইতি বৃণীমহি ॥৩৩

ভগবৎসঙ্গিসঙ্গস্য ভগবতঃ তব সঙ্গিনঃ সঙ্গস্য) লবেন অপি ক্ষণেন ন স্বর্গং নাপি অপুনর্ভবং মোক্ষং তুলয়াম তুল্যতয়া ন গণয়াম, তথা মর্ত্যানাম্ আশিষঃ রাজ্যভোগান্ ন তুলয়াম ইতি কিমুত বক্তব্যম্ ॥৩৪

যত্র ভগবৎভক্তসমাজে মৃষ্টাঃ পবিত্রাঃ কথাঃ ঈড্যন্তে ভক্তৈঃ স্তূয়ন্তে, যতঃ যাভ্যঃ কথাভ্যঃ তৃষ্ণায়াঃ বিষয়ভোগাভিলাষিণ্যাঃ প্রশমঃ ভবতি, যত্র ভূতেষু নির্বৈরঃ বৈরাভাবঃ ভবতি, যত্র কশ্চন উদ্বেগঃ ন ভবতি ॥৩৫

যত্র চ সৎকথাসু মুক্তসঙ্গৈঃ নিরপেক্ষৈঃ ভগবদ্ভক্তৈঃ ন্যাসিনাং বীতরাগাণাং গতিঃ ফলস্বরূপঃ সাক্ষাৎ ভগবান্ নারায়ণঃ পুনঃ পুনঃ প্রস্তূয়তে ॥৩৬

তাহা হইলেও পরাৎপর অর্থাৎ সর্ব্বকারণের কারণ আপনার নিকট একটি বর প্রার্থনা করিতেছি; আপনার ঐশ্বর্য্যসমূহের অন্ত নাই, এইজন্যই আপনি "অনন্ত" বলিয়া কীর্ত্তিত হন ।৩১

অনায়াসে পারিজাত লাভ হইলে ভ্রমর যেমন অপর বৃক্ষের সেবা করে না, সেইরূপ আমরাও আপনার পাদমূল প্রাপ্ত হইয়া অন্য কি প্রার্থনা করিব ? ৩২

যতকাল আমরা আপনার মায়ায় মোহিত হইয়া কর্ম্মানুসারে এই সংসারে ভ্রমণ করিব, তাবৎকাল জন্মে জন্মে আমাদের যেন আপনার ভক্তগণের সঙ্গ হয় ।৩৩

[সাধুসঙ্গ কেন প্রার্থনা করিতেছেন তাহাই বলিতেছেন।] অত্যল্পকাল সাধুসঙ্গের সহিতও স্বর্গের বা মোক্ষের তুলনা করিতে পারিব না, মরণশীল মানবগণের কাম্য সুখ-সম্পদ বিষয়ে আর কি বলিব ? ৩৪

সাধুসঙ্গে পবিত্র কথার আলোচনা হইয়া থাকে, ঐ পবিত্র কথা হইতে বিষয়-তৃষ্ণা নিবৃত্তি হয়; ইহাতে কোন প্রাণির সহিত বৈরভাব বা কোন প্রকার উদ্বেগ থাকে না। মুক্তসঙ্গ সাধুসকল যাহা সেই স্থানে সৎকথার প্রসঙ্গে বিরাগী তাহাদের একমাত্র আশ্রয় সাক্ষাৎ নারায়ণের কথা কীর্ত্তিত হইয়া থাকে ।৩৫-৩৬

তেষাং বিচরতাং পদ্ভ্যাং তীর্থানাং পাবনেচ্ছয়া।
ভীতস্য কিং ন রোচেত তাবকানাং সমাগমঃ ॥৩৭
বয়ন্তু সাক্ষাদ্ ভগবান্ ভবস্য
প্রিয়স্য সখ্যুঃ ক্ষণসঙ্গমেন।
দুশ্চিকিৎস্যস্য ভবস্য মৃত্যো-
র্ভিষক্তমং ত্বাদ্য গতিং গতাঃ স্ম ॥৩৮
যন্নঃ স্বধীতং গুরবঃ প্রসাদিতা
বিপ্রাশ্চ বৃদ্ধাশ্চ সদানুবৃত্ত্যা।
আর্য্যা নতাঃ সুহৃদো ভ্রাতরশ্চ
সর্ব্বাণি ভূতান্যনসূয়য়ৈব ॥৩৯
যন্নঃ সুতপ্তং তপ এতদীশ
নিরন্ধসাং কালমদভ্রমপ্সু।
সর্ব্বং তদেতৎ পুরুষস্য ভূম্নো
বৃণীমহে তে পরিতোষণায় ॥৪০
মনুঃ স্বয়ম্ভূর্ভগবান্ ভবশ্চ
যেঽন্যে তপোজ্ঞানবিশুদ্ধসত্ত্বাঃ।

অথ তীর্থানাং (অপি দুষ্টসঙ্গাৎ দুষ্টানাং) পাবনেচ্ছয়া পদ্ভ্যাং বিচরতাং তেষাং তাবকানাং ভক্তানাং সমাগমঃ (সংসারাৎ) ভীতস্য কিং ন রোচেত রুচিম্ উৎপাদয়েৎ এব ॥৩৭

হে ভগবন্! তব প্রিয়স্য সখ্যুঃ ভবস্য রুদ্রস্য ক্ষণসঙ্গমেন হেতুনা দুশ্চিকিৎস্যস্য অতিপ্রযত্নেন নিবর্ত্তয়িতুম্ অশক্যস্য ভবস্য জন্মনঃ মৃত্যোঃ মরণস্য চ ভিষক্তমং সদ্বৈদ্যং ত্বা ত্বাম্ অদ্য সাক্ষাৎ বয়ং গতিং গতাঃ শরণং প্রাপ্তাঃ স্ম ॥৩৮

যৎ নঃ অস্মাভিঃ সু সম্যক্ অধীতং বেদাধ্যয়নং কৃতং, তথা গুরবঃ উপদেষ্টারঃ বিপ্রাঃ বৃদ্ধাঃ কুলবৃদ্ধাঃ পিত্রাদয়ঃ, আর্য্যাঃ সদাচারপরাঃ, সুহৃদঃ মিত্রাণি, ভ্রাতরঃ অন্যানি সর্ব্বাণি ভূতানি প্রাণিনঃ অনসূয়য়া শুদ্ধভাবেন এব নতাঃ নমস্কৃতাঃ সদানুবৃত্ত্যা সদাচারেণ প্রসাদিতাঃ চ ॥৩৯

হে ঈশ! (এতাবন্তং কালং) অপ্সু জলে স্থিতানাং নিরন্ধসাং নিরন্নানাং নঃ অস্মাকং যৎ এতৎ সুতপ্তং সম্যক্ অনুষ্ঠিতম্, অতএব অদভ্রম্ অত্যুগ্রং তপঃ তদেতৎ সর্ব্বম্ অনুষ্ঠানং ভূম্নঃ ব্যাপকস্য পুরুষস্য সর্ব্বান্তর্য্যামিণঃ তে তব পরিতোষণায় ভবতু ইতি বয়ং বৃণীমহে ॥৪০

মনুঃ স্বয়ম্ভূঃ ভগবান্ ভবঃ চ তথা তপোজ্ঞান-বিশুদ্ধসত্ত্বাঃ (তপোজ্ঞানাভ্যাং বিশুদ্ধং সত্ত্বম্ অন্তঃ-করণং যেষাং তে তথাভূতাঃ) যে অন্যে বিশ্বসৃজে

প্রভো! আপনার ভক্তগণ তীর্থসমূহকে পবিত্র করিবার ইচ্ছায় পদব্রজে তীর্থ ভ্রমণ করেন; তাদৃশ সাধুগণের সমাগম সংসারভয়ে ভীত কোন্ ব্যক্তির রুচিকর না হইবে? ৩৭

রামনাম-প্রভাবে স্বয়ম্ভূ জগৎ সৃজন করেন, সেইরূপ সমস্ত দেবতা সর্ব্বৈশ্বর্য্য-সমাযুক্ত হইয়াছেন।

অযুতকোটি গো, অযুতকোটি কন্যাদান ও সহস্রকোটিতীর্থের ফল শ্রীরামনাম-কীর্ত্তনে লাভ হয়।

মোক্ষদায়ক প্রণব রামনাম হইতে সমুদ্ভূত, এই প্রণব বেদতত্ত্বাধিকারিগণের তত্ত্বমসির স্বরূপ।

তদ্রূপ প্রণবকে বীজ বলিয়া জানিবে, বর্ণ-সমুদয় প্রণব হইতে সম্ভূত এবং সেই বর্ণসমূহের মধ্যে 'স'শব্দ ও 'হ'কারের দ্বারা "সোঽহং" নিষ্পন্ন হইয়াছে।

ইত্যাদি সপ্তকোটি মহামন্ত্র আছে, সেই সকলের আত্মা রামনামের দ্বারা প্রকাশিত হয়।

[পঞ্চম বর্ষ, অগ্রহায়ণ, ১৩৭৩] [ষষ্ঠ সংখ্যা—ছাদনী যাত্রা (প্রাবরণী যাত্রা)]

আর্য্যশাস্ত্র

শ্রীশ্রীসীতারামদাস ওঙ্কারনাথ প্রবর্ত্তিত

শ্রীমন্মহর্ষিবেদব্যাসপ্রণীতম্

শ্রীমদ্ভাগবতম্

পণ্ডিতপ্রবর শ্রীশচীন্দ্রচন্দ্রঘটকচূড়ামণি তীর্থকৃত বঙ্গভাষানুবাদসহিতম্

তৃতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনার অন্তর্গত আঞ্চলিক ভাষায় উন্নয়ন ও সমৃদ্ধিকল্পে মহামান্য সরকারমহোদয়ের অর্থানুকূল্যে এই পুস্তক সুলভমূল্যে দেওয়া সম্ভব হইতেছে।

যুগ্ম-সম্পাদক—

মহামহোপাধ্যায় শ্রীকালীপদতর্কাচার্য্য

শ্রীশ্রীজীবভট্টাচার্য্যন্যায়তীর্থ

[বার্ষিক মূল্য সডাক ১৫'০০ টাকা] [প্রতি সংখ্যা ১'৫০ টাকা]

স্বত্বাধিকারী :—
শ্রীসত্যধর্ম্মপ্রচারসঙ্ঘ
(জগদ্গুরু সম্প্রদায়)

সহ-সম্পাদকসঙ্ঘ

শ্রীশ্যামাশঙ্কর বিদ্যাভূষণ
শ্রীনারায়ণ গোস্বামী ন্যায়াচার্য্য
শ্রীরঘুনাথ কাব্য-ব্যাকরণতীর্থ
শ্রীহরিনারায়ণ তর্ক-বেদ-ব্যাকরণতীর্থ
শ্রীরামরঞ্জন কাব্য-ব্যাকরণতীর্থ
শ্রীদিলীপকুমার মুখোপাধ্যায় এম্ এ

মুদ্রণ-কর্ম্মনিকর :—
ডাঃ জিতেন্দ্র নাথ দে. এম্. বি., ডি. ও. এম্. এস.,
ডি. পি. এইচ., ডি. টি. এম্, এণ্ড
এইচ (লণ্ডন)।

শ্রীহরেন্দ্র নাথ মণ্ডল, এম্, কম্।

শ্রীরামরঞ্জন কাব্য-ব্যাকরণতীর্থ কর্ত্তৃক শ্রীসীতারাম-বৈদিক মহাবিদ্যালয়, ৭।২, পি. ভরিষ্ট. ডি. রোড, কলিকাতা—৩৫ হইতে প্রকাশিত ও ১৫বি, রাধাবাজার ষ্ট্রীট্, কলিকাতা—৬ ইন্দু-নারায়ণ প্রিন্টিং ওয়ার্কস হইতে মুদ্রাপিত। ১৫ই অগ্রহায়ণ, ১৩৭৩।

কার্য্যালয় :—
৩৮নি বিবাম সরণী (বিবেকানন্দ রোডের মোড়) কলিকাতা—৬
ফোন ৩৪-৪৪০৮

নিয়মাবলী

১। আর্য্যশাস্ত্র শাস্ত্রময় মাসিক পত্র। প্রতি মাসে ইহার ১টি সংখ্যা প্রকাশিত হয়। আষাঢ় (জুন-জুলাই) মাস হইতে ইহার বর্ষারম্ভ।

২। এই মাসিকপত্রে মন্বাদি বিংশতিসংহিতা, প্রজাপতি-স্মৃতি প্রভৃতি বহু দুর্লভ স্মৃতিগ্রন্থ, বাল্মীকি-রামায়ণ ও শ্রীবিষ্ণুপুরাণ প্রকাশিত হইয়াছে। বর্তমানে শ্রীমদ্ভাগবত প্রকাশিত হইতেছে। তারপর শ্রীমহাভারত ইত্যাদি যাবতীয় আর্য্যশাস্ত্র ধারাবাহিকভাবে প্রকাশিত হইবে।

৩। ইহার অগ্রিম বার্ষিক গ্রাহকমূল্য ভারত ও পাকিস্তানে সডাক ১৫'০০, প্রতি সংখ্যা ১'৫০ নঃ পঃ মাত্র; অন্যত্র বার্ষিক সডাক ২০'০০, প্রতি সংখ্যা ২'০০ মাত্র। গ্রাহকমূল্য অগ্রিম দেয়।

৪। প্রতি বাংলামাসের দ্বিতীয় সপ্তাহে ইহার একটি সংখ্যা প্রকাশিত হইবামাত্র গ্রাহকগণের নিকট পাঠান হয়। বাংলামাসের তৃতীয় সপ্তাহের মধ্যে উক্ত সংখ্যা না পাইলে স্থানীয় ডাকঘরে খোঁজ লইয়া চতুর্থ সপ্তাহের মধ্যে কলিকাতা কার্য্যালয়ে অবশ্যই জানাইতে হইবে।

ঠিকানা-পরিবর্তন পূর্ববর্তী বাংলামাসের মধ্যে অবশ্যই জানাইতে হইবে।

৫। মাসিকপত্র-সংক্রান্ত যাবতীয় পত্রাদি এবং অর্থাদি "সম্পাদক আর্য্যশাস্ত্র, ৩৮সি, বিধান সরণী, কলিকাতা—৬" এই ঠিকানায় পাঠাইতে হইবে।

মণি-অর্ডার কুপন ও পত্রাদিতে গ্রাহকের নাম, ঠিকানা ও গ্রাহক-নম্বর সুস্পষ্টভাবে অবশ্যই লিখিতে হইবে।

৬। গ্রাহকগণের পত্র-লিখিত নির্দেশ অনুযায়ী সকল ব্যবস্থা শীঘ্রই গ্রহণ করা হয়, কিন্তু প্রয়োজন না মনে করিলে পত্রের উত্তর দেওয়া হয় না। পত্রের উত্তর আশা করিলে গ্রাহকগণকে জবাবী-পত্র অবশ্যই দিতে হইবে।

৭। আর্য্যশাস্ত্রের পুরাতন সংখ্যাগুলি একত্রে ডাকে পাঠাইবার নির্দেশ থাকিলে গ্রাহকগণকে পাঠাইবার ডাক-মাশুল অবশ্যই দিতে হইবে, কার্য্যালয়ে আসিয়া বা ডাকযোগ ব্যতীত অন্য কোন উপায়ে গ্রহণ করিলে তাহা দিতে হইবে না।

৮। উল্লিখিত ৪-৭ নং নিয়মাবলী পালিত না হইলে পত্র-পরিচালকগণের পক্ষে কোন দায়িত্ব গ্রহণ করা সম্ভব নহে।

শ্রীসীতারাম বৈদিক মহাবিদ্যালয়
৭।২, পি. ওয়েস্ট. ডি. রোড, আলমবাজার
কলিকাতা—৩৫।

সম্পাদক—আর্য্যশাস্ত্র

ওঁ শ্রীশ্রীগুরবে নমঃ

শ্রীশ্রীঠাকুরের বাণী

পুষ্করমঠ
ভরতপুর-কুণ্ড
গৌহাটী
৮।৫।৭০

যে মায়েরা বাবারা একে (ওঙ্কারকে) সত্যসত্য ভালবাসে, তারা নিত্য আর্য্যশাস্ত্র প'ড়্বে ও প্রাণপণে আর্য্যশাস্ত্র প্রচারের চেষ্টা ক'র্বে। আর্য্যশাস্ত্রের সেবায় জগতের মহাকল্যাণ সাধিত হবেই হবে।

ওঙ্কার

বিশেষ নিবেদন

আর্য্যশাস্ত্রের গ্রাহকগণের নিকট আমাদের বিনীত নিবেদন এই যে,—তাঁহারা যেন প্রত্যেকে অন্ততঃপক্ষে একটি করিয়াও গ্রাহক সংগ্রহ করিয়া দেন।

বিনীত
সম্পূজক—আর্য্যশাস্ত্র

বলিদানের জন্য নীত ভরতকে ভদ্রকালী কর্তৃক রক্ষা।

শ্রীমদ্ভাগবত, পঞ্চম স্কন্ধ—১৷৮

পঞ্চদশঃ অধ্যায়ঃ

[ভরতবংশবর্ণনম্।]

শ্রীশুক উবাচ।

ভরতস্যাত্মজঃ সুমতির্নামাভিহিতো যম্ হ বাব কেচিৎ পাষণ্ডিন ঋষভপদবীমনুবর্ত্তমানকানার্য্যা অবেদসমাম্নাতাং দেবতাং স্বমনীষয়া পাপীয়স্যা কলৌ কল্পয়িষ্যন্তি ॥১

তস্মাদ্ বৃদ্ধসেনায়াং দেবতাজিন্নামা পুত্রোঽভবৎ ॥২

অথাসূর্য্যাং তস্তনয়ো দেবদ্যুম্নস্ততো ধেনুমত্যাং সুতঃ পরমেষ্ঠী তস্য সুবর্চ্চলায়াং প্রতীহ উপজাতঃ ॥৩

য আত্মবিদ্যামাখ্যায় স্বয়ং সংশুদ্ধো মহাপুরুষমনুসস্মার ॥৪

প্রতীহাৎ সুবর্চ্চলায়াং প্রতিহর্ত্রাদয়স্ত্রয় আদগ্নিষ্যা-কোবিদাঃ সূনবঃ। প্রতিহর্ত্তুঃ স্ত্বত্যামজ-ভূমানাবজনিষাতাম্ ॥৫

ভূম্নঃ ঋষিকুল্যায়ামুদ্গীথস্ততঃ প্রস্তাবো

শ্রীশুক উবাচ। ভরতস্য আত্মজঃ পুত্রঃ সুমতিঃ নাম অভিহিতঃ কথিতঃ যম্ উহ বাব যম্ এব ঋষভ-পদবীং জীবন্মুক্তমার্গম্ অনুবর্ত্তমানং শ্রুত্বা কেচিৎ পাষণ্ডিনঃ বেদাচারবিমুখাঃ অনার্য্যাঃ দুর্জ্জনাঃ পাপীয়স্যা পাপাচরণ-তৎপরয়া স্বমনীষয়া অবেদ-সমাম্নাতাং পাষণ্ডিকপোলকল্পিতাম্ ইষ্টদেবতাং কলৌ কল্পয়িষ্যন্তি। তস্মাৎ সুমতেঃ বৃদ্ধসেনায়াং তদ্ভার্য্যায়াং দেবতাজিৎ নাম পুত্রঃ অভবৎ ॥১-২

অথ অসূর্য্যাম্ অসুরীনাম্ন্যাং ভার্য্যায়াং তস্তনয়ঃ দেবদ্যুম্নঃ পুত্রঃ জাতঃ। ততঃ ধেনুমত্যাং ভার্য্যায়াং পরমেষ্ঠী নাম সুতঃ, তথা তস্য পরমেষ্ঠিনঃ সুবর্চ্চলায়াং প্রতীহঃ নাম পুত্রঃ উপজাতঃ ॥৩

যঃ প্রতীহঃ বহুজ্ঞঃ আত্মবিদ্যাম্ আখ্যায় উপদিশ্য স্বয়ং সংশুদ্ধঃ নিরস্তদর্ব্বকর্ম্মসংস্কারবন্ধনঃ মহাপুরুষম্ অনুসস্মার ॥৪

প্রতীহাৎ সুবর্চ্চলায়াং ভার্য্যায়াং প্রতিহর্ত্তা প্রস্তোতা উদ্গাতা চ ইতি ইজ্যাকোবিদাঃ ত্রয়ঃ সূনবঃ পুত্রাঃ আসন্ প্রতিহর্ত্তুঃ স্ত্বত্যাং ভার্য্যায়াম্

পঞ্চদশ অধ্যায়

[ভরতবংশবর্ণন।]

শ্রীশুকদেব বলিলেন,—হে মহারাজ। ভরতের সুমতিনামক এক পুত্র ছিলেন। কলিযুগে কতিপয় অনার্য্য পাষণ্ডী লোক তাঁহাকে ঋষভদেবের মার্গানুবর্ত্তী অর্থাৎ জীবন্মুক্ত পুরুষের ন্যায় আচাররত লক্ষ্য করিয়া নিজ নিজ পাপবুদ্ধি অনুসারে তাঁহাকে অবৈদিক দেবতারূপে কল্পনা করিবে অর্থাৎ ইনি বুদ্ধের অবতার—এরূপ প্রচার করিবে ॥১

সুমতির ঔরসে বৃদ্ধসেনার গর্ভে 'দেবতাজিৎ' নামক এক পুত্রের জন্ম হয় ॥২

অনন্তর আসুরীর গর্ভে দেবতাজিতের দেবদ্যুম্নমামক এক পুত্র হয়। দেবদ্যুম্ন হইতে ধেনুমতীর গর্ভে পরমেষ্ঠী এবং পরমেষ্ঠী হইতে সুবর্চলার গর্ভে প্রতীহের জন্ম হইয়াছিল ॥৩

এই প্রতীহ অপরকে আত্মবিদ্যার উপদেশ প্রদান-পূর্ব্বক স্বয়ং তদ্দ্বারা বিশুদ্ধ হইয়া ভগবান্ বিষ্ণুর সাক্ষাৎ লাভ করিয়াছিলেন ॥৪

প্রতীহের ঔরসে সুবর্চলার গর্ভে প্রতিহর্ত্তা, প্রস্তোতা

দেবকুল্যায়াং, প্রস্তাবাদ্ বিরুৎসায়াং হৃদয়জ আসীদ্ বিভুঃ। বিভো রত্যাঞ্চ পৃথুষেণ-স্তস্মান্নক্ত আকূত্যাং জজ্ঞে। নক্তাদৃতিপুত্রো গয়ো রাজর্ষিপ্রবর উদারশ্রবা অজায়ত। যঃ সাক্ষাদ্ভগবতো বিষ্ণোর্জগদ্বিরক্ষিষয়া গৃহীতসত্ত্বস্য কলাবতারাদিলক্ষণেন মহাপুরুষতাং প্রাপ্তঃ ॥৬

স বৈ স্বধর্ম্মেণ প্রজাপালনপোষণপ্রীণনোপলালনানুশাসনলক্ষণেনেজ্যাদিনা চ ভগবতি মহাপুরুষে পরাবরে ব্রহ্মণি সর্বাত্মনাপিতপরমার্থলক্ষণেন ব্রহ্মবিচ্চরণানুসেবয়াপাদিতভগবদ্ভক্তিযোগেন চাভীক্ষ্ণশঃ পরিভাবিতবিশুদ্ধমতিরুপরতানাত্ম্য আত্মনি স্বয়মুপলভ্যমানব্রহ্মাত্মানুভবোঽপি নিরভিমান এবাবনিমজ্জুগপৎ ॥৭

তস্যেমা গাথাঃ পাণ্ডবেয় পুরাবিদ উপগায়ন্তি ॥৮

অজভূমানৌ পুত্রৌ অজনিষাতাং জাতৌ ॥৫

ভূমঃ ঋষিকুল্যায়াং ভার্য্যায়াম্ উদগীথঃ, ততঃ তস্মাৎ দেবকুল্যায়াং প্রস্তাবঃ পুত্রঃ জাতঃ। প্রস্তাবাৎ হৃদয়জঃ পুত্রঃ বিভুঃ নাম বভূব; বিভোঃ রত্যাং পৃথুষেণঃ, তস্মাৎ আকূত্যাং নক্তঃ; নক্তাৎ ঋতিপুত্রঃ উদারশ্রবাঃ বিপুলযশাঃ রাজর্ষিপ্রবরঃ গয়ঃ অজায়ত। জগতঃ বিরক্ষিষয়া গৃহীতং সত্ত্বং গুণং যেন তস্য ভগবতঃ বিষ্ণোঃ সাক্ষাৎ কলা অংশাবতারঃ যঃ গয়ঃ আত্মবত্ত্বাদিলক্ষণেন জ্ঞানিত্বাদিনা মহাপুরুষতাং সর্ব্বজনশ্রেষ্ঠতাং প্রাপ্তঃ ॥৬

সঃ বৈ গয়ঃ অভিষিক্তত্বাৎ প্রজানাং পালনং দুষ্টেভ্যঃ রক্ষণং পোষণম্ অন্নাদি-ভোগ্যসম্পাদনেন পুষ্টিকরণং প্রীণনং প্রিয়বস্তুদানেন সন্তোষজননম্ উপলালনং মধুরবাক্যাদিনা হর্ষোৎপাদনম্ অনুশাসনং শিক্ষয়া সন্মার্গে প্রবর্ত্তনং তদাদিনা তথা ইজ্যাদিনা চ মহাপুরুষে পুরুষোত্তমে পরাবরে (পরে ব্রহ্মাদয়ঃ অবরে অপকৃষ্টাঃ যস্মাৎ তস্মিন্) ব্রহ্মণি ব্যাপকে ভগবতি সমর্পিতঃ পরমার্থলক্ষণঃ পরমপুরুষার্থসাধকঃ ভবতি তেন তথা ব্রহ্মবিদাং পরম-ভাগবতানাং চরণানুসেবয়া নিরন্তরং তদুপদেশাবধারণেন চ আপাদিতঃ সম্পাদিতঃ যঃ ভগবদ্ভক্তিযোগঃ তেন চ অভীক্ষ্ণশঃ নিরন্তরং পরিভাবিতা সংস্কৃতা অতঃ অতিশুদ্ধা মতিঃ যস্য সঃ অতএব উপরতম্ অনাত্ম্যে দেহাদ্যহংভাবঃ যস্মিন্ তস্মিন্ আত্মনি চিত্তে স্বয়ম্ এব উপলভ্যমানং যৎ ব্রহ্ম ভগবান্ অন্তর্যামী তস্য অনুভবঃ যস্য অতঃ নির্গতঃ অভিমানঃ যস্য সঃ তাদৃশঃ

এবং উদ্‌গাতা নামে তিনটি পুত্রের জন্ম হয়। ইহারা তিন জনই যজ্ঞকর্ম্মে সুনিপুণ ছিলেন। (প্রস্তাবের মাতা ও স্ত্রী উভয়ের এক নাম। কলিযুগে মাতৃজায়ী কন্যার পাণিগ্রহণ নিষিদ্ধ হইলেও মনে হয় পুরাকালে এ নিষেধ ছিল না)। স্তুতিমতী ভার্য্যার গর্ভে প্রস্তাবকর্ত্তার দুইটি পুত্র হয়। তাঁহাদের নাম অজ এবং ভূমা ॥৫

ভূমা হইতে ঋষিকুল্যার গর্ভে উদ্‌গীথ, উদ্‌গীথ হইতে দেবকুল্যার গর্ভে প্রস্তাব, প্রস্তাব হইতে বিরুৎসার গর্ভে বিভু, বিভু হইতে রতির গর্ভে পৃথুষেণ, পৃথুষেণ হইতে আকূতির গর্ভে নক্ত এবং নক্ত হইতে ঋতির গর্ভে উদারকীর্ত্তি রাজর্ষিশ্রেষ্ঠ গয়নামক পুত্র জন্মগ্রহণ করেন। ইনি, জগতের পালনকামনায় যিনি সত্ত্বগুণ আশ্রয় করিয়াছেন, সেই ভগবান্ বিষ্ণুরই অংশস্বরূপ হইয়া আত্মতত্ত্বজ্ঞানপ্রভৃতি লক্ষণ দ্বারা মহাপুরুষত্ব লাভ করিয়াছিলেন ॥৬

মহারাজ গয় রাজপদে অভিষিক্ত হওয়ায় প্রজাগণের পালন, পোষণ, প্রীতি-উৎপাদন, লালন ও শিক্ষাদান-রূপ রাজোচিত ধর্ম্ম এবং গৃহস্থ বলিয়া যজ্ঞাদিরূপ গৃহস্থোচিত ধর্ম্মের আচরণ করিতেন। পরন্তু উক্ত

গয়ং নৃপঃ কঃ প্রতিযাতি কর্ম্মভি-
　　র্যজ্বাভিমানী বহুবিদ্ধর্মগোপ্তা।
সমাগতশ্রীঃ সদসস্পতিঃ সতাং
　　সংসেবকোঽন্যো ভগবৎকলামৃতে ॥৯
যমভ্যষিঞ্চন্ পরয়া মুদা সতীঃ
　　সত্যাশিষো দক্ষকন্যাঃ সরিদ্ভিঃ।
নিরাশিষো যস্য প্রজানাং দুদুহে ধরাশিষো
　　গুণবৎসসূতোধাঃ ॥১০
ছন্দাংস্যকামস্য চ যস্য কামান্
　　দুদুহুরাজহ্রুরথো বলিং নৃপাঃ।
প্রত্যঞ্চিতা যুধি ধর্মেণ বিপ্রা
　　যদাশিষাং ষষ্ঠমংশং পরেত্য ॥১১

অবনিম্ অজুগুপৎ পালয়ামাস। হে পাণ্ডবেয়! তস্য গয়স্য ইমাং গাথাং মাহাত্ম্যোপবৃংহিতাং কথাং পুরাবিদঃ সজ্জনাঃ উপগায়ন্তি ॥৭-৮

যজ্বা যজ্ঞানুষ্ঠাতা অভিমানী মনস্বী বহুবিৎ অনেকশাস্ত্রজ্ঞঃ ধর্ম্মগোপ্তা প্রজাপালনানুশাসনাদিনা সর্ব্বরক্ষকঃ সমাগতশ্রীঃ (সমাগতা সংপ্রাপ্তা শ্রীঃ যেন সঃ) সতাং সদসস্পতিঃ (সদসঃ সভায়াঃ পতিঃ) সংসেবকঃ (সতাং সেবকঃ) এবং ভগবৎকলাম্ ঋতে ভগবদভাবং বিনা অন্যঃ কঃ নৃপঃ কর্ম্মভিঃ গয়ং প্রতিযাতি তস্য সদৃশঃ ভবিতুম্ অর্হতি ন কোঽপি ইত্যর্থঃ ॥৯

সত্যাশিষঃ (সত্যাঃ যথার্থাঃ আশিষঃ যাসাং তাঃ) সতীঃ সত্যঃ পতিব্রতাঃ দক্ষকন্যাঃ শ্রদ্ধা-মৈত্রী-দয়াদ্যাঃ যং গয়ং সরিদ্ভিঃ সংসরিদ্রূপৈঃ পরয়া মুদা হর্ষেণ অভ্যসিঞ্চন্। নিরাশিষঃ অপি যস্য প্রজানাম্ আশিষঃ কামান্ গুণবৎসসূতোধাঃ (গুণাঃ এব বৎসঃ তেন সূতম্ উধঃ যস্যাঃ সা) দুদুহে পূরয়ামাস ॥১০

অকামস্য যস্য কামান্ ছন্দাংসি বেদাঃ দুদুহুঃ তথা যুধি প্রত্যঞ্চিতাঃ যাগৈঃ প্রতিপূজিতাঃ নৃপাঃ যস্য বলিম্ আজহ্রুঃ ধনাদিকম্ অর্পয়ামাসুঃ, তথা ধর্ম্মেণ প্রজাপালন-দানাদিলক্ষণেন বিপ্রাঃ প্রজাঃ

উভয় প্রকার ধর্ম্মই সর্ব্বজীবের আত্মা, পরাবর (ব্রহ্মাদিরও অধিপতি সর্ব্বময়), ব্রহ্মস্বরূপ ভগবান্ পরমপুরুষে অর্পিত হইয়া পরমধর্ম্মরূপে পরিগণিত হইলে ব্রহ্মজ্ঞগণের চরণসেবাদ্বারা চিত্তশুদ্ধিহেতু তাঁহার দেহাদিবিষয়ে অহংভাবের অবসান ঘটিয়াছিল। তখন সেই বিশুদ্ধ চিত্তমধ্যে ব্রহ্মবস্তুর স্বয়ং প্রকাশ হইলে, তিনি সেই ব্রহ্মকেই নিজ আত্মা অর্থাৎ স্বরূপ বলিয়া অবগত হইয়াছিলেন। এ অবস্থায় তিনি নিরভিমান হইয়াই ভূমণ্ডল প্রতিপালন করিয়াছিলেন ॥৭

হে পাণ্ডুবংশধর পরীক্ষিৎ! পুরাতত্ত্বজ্ঞগণ মহারাজ গয়ের সম্বন্ধে এই সকল গাথা কীর্ত্তন করেন ॥৮

ভগবানের অংশস্বরূপ না হইয়া অন্য কোন্ রাজা কেবলমাত্র যাজ্ঞিক, সর্ব্বলোকমান্য বহুতত্ত্বজ্ঞ, ধর্ম্মপালক, ঐশ্বর্য্যশালী, সজ্জন-সমাজের অধিপতি এবং সাধুগণের সেবক হইয়া নিজ কার্য্যদ্বারা মহারাজ গয়ের অনুকরণ করিতে পারেন? ৯

যাঁহাদের আশীর্ব্বাদ অব্যর্থ, শ্রদ্ধা মৈত্রী দয়া প্রভৃতি সেই সতী দক্ষকন্যাগণ নদীসমূহের সহিত একত্র হইয়া পরম হর্ষসহকারে যাঁহার অভিষেক করিয়াছিলেন এবং পৃথিবী যাঁহার গুণরূপ বৎসদ্বারা স্তন আকৃষ্ট হইলে অযাচিতভাবেই (দুগ্ধ ধারার ন্যায়) তাঁহার প্রজাগণের যাবতীয় কাম্য বস্তু বিতরণ করিতেন, অন্য কোন্ রাজা তাঁহার অনুকরণ করিতে পারেন? ১০

কামনা না করিলেও বেদবিহিত কর্ম্মসমূহ স্বয়ংই যাঁহার জন্য বিবিধ ভোগ্য বস্তু প্রসব করিতেন, অপর রাজগণ যুদ্ধে যাগদ্বারা পূজিত হইয়া যাঁহাকে করদান করিতেন এবং ব্রাহ্মণগণ প্রতিপালন ও দক্ষিণাদিদ্বারা অর্চিত হইয়া যাঁহাকে নিজ নিজ পারলৌকিক ধর্ম্মের

যস্যাধ্বরে ভগবানধ্বরাত্মা
মঘোনি মাদ্যত্যুরুসোমপীথে।
শ্রদ্ধাবিশুদ্ধাচলভক্তিযোগ-
সমর্পিতেজ্যাফলমাজহার ॥১২
যৎ-প্রীণনাদ্ বর্হিষি দেবতির্য্যঙ্-
মনুষ্যবীরুত্তৃণমা বিরিঞ্চাৎ।
প্রীয়েত সদ্যঃ সহ বিশ্বজীবঃ
প্রীতিঃ স্বয়ং প্রীতিমগাদ্গয়স্য ॥১৩

গয়াদ্ গায়ন্ত্যাং চিত্ররথঃ সুগতিরবিরোধন ইতি ত্রয়ঃ পুত্রা বভূবুঃ। চিত্ররথাদূর্ণায়াং সম্রাড়জনিষ্ট ॥১৪
তত উৎকলায়াং মরীচির্মরীচের্বিন্দুমত্যাং বিন্দুমানুদপদ্যত, তস্মাৎ সরঘায়াং মধুনামাভবৎ। মধোঃ সুমনসি বীরব্রতস্ততো ভোজায়াং মন্থু-প্রমন্থূ অজ্ঞাতে। মন্থোঃ সত্যায়াং ভৌবনস্ততো ভূবণায়াং ত্বষ্টাজনিষ্ট, ত্বষ্টুর্বিরোচনায়াং বিরজঃ,

---

প্রত্যঞ্চিতাঃ, তদা পরেত্য লোকান্তরে আশিষং শুক্লকর্ম্মফলানাং ষষ্ঠম্ অংশম্ আজহ্রুঃ ॥১১

উরুসোমপীথে বহুসোমপানে যস্য অধ্বরে মঘোনি ইন্দ্রে মাদ্যতি মদং প্রাপ্নুবতি সতি শ্রদ্ধাবিশুদ্ধাচলভক্তিযোগসমর্পিতেজ্যাফলম্ (শ্রদ্ধয়া বিশুদ্ধঃ যঃ অচলঃ ভক্তিযোগঃ তেন সমর্পিতম্ ইজ্যাফলম্) অধ্বররাত্মা যজ্ঞমূর্ত্তিঃ ভগবান্ আজহার প্রত্যক্ষতঃ অর্হণমিব স্বয়ং স্বীকৃতবান্ ॥১২

যৎ যস্য ভগবতঃ প্রীণনাৎ আবিরিঞ্চাৎ ব্রহ্মাণম্ অভিব্যাপ্য দেব-তির্য্যঙ্-মনুষ্য-বীরুত্তৃণং প্রীয়েত প্রীতিং গচ্ছেৎ, সঃ বিশ্বজীবঃ (বিশ্বং জীবয়তীতি) সর্ব্বান্তর্য্যামী স্বয়ং প্রীতঃ সন্ গয়স্য বর্হিষি যজ্ঞে সদ্যঃ প্রীতিম্ অগাৎ হ স্ম টীম্ ॥১৩

গায়ন্ত্যাং ভার্য্যায়াং গয়াৎ চিত্ররথঃ সুগতিঃ অবিরোধনঃ ইতি ত্রয়ঃ পুত্রাঃ তথা চিত্ররথাৎ ঊর্ণায়াং ভার্য্যায়াং সম্রাড্ নাম পুত্রঃ অজনিষ্ট ॥১৪

ততঃ সম্রাজঃ মরীচিঃ ততঃ বিন্দুমান্ উদপদ্যত জাতঃ তস্মাৎ মধুঃ নাম পুত্রঃ জাতঃ। মধোঃ সুমনসি স্ত্রিয়াং বীরব্রতঃ, ততঃ ভোজায়াং বনিতায়াং মন্থু-প্রমন্থূ পুত্রৌ অজ্ঞাতে। মন্থোঃ

ষষ্ঠ ভাগ প্রদান করিতেন, অন্য কোন্ রাজা তাঁহার অনুকরণ করিতে পারেন ? ১১

যাঁহার যজ্ঞে প্রচুর সোমরসপানের ব্যবস্থা থাকায় দেবরাজ ইন্দ্র মদমত্ত হইতেন এবং যজ্ঞপুরুষ ভগবান্ বিষ্ণু যাঁহার শ্রদ্ধাপূত নিশ্চল ভক্তি যোগদ্বারা সমর্পিত যজ্ঞফলই প্রত্যক্ষভাবে পূজার ন্যায় গ্রহণ করিতেন, অন্য কোন্ রাজা তাঁহার অনুকরণ করিতে পারেন ? ১২

যাঁহার প্রীতি উৎপাদনহেতু ব্রহ্মা হইতে আরম্ভ করিয়া দেবতা, তির্য্যক্ প্রাণী, মনুষ্য, লতা ও তৃণ পর্য্যন্ত সকলেই সদ্য প্রীতিলাভ করেন, সর্বান্তর্য্যামী সেই ভগবান্ বিষ্ণু স্বয়ং প্রীতিস্বরূপ হইয়াও মহারাজ গয়ের যজ্ঞে প্রীত হইয়াছিলেন অর্থাৎ 'আমি প্রীত হইলাম' এই বলিয়া প্রত্যক্ষভাবেই প্রীতি প্রকাশ করিয়াছিলেন। অন্য কোন্ রাজা এই গয় মহারাজের অনুকরণ করিতে পারেন ? ১৩

গয়রাজার ঔরসে গায়ন্তীর গর্ভে চিত্ররথ, সুগতি ও অবিরোধন এই তিন পুত্রের জন্ম হয়। চিত্ররথের ঔরসে ঊর্ণার গর্ভে 'সম্রাট্' নামে এক পুত্র জন্মগ্রহণ করেন ।১৪

সম্রাট্ হইতে উৎকলার গর্ভে মরীচি, মরীচি হইতে বিন্দুমতীর গর্ভে বিন্দুমান্, বিন্দুমান্ হইতে সরঘার গর্ভে মধু, মধু হইতে সুমনার গর্ভে বীরব্রত, বীরব্রত হইতে ভোজার গর্ভে মন্থু ও প্রমন্থু, মন্থু হইতে সত্যার গর্ভে ভৌবন, ভৌবন হইতে ভূষণার গর্ভে ত্বষ্টা এবং

বিরজস্য শতজিৎপ্রবরং পুত্রশতং কন্যা চ বিষূচ্যাং কিলাজায়ত ॥১৫

তত্রায়ং শ্লোকঃ।

প্রৈয়ব্রতং বংশমিমং বিরজশ্চরমোদ্ভবঃ।
অকরোদত্যলং কীর্ত্ত্যা বিষ্ণুঃ সুরগণং যথা ॥১৬

ইতি শ্রীমদ্ভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং পঞ্চমস্কন্ধে পঞ্চদশঃ অধ্যায়ঃ ॥

ভৌবনঃ পুত্রঃ, ততঃ ভূষণায়াং স্ত্রিয়াং ত্বষ্টা অজনিষ্ট; ত্বষ্টুঃ বিরজঃ; বিরজস্য চ বিষূচ্যাং ভার্য্যায়াং শতজিৎপ্রবরং পুত্রশতম্ একা কন্যা চ কিল অজায়ত ॥১৫

যথা সুরোত্তমঃ বিষ্ণুঃ সুরগণম্ অত্যলং করোতি তথা চরমোদ্ভবঃ প্রিয়ব্রতবংশে অন্তে জাতঃ বিরজঃ ইমং প্রৈয়ব্রতং বংশং কীর্ত্ত্যা অত্যলম্ অকরোৎ ভূষিতবান্ ॥১৬

ইতি পঞ্চমস্কন্ধে শ্রীখগেন্দ্রনাথ-শাস্ত্রিকৃতায়ুরে পঞ্চদশঃ অধ্যায়ঃ ॥

ত্বষ্টা হইতে বিরোচনার গর্ভে বিরজ পুত্ররূপে উৎপন্ন হন। বিরজের ঔরসে বিষূচীর গর্ভে শতজিৎ প্রভৃতি একশত পুত্র এবং এক কন্যা জন্মগ্রহণ করিয়াছিলেন ।১৫

এ সম্বন্ধে এরূপ একটি শ্লোক রহিয়াছে—

বিষ্ণু যেরূপ দেবতাগণকে তৃপ্তিত করেন, প্রিয়ব্রতের বংশের শেষ রাজা বিরজও সেইরূপ নিজ কীর্তি দ্বারা এই বংশকে অলঙ্কৃত করিয়াছিলেন ।১৬

শ্রীমন্মহর্ষি বেদব্যাসপ্রণীত পারমহংসী সংহিতা শ্রীমদ্ভাগবত মহাপুরাণে পঞ্চম স্কন্ধে
পণ্ডিতপ্রবর শ্রীশচীন্দ্রচন্দ্র ষট্তীর্থকৃত-বঙ্গভাষানুবাদসহিত
পঞ্চদশ অধ্যায় সমাপ্ত।

ষোড়শঃ অধ্যায়ঃ

[ভূগোলবর্ণনম্ ।]

রাজোবাচ ।

উরুস্বয়া ভূমণ্ডলায়ামবিশেষো যাবদাদিত্য-স্তপতি যত্র যত্র চাসৌ জ্যোতিষাং গণৈশ্চন্দ্রমা বা সহ দৃশ্যতে ॥১

তত্রাপি প্রিয়ব্রতরথচরণপরিখাতৈঃ সপ্তভিঃ সপ্ত সিন্ধব উপকল্পা যত এতস্যাঃ সপ্তদ্বীপ-বিশেষবিকল্পস্ত্বয়া ভগবন্ খলু সূচিত এত-দেবাখিলমহং মানতো লক্ষণতশ্চ সর্বং বিজিজ্ঞাসামি ॥২

ভগবতো গুণময়ে স্থূলরূপ আবেশিতং মনো হ্যগুণেঽপি সূক্ষ্মতম আত্মজ্যোতিষি পরে ব্রহ্মণি ভগবতি বাসুদেবাখ্যে ক্ষমমাবেশিতুং তদ্বৃহেতদ্-গুরোঽর্হস্যনুবর্ণয়িতুমিতি ॥৩

ঋষিরুবাচ ।

ন বৈ মহারাজ ভগবতো মায়াগুণবিভূতেঃ স্থানবিশেষাণাং নামরূপতঃ কাৎস্ন্যেন বচসা মনসা

রাজা পরীক্ষিৎ উবাচ,—হে ব্রহ্মন্ ! যাবৎ আদিত্যঃ তপতি প্রকাশয়তি, যত্র যত্র জ্যোতিষাং গণৈঃ নক্ষত্রসমূহৈঃ সহ চন্দ্রমা দৃশ্যতে, তাবান্ ভূমণ্ডলস্য আয়ামবিশেষঃ বিস্তারবিশেষঃ ত্বয়া উক্তঃ ; তত্রাপি ভূমণ্ডলে সূর্য্যস্য পৃষ্ঠতঃ মেরুং প্রদক্ষিণীকৃত্য গচ্ছতঃ প্রিয়ব্রতস্য রথচরণেন রথচক্রেণ পরিতঃ সর্ব্বতঃ খাতৈঃ গর্ত্তৈঃ সপ্তভিঃ সপ্ত সিন্ধবঃ উপকল্পাঃ ॥১

যতঃ যেভ্যঃ সপ্তসিন্ধুভ্যঃ এতস্যাঃ ভুবঃ সপ্তদ্বীপ-বিশেষবিকল্পঃ সপ্তদ্বীপরচনাবিশেষঃ হে ভগবন্ ! ত্বয়া খলু নিশ্চয়েন সূচিতঃ সামান্যতঃ প্রদর্শিতঃ। এতদেব অখিলং মানতঃ লক্ষণতঃ চ অসাধারণ-চিহ্নতঃ চ সর্ব্বং বিশেষতঃ বিজিজ্ঞাসামি জ্ঞাতুম্ ইচ্ছামি ॥২

হি যস্মাৎ ভগবতঃ গুণময়ে স্থূলস্বরূপে বিরাড্‌রূপে আবেশিতং স্থিরীকৃতং মনঃ সূক্ষ্মতমে যতঃ অগুণে বাসুদেবাখ্যে ব্রহ্মণি পরিপূর্ণে পরে আত্মজ্যোতিষি স্বপ্রকাশে ভগবতি আবেশিতুং স্থিরীকর্ত্তুং ক্ষমং যোগ্যং ভবতি ; তৎ তস্মাৎ উহ এব হে গুরো ! এতৎ ব্রহ্মাণ্ডাত্মকং স্থূলং রূপং কৃপয়া অনুবর্ণয়িতুম্ অর্হসি যোগ্যো ভবসি ॥৩

ষোড়শ অধ্যায়

[ভূগোল বর্ণন ।]

মহারাজ পরীক্ষিৎ বলিলেন,—'হে মুনিবর ! যে পর্য্যন্ত সূর্য্য আলোক দান করেন এবং শুক্ল ও কৃষ্ণপক্ষে যে যে স্থান পর্য্যন্ত চন্দ্র ও নক্ষত্রগণের প্রকাশ দেখা যায়, আপনি ভূমণ্ডলের ততদূর বিস্তৃতি বলিয়াছেন ।১

হে ভগবন্ ! এই ভূমণ্ডলের মধ্যেও মহারাজ প্রিয়ব্রতের রথচক্রের সাতটি খাত দ্বারা সাতটি সমুদ্র রচিত হইয়াছে এবং ঐ সাত সমুদ্র হইতে এই পৃথিবীর সাতটি দ্বীপবিশেষের রচনা আপনি পূর্বে সংক্ষেপেই বলিয়াছেন। সম্প্রতি আমি পরিমাণ ও লক্ষণানুসারে এই সকল দ্বীপের সমুদয় তত্ত্ব জানিতে ইচ্ছা করিতেছি ।২

হে গুরুদেব ! এই ভূমণ্ডল ভগবানের গুণময় স্থূল রূপ বলিয়া ইহাতে মন নিবিষ্ট করিলে পশ্চাৎ উহাকে

বাধিগন্তুমলং বিবুধায়ুষাপি পুরুষস্তস্মাৎ প্রাধান্যেনৈব ভূ-গোলকবিশেষং নামরূপমান-লক্ষণতো ব্যাখ্যাস্যামঃ ॥৪

যো বায়ং দ্বীপঃ কুবলয়কমলকোশাভ্যন্তর-কোশো নিযুতযোজনবিশালঃ সমবর্তুলো যথা পুষ্করপত্রম্ ॥৫

যস্মিন্ নব বর্ষাণি নবযোজনসহস্রায়ামান্যষ্টভি-র্মর্য্যাদাগিরিভিঃ সুবিভক্তানি ভবন্তি ॥৬

এষাং মধ্যে ইলাবৃতং নামাভ্যন্তরবর্ষং যস্য নাভ্যামবস্থিতঃ সর্ব্বতঃ সৌবর্ণঃ কুলগিরিরাজো মেরুর্দ্বীপায়ামসমুন্নাহঃ কর্ণিকাভূতঃ কুবলয়কমলস্য মূর্দ্ধনি দ্বাত্রিংশৎসহস্রযোজনবিততো মূলে

ঋষিঃ শুকদেবঃ উবাচ,—হে মহারাজ! ভগবতঃ মায়ায়াঃ প্রকৃতেঃ গুণাঃ সত্ত্বাদয়ঃ তেষাং বিভূতেঃ বিস্তারস্য স্থানবিশেষাণাং নামরূপতঃ কাষ্ঠাম্ অন্তং পুরুষঃ বিবুধায়ুষা (বিবুধাঃ দেবাঃ তেষাং আয়ুষা অপি) মনসা বচসা বা অধিগন্তুং জ্ঞাতুং বক্তুং বা যস্মাৎ নৈব অলং সমর্থঃ, তস্মাৎ প্রাধান্যেন এব ভূগোলকবিশেষং নামতঃ রূপতঃ সন্নিবেশতশ্চ মানতঃ বিস্তারতঃ লক্ষণতঃ অসাধারণ-চিহ্নতঃ অহং ব্যাখ্যাস্যামঃ ॥৪

কুবলয়-কমল-কোশাভ্যন্তরকোশঃ (কুবলয়ং ভূমণ্ডলং তদেব কমলং তস্য কোশাঃ ইব সপ্তদ্বীপাঃ তেষু অভ্যন্তরকোশঃ) যঃ বা অয়ং প্রথমঃ জম্বুদ্বীপঃ সঃ নিযুতযোজন-বিশালঃ লক্ষযোজনবিস্তীর্ণঃ পুষ্করপত্রং যথা তথা সমবর্তুলঃ সর্ব্বতঃ সমপরিমাণতঃ বর্তুলঃ চ ॥৫

যস্মিন্ জম্বুদ্বীপে অষ্টভিঃ মর্য্যাদাগিরিভিঃ সুবিভক্তানি পৃথক্কৃতানি নবযোজন-সহস্রায়ামানি (নবযোজন-সহস্রম্ আয়ামঃ বিস্তারঃ যেষাং তথা-ভূতানি) নব বর্ষাণি ভবন্তি। (তত্র রম্যক-হিরণ্ময়-কুরুহরিবর্ষ-কিংপুরুষ-ভারতাখ্যানি নবযোজন-সহস্রায়ামানি। ইলাবৃতং পূর্ব্ব-পশ্চিমতো দ্বাশীতি-যোজন-সহস্র-বিস্তৃতং দক্ষিণোত্তর-ষট্চত্বারিংশৎ যোজনসহস্র-বিস্তৃতং জ্ঞেয়ম্। ভদ্রাশ্ব-কেতুমালে তু পূর্ব্ব-পশ্চিমতো নব যোজন-সহস্র বিস্তৃতে জ্ঞেয়ে দক্ষিণোত্তরস্থ নিষধ-নীলসংলগ্নে জ্ঞেয়ে ইতি বালবোধিনী) ॥৬

এষাং বর্ষাণাং মধ্যে ইলাবৃতং নামাভ্যন্তরবর্ষং চতুষ্কোণাকৃতি দীর্ঘম্ অস্তি। যস্য নাভ্যাং মধ্যে সর্ব্বতঃ সৌবর্ণঃ সুবর্ণময়ঃ কুলগিরিরাজঃ (কুলগিরীণাং শ্রেষ্ঠত্বেন গণিতানাং পর্ব্বতানাং রাজা) দ্বীপায়াম-

---

নির্গুণ, সূক্ষ্মতম, আত্মজ্যোতিঃস্বরূপ, বাসুদেবনামক পরব্রহ্মেও নির্দিষ্ট করা সম্ভবপর হয়। অতএব আপনি এই ভূমণ্ডলরূপ স্থূল রূপের বর্ণনা করুন ॥৩

শ্রীশুকদেব বলিলেন,—'হে মহারাজ! কোন পুরুষ দেবতাগণের তুল্য সুদীর্ঘ আয়ুষ্কাল লাভ করিয়াও মনের দ্বারাও ভগবানের মায়িক গুণবৈভবরূপী স্থানবিশেষসমূহের—নাম ও রূপ অনুসারে অন্ত লাভ করিতে পারে না। অতএব আমি প্রধান প্রধান স্থানের উল্লেখ করিয়াই নাম, রূপ, পরিমাণ এবং লক্ষণানুসারে এই ভূমণ্ডলবিশেষের ব্যাখ্যা করিতেছি ॥৪

এই ভূমণ্ডল একটি পদ্মস্বরূপ। সাতটি দ্বীপ উহার কোষসমূহের ন্যায় বিরাজ করিতেছে। উহাদের মধ্যে এই জম্বুদ্বীপ অভ্যন্তরস্থিত কোষ। ইহার দৈর্ঘ্য নিযুত যোজন এবং বিস্তার লক্ষযোজন। ইহা পদ্মপত্রের ন্যায় সমবর্তুলাকার ॥৫

এই জম্বুদ্বীপে নয়টি বর্ষ (দেশ) আছে। প্রত্যেকের বিস্তার নয় হাজার যোজন। ইহারা আবার সীমারক্ষক নয়টি পর্বত দ্বারা পরস্পর পৃথগ্‌ভাবে সুবিভক্ত রহিয়াছে ॥৬

ইলাবৃত নামক বর্ষ এই নয়টি বর্ষের মধ্যভাগে

ষোড়শসহস্রং তাবত্তাম্ভূর্ম্যাং প্রবিষ্টঃ ॥৭

উত্তরোত্তরেণেলাবৃতং নীলঃ শ্বেতঃ শৃঙ্গবানিতি ত্রয়ো রম্যকহিরণ্ময়কুরূণাং বর্ষাণাং মর্য্যাদাগিরয়ঃ প্রাগায়তা উভয়তঃ ক্ষারোদাবধয়ো দ্বিসহস্রযোজন পৃথব একৈকশঃ পূর্ব্বস্মাৎ পূর্ব্বস্মাদুত্তর উত্তরো দশাংশাধিকাংশেন দৈর্ঘ্য এব হ্রসন্তি ॥৮

এবং দক্ষিণেনেলাবৃতং নিষধো হেমকূটো হিমালয় ইতি প্রাগায়তা যথা নীলাদয়োঽযুত-যোজনোৎসেধা হরিবর্ষকিম্পুরুষভারতানাং যথা-সংখ্যম্ ॥৯

তথৈবেলাবৃতমপরেণ পূর্বেণ চ মাল্যবদ্গন্ধ-মাদনাবানীলনিষধায়তৌ দ্বিসহস্রং পপ্রথতুঃ

সমুদ্রাহঃ (জম্বুদ্বীপস্য আয়ামঃ বিস্তারঃ যাবান্ তাবান্ লক্ষযোজনং সমুদ্রাহঃ উচ্ছ্রায়ঃ যস্য সঃ) মেরুঃ কুবলয়কমলস্য কমলসদৃশস্য কর্ণিকাভূত ইব অবস্থিতঃ। তস্য মেরোঃ মূর্দ্ধনি দ্বাত্রিংশৎ-সহস্র-যোজন-বিততঃ মূলে ষোড়শ-যোজন-সহস্রবিততঃ তথা তাবতা ষোড়শসহস্রযোজনমানেন ভূম্যাম্ অন্তঃ প্রবিষ্টঃ, চতুরশীতিযোজনসহস্রমানেন বহির্দৃশ্যতে ; এবং লক্ষযোজনোদ্বাহঃ ইতি জ্ঞেয়ম্ ॥৭

ইলাবৃতম্ উত্তরেণ ইলাবৃতস্য উত্তরতঃ ক্রমেণ স্থিতাঃ নীলঃ শ্বেতঃ শৃঙ্গবান্ ইতি ত্রয়ঃ পর্ব্বতাঃ। ক্রমেণ স্থিতানাং রম্যক-হিরণ্ময়-কুরূণাং বর্ষাণাং মর্য্যাদাগিরয়ঃ বিভাজকাঃ পর্ব্বতাঃ প্রাগায়তাঃ পূর্ব্ব-পশ্চিমতঃ দীর্ঘাঃ ক্ষারোদঃ সমুদ্রঃ এব অবধিঃ যেষাং তে তথা উভয়তঃ সমুদ্রলগ্নাঃ দ্বিসহস্রযোজন-পৃথবঃ অযুতযোজনোৎসেধাঃ ইত্যপি জ্ঞেয়ম্।

পূর্ব্বস্মাৎ দক্ষিণতো দক্ষিণতঃ স্থিতাৎ উত্তরোত্তরঃ উত্তরোত্তরস্থিতঃ একৈকশঃ দশাংশাৎ ঈষদধিকঃ যঃ অংশঃ তেন দৈর্ঘ্যঃ এব হ্রসন্তি ন তু উচ্চত্বে পৃথুত্বে বা দ্বীপস্য মণ্ডলাকারত্বাৎ ॥৮

এবং দক্ষিণেন ইলাবৃতম্ ইলাবৃতস্য দক্ষিণতঃ ক্রমেণ স্থিতাঃ নিষধঃ হেমকূটঃ হিমালয়ঃ ইতি ত্রয়ঃ প্রাগায়তাঃ পূর্ব্ব-পশ্চিমতঃ দীর্ঘাঃ উভয়তঃ সমুদ্র-সংলগ্নাঃ দ্বিসহস্র-যোজনপৃথবঃ অযুত-যোজনোৎ-সেধাঃ ক্রমেণ স্থিতানাং হরিবর্ষ-কিংপুরুষ-ভারত-সংজ্ঞানাং বর্ষাণাং যথাসংখ্যং মর্য্যাদাগিরয়ঃ তত্রাপি উত্তরত উত্তরতঃ স্থিতাৎ দক্ষিণত দক্ষিণতঃ স্থিতাঃ একৈকশঃ দশাংশাধিকাংশেন দৈর্ঘ্যঃ এব হ্রসন্তি ন তু উচ্চত্বে পৃথুত্বে বা ইতি ॥৯

তথৈব ইলাবৃতম্ অপরেণ পূর্ব্বেণ চ ইলাবৃতস্য পশ্চিমতঃ পূর্ব্বতশ্চ যথাক্রমেণ স্থিতৌ আনীল-

---

অবস্থিত। এই ইলাবৃতবর্ষেরই মধ্যস্থলে কুলপর্বত-সমূহের রাজা মেরুপর্বত বিদ্যমান রহিয়াছে। এই পর্বতটি সর্বত্র সুবর্ণময় এবং ইহার উচ্চতা জম্বুদ্বীপের বিস্তৃতির সমতুল্য অর্থাৎ লক্ষযোজন। এই মেরুপর্বত ভূমণ্ডলরূপী পদ্মটির বীজকোষস্বরূপ। ইহার মস্তক দ্বাত্রিংশৎ সহস্র (বত্রিশ হাজার) যোজন বিস্তৃত, মূলদেশ ষোড়শ সহস্র যোজন এবং সেই পরিমাণেই ভূতলে প্রবিষ্ট রহিয়াছে।৭

ইলাবৃতবর্ষের উত্তর দিকে নীল, শ্বেত ও শৃঙ্গবান্ এই তিনটি পর্বত যথাক্রমে রম্য হিরণ্ময় ও কুরুবর্ষের সীমারূপে বিদ্যমান রহিয়াছে। ইহারা পূর্বদিকে দীর্ঘ এবং পূর্ব পশ্চিম দুই দিকেই লবণ সমুদ্র ইহাদের সীমারূপে অবস্থিত। ইহাদের প্রত্যেকেরই বিস্তার দুই হাজার যোজন, পরন্তু পূর্ব পূর্ব অপেক্ষা পর পরটি দৈর্ঘ্যেই একাদশাংশে ন্যূন (অর্থাৎ পূর্বটির দৈর্ঘ্য অপেক্ষা চারটির দৈর্ঘ্য এগার ভাগের একভাগ কম)।৮

এইরূপ ইলাবৃতবর্ষের দক্ষিণদিকে নিষধ, হেমকূট ও হিমালয় এই তিনটি পর্বত নীল প্রভৃতি পর্বতের

কেতুমালভদ্রাশ্বয়োঃ সীমানং বিদধাতে ॥১০

মন্দরো মেরুমন্দরঃ সুপার্শ্বঃ কুমুদ ইত্যযুত-যোজনবিস্তারোন্নাহা মেরোশ্চতুর্দ্দিশমবষ্টম্ভগিরয় উপকল্পাঃ ॥১১

চতুর্ষ্বেতেষু চূতজম্বুকদম্বন্যগ্রোধাশ্চত্বারঃ পাদপ-প্রবরাঃ পর্ব্বতকেতব ইবাধিসহস্রযোজনোন্নাহাস্তাবদ্-

নিষধায়তৌ উত্তরতঃ নীলপর্ব্বতপর্য্যন্তং দক্ষিণতঃ নিষধপর্ব্বতপর্য্যন্তং চ দীর্ঘৌ মাল্যবদ্গন্ধমাদনৌ মর্য্যাদাপর্ব্বতৌ দ্বিযোজন-সহস্র-পৃথতুঃ বিস্তীর্ণৌ ভবতঃ। অযুত-যোজনোৎসেধৌ ইতি জ্ঞেয়ম্। তৌ ইলাবৃতস্য পশ্চিমতঃ পূর্ব্বতশ্চ স্থিতয়োঃ কেতুমাল-ভদ্রাশ্বয়োঃ বর্ষয়োঃ সীমানং বিদধাতে ॥১০

অযুত-যোজনপরিমাণৌ বিস্তারোন্নাহৌ যেষাং তে তথাভূতাঃ মন্দরঃ মেরুমন্দরঃ সুপার্শ্বঃ কুমুদঃ ইতি চত্বারঃ গিরয়ঃ মেরোঃ চতুর্দ্দিশং তস্য অবষ্টম্ভ-ভূতাঃ উপকল্পাঃ রচিতাঃ সন্তি ॥১১

এতেষু মন্দরাদিষু চতুর্ষু চূত-জম্বু কদম্ব-ন্যগ্রোধাঃ ইতি চত্বারঃ অধিসহস্র-একাদশশতানি যোজনানি

বিটপবিততয়ঃ শতযোজনপরিণাহাঃ ॥১২

হ্রদাশ্চত্বারঃ পয়োমধ্বিক্ষুরসমৃষ্টজলাঃ যদুপ-স্পর্শিন উপদেবগণা যোগৈশ্বর্য্যাণি স্বাভাবিকানি ভরতর্ষভ ধারয়ন্তি ॥১৩

দেবোদ্যানানি চ ভবন্তি চত্বারি নন্দনং চৈত্ররথং বৈভ্রাজকং সর্বতোভদ্রমিতি ॥১৪

উন্নাহঃ উচ্ছ্রায়ঃ যেষাং তাবতী একাদশশতযোজন-প্রমাণিকঃ বিটপবিততিঃ যেষাং তে তথা শতযোজনং পরিণাহঃ বিস্তারঃ পারতঃ স্থৌল্যং যেষাং তথাভূতাঃ পাদপপ্রবরাঃ পর্ব্বতানাং তেষাং কেতবঃ ইব স্থিতাঃ সন্তি ॥১২

জলস্থানে পয়ঃ মধু ইক্ষুরসঃ মৃষ্টজলং চ ক্রমেণ যেষু তেষু তথাভূতাঃ চত্বারঃ হ্রদাঃ চ ক্রমেণ চতুর্ষু পর্ব্বতেষু সন্তি ; হে ভরতর্ষভ ! যদুপস্পর্শিনঃ যৎসেবিনঃ উপদেবগণাঃ স্বাভাবিকানি যোগপ্রযত্নং বিনৈব সিদ্ধানি অণিমাদি-যৌগৈশ্বর্য্যাণি ধারয়ন্তি। তথা তেষু পর্ব্বতেষু প্রত্যেকং যথাক্রমেণ নন্দনং চৈত্ররথং বৈভ্রাজকং সর্ব্বতোভদ্রং চ ইতি চত্বারি দেবোদ্যানানি ভবন্তি ॥১৩-১৪

ন্যায় পূর্বদিকেই দীর্ঘ এবং প্রত্যেকে অযুতযোজন উন্নত। ইহারা যথাক্রমে হরিবর্ষ, কিংপুরুষবর্ষ ও ভারতবর্ষের সীমারক্ষক ।৯

এইরূপ ইলাবৃতবর্ষের পশ্চিম ও পূর্বদিকে মাল্যবান্ ও গন্ধমাদন এই দুইটি পর্বত উত্তরদিকে নীল এবং দক্ষিণ দিকে নিষধপর্বত পর্য্যন্ত দীর্ঘ হইয়া দ্বিসহস্র-যোজন বিস্তৃতি লাভ করিয়াছে। এই দুইটি পর্বতই কেতুমালবর্ষ ও ভদ্রাশ্ববর্ষের সীমানির্দ্দেশ করিতেছে ।১০

মেরুপর্বতের চতুর্দিকে অযুতযোজন বিস্তৃত ও উন্নত মন্দর, মেরুমন্দর, সুপার্শ্ব ও কুমুদ—এই চারিটি অবষ্টম্ভ পর্বত (অর্থাৎ চারিদিকের অবলম্বনস্বরূপ পর্বত চতুষ্টয়) অবস্থিত ।১১

ঐ চারিটি পর্বতের উপরিভাগে উহাদের ধ্বজার ন্যায় যথাক্রমে আম্র, জম্বু, কদম্ব ও বট—এই চারিটি মহাবৃক্ষ বিদ্যমান রহিয়াছে। উহাদের উচ্চতা ও চতুর্দিকে শাখাসমূহের বিস্তৃতি এগার শতযোজন এবং উহাদের বিস্তৃতি শতযোজন ।১২

হে ভরতকুলশ্রেষ্ঠ ! উক্ত চারিটি পর্বতে দুগ্ধ, মধু, ইক্ষুরস ও শুদ্ধ জলধারা পূর্ণ চারিটি হ্রদ আছে। উহাদের সেবা করিয়া উপদেবতাগণ স্বাভাবিক যৌগৈশ্বর্যসমূদয় ধারণ করেন ।১৩

আর ঐ সকল পর্বতে নন্দন, চৈত্ররথ, বৈভ্রাজক এবং সর্বতোভদ্র নামক চারিটি দেবোদ্যান (দেবতাগণের বিহারক্ষেত্র) রহিয়াছে ।১৪

যেষমরপরিবৃঢ়াঃ সহ সুরললনাললামযূথপতয় উপদেবগণৈরুপগীয়মান-মহিমানঃ কিল বিহরন্তি ॥১৫

মন্দরোৎসঙ্গ একাদশশতযোজনোত্তুঙ্গদেব-চূতশিরসো গিরিশিখরস্থূলানি ফলান্যমৃতকল্পানি নিপতন্তি ॥১৬

তেষাং বিশীর্য্যমাণানামতিমধুরসুরভিসুগন্ধি-বহুলারুণরসোদেনারুণোদা নাম নদী মন্দর-

যেষু উদ্যানেষু কিল নিশ্চয়ে উপদেবগণৈঃ গন্ধর্ব্বাদিভিঃ উপগীয়মানঃ মহিমা যেষাং তে সুর-ললনাঃ দেবস্ত্রিয়ঃ তাসাং ললামভূতাঃ ভূষণভূতাঃ, যাঃ শ্রেষ্ঠাঃ স্ত্রিয়ঃ তাসাং যূথপতয়ঃ যে অমরপরিবৃঢ়াঃ বিবুধশ্রেষ্ঠাঃ তে তাভিঃ সহ বিহরন্তি ॥১৫

মন্দরস্য উৎসঙ্গে একাদশশতযোজনম্ উত্তুঙ্গঃ যঃ দেবচূতনামকঃ আম্রবৃক্ষঃ তস্য শিরঃ-সকাশাৎ গিরিশিখরবৎ স্থূলানি অমৃততুল্যানি মিষ্টানি ফলানি নিপতন্তি ॥১৬

তেষাং ফলানাম্ উচ্চনিপাতেন বিশীর্য্যমাণানাং যঃ অতিমধুরঃ চাসৌ সুরভিসুগন্ধিবহুলঃ অরুণঃ চ রসঃ সঃ এব উদম্ উদকং তেন জাতা অরুণোদা-

শ্রেষ্ঠ দেবগণ দেবরমণীগণের অলঙ্কারস্বরূপ পরম রমণীয়া রমণীগণের সহিত মিলিত হইয়া ঐ সকল উদ্যানে বিহার করেন এবং তৎকালে উপদেবতাগণ তাঁহাদের মহিমার স্তুতি করিতে থাকেন।১৫

মন্দরপর্বতের ক্রোড়দেশে উপরিস্থিত একাদশশত যোজন উন্নত স্বর্গীয় আম্রবৃক্ষের অগ্রভাগ হইতে পর্বত-শৃঙ্গের ন্যায় স্থূল ও অমৃততুল্য সুস্বাদু ফলসমূহ পতিত হয়।১৬

ঐ সকল ফল বিদীর্ণ হইলে উহা হইতে অতি সুমধুর, স্বাভাবিক সৌরভপূর্ণ ও অপর সুগন্ধি দ্রব্যের সহযোগে

নাম নদী মন্দরগিরিশিখরাৎ নিপতন্তী সতী ইলাবৃতং পূর্ব্বেণ পূর্ব্বভাগতঃ উপপ্লাবয়তি ॥১৭

ষট্পঞ্চাশোষণাদ্ভবাস্যাঃ অনুচরীণাং পুণ্যজনবধূনা-মবয়বস্পর্শসুগন্ধবাতো দশযোজনং সমন্তাদনু-বাসয়তি ॥১৮

এবং জম্বূফলানামত্যুচ্চনিপাতবিশীর্ণানামনস্থি-প্রায়াণামিভকায়নিভানাং রসেন জম্বূনদী নাম নদী মেরুমন্দরশিখরাদমৃতযোজনাদবনিতলে নিপতন্তী দক্ষিণেনাত্মানং যাবদিলাবৃতমুপস্যন্দয়তি ॥১৯

নাম নদী মন্দরগিরিশিখরাৎ নিপতন্তী সতী ইলাবৃতং পূর্ব্বেণ পূর্ব্বভাগতঃ উপপ্লাবয়তি ॥১৭

ষট্পঞ্চাশোষণাৎ (ষষ্ণাং রসস্য উপজোষণাৎ পানাৎ) ভবাস্যাঃ অনুচরীণাং পুণ্যজনবধূনাম্ (পুণ্যজনাঃ যক্ষাঃ তেষাং বধূনাম্) অবয়ব-স্পর্শ-সুগন্ধি-বাতঃ দশযোজনং সমন্তাৎ চতুর্দ্দিক্ষু অনুবাসয়তি ॥১৮

অনস্থিপ্রায়াণাম্ অতিসূক্ষ্মবীজানাম্ ইভকায়-নিভানাং হস্তিদেহতুল্যানাং জম্বূফলানাম্ অত্যুচ্চ-নিপাতেন বিশীর্ণানাং রসেন এবং সংগৃহীতা জম্বূনদী নাম নদী অমৃতযোজনাৎ মেরুমন্দরশিখরাৎ অবনিতলে নিপতন্তী সতী দক্ষিণেন আত্মানম্ আত্মনো দক্ষিণতঃ যাবৎ ইলাবৃতম্ অভিব্যাপ্য উপস্যন্দতি প্রবহতি ॥১৯

সুবাসিত, রক্তবর্ণ প্রভৃত রসরূপ জলধারা নির্গত হয় এবং ঐ জলধারায় পরিপূর্ণ অরুণোদা-নাম্নী একটি নদী মন্দরগিরির অগ্রভাগ হইতে নিম্নদিকে প্রবাহিত হইয়া ইলাবৃতবর্ষের পূর্বভাগ প্লাবিত করিতেছে।১৭

উক্ত আম্রবৃক্ষের নদীজলের সেবাহেতু ভগবতী পার্বতীর অনুচরী যক্ষরমণীগণের দেহ সৌরভযুক্ত হয় এবং তাহাদের অঙ্গসংস্পর্শে বায়ু সদ্গন্ধশালী হইয়া চতুর্দিকে দশযোজন স্থানকে আমোদিত করে।১৮

এইরূপ—জম্বূবৃক্ষের এক একটি ফল হস্তীর শরীরের ন্যায় বৃহৎ, উহা প্রায় বীজশূন্য। অতি উচ্চস্থান হইতে

তাবদুভয়োরপি যোধসোর্যা মৃত্তিকা তদ্রসেনানুবিধ্যমানা বায়ুর্কসংযোগবিপাকেন সদামরলোকাভরণং জাম্বূনদং নাম সুবর্ণং ভবতি ॥২০

যদু হ বাব বিবুধাদয়ঃ সহ যুবতিভির্মুকুটকটককটিসূত্রাদ্যাভরণরূপেণ খলু ধারয়ন্তি ॥২১

যস্তু মহাকদম্বঃ সুপার্শ্বপার্শ্বনিরূঢ়স্তস্য কোটরেভ্যো বিনিঃসৃতাঃ পঞ্চায়ামপরিণাহাঃ পঞ্চ মধুধারাঃ সুপার্শ্বশিখরাৎ পতন্ত্যোঽপরেণাত্মানমিলাবৃতমনুমোদয়ন্তি ॥২২

যা হ্যুপযুঞ্জানানাং মুখনির্বাসিতো বায়ুঃ সমন্তাচ্ছতযোজনমনুবাসয়তি ॥২৩

এবং কুমুদনিরূঢ়ো যঃ শতবল্শো নাম বটস্তস্য স্কন্ধেভ্যো নীচীনাঃ পয়ো-দধি-মধু-ঘৃত-গুড়ান্নাদ্য-স্বরশয্যাসনাভরণাদয়ঃ সর্ব এব কামদুঘা নদাঃ কুমুদাগ্রাৎ পতন্তস্তমুত্তরেণেলাবৃতমুপযোজয়ন্তি ॥২৪

যানুপজুষাণানাং ন কদাচিদপি প্রজানাং বলী-

তস্যাঃ উভয়োঃ অপি যোধসোঃ তটয়োঃ যা মৃত্তিকা তস্যাঃ রসেন অনুবিধ্যমানা বিক্লিদ্যমানা তাবৎ বায়ুর্কসংযোগাৎ বিপাকেন সদা সর্ব্বদা অমরলোকাভরণং জাম্বূনদং নাম সুবর্ণং ভবতি। যৎ সুবর্ণং বিবুধাদয়ঃ যুবতিভিঃ সহ মুকুটাদ্যাভরণরূপেণ ধারয়ন্তি ॥২০-২১

যস্তু সুপার্শ্বপার্শ্বনিরূঢ়ঃ মহাকদম্বঃ তস্য কোটরেভ্যঃ পঞ্চ আয়ামঃ ব্যাসঃ পরিণাহঃ স্থৌল্যং যাসাং তথাভূতাঃ পঞ্চ মধুধারাঃ সুপার্শ্বশিখরাৎ পতন্ত্যঃ অপরেণ আত্মানম্ আত্মনঃ পশ্চিমতঃ ইলাবৃতম্ অনুমোদয়তি তত্রত্যং প্রাণিজাতং হর্ষয়ন্তি ॥২২

যাঃ মধুধারাঃ উপযুঞ্জানানাং সেবমানানাং প্রাণিনাং মুখগন্ধেন নির্ব্বাসিতঃ বায়ুঃ শতযোজনং যাবৎ অনুবাসয়তি ॥২৩

এবং কুমুদ-নিরূঢ়ঃ যঃ শতবল্শঃ নাম বটঃ তস্য স্কন্ধেভ্যঃ নীচীনাঃ অধোমুখাঃ পয় আদি প্রবাহিণঃ সর্ব্ব এব কামদুঘাঃ মনোরথ-পূরকাঃ নদাঃ কুমুদাগ্রাৎ পতন্তঃ তম্ উত্তরেণ আত্মনঃ উত্তরতঃ ইলাবৃতং যোজয়ন্তি উত্তরদিশি প্রবহন্তি। যান্ নদসম্বন্ধিপদার্থান্ পয় আদীন্ উপজুষাণানাম্ উপভুঞ্জানানাং প্রজানাং কদাচিদপি বলীপলিতাদয়ঃ উপসর্গাঃ তাপবিশেষাঃ ন ভবন্তি; কিন্তু যাবজ্জীবং নিরতিশয়ং সর্ব্বোৎকৃষ্টং

---

* পতনহেতু ঐ সকল ফল বিদীর্ণ হওয়ায় উহার রসে জম্বুনদী নামে একটি নদী উৎপন্ন হইয়া অযুতযোজন উচ্চ মেরুমন্দরপর্বতের অগ্রভাগ হইতে ভূমিতলে আসিয়া দক্ষিণ দিকে ইলাবৃতবর্ষ পর্য্যন্ত প্রবাহিত হইতেছে।১৯

জম্বুনদীর উভয় তীরের মৃত্তিকা নদীর জলে সর্বত্র সিক্ত এবং বায়ু ও সূর্য্যকিরণের সংযোগে বিশেষ রূপ পাক প্রাপ্ত হইয়া সর্বদাই দেবতাগণের আভরণযোগ্য জাম্বূনদনামক সুবর্ণে পরিণত হইতেছে।২০

দেবতাপ্রমুখ স্বর্গলোকবাসিগণ যুবতীগণের সহিত মুকুট, বলয় ও কটিসূত্র প্রভৃতি অলঙ্কাররূপে এই সুবর্ণ ধারণ করেন।২১

সুপার্শ্বপর্বতের পার্শ্বভাগে যে মহাকদম্ববৃক্ষটি বজ্রমূল রহিয়াছে, উহার কোটরসমূহ হইতে পাঁচটি মধুধারা নির্গত হইয়া সুপার্শ্বের অগ্রভাগ হইতে নীচে আসিয়া নিজের পশ্চিমভাগে ইলাবৃতবর্ষকে আমোদিত করিতেছে। ঐ সকল ধারার প্রত্যেকটির পরিধি পাঁচ ব্যাম (হস্তের অগ্রভাগদ্বয় দুই বাহু প্রসারণপূর্বক বক্র করিয়া উত্তরের অগ্রভাগ যুক্ত করিলে উহার মধ্যবর্তী স্থানের পরিমাণ এক ব্যাম)।২২

পলিতক্লমস্বেদদৌর্গন্ধ্যজরাময়াপ-মৃত্যুশীতোষ্ণ-বৈবর্ণ্যোপসর্গাদয়স্তাপবিশেষা ভবন্তি যাবজ্জীবং সুখং নিরতিশয়মেব ॥২৫

কুরঙ্গ-কুরর-কুসুম্ভ-বৈকঙ্ক-ত্রিকূট-শিশির-পতঙ্গ-রুচক-নিষধ-শিতিবাস-কপিল-শঙ্খবৈদূর্য্য - জারুধি-হংসর্ষভ-নাগকালঞ্জরনীরদাদয়ো বিংশতিগিরয়ো মেরোঃ কর্ণিকায়া ইব কেশরভূতা মূলদেশে পরত

উপকল্পাঃ ॥২৬

জঠরদেবকূটৌ মেরুং পূর্ব্বেণাষ্টাদশযোজনসহস্র-মুদগায়তৌ দ্বিসহস্রং পৃথুতুঙ্গৌ ভবতঃ এবমপরেণ পবনপারিযাত্রৌ দক্ষিণেন কৈলাসকরবীরৌ প্রাগায়তৌ। এবমুত্তরতস্ত্রিশৃঙ্গমকরৌ। অষ্টা-ভিরেতৈঃ পরিবৃতোঽগ্নিরিব পরিতশ্চকাস্তি কাঞ্চনগিরিঃ ॥২৭

সুখমেব তিষ্ঠতি। বলীপলিতঃ শরীরচর্ম্মসঙ্কোচঃ। ক্লমঃ শরীরে শ্রান্তিঃ। মৃত্যুঃ অপমৃত্যুঃ। কুরঙ্গাদি নাম বিশিষ্টাঃ গিরয়ঃ কর্ণিকায়াঃ কেশরভূতাঃ ইব মেরোঃ পরিতঃ মূলদেশে উপকল্পাঃ ॥২৪-২৬

মেরুং পূর্ব্বেণ মেরোঃ পূর্ব্বতঃ জঠরদেবকূটসংজ্ঞৌ পর্ব্বতৌ অষ্টাদশযোজন-সহস্রপ্রমাণম্ উদগায়তৌ দক্ষিণোত্তরতো দীর্ঘৌ, দ্বিযোজনসহস্রং পৃথুতুঙ্গৌ চ ভবতঃ। এবম্ অপরেণ মেরোঃ পশ্চিমতঃ পবন-পারিযাত্রসংজ্ঞৌ তিষ্ঠতঃ; তৌ অপি দক্ষিণোত্তরতঃ

অষ্টাদশযোজন-সহস্রং দীর্ঘৌ দ্বিযোজনসহস্রং পৃথুতুঙ্গৌ চ। তথা মেরোঃ দক্ষিণতঃ কৈলাস-করবীরৌ প্রাগায়তৌ পূর্ব্বপশ্চিমতঃ অষ্টাদশ-যোজনসহস্রং দীর্ঘৌ দ্বিযোজনসহস্রং পৃথুতুঙ্গৌ চ ভবতঃ। তথা মেরোঃ উত্তরতঃ ত্রিশৃঙ্গ-মকরসংজ্ঞৌ পূর্ব্বপশ্চিমতঃ অষ্টাদশযোজন-সহস্রং দীর্ঘৌ দ্বিযোজন-সহস্রং পৃথুতুঙ্গৌ চ ভবতঃ। এতেষাং জঠরাদীনাং রজতময়ত্বং, কৈলাসস্য রাজতত্বং প্রসিদ্ধ্যা তৎ সাদৃশ্যেন জ্ঞেয়ম্ ॥২৭

যাঁহারা এই মধুধারা পান করেন, তাঁহাদের মুখ-সৌরভ দ্বারা বায়ু সুবাসিত হইয়া চতুর্দ্দিকে একশত যোজন পর্য্যন্ত স্থান সৌরভযুক্ত করে।২৩

এইরূপ কুমুদপর্ব্বতে শতবল্শনামক যে বটবৃক্ষ রহিয়াছে, তাহার কাণ্ডসমূহ হইতে নিম্নাভিমুখে দুগ্ধ, দধি, মধু, ঘৃত, গুড়, অন্ন, বস্ত্র, শয্যা, আসন ও অলঙ্কার প্রভৃতি যাবতীয় কাম্যবস্তু ইচ্ছানুরূপ বিতরণ করে—এরূপ মদসমূহ উক্ত পর্ব্বতের অগ্রদেশ হইতে পতিত হইয়া নিজের উত্তর দিকে ইলাবৃতবর্ষের উপকার করিতেছে।২৪

যাহারা ঐ সকল বস্তু উপভোগ করে, সেই সকল লোকের কখনও বলী (চর্ম্মের শিথিলতা), পলিত (কেশের পক্কতা), ক্লান্তি, ঘর্ম্ম, শরীরের দৌর্গন্ধ্যজন্য রোগ, অপমৃত্যু, গ্রীষ্ম ও বিবর্ণতা ও অন্যান্য উপসর্গমূলক সন্তাপ-বিশেষ উৎপন্ন হয় না এবং যাবজ্জীবন নিরতিশয় সুখই হইয়া থাকে।২৫

পদ্মের বীজকোষের চতুর্দ্দিকে অবস্থিত কেশর-সমূহের ন্যায় মেরুপর্ব্বতের মূলদেশের চারিদিকে কুরঙ্গ, কুরর, কুসুম্ভ, বৈকঙ্ক, ত্রিকূট, শিশির, পতঙ্গ, রুচক, নিষধ, শিতিবাস, কপিল, শঙ্খ, বৈদূর্য্য, জারুধি, হংস, ঋষভ, নাগ, কালঞ্জর ও নীরদপ্রভৃতি কুড়িটি পর্ব্বত সন্নিবিষ্ট রহিয়াছে।২৬

মেরুর পূর্ব্বদিকে জঠর ও দেবকূটনামক দুইটি পর্ব্বত আছে। উহারা দক্ষিণ ও উত্তরদিকে অষ্টাদশ সহস্র যোজন দীর্ঘ, দুই সহস্র যোজন বিস্তৃত ও সেই পরিমাণেই উচ্চ। এইরূপ পশ্চিম দিকে পবন ও পারিযাত্র নামক দুইটি পর্ব্বত এবং দক্ষিণদিকে কৈলাস ও করবীর নামক দুইটি পর্ব্বত বিদ্যমান রহিয়াছে। ইহারা পূর্ব্ব ও পশ্চিম দিকে দীর্ঘ। এইরূপ উত্তর দিকে ত্রিশৃঙ্গ ও মকরনামক দুইটি পর্ব্বত অবস্থিত। এই আটটি পর্ব্বত মূলদেশ

মেরোর্মূর্দ্ধনি ভগবত আত্মযোনের্ব্যত উপক্লপ্তাং পুরীমযুতযোজনসাহস্রীং সমচতুরস্রাং শাতকৌম্ভীং বদন্তি ॥২৮

তামনু পরিতো লোকপালানামষ্টানাং যথাদিশং যথারূপং তুরীয়মানেন পুরোঽষ্টাবুপক্লপ্তাঃ ॥২৯

ইতি শ্রীমদ্ভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং পঞ্চমস্কন্ধে ষোড়শঃ অধ্যায়ঃ ॥

মেরোঃ মূর্দ্ধনি ব্রহ্মণঃ অযুতযোজন-সাহস্রীং সমচতুরস্রাং শাতকৌম্ভীং সুবর্ণময়ীং মনোবতীং নাম পুরীং মধ্যতঃ উপক্লপ্তাং রচিতাং বদন্তি ॥২৮

তাং ব্রহ্মপুরীম্ অনু পরিতঃ অন্যেষাম্ অষ্টানাং লোকপালানাং যথাদিশং যথারূপং তুরীয়মানেন (ব্রহ্মপরিবিস্তারস্য চতুর্থভাগ-প্রমাণেন সার্দ্ধসহস্রযোজনবিস্তারেণ) অষ্টৌ পুরঃ উপক্লপ্তাঃ রচিতাঃ সন্তি। (তত্র প্রাচ্যাম্ ইন্দ্রস্য অমরাবতী নাম, আগ্নেয্যাম্ অগ্নেঃ তেজোবতী নাম, অবাচ্যাং যমস্য সংযমনী নাম; নৈর্ঋত্যাং নির্ঋতেঃ কৃষ্ণাঙ্গনা নাম, প্রতীচ্যাং বরুণস্য শ্রদ্ধাবতী নাম; বায়ব্যাং বায়োঃ গন্ধবতী নাম, উদীচ্যাং ধনদস্য মহোদয়া নাম; ঐশান্যাম্ ঈশানস্য যশোবতী নাম) ॥২৯

ইতি পঞ্চমস্কন্ধে শ্রীখগেন্দ্রনাথশাস্ত্রিকৃতানুবাদে ষোড়শঃ অধ্যায়ঃ ॥

হইতে চতুর্দিকে সহস্র যোজন দূরে থাকিয়া মেরু পর্বতকে পরিবেষ্টিত করায় মেরুপর্বত পরিধি-বেষ্টিত অগ্নির ন্যায় শোভা ধারণ করিয়াছে। মেরুর শৃঙ্গদেশে মধ্যভাগে ভগবান্ ব্রহ্মার পুরী বিরাজ করিতেছে। উহা সুবর্ণ রচিত ও সমচতুষ্কোণ এবং উহার বিস্তৃতি অযুত সহস্র যোজন—ইহা পুরাতত্ত্ববিদ্‌গণের অভিমত ।২৭-২৮

ব্রহ্মার সেই পুরীটির চতুর্দিকে এবং চতুষ্কোণে ইন্দ্রাদি অষ্টলোকপালের আটটি পুরী কল্পিত রহিয়াছে। লোকপালগণের যাঁহারা যে দিক্ এবং যেরূপ বর্ণ, তাঁহার পুরীটিও সেইরূপ বর্ণবিশিষ্ট ও সেই দিকেই অবস্থিত। ইহাদের পরিমাণ ব্রহ্মার পুরীর চতুর্থাংশ অর্থাৎ আড়াই হাজার যোজন ।২৯

শ্রীমন্মহর্ষিবেদব্যাসপ্রণীত পারমহংসীসংহিতা শ্রীমদ্ভাগবতমহাপুরাণে পঞ্চমস্কন্ধে পণ্ডিতপ্রবর শ্রীশচীন্দ্রচন্দ্র ঘটকচূড়ামণিকৃত বঙ্গভাষানুবাদসহিত ষোড়শ অধ্যায় সমাপ্ত।

সপ্তদশঃ অধ্যায়ঃ

[ভাগীরথীবর্ণনম্, ইলাবৃতে বর্ষে শিবকৃতসংকর্ষণস্তবনঞ্চ।]

শ্রীশুক উবাচ।

তত্র হ ভগবতঃ সাক্ষাদ্ যজ্ঞলিঙ্গস্য বিষ্ণোর্বিক্রমতো বামপাদাঙ্গুষ্ঠ-নখনির্ভিন্নোর্দ্ধাণ্ডকটাহ-বিবরেণান্তঃপ্রবিষ্টা যা বাহ্যজলধারা তচ্চরণপঙ্কজাবনেজনারুণ-কিঞ্জল্কোপরঞ্জিতাখিলজগদঘমলাপ-

শ্রীশুকঃ উবাচ। তত্র (যদা দৈত্যবিজয়সময়ে বামনাবতারো জাতঃ, তদা) হ নিশ্চয়ে যজ্ঞলিঙ্গস্য (বলেঃ যজ্ঞে বামন-মূর্ত্তির্যস্য) সাক্ষাৎ ভগবতঃ বিষ্ণোঃ বিক্রমতঃ (দক্ষিণেন পদা ভুবং ক্রান্ত্বা পদম্ উৎক্ষিপতঃ) বামপাদাঙ্গুষ্ঠনখেন নির্ভিন্নঃ ঊর্দ্ধম্ উপরিভাগঃ যস্য তস্য অণ্ডকটাহস্য বিবরেণ অন্তঃ-প্রবিষ্টাঃ যা বাহ্যজলধারাঃ অখিলানাং সর্বেষাং স্বসম্বন্ধিনাং জগতাং প্রাণিনাম্ অঘানি অন্তঃপাপানি, মলানি বহিঃস্থানি অপহন্তীতি তথাভূতম্ উপস্পর্শনং যস্যাঃ সা অমলা স্বয়ং তৎসংসর্গ-রহিতা যতঃ তস্য ভগবতঃ চরণপঙ্কজস্য অবনেজনং প্রক্ষালনং তেন অরুণং যৎ তদ্গতং কুঙ্কুমং তদেব কিঞ্জল্কাঃ কেশরাঃ তৈঃ

হোপস্পর্শনামলা সাক্ষাদ্ভগবৎপদীত্যনুপলক্ষিত-বচোঽভিধীয়মানাতিমহতা কালেন যুগসহস্রোপলক্ষণেন দিবো মূর্দ্ধন্যবততার যৎ তদ্বিষ্ণুপদমাহুঃ ॥১

যত্র হ বাব বীরব্রত ঔত্তানপাদিঃ পরম-

উপরঞ্জিতা অতঃ সাক্ষাৎপদসম্বন্ধাৎ ভগবৎপদী ইতি যদনুপলক্ষিতং জাহ্নবী ভাগীরথীতি বচঃ নাম ইতি তেন নাম্না অভিধীয়মানা সা অতিমহতা যুগসহস্রোপলক্ষণেন কালেন দিবঃ মূর্দ্ধনি ধ্রুবমণ্ডলে অবততার। যৎ যো দিবঃ মূর্দ্ধা তৎ বিষ্ণুপদম্ আহুঃ ॥১

যত্র লোকে অনুসবনং প্রতিক্ষণম্ উৎকৃষ্যমাণঃ সম্বর্ধ্যমানঃ যঃ ভগবদ্ভক্তিযোগঃ তেন দৃঢ়ম্ অত্যন্তং ক্রিয়মাণম্ অন্তর্হৃদয়ং যস্য সঃ, অত ঔৎকণ্ঠ্যেন বিবশম্ আমীলিতং যৎ লোচন-যুগলং তদেব কুট্মলে মুকুলে তাভ্যাং বিগলিতম্ অমলং বাষ্পং তস্য কলয়া সহ অভিব্যজ্যমানং রোমপুলকানাং কুলকং যস্য সঃ

সপ্তদশ অধ্যায়

[ভাগীরথীবর্ণন ও ইলাবৃতবর্ষে শিবকৃত সংকর্ষণ স্তব।]

শ্রীশুকদেব বলিলেন,—হে মহারাজ! ভগবান্ বিষ্ণু বলির যজ্ঞক্ষেত্রে ত্রিবিক্রম-মূর্ত্তি ধারণপূর্বক দক্ষিণ পদদ্বারা ভূতল আক্রমণ করিয়া বাম পদ ঊর্দ্ধদিকে পরিচালিত করিলে উহার অঙ্গুষ্ঠের নখদ্বারা ব্রহ্মাণ্ডরূপ কটাহের ঊর্দ্ধভাগ বিদীর্ণ হওয়ায় ঐ ছিদ্রপথে ব্রহ্মাণ্ডের বাহিরের জলধারা অভ্যন্তরে প্রবেশ করিতে আরম্ভ করে। তৎকালে ভগবানের পাদপদ্ম প্রক্ষালন করায় ঐ জলধারা পাদপদ্মসংলগ্ন রক্তবর্ণ কুঙ্কুমরূপ কেশরাশির সংস্পর্শে রঞ্জিত হইয়া স্নানাদিবশত প্রাণিমাত্রেরই সর্বপ্রকার পাপ বিনষ্ট করিয়াও স্বয়ং ঐ সকল পাপীর সংস্পর্শে দূষিতা না হইয়া পরম পবিত্রাই ছিলেন। তৎকালে তিনি জাহ্নবী ভাগীরথী ইত্যাদি নামান্তর ব্যতীত একমাত্র বিষ্ণুপদীনামেই পরিচিতা হন। ইহার পর তিনি এক সহস্র যুগপরিমিত সুদীর্ঘকালে মূলস্থান হইতে স্বর্গের মস্তকে অবতীর্ণা হইয়াছিলেন। পণ্ডিতগণ

ভাগবতোঽস্মৎকুলদেবতাচরণারবিন্দোদকমিতি গাময়ুসবনমুৎকৃষ্যমাণভগবদ্ভক্তিযোগেন দৃঢ়ং ক্লিদ্য-মানান্তর্হৃদয় ঔৎকণ্ঠ্যবিবশামীলিত-লোচনযুগল-কুট্যল-বিগলিতামল-বাষ্পকলয়াভিব্যজ্যমান - রোম-পুলক-কুলকোঽধুনাপি পরমাদরেণ শিরসা বিভর্তি ॥২

ততঃ সপ্তর্ষয়স্তৎপ্রভাবাভিজ্ঞা ইয়ং ননু তপস আত্যন্তিকী সিদ্ধিরেতাবতীতি ভগবতি সর্ব্বাত্মনি বাসুদেবেঽনুপরত-ভক্তিযোগলাভেনৈবোপেক্ষিতা-ন্যার্থাত্মগতয়ো মুক্তিমিবাগতাং মুমুক্ষব ইব সবহুমানমস্যাপি জটাজূটৈরুদ্বহন্তি ॥৩

ততোঽনেকসহস্রকোটিবিমানানীকসঙ্কুলদেবযানে-নাবতরন্তীন্দুমণ্ডলমাবার্য্য ব্রহ্মসদনে নিপততি ॥৪

তত্র চতুর্ধা বিভজ্যমানা চতুর্ভির্নামভিশ্চতুর্দিশ-মভিস্যন্দন্তী নদনদীপতিমেবাভিনিবিশতি। সীতালকনন্দা বঙ্কুর্ভদ্রেতি ॥৫

পরম-ভাগবতঃ বীরব্রতঃ দৃঢ়সঙ্কল্পঃ ঔত্তানপাদিঃ ধ্রুবঃ অস্মৎকুল-দেবতায়াঃ ভগবতঃ চরণারবিন্দোদকম্ ইতি নিশ্চয়েন অধুনাপি যাং গঙ্গাং পরমাদরেণ শিরসা বিভর্তি সা অবতত্তার ইতি পূর্ব্বেণান্বয়ঃ ॥২

ভগবতি ঐশ্বর্য্যাদিষড়্-গুণসম্পন্নে সর্ব্বাত্মনি সর্ব্বান্তর্য্যামিণি বাসুদেবে অনুপরতঃ নিরন্তরঃ যঃ ভক্তিযোগঃ তস্য লাভেন এব কৃতার্থত্বেন উপেক্ষিতাঃ অন্যে ধর্ম্মাদয়ঃ পুরুষার্থাঃ আত্মগতিঃ আত্মজ্ঞানং চ যৈঃ তে তাদৃশাঃ তৎপ্রভাবাভিজ্ঞাঃ সপ্তর্ষয়ঃ আগতাম্ উপস্থিতাং মুক্তিং মুমুক্ষবঃ ইব যথা তপসঃ আত্যন্তিকী সিদ্ধিঃ ফলম্ এতাবতী ভগবচ্চরণোদকপ্রাপ্তিঃ এব ন অতোঽধিকাস্তি ইতি অভিপ্রায়বন্তঃ সবহুমানম্ অস্যাপি ততঃ অধস্তাৎ তাং গঙ্গাং জটাজূটৈঃ উদ্বহন্তি ॥৩

ততঃ সপ্তর্ষিস্থানাৎ অনেকসহস্রকোটীনাং বিমানানাং অনীকৈঃ সঙ্কুলেন ব্যাপ্তেন দেব-যানেন দেবলোক-মার্গেণ অবতরন্তী সা গঙ্গা ইন্দুমণ্ডলম্ আবার্য্য আপ্লাব্য মেরুমূর্দ্ধস্থে ব্রহ্ম-সদনে নিপততি ॥৪

তত্র সীতা অলকনন্দা বঙ্কুঃ ভদ্রা ইতি চতুর্ভিঃ নামভিঃ চতুর্ধা বিভজ্যমানা চতুর্দ্দিশম্ অভিস্যন্দন্তী অভিতো গচ্ছন্তী নদনদীপতিং সাগরমেব অভিনিবিশতি ॥৫

গঙ্গার সেই অবতরণ ক্ষেত্রটিকে বিষ্ণুপদ বলেন।১

দৃঢ়সঙ্কল্প মহাভাগবত ধ্রুব সেই বিষ্ণুপদে অবস্থান করিয়া "ইহা আমাদের কুলদেবতা ভগবান্ বিষ্ণুর পাদপদ্মোদক" ইহা স্মরণপূর্বক অদ্যাবধি প্রতিদিন ঐ জলধারা পরমাদরে নিজ মস্তকে ধারণ করেন। তৎকালে তাঁহার ভগবদ্ভক্তিযোগ অতিশয় উৎকর্ষ লাভ করিলে হৃদয়ের অভ্যন্তর-ভাগ বিগলিত হয় এবং উৎকণ্ঠায় অবশ নয়নযুগল পদ্মকলিকার ন্যায় নিমীলিত হইলে উহার সহিত সর্বাঙ্গে রোমাঞ্চ লক্ষিত হইয়া থাকে।২

হে মহারাজ! ইহার পর সপ্তর্ষিগণ গঙ্গাদেবীর প্রভাব অবগত হইয়া "ইনিই তপস্যার পরমসিদ্ধি, ইহা অপেক্ষা অধিক সিদ্ধি আর নাই" এরূপ নিশ্চয়পূর্বক মুক্তিকামিগণ যেরূপ সমাগত মুক্তিকে সমাদরে গ্রহণ করেন, সেরূপ এই গঙ্গাকে অদ্যাবধি অতিসমাদরে নিজ জটাজূটসমূহ দ্বারা ধারণ করিতেছেন। কারণ—তাঁহারা সর্বাত্মা ভগবান্ বাসুদেবের প্রতি অক্ষয় ভক্তিযোগ লাভ করায়ই অন্য সর্বপ্রকার পুরুষার্থ, এমন কি আত্মজ্ঞানকেও উপেক্ষা করেন।৩

ইহার পর গঙ্গাদেবী অনেক সহস্র কোটি বিমান-সমূহ দ্বারা পরিব্যাপ্ত আকাশমার্গে অবতরণপূর্বক চন্দ্রমণ্ডল প্লাবিত করিয়া মেরুপর্বতের উপরিস্থিত ব্রহ্মার আবাসস্থলে পতিতা হন।৪

এই ব্রহ্মলোকেই তিনি চারিভাগে বিভক্তা হইয়া সীতা, অলকনন্দা, বঙ্কু ও ভদ্রা এই চারিটি নাম ধারণ পূর্বক চতুর্দিকে প্রবাহিতা হইয়া সমুদ্রে প্রবেশ করিয়াছেন।৫

সীতা তু ব্রহ্মসদনাৎ কেশরাচলাদিশিখরেভ্যোঽধোঽধঃ প্রস্রবন্তী গন্ধমাদনমূর্দ্ধসু পতিত্বান্তরেণ ভদ্রাশ্বং বর্ষং প্রাচ্যাং দিশি ক্ষারসমুদ্রমভিপ্রবিশতি ॥৬

এবং মাল্যবচ্ছিখরান্নিষ্পতন্তী তত উপরতবেগা কেতুমালমভি বহুক্ষুঃ প্রতীচ্যাং দিশি সরিৎপতিং প্রবিশতি ॥৭

ভদ্রা চোত্তরতো মেরুশিরসো নিপতিতা গিরিশিখরাদ্ গিরিশিখরমতিহায় শৃঙ্গবতঃ শৃঙ্গাদধঃ স্যন্দমানা উত্তরাংস্তু কুরূনভিত উদীচ্যাং দিশি লবণার্ণবমভিপ্রবিশতি ॥৮

তথৈবালকানন্দা দক্ষিণেন ব্রহ্মসদনাদ্ বহূনি গিরিকূটান্যতিক্রম্য হেমকূটহিমকূটান্যতিরভসতররংহসা লুণ্ঠয়ন্তী ভারতমভি বর্ষং দক্ষিণস্যাং দিশি লবণজলধিমভি প্রবিশতি। যস্যাং স্নানার্থকাগচ্ছতঃ পুংসঃ পদে পদেঽশ্বমেধরাজসূয়াদীনাং ফলং ন দুর্লভমিতি ॥৯

অন্যে চ নদা নদ্যশ্চ বর্ষে বর্ষে সন্তি বহুশো মের্ব্বাদিগিরিদুহিতরঃ শতশঃ ॥১০

তত্রাপি ভারতমেব বর্ষং কর্ম্মক্ষেত্রমন্যান্যষ্ট বর্ষাণি

তত্র সীতা ব্রহ্মসদনাৎ কেশরাচলাদিপর্ব্বতেভ্য অধোঽধঃ পতন্তী গন্ধমাদনমূর্দ্ধনি পতিত্বা ভদ্রাশ্ববর্ষং গত্বা পূর্ব্বসমুদ্রং প্রবিশতি ॥৬

এবং বঙ্ক্ষুঃ মাল্যবচ্ছিখরাৎ পতন্তী কেতুমালবর্ষং গত্বা পশ্চিম-সমুদ্রং প্রবিশতি ॥৭

ভদ্রা চ ব্রহ্মসদনাৎ কেশরাচলাদি-গিরিশিখরেঃ পতিত্বা ততঃ উচ্ছলন্তী-নীলগিরিশিখরং নিপতা ততঃ উচ্ছলিতা শ্বেতগিরিশিখরং পতিত্বা তদপ্যতিহায় ত্যক্ত্বা শৃঙ্গবতঃ শৃঙ্গং প্রাপ্য ততঃ উত্তরান্ কুরূন্ অভিলক্ষ্য স্যন্দমানা প্রস্রবন্তী সতী উদীচ্যাং দিশি লবণার্ণবম্ অভি প্রবিশতি ॥৮

তথৈব অলকনন্দা ব্রহ্মসদনাৎ দক্ষিণেন বহূনি কেশরাচলাদিকৈলাস-নিষধাদীনি গিরিকূটানি অতিক্রম্য হেমকূটং গিরিং প্রাপ্য ততঃ অতি-রভসতর-রংহসা হিমালয়সম্বন্ধীনি হিমকূটানি লুণ্ঠয়ন্তী ভারতং বর্ষম্ অভিগম্য দক্ষিণস্যাং দিশি সমুদ্রম্ অভি-প্রবিশতি। যস্যাং স্নানায়র্থং গচ্ছতঃ পুংসঃ পদে পদে অশ্বমেধ-রাজসূয়াদীনাং যজ্ঞানাং ফলং ন দুর্লভং ভবতীতি শেষঃ ॥৯

মের্ব্বাদিগিরীণাং দুহিতরঃ ততঃ প্রসূতাঃ বহুশঃ বহুপ্রকারাঃ শতশঃ অন্যে অপি নদাঃ নদ্যশ্চ বর্ষে বর্ষে সন্তি ॥১০

সীতা ব্রহ্মলোক হইতে কেশরপর্বতের আদি শৃঙ্গসমূহ আশ্রয় করিয়া ক্রমশঃ নিম্নভাগে অবতীর্ণা হইয়া গন্ধমাদনপর্বতের শৃঙ্গসমূহে পতিতা হন এবং তথা হইতে ভদ্রাশ্ববর্ষের মধ্যভাগ দিয়া পূর্বদিকে লবণ সমুদ্রে প্রবেশ করেন ।৬

বঙ্ক্ষু মাল্যবান্‌পর্বতের অগ্রভাগ হইতে কেতুমালবর্ষের দিকে প্রবাহিতা হইয়া তথা হইতে শান্তবেগে পশ্চিম দিকে সমুদ্রে প্রবেশ করিতেছেন ।৭

ভদ্রা সুমেরুপর্বতের অগ্রভাগ হইতে উত্তর দিকে প্রবাহিতা হইয়া এক পর্বতের উপর হইতে অপর পর্বতের উপর যাইয়া পশ্চাৎ শৃঙ্গবান্ পর্বতের শৃঙ্গ হইতে নিম্নভাগে অবতরণপূর্বক উত্তর কুরুবর্ষের নিকট দিয়া উত্তর দিকে লবণসমুদ্রে প্রবেশ করিয়াছেন ।৮

এইরূপ অলকনন্দা ব্রহ্মলোক অর্থাৎ সুমেরু পর্বত হইতে দক্ষিণ দিকে প্রবাহিতা হইয়া বহু গিরিশৃঙ্গ অতিক্রমপূর্বক অতিতীব্রবেগে হেমকূট ও হিমকূটের মধ্য দিয়া ভারতবর্ষে প্রবেশ করিয়া দক্ষিণ দিকে লবণ সমুদ্রে প্রবেশ করিয়াছেন। যিনি স্নানের জন্য এই অলকনন্দায় আসেন, তাঁহার পদে পদেই অশ্বমেধ-রাজসূয় প্রভৃতি যজ্ঞের ফল লাভ অনায়াসে সিদ্ধ হয় ।৯

স্বর্গিণাং পুণ্যশেষোপভোগস্থানানি ভৌমস্বর্গপদানি ব্যপদিশন্তি ॥১১

এষু পুরুষাণামযুতপুরুষায়ুর্বর্ষাণাং দেবকল্পানাং নাগাযুতপ্রাণানাং বজ্রসংহনন-বল-বয়োমোদপ্রমুদিতমহাসৌরতমিথুনব্যবায়াপবর্গবর্ষধৃতৈকগর্ভকলত্রাণাং ত্রেতাযুগসমঃ কালো বর্ত্ততে ॥১২

তত্রাপি ভারতমেব বর্ষং কর্ম্মক্ষেত্রম্ অন্যানি অষ্টবর্ষাণি স্বর্গিণাং পুণ্যশেষোপভোগস্থানানি ভৌমস্বর্গপদানি ব্যপদিশন্তি ॥১১

এষু বর্ষেষু অযুত-পুরুষায়ুর্বর্ষাণাং (অযুতং পুরুষমানেন আয়ুঃ বর্ষাণি যেষাং অমৃতবর্ষজীবিনাং) দেবকল্পানাং নাগাযুতপ্রাণানাং (নাগযুতস্য হস্তিদশসহস্রস্য প্রাণো বলং যেষাং তেষাং) বজ্রবৎ সংহননং দৃঢ়ং যৎ শরীরং তস্মিন্ যে বলবয়োমোদাঃ তৈঃ প্রমুদিতানি যানি মহাসৌরতানি মিথুনানি তেষাং ব্যবায়াপবর্গে সম্ভোগাবসানে একবর্ষশেষে আয়ুষি-ধৃতঃ একঃ গর্ভঃ যৈঃ তাদৃশানি কলত্রাণি যেষাং তেষাং পুরুষাণাং ত্রেতাযুগসমঃ কালঃ বর্ত্ততে ॥১২

হে মহারাজ! সুমেরুপ্রভৃতি পর্বতসমূহ হইতে উৎপন্ন এইরূপ আরও অনেক নদ নদী প্রত্যেক বর্ষে প্রবাহিত হইতেছে।১০

এই সকল বর্ষের মধ্যে একমাত্র ভারতবর্ষই কর্মক্ষেত্র, আর অপর আটটি বর্ষ স্বর্গগত ব্যক্তিগণের স্বর্গভোগের পর অবশিষ্ট পুণ্য উপভোগের স্থান। ঐ সকলকে পার্থিব স্বর্গ বলা হয়।১১

ঐ আটটি বর্ষে বিষয়সুখের উৎকর্ষহেতু সর্বদাই কাল ত্রেতাযুগের তুল্যরূপে প্রকট রহিয়াছে। সেখানকার অধিবাসী ব্যক্তিগণের আয়ুষ্কাল মানবগণের কালের পরিমাণে অযুত বৎসর বলিয়া তাঁহারা দেবতুল্য। তাঁহাদের বল অযুত হস্তীর তুল্য এবং শরীরও চিরকাল বজ্রের ন্যায় সুদৃঢ় থাকে বলিয়া তাদৃশ শরীর, বল, বয়স

যত্র হ দেবপতয়ঃ সৈঃ স্বৈর্গণনায়কৈর্বিহিতমহার্হণাঃ সর্ব্বর্তুকুসুম-স্তবক-ফল-কিসলয়শ্রিয়া-নম্যমান-বিটপ-লতা-বিটপিভিরুপশুম্ভমানরুচির-কাননাশ্রমায়তনবর্ষগিরিদ্রোণীষু তথা চামলজলাশয়েষু বিকচবিবিধনববনরুহামোদপ্রমুদিতরাজহংস-পলহংস- জলকুক্কুট-কারণ্ডব-সারস- চক্রবাকাদিভি-

যত্র যেষু হি বর্ষেষু সুললিতাঃ মনোহরাঃ যাঃ সুর-সুন্দর্যঃ দেবাঙ্গনাঃ তাসাম্ উদ্ধূতঃ যঃ কামঃ তেন কলিলঃ সঞ্জাতঃ বিলাসঃ ক্রীড়াহাসশ্চ লীলয়া কটাক্ষেণ অবলোকশ্চ তৈঃ আকৃষ্টং ক্ষুভিতং মনঃ দৃষ্টিশ্চ যেষাং তে দেবপতয়ঃ ইন্দ্রাদয়ঃ সর্ব্বেষু ঋতুষু কুসুমস্তবকাদীনাং শ্রিয়া সমৃদ্ধ্যা আনম্যমানাঃ অত্যন্তং নম্যমানাঃ বিটপাঃ তদাশ্রিতাঃ লতাশ্চ যেষু তৈঃ বিটপিভিঃ বৃক্ষৈঃ উপশুম্ভমানানি শোভমানানি রুচিরাণি প্রীতিকরাণি যেষু তেষু আশ্রমেষু আয়তনেষু বর্ষমধ্যবর্ত্তি-গিরয়ঃ তেষাং বিকচানি প্রফুল্লানি তানি বিবিধানি নবানি বন-রুহাণি নীরজানি তেষাম্ আমোদেন মুদিতৈঃ রাজহংসাদিভিঃ পক্ষিভিঃ মধুকর-

ও বর্ষহেতু স্ত্রী-পুরুষের মিলন উৎসব অতিশয় সুখময় হইয়া থাকে। নিরন্তর এরূপ সম্ভোগক্রিয়ার পর উহার অবসানকালে এক বৎসর মাত্র আয়ুঃ অবশিষ্ট থাকিতে রমণীগণ জীবনে একমাত্র গর্ভ ধারণ করেন।১২

উক্ত আটটি বর্ষে অবস্থিত আশ্রমক্ষেত্র ও গিরিগহ্বরে যে সকল মনোরম বন আছে, উহার বৃক্ষসমূহ সকল ঋতুতে পুষ্পস্তবক, ফল ও পল্লবরাজির শোভাযুক্ত অতিনম্র শাখাসমূহ ও লতাগুল্মদ্বারা জড়িত রহিয়াছে। আর ঐ সকল বৃক্ষদ্বারা বনরাজি পরম শোভা ধারণ করিতেছে। এইরূপ ঐ বর্ষসমূহের মধ্যবর্তী বিমল জলাশয়সকল সর্বদা প্রস্ফুটিত নানারূপ জলজাত পুষ্পের সৌরভে হর্ষযুক্ত রাজহংস, জলকুক্কুট, কারণ্ডব, সারস ও চক্রবাকপ্রভৃতি জলচর পক্ষী এবং ভ্রমরবিশেষের

র্মধুকরনিকরাকৃতিভিরুপকূজিতেষু জলক্রীড়াদিভিবিচিত্রবিনোদৈঃ সুললিতসুরসুন্দরীণাং কামকলিলবিলাস-হাস-লীলাবলোকাকৃষ্ট-মনো-দৃষ্টয়ঃ স্বৈরং বিহরন্তি ॥১৩

নবস্বপি বর্ষেষু ভগবান্ নারায়ণো মহাপুরুষঃ পুরুষাণাং তদনুগ্রহায়াত্মতত্ত্ব-ব্যূহেনাত্মনাদ্যাপি সন্নিধীয়তে ॥১৪

নিকরাণাং চ আকৃতিভিঃ জাতিবিশেষৈঃ উপকূজিতেষু অমল-জলাশয়েষু স্বৈঃ স্বৈঃ গণনায়কৈঃ সেবকমুখ্যৈঃ বিহিতমহার্হণাঃ সমর্পিতস্রক্‌চন্দনাদিমহোপচারাঃ সন্তঃ স্বৈরং যথেষ্টং জল-ক্রীড়াদিভিঃ বিচিত্র-বিনোদৈঃ স্ত্রীভিঃ সহ বিহরন্তি ॥১৩

নবসু অপি বর্ষেষু ভগবান্ ষড়ৈশ্বর্য্যপূর্ণঃ নারায়ণঃ শেষশায়ী সর্ব্বকারণভূতঃ মহাপুরুষঃ পুরুষোত্তমঃ পুরুষাণাং স্বভক্তানাং তদনুগ্রহায় (স চাসৌ অনুগ্রহশ্চেতি তত্তৎ পুরুষার্থদানলক্ষণঃ তদর্থম্) আত্মতত্ত্ববূহেন আত্মনঃ তত্ত্বানাং গুণানাং ব্যূহঃ সমূহঃ যত্র তেন আত্মনা স্বমূর্ত্তি-সমূহেন রূপেণ অদ্যাপি সন্নিহিতো ভবতি ॥১৪

ভগবান্ ভবঃ একঃ এব তু পুমান্ ইলাবৃতবর্ষে

শব্দে পরিপূরিত রহিয়াছে। দেবতাগণের প্রধানগণ ঐ সকল স্থানে জলকেলিপ্রভৃতি বিচিত্র ক্রীড়াসহকারে যথেচ্ছ বিহার করেন। তৎকালে প্রধান অনুচরগণ তাঁহাদের ক্রীড়ার উপযোগী উত্তম উপচারসমূহের ব্যবস্থা করিয়া থাকেন এবং মনোরমা দেবরমণীগণ কামোদ্দীপিত বিলাস, হাস্য ও লীলাযুক্ত দৃষ্টিপাতদ্বারা তাঁহাদের মন আকৃষ্ট করেন ।১৩

নয়টি বর্ষেই মহাপুরুষ ভগবান্ নারায়ণ সেই সকল বর্ষের অধিবাসিগণের প্রতি অনুগ্রহবিতরণের জন্য নিজ মূর্ত্তিসমূহদ্বারা স্বয়ং অদ্যাবধি সন্নিহিত রহিয়াছেন ।১৪

ইলাবৃতে তু ভগবান্ ভব এক এব পুমান্ ন হ্যন্যস্তত্রাপরো নির্ব্বিশতি ভবাদ্যাঃ শাপনিমিত্তজ্ঞঃ। যৎ প্রবেষ্টুঃ স্ত্রীভাবস্তৎ পশ্চাদ্ বক্ষ্যামঃ ॥১৫

ভবানীনাথৈঃ স্ত্রীগণার্ব্বুদসহস্রৈরবরুধ্যমানো ভগবতশ্চতুর্ম্মূর্ত্তের্মহাপুরুষস্য তুরীয়াং তামসীং মূর্ত্তিং প্রকৃতিমাত্মনঃ সঙ্কর্ষণসংজ্ঞামাত্মসমাধিরূপেণ সন্নিধাপ্যৈতদভিগৃণন্ ভব উপধাবতি ॥১৬

অস্তি ; ভবাদ্যাঃ শাপনিমিত্তজ্ঞাঃ অন্যঃ অপরঃ পুরুষঃ তত্র ন নির্ব্বিশতি। যৎ যস্মিন্ প্রবেষ্টুঃ পুরুষস্য স্ত্রীভাবঃ যথা ভবতি তৎ পশ্চাৎ নবম-স্কন্ধে বক্ষ্যামঃ ॥১৫

ভবানীনাথৈঃ (ভবানী নাথা স্বামিনী যেষাং তৈঃ) স্ত্রীগণানাম্ অর্ব্বুদ-সহস্রৈঃ অবরুধ্যমানঃ সর্ব্বতঃ সেব্যমানঃ ভবঃ চতুর্ম্মূর্ত্তেঃ (বাসুদেব-সঙ্কর্ষণ-প্রদ্যুম্ন-অনিরুদ্ধসংজ্ঞাঃ চতস্রঃ মূর্ত্তয়ঃ যস্য তস্য ভগবতঃ) মহাপুরুষস্য তুরীয়াং চতুর্থীং সঙ্কর্ষণসংজ্ঞাম্ আত্মনঃ তামসীং মূর্ত্তিম্ আত্ম-সমাধিরূপেণ আত্মনঃ মনসঃ সমাধানলক্ষণেন ধ্যানেন সন্নিধাপ্য সন্নিধাপয়ন্ আনীয় এতৎ বক্ষ্যমাণং স্তোত্রাদিকম্ অভিগৃণন্ জপন্ উপধাবতি উপাস্তে ইতি ॥১৬

ইলাবৃতবর্ষে ভগবান্ শিবই একমাত্র পুরুষ, অন্য কোন পুরুষ সেখানে যায়। কারণ—ভবানীর শাপের বিষয় যিনি জানেন, এরূপ অপর কেহই সেখানে প্রবেশ করে না। সেখানে প্রবেশ করিলে পুরুষ যে স্ত্রীভাব প্রাপ্ত হয়, ইহা পরে নবমস্কন্ধে বলা হইবে ।১৫

সেখানে ভগবান্ শঙ্কর ভবানী ও তাঁহার অনুগতা অর্ব্বুদসহস্রসংখ্যক রমণীগণকর্ত্তৃক সেবিত হইয়া, চতুর্ম্মূর্ত্তিধারী ভগবানের সঙ্কর্ষণ নাম্নী যে চতুর্থ মূর্ত্তিটি শঙ্করের নিজেরও প্রকৃতি-স্বরূপ (অর্থাৎ কারণ-স্বরূপ) তাঁহাকে সমাধি দ্বারা চিত্তমধ্যে স্থাপনপূর্ব্বক এরূপ স্তব জপ করিতে করিতে উপাসনা করেন ।১৬

শ্রীভগবান্ উবাচ।

ওঁ নমো ভগবতে মহাপুরুষায় সর্ব্বগুণসংখ্যা-
নায়ানন্তায়াব্যক্তায় নম ইতি ॥১৭

ভজে ভজেন্যারণপাদপঙ্কজং
ভগস্য কৃৎস্নস্য পরং পরায়ণম্।
ভক্তেষ্বলং ভাবিতভূতভাবনং
ভবাপহং ত্বা ভবভাবমীশ্বরম্ ॥১৮

ন যস্য মায়াগুণচিত্তবৃত্তিভি-
নিরীক্ষতোঽপ্যণু দৃষ্টিরজ্যতে।
ঈশে যথা নোঽজিতমন্যুরংহসাং
কস্তং ন মন্যেত জিগীষুরাত্মনঃ ॥১৯

অসদ্দৃশো যঃ প্রতিভাতি মায়য়া
স্ত্রীবেব মধ্বাসবতাম্রলোচনঃ।

শ্রীভগবান্ উবাচ। ওঁ নমঃ সর্ব্বগুণ-সংখ্যানায় (সর্ব্বেষাং গুণানাং গুণকার্য্যাণাং সংখ্যানং প্রকাশঃ যস্মাৎ তস্মৈ) অনন্তায় অব্যক্তায় অবাঙ্মনস-গোচরায় ভগবতে মহাপুরুষায় নমঃ ইতি ॥১৭

হে ভজেন্য! অরণপাদপঙ্কজম্ (অরণং ভক্তানাং ভয়াৎ রক্ষকং পাদপঙ্কজং যস্য তং) ভগস্য ঐশ্বর্য্যাদি-ষড়্গুণস্য পরং পরায়ণম্ আশ্রয়ং (নিষ্কামাণাং) ভবাপহং (তদ্বিমুখানাং) ভবভাবং (ভবং ভাবয়তীতি তং) ভক্তেষু অলম্ অত্যর্থং ভাবিতং প্রকটিতং ভূত-ভাবনং ভক্তপালকং নিজং রূপং যেন তম্) ঈশ্বরং সর্ব্বথা কর্ত্তুমকর্ত্তুম্ অন্যথাকর্ত্তুং সমর্থং ত্বা ত্বাম্ অহং ভজে ॥১৮

যস্য হি নিরীক্ষতঃ নিরীক্ষমাণস্যাপি মায়াগুণৈঃ তত্তদ্বিষয়ৈঃ চিত্তবৃত্তিভিঃ করণৈঃ চ দৃষ্টিঃ অণু অপি ঈষদপি ন অজ্যতে ন লিপ্যতে; যথা অজিতমন্যু-রংহসাং (ন জিতঃ মন্যুরংহঃ ক্রোধবেগঃ যৈঃ তেষাং) নঃ অস্মাকং যথা বিষয়ৈঃ দৃষ্টিঃ অজ্যতে তথা যস্য ন অজ্যতে তম্ ঈশ্বরম্ আত্মনঃ দেহেন্দ্রিয়াদীনাং জিগীষুঃ বশীকর্ত্তুমিচ্ছুঃ কঃ ন মন্যেত সেবেত, তস্মৈ ঈশে ঈশানায় নিয়মনায় চ ঈক্ষণকর্ত্রাবং নুমঃ ॥১৯

অসদ্দৃশঃ (অসতী দুক্ দৃষ্টিঃ যস্য তস্য পুংসঃ) যঃ স্বমায়য়া স্ত্রীবা মত্ত ইব মধ্বাসবাভ্যাং তাম্রলোচনঃ ইব ভয়ঙ্করঃ প্রতিভাতি, পাদার্চ্চনসময়ে যস্য পাদয়োঃ

ভগবান্ শঙ্কর বলেন,—হে ভগবন্! যাঁহা হইতে সকল গুণের প্রকাশ হইয়াছে, অথচ যিনি স্বয়ং অজ্ঞেয় ও অনন্তস্বরূপ, সেই মহাপুরুষরূপী আপনাকে প্রণাম করি।১৭

হে পূজনীয়! আমি ঈশ্বরস্বরূপ আপনাকে ভজনা করি। আপনার পাদপদ্ম সকল জীবের একমাত্র অবলম্বন। আপনি স্বয়ং ঐশ্বর্য্যপ্রভৃতি ছয় গুণের উত্তম আশ্রয়। এইরূপ আপনি ভক্তগণের নিকট নিজস্বরূপ প্রকাশ করিয়া তাঁহাদের সংসার-ভয় বিনষ্ট করেন এবং অভক্তগণকে সংসারবন্ধনে আবদ্ধ করিয়া থাকেন।১৮

হে দেব! ক্রোধের বেগ জয় করিতে অসমর্থ আমাদের দৃষ্টি যেরূপ মায়াময় বিষয়াদি দ্বারা লিপ্ত হয়, আপনি চরাচর সকলের নিয়ন্ত্রণের জন্য সর্বত্র দৃষ্টিপাত করিলেও আপনার দৃষ্টি মায়াময় বিষয় ও চিত্তবৃত্তি-সমূহ দ্বারা সেরূপ অণুমাত্রও লিপ্ত হয় না। অতএব ইন্দ্রিয়জয়ে অভিলাষী কোন্ যুক্তিশালী ব্যক্তি আপনাকে আদর না করিবেন? ১৯

যিনি কুদৃষ্টিশালী ব্যক্তিগণের নিকট নিজ মায়াগুণেই মদ্য ও আসবপানে রক্তচক্ষু মত্ত পুরুষের ন্যায় প্রতীয়মান হন এবং যাঁহার পদযুগল

ন নাগবধ্বোঽর্হণ ঈশিরে ব্রিয়া
যৎপাদরোঃ স্পর্শনধর্ষিতেন্দ্রিয়াঃ ॥২০
যমাহুরস্য স্থিতিজন্মসংযমং
ত্রিভির্বিহীনং যমনন্তমৃষয়ঃ।
ন বেদ সিদ্ধার্থমিব ক্বচিৎ স্থিতং
ভূমণ্ডলং মূর্দ্ধসহস্রধামন্ত ॥২১
যস্যাদ্য আসীদ্ গুণবিগ্রহো মহান্
বিজ্ঞানধিষ্ণ্যো ভগবানজঃ কিল।
যৎসম্ভবোঽহং ত্রিবৃতা স্বতেজসা
